১৪৫। অমা-কা-না লিনাফ্‌সিন্ আন্ তামূতা ইল্লা-বিইয্‌নিল্লা-হি কিতা-বাম্ মুওয়াজ্জালা-; অমাই

(১৪৫) আর আল্লাহর অনুমতি ব্যতিরেকে কারও মৃত্যু হতে পারে না; যেহেতু প্রত্যেকের মেয়াদ নির্ধারিত; আর যে দুনিয়ার

উদ্বিগ্ন হয়ে পড়লেন এবং আগত দু ব্যক্তি হতে হুযূর (ছঃ) নিরাপদে আছেন শুনে একজন নারী বলে উঠলেন, তাঁর নিরাপদ থাকাই যথেষ্ট, অন্যান্য মুসলমানরা শহীদ হলেও কিছু আসে-যায় না। তখন এ আয়াতটি অবতীর্ণ হয়। শানেনুযূল ঃ আয়াত- ১৪৩ঃ ২য় হিজরীতে বদর যুদ্ধে যে সকল ছাহাবা শহীদ হয়েছেন তাঁদের ফযীলত শোনে ছাহাবীরা বদরের ন্যায় কোন যুদ্ধ সংঘটিত হওয়ার কথা কামনা করছিলেন যাতে তাঁরাও কাফেরদের সাথে অনুরূপ যুদ্ধ করে শাহাদত বরণ এবং শহীদের মর্যাদা অর্জন করতে পারেন অথবা জয়যুক্ত হয়ে গাজী হতে পরেন এবং গণীমতের মালের অধিকারী হতে পারেন। যা হোক, পরে যখন ওহুদ যুদ্ধ উপস্থিত হল, তখন মুষ্টিমেয় ছাহাবা ব্যতীত সকলের দৃঢ়তায় দোদুল্যমানতা দেখা দিল। তখন এ আয়াত অবতীর্ণ হয়।

يُرِدْ ثَوَابَ الدُّنْيَا نُؤْتِهِ مِنْهَا ۚ وَمَنْ يُرِدْ ثَوَابَ الْآخِرَةِ نُؤْتِهِ مِنْهَا ۚ

ইয়ুরিদ্ ছাওয়া-বাদ্দুন্‌ইয়া-নু''তিহী মিন্‌হা-, ওমাইঁ ইয়ুরিদ্ ছাওয়া-বাল্ আ-খিরাতি নু''তিহী মিন্‌হা-;
সুযোগ চায়, তাকে সেখান থেকেই দিয়ে থাকি; আর যে পরকালের পুরস্কার চায়, আমি তাকে তাই দেই;

وَسَنَجْزِي الشَّاكِرِينَ ﴿١٤٦﴾ وَكَأَيِّنْ مِنْ نَبِيٍّ قَاتَلَ مَعَهُ رِبِّيُّونَ كَثِيرٌ فَمَا

অ সানাজ্‌যিশ্ শা-কিরীন্। ১৪৬। অকাআইয়্যিম্ মিন নাবিয়্যিন্ ক্বা-তালা মা'আহূ রিব্বিয়্যূনা কাছীরুন্, ফামা-
শীঘ্রই কৃতজ্ঞদের প্রতিদান দেব। (১৪৬) কত নবীর সাথী হয়ে বহু আল্লাহ ওয়ালা যুদ্ধ করেছে; আল্লাহর পথে তাদের

وَهَنُوا لِمَا أَصَابَهُمْ فِي سَبِيلِ اللَّهِ وَمَا ضَعُفُوا وَمَا اسْتَكَانُوا ۗ وَاللَّهُ يُحِبُّ

অহানূ লিমা ~ আছোয়া-বাহুম্ ফী সাবীলিল্লা-হি অমা- দ্বোয়া'উফূ অমাস্‌তাকা-নূ; অল্লা-হু ইয়ুহিব্বুছ্
প্রতি বিপদ আসায় তারা না হীনবল হয়েছে, না হয়েছে দুর্বল, আর না নত হয়েছে; আল্লাহ ধৈর্যশীলদের

الصَّابِرِينَ ﴿١٤٧﴾ وَمَا كَانَ قَوْلَهُمْ إِلَّا أَنْ قَالُوا رَبَّنَا اغْفِرْ لَنَا ذُنُوبَنَا وَإِسْرَافَنَا

ছোয়া-বিরীন্। ১৪৭। অমা- কা-না ক্বাওলাহুম্ ইল্লা ~ আন্ ক্বা-লূ রব্বানাগ্ ফিরলানা- যুনূবানা- অইস্‌রা-ফানা-
ভালবাসেন। (১৪৭) তাদের কথা ছিল শুধু- হে রব! আমাদের পাপরাশি ও কাজের সীমালংঘনকে

فِي أَمْرِنَا وَثَبِّتْ أَقْدَامَنَا وَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الْكَافِرِينَ ﴿١٤٨﴾ فَآتَاهُمُ اللَّهُ

ফী ~ আম্‌রিনা-অছাব্বিত্ আক্ব্‌দা-মানা- অন্‌ছুরনা- 'আলাল্ ক্বাওমিল্ কা-ফিরীন্। ১৪৮। ফাআ-তা-হুমুল্লা-হু
ক্ষমা করে দিন; পা দৃঢ় করুন ও সাহায্য করুন কাফেরদের মোকাবেলায়। (১৪৮) আল্লাহ তাদেরকে দিয়েছেন

ثَوَابَ الدُّنْيَا وَحُسْنَ ثَوَابِ الْآخِرَةِ ۗ وَاللَّهُ يُحِبُّ الْمُحْسِنِينَ ﴿١٤٩﴾ يَا أَيُّهَا

১৫ ع ৫ ৬ রুকু

ছাওয়া-বাদ্ দুন্‌ইয়া- অহুস্‌না ছাওয়া-বিল্ আ-খিরাহ্; অল্লা-হু ইয়ুহ্বিুল্ মুহ্‌সিনীন্। ১৪৯। ইয়া ~ আইয়্যুহাল্
পার্থিব কল্যাণ আর উত্তম পুরস্কার রয়েছে আখেরাতে; আল্লাহ সৎকর্মশীলদেরকে ভালবাসেন। (১৪৯) হে

الَّذِينَ آمَنُوا إِنْ تُطِيعُوا الَّذِينَ كَفَرُوا يَرُدُّوكُمْ عَلَىٰ أَعْقَابِكُمْ

লাযীনা আ-মানূ ~ ইন্ তুত্বী'উল্লাযীনা কাফারূ ইয়ারুদ্দূকুম্ 'আলা ~ আ'ক্বা-বিকুম্
ঈমানদারেরা! তোমরা যদি কাফেরদের কথা মান, তবে তারা তোমাদেরকে উল্টা দিকে ফেরাবে;

فَتَنْقَلِبُوا خَاسِرِينَ ﴿١٥٠﴾ بَلِ اللَّهُ مَوْلَاكُمْ ۖ وَهُوَ خَيْرُ النَّاصِرِينَ ﴿١٥١﴾ سَنُلْقِي فِي

ফাতান্‌কালিবূ খা-সিরীন্। ১৫০। বালিল্লা-হু মাওলা-কুম্ অহুওয়া খাইরুন্ না-ছিরীন্। ১৫১। সানুল্‌ক্বী ফী
ফলে তোমরা ক্ষতিগ্রস্ত হবে। (১৫০) বরং আল্লাহই তোমাদের সহায়; তিনি উত্তম সাহায্যকারী। (১৫১) অতিশীঘ্রই কাফেরদের

ব্যাখ্যা ঃ আয়াত-১৪৫ ঃ আখেরাতের প্রেরণা এবং জান্নাতের উৎসাহ উদ্দীপনা প্রদান এবং জিহাদে পার্থিব কি উপকার রয়েছে তার বর্ণনা সমাপ্ত করার পর এখানে দুনিয়া ও দুনিয়াদারদের অসারতার ও নশ্বরতার বর্ণনা দিচ্ছেন। অর্থাৎ তোমাদের পূর্বে দুনিয়াতে অনেকেই অতীত হয়েছে, ফিরাউনের ন্যায় দাম্ভিকও গিয়াছে। কিন্তু সকলেই তলিয়ে গিয়েছে। শেষ পর্যন্ত তারাই জয়ী হন যাঁরা নেককার ছিলেন। সুতরাং ওহুদ যুদ্ধে সাময়িক ও আংশিক পরাজয় বরণ করলেও মুসলমানদের মনক্ষুণ্ণ হওয়ার কিছুই নেই। কেননা, তাঁরা নিজেদের বিশৃঙ্খলাহেতু এই পরাজয় বরণ করেন। আগামীতে ঈমানের উপর মজবুত থাকলে এবং তাকওয়া অবলম্বন করলে তাঁদের বিজয় সুনিশ্চিত।

قُلُوبِ الَّذِينَ كَفَرُوا الرُّعْبَ بِمَا أَشْرَكُوا بِاللَّهِ مَا لَمْ يُنَزِّلْ بِهِ سُلْطَانًا ۚ

ক্বুলূবিল্লাযীনা কাফারুর্ রু'বা বিমা ~ আশ্‌রাকূ বিল্লা-হি মা-লাম্ ইয়ুনায্‌যিল্ বিহী সুল্‌ত্বোয়া-না-;
অন্তরে ভয়ের সঞ্চার করব; কেননা, তারা আল্লাহর শরীক করেছে, যার অনুকূলে আল্লাহ কোন প্রমাণ নাযিল করেননি; তাদের আবাস

وَمَأْوَاهُمُ النَّارُ ۚ وَبِئْسَ مَثْوَى الظَّالِمِينَ ﴿١٥٢﴾ وَلَقَدْ صَدَقَكُمُ اللَّهُ وَعْدَهُ إِذْ

অমা''ওয়া-হুমুন্না-র্; অবি''সা মাছ্‌ওয়াজ্জোয়া-লিমীন্। ১৫২। অলাক্বাদ্ ছদাক্বাকুমুল্লা-হু অ'দাহূ ~ ইয্
আগুন; জালিমদের আবাস অতি নিকৃষ্ট। (১৫২) আল্লাহ তোমাদের সাথে কৃত ওয়াদা সত্যে পরিণত করেছেন; যখন তাঁর

تَحُسُّونَهُمْ بِإِذْنِهِ ۖ حَتَّىٰ إِذَا فَشِلْتُمْ وَتَنَازَعْتُمْ فِي الْأَمْرِ وَعَصَيْتُمْ مِنْ

তাহুস্‌সূনাহুম্ বিইয্‌নিহী হাত্তা ~ ইযা-ফাশিল্‌তুম্ অতানা-যা'তুম ফিল্ আম্‌রি অ 'আছোয়াইতুম্ মিম্
নির্দেশে হত্যা করেছিল তাদেরকে, যতক্ষণ না সাহস হারালে এবং আদেশ পালনে মতভেদ করলে; এবং তোমাদের

بَعْدِ مَا أَرَاكُمْ مَا تُحِبُّونَ ۚ مِنْكُمْ مَنْ يُرِيدُ الدُّنْيَا وَمِنْكُمْ مَنْ يُرِيدُ

বা'দি মা ~ আরা-কুম্ মা-তুহিব্বূন্; মিন্‌কুম্ মাইঁ ইয়ুরীদুদ্ দুন্‌ইয়া- অমিন্‌কুম্ মাইঁ ইয়ুরীদুল্
মনঃপুত বস্তু দেখাবার পরও তোমরা অবাধ্য হয়েছিলে; তোমাদের কেউ কেউ কামনা করছিলে ইহকাল, কতক পরকাল;

الْآخِرَةَ ۚ ثُمَّ صَرَفَكُمْ عَنْهُمْ لِيَبْتَلِيَكُمْ ۖ وَلَقَدْ عَفَا عَنْكُمْ ۗ وَاللَّهُ ذُو

আ-খিরাহ্, ছুম্মা ছরাফাকুম্ 'আনহুম্ লিইয়াব্‌তালিয়াকুম্, অলাক্বাদ্ 'আফা- 'আন্‌কুম্; অল্লা-হু যূ
তারপর তিনি পরীক্ষার জন্য তোমাদেরকে ফিরিয়ে দিলেন; অবশ্য তিনি তোমাদেরকে ক্ষমা করলেন; আল্লাহ মু'মিনদের

فَضْلٍ عَلَى الْمُؤْمِنِينَ ﴿١٥٣﴾ إِذْ تُصْعِدُونَ وَلَا تَلْوُونَ عَلَىٰ أَحَدٍ وَالرَّسُولُ

ফাদ্ব লিন্ 'আলাল্ মু''মিনীন্। ১৫৩। ইয্ তুছ্'ইদূনা অলা-তাল্‌ঊনা 'আলা ~ আহাদিওঁ অর্‌রাসূলু
প্রতি দয়াবান। (১৫৩) যখন কারও প্রতি না তাকিয়ে উপরের দিকে ছুটছিলে রাসূলুল্লাহ (ছঃ) পেছন হতে তোমাদের

يَدْعُوكُمْ فِي أُخْرَاكُمْ فَأَثَابَكُمْ غَمًّا بِغَمٍّ لِكَيْلَا تَحْزَنُوا عَلَىٰ مَا فَاتَكُمْ

ইয়াদ্'উকুম্ ফী ~ উখ্‌রা-কুম্ ফাআছা-বাকুম্ গাম্মাম্ বিগাম্মিল্ লিকাইলা- তাহ্‌যানূ 'আলা-মা-ফা-তাকুম্
ডাকছিলেন, ফলে তিনি তোমাদেরকে দুঃখের পর দুঃখ দিলেন; যেন তোমরা বিমর্ষ না হও। হারানো বস্তু বা তোমাদের

وَلَا مَا أَصَابَكُمْ ۗ وَاللَّهُ خَبِيرٌ بِمَا تَعْمَلُونَ ﴿١٥٤﴾ ثُمَّ أَنْزَلَ عَلَيْكُمْ مِنْ بَعْدِ

অলা-মা ~ আছোয়া-বাকুম; অল্লা-হু খাবীরুম্ বিমা-তা'মালূন্। ১৫৪। ছুম্মা আন্‌যালা 'আলাইকুম্ মিম্ বা'দিল্
উপর অর্পিত বিপদের জন্য তোমরা যা কর, আল্লাহ তা জানেন। (১৫৪) তারপর দুঃখের পর শান্তি-তন্দ্রা পাঠালেন,

শানেনুযূল ঃ আয়াত-১৫৩ ঃ নবী করীম (ছঃ) ওহুদ যুদ্ধে পর্বতের সুড়ঙ্গ পথ হেফাজত কল্পে যে সৈন্যদল নিযুক্ত করেছিলেন, তারা যখন দেখল যে মুসলমানদের প্রবল আক্রমণে কাফের কোরাইশ-দল পালিয়ে যাচ্ছে, তখন তারা শত্রুদের পরিত্যক্ত সমর-সম্ভার সংগ্রহের জন্য রাসূলুল্লাহ (ছঃ) এর নির্দেশ উপেক্ষা করে ঘাটি পরিত্যাগ পূর্বক উর্ধ্বশ্বাসে শত্রুদের পশ্চাদ্ধাবন করেছিল। সুড়ঙ্গ পথ রক্ষায় নিযুক্ত সৈন্যদের এই অনুপস্থিতির ফলে কোরাইশ সৈন্যদল পেছন দিক থেকে মুসলমানদের উপর ঝাঁপিয়ে পড়ে, ফলে মুসলমানরা দারুণ বিপর্যয়ের মধ্যে পড়ে। কিন্তু ওভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার ফলে যখন অনেকে ভীতি ও নিরাশায় আচ্ছন্ন হয়ে পড়ছিল, তখন আল্লাহ তা'আলা এ আয়াত নাযিল করেন।

الْغَمِّ أَمَنَةً نُّعَاسًا يَّغْشٰى طَآئِفَةً مِّنْكُمْ لا وَطَآئِفَةٌ قَدْ أَهَمَّتْهُمْ أَنْفُسُهُمْ يَظُنُّوْنَ

গাম্মি আমানাতান্ নু'আ-সাই ইয়াগ্‌শা-ত্বোয়া — য়িফাতাম মিন্‌কুম্ অত্বোয়া — য়িফাতুন্ ক্বাদ্ আহাম্মাত্‌হুম্ আন্‌ফুসুহুম্ ইয়াজুন্নুনা
যা তোমাদের একদলকে আচ্ছন্ন করল, আর অন্য দল জাহেলী যুগের ন্যায় আল্লাহ্‌র ব্যাপারে অলীক

بِاللهِ غَيْرَ الْحَقِّ ظَنَّ الْجَاهِلِيَّةِ ط يَقُوْلُوْنَ هَلْ لَّنَا مِنَ الْأَمْرِ مِنْ شَيْءٍ ط قُلْ

বিল্লা-হি গাইরাল্ হাক্ব্বি জোয়ান্নাল্ জ্বা-হিলিয়্যাহ্; ইয়াক্বূলূনা হাল্ লানা-মিনাল্ আম্‌রি মিন্ শাইয়িন্; ক্বুল্
ধারণা করে নিজেরাই নিজেদেরকে উদ্বিগ্ন করল, তারা বলে, এ ব্যাপারে "আমাদের কি কিছু করার আছে?" বলুন,

إِنَّ الْأَمْرَ كُلَّهٗ لِلّٰهِ ط يُخْفُوْنَ فِيْٓ أَنْفُسِهِمْ مَّا لَا يُبْدُوْنَ لَكَ ط يَقُوْلُوْنَ لَوْ

ইন্নাল্ আম্‌রা কুল্লাহূ লিল্লা-হ্; ইয়ুখ্‌ফূনা ফী ~ আন্‌ফুসিহিম্ মা-লা- ইয়ুব্‌দূনা লাক্; ইয়াক্বূলূনা লাও
সকল কিছুই তো একমাত্র আল্লাহর হাতে; তারা যা গোপনে করে আর যা প্রকাশ করে না। তারা বলে, যদি

كَانَ لَنَا مِنَ الْأَمْرِ شَيْءٌ مَّا قُتِلْنَا هٰهُنَا ط قُلْ لَّوْ كُنْتُمْ فِيْ بُيُوْتِكُمْ لَبَرَزَ

কা-না লানা-মিনাল্ আম্‌রি শাইয়ুম্ মা-ক্বুতিল্‌না-হা-হুনা-; ক্বুল্ লাও কুন্‌তুম্ ফী বুইয়ূতিকুম্ লাবারাযাল্
আমাদের অধিকার থাকত, তবে এখানে আমরা নিহত হতাম না। বলুন, যদি তোমরা স্বগৃহে থাকতে তবুও যাদের

الَّذِيْنَ كُتِبَ عَلَيْهِمُ الْقَتْلُ إِلٰى مَضَاجِعِهِمْ ج وَلِيَبْتَلِيَ اللهُ مَا فِيْ صُدُوْرِكُمْ

লাযীনা কুতিবা 'আলাইহিমুল্ ক্বাত্‌লু ইলা-মাদ্বোয়া-জ্বি'ইহিম্, অলিইয়াব্‌তালিয়াল্লা-হু মা- ফী ছুদূরিকুম্
জন্য নিহত হওয়া অবধারিত ছিল তারা বেরিয়ে পড়ত নিজেদের মৃত্যুর স্থানের দিকে, আল্লাহ তোমাদের অন্তরের বিষয় পরীক্ষা

وَلِيُمَحِّصَ مَا فِيْ قُلُوْبِكُمْ ط وَاللهُ عَلِيْمٌ بِذَاتِ الصُّدُوْرِ ﴿١٥٥﴾ إِنَّ الَّذِيْنَ

অলিইয়ুমাহ্‌হিছোয়া মা-ফী ক্বুলূবিকুম্; অল্লা-হু 'আলীমুম্ বিযা-তিছ্ ছুদূর্। ১৫৫। ইন্নাল্লাযীনা
আর মনের বিষয় নির্মূল করার জন্যই এটা করেছেন; আর আল্লাহ সবিশেষ অবহিত অন্তরের গোপন বিষয়ে। (১৫৫) যেদিন

تَوَلَّوْا مِنْكُمْ يَوْمَ الْتَقَى الْجَمْعٰنِ لا إِنَّمَا اسْتَزَلَّهُمُ الشَّيْطٰنُ بِبَعْضِ مَا

তাওয়াল্লাও মিন্‌কুম্ ইয়াওমাল্ তাক্বাল্ জ্বাম্'আ-নি ইন্নামাস্ তাযাল্লাহুমুশ্ শাইত্বোয়া-নু বিবা'দি মা-
উভয় দল পরস্পর মুখোমুখী হয়েছিল, সেদিন পৃষ্ঠ প্রদর্শনকারীদের কোন কাজের কারণে শয়তান তাদের পদস্খলন করেছিল;

১৬ ع ৭ ৭ রুকু

كَسَبُوْا ج وَلَقَدْ عَفَا اللهُ عَنْهُمْ ط إِنَّ اللهَ غَفُوْرٌ حَلِيْمٌ ﴿١٥٦﴾ يٰٓأَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا

কাসাবূ অলাক্বাদ্ 'আফাল্লা-হু 'আন্‌হুম্; ইন্নাল্লা-হা গাফূরুন্ হালীম্। ১৫৬। ইয়া ~ আইয়্যুহাল্লাযীনা আ-মানূ লা-
অবশ্য আল্লাহ তাদের ক্ষমা করে দিলেন, আল্লাহই ক্ষমাশীল, ধৈর্যশীল। (১৫৬) হে মু'মিনরা! তোমরা তাদের মত

শানেনযূল ঃ আয়াত-১৫৪ ঃ এ যুদ্ধে যাঁরা শহীদ হওয়ার তাঁরা শহীদ হয়ে যান। আর যারা পশ্চাদপসরণকারী ছিল তারা সরে যায় এবং যাঁরা ময়দানে বিদ্যমান ছিলেন আল্লাহ্‌র পক্ষ হতে তাঁদের প্রতি তন্দ্রার আবির্ভাব হল, যেন তাঁদের অলসতা ও বিষণ্ণতা দূরীভূত হয়ে যেন সাহসের উদ্ভব হয়। এ তন্দ্রায় তাঁদের অবস্থা ছিল এইরূপ– তাঁদের মাথা ঝিমাতে ঝিমাতে বুক পর্যন্ত উপনীত হচ্ছিল। যুবাইর (রাঃ) বলেন, এই তন্দ্রাবস্থায় আমি মুতআব ইবনে কোশাইয়েলের কথা স্বপ্নদ্রষ্টার ন্যায় শ্রবণ করতে ছিলাম। সে বলতে ছিল– অর্থাৎ আমাদের অধিকার কিছুই নেই। তখন এই আয়াতটি অবতীর্ণ হয়।

تَكُوْنُوْا كَالَّذِيْنَ كَفَرُوْا وَقَالُوْا لِاِخْوَانِهِمْ اِذَا ضَرَبُوْا فِى الْاَرْضِ اَوْ

তাকূনূ কাল্লাযীনা কাফারূ অক্বা-লূ লিইখ্‌ওয়া-নিহিম্ ইযা-দ্বোয়ারাবূ ফিল্ আর্‌দ্বি আও

হয়ো না যারা কুফ্‌রী করেছে এবং নিজেদের ভাইয়েরা যখন যমীনে ভ্রমণ করে বা যুদ্ধ করে তখন

كَانُوْا غُزًّى لَّوْ كَانُوْا عِنْدَنَا مَا مَاتُوْا وَمَا قُتِلُوْا ج لِيَجْعَلَ اللّٰهُ ذٰلِكَ

কা-নূ গুয্‌যাল্ লাও কা-নূ-'ইন্‌দানা-মা-মা-তূ অমা-ক্বু-তিলূ লিইয়াজ্ব্'আলাল্লা-হু যা-লিকা

তাদের সম্পর্কে বলে, তারা যদি আমাদের কাছে থাকত, তবে তারা না মরত, না নিহত হত [১]। আল্লাহ্ এভাবেই

حَسْرَةً فِىْ قُلُوْبِهِمْ ط وَاللّٰهُ يُحْىٖ وَيُمِيْتُ ط وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرٌ ﴿١٥٦﴾ وَلَئِنْ

হাস্‌রাতান্ ফী ক্বু-লূবিহিম্; অল্লা-হু ইয়ুহ্‌য়ী অইয়ুমীত্; অল্লা-হু বিমা-তা'মা-লূনা বাছীর্। ১৫৭। অলায়িন্

তাদের মনে আক্ষেপ সৃষ্টি করেন; আল্লাহ্ই বাঁচান এবং মারেন, আল্লাহ তোমাদের কৃতকর্ম দেখেন। (১৫৭) আর যদি

قُتِلْتُمْ فِىْ سَبِيْلِ اللّٰهِ اَوْ مُتُّمْ لَمَغْفِرَةٌ مِّنَ اللّٰهِ وَرَحْمَةٌ خَيْرٌ مِّمَّا يَجْمَعُوْنَ

কু-তিলতুম্ ফী সাবীলিল্লা-হি আওমুত্‌তুম্ লামাগ্‌ফিরাতুম্ মিনাল্লা-হি অরাহ্‌মাতুন্ খাইরুম্ মিম্মা-ইয়াজ্ব্‌মা'উন্।

তোমরা আল্লাহর পথে নিহত হও বা মারা যাও, অবশ্যই আল্লাহর পক্ষ হতে ক্ষমা ও করুণা সঞ্চিত বস্তু হতে উত্তম।

﴿١٥٧﴾ وَلَئِنْ مُّتُّمْ اَوْ قُتِلْتُمْ لَاِلَى اللّٰهِ تُحْشَرُوْنَ ﴿١٥٨﴾ فَبِمَا رَحْمَةٍ مِّنَ اللّٰهِ لِنْتَ لَهُمْ ج

১৫৮। অলায়িম্ মুত্তুম্ আওকু-তিল্‌তুম্ লা ইলাল্লা-হি তুহ্‌শারূন্। ১৫৯। ফাবিমা-রাহ্‌মাতিম্ মিনাল্লা-হি লিন্‌তা লাহুম্

(১৫৮) যদি মারা যাও বা নিহত হও, নিশ্চয়ই আল্লাহর নিকটে সমবেত হবে। (১৫৯) আর আল্লাহর করুণায় আপনি

وَلَوْ كُنْتَ فَظًّا غَلِيْظَ الْقَلْبِ لَانْفَضُّوْا مِنْ حَوْلِكَ ص فَاعْفُ عَنْهُمْ

অলাও কুন্‌তা ফাজ্জোয়ান্ গালী জোয়াল্ ক্বাল্‌বি লান্‌ফাদ্দ্বূ মিন্ হাওলিকা ফা'ফু 'আন্‌হুম্

কোমল অন্তরের হয়েছেন, যদি চিত্তে কর্কশ ও কঠোর হতেন, তবে তারা আপনার নিকট হতে চলে যেত,

وَاسْتَغْفِرْ لَهُمْ وَشَاوِرْهُمْ فِى الْاَمْرِ ج فَاِذَا عَزَمْتَ فَتَوَكَّلْ عَلَى اللّٰهِ ط

অস্‌তাগ্‌ফির্ লাহুম্ অশা-ওয়ির্ হুম্ ফিল্ আম্‌রি ফাইযা- 'আযাম্‌তা ফাতাওয়াক্কাল্ 'আলাল্লা-হ্;

সুতরাং তাদের ক্ষমা করুন, ক্ষমা প্রার্থনা করুন এবং কাজেকর্মে তাদের সাথে পরামর্শ করুন, আল্লাহর উপর নির্ভর করুন,

اِنَّ اللّٰهَ يُحِبُّ الْمُتَوَكِّلِيْنَ ﴿١٥٩﴾ اِنْ يَّنْصُرْكُمُ اللّٰهُ فَلَا غَالِبَ لَكُمْ ج وَاِنْ

ইন্নাল্লা-হা ইয়ুহিব্‌বুল্ মুতাওয়াক্কিলীন্। ১৬০। ই ইয়ান্‌ছুর্‌কুমুল্লা-হু ফালা-গা-লিবা লাকুম্ অই

নিশ্চয়ই নির্ভরকারীদের আল্লাহ ভালবাসেন। (১৬০) আল্লাহ সাহায্য করলে তোমাদের উপর কেউ বিজয়ী হতে পারবে না;

টীকা-(১) ঃ আয়াত-১৫৭ ঃ তোমরা মনে কর যে, সফর অথবা জেহাদে বের না হয়ে এ মুহূর্তে মৃত্যুর হাত হতে রেহাই পেল। কিন্তু তা তো নিশ্চিত যে তোমাদেরকে একদিন না একদিন মৃত্যুবরণ করতে হবে। আর অবশ্যই তোমাদের সকলকে আল্লাহর সামনে উপস্থিত হতে হবে। তখন তোমরা জানতে পারবে যারা শহীদ হয়েছে বা স্বাভাবিকভাবে মৃত্যুবরণ করেছে তাদেরকে আল্লাহ যে প্রতিদান দিবেন তা তোমাদের দুনিয়ায় সংগৃহীত ধন-সম্পদ হতে বহুগুণে বেশি। (ইবঃ কাঃ,) শানেনুযূল ঃ আয়াত ১৫৯ ঃ ওহুদ যুদ্ধে যারা আদেশ লঙ্গণ করে পাহাড়ের সুড়ঙ্গ পথ ত্যাগ করে চলে এসেছিলেন তাদের সাথে রাসূলুল্লাহ (ছঃ) কোন উচ্চ-বাচ্য কিছু না করে আগের মত নম্র ব্যবহার ও শালীনতা পূর্ণ আলাপ করছিলেন এবং প্রত্যেক বিষয়ে তাদের আত্ম-সন্তুষ্টির প্রতি লক্ষ্য রাখছিলেন। এতে সম্মতি জ্ঞাপক ও প্রশংসা সূচক এই আয়াতটি অবতীর্ণ হয়।

يَخْذُلْكُمْ فَمَنْ ذَا الَّذِىْ يَنْصُرُكُمْ مِّنْ بَعْدِهٖ ؕ وَعَلَى اللّٰهِ فَلْيَتَوَكَّلِ

ইয়াখ্‌যুল্‌কুম্ ফামান্ যাল্লাযী ইয়ান্‌ছুরুকুম্ মিম্ বা'দিহী; অ'আলাল্লা-হি ফাল্‌ইয়া তাওয়াক্কালিল্
যদি তিনি সাহায্য না করেন, তবে কে আছে সাহায্য করার? শুধু আল্লাহতেই মু'মিনদের ভরসা

الْمُؤْمِنُوْنَ ﴿١٦١﴾ وَمَا كَانَ لِنَبِىٍّ اَنْ يَّغُلَّ ؕ وَمَنْ يَّغْلُلْ يَاْتِ بِمَا غَلَّ

মু'মিনূন্। ১৬১। অমা-কা-না লিনাবিয়্যিন্ আইঁ ইয়াগুল্; অমাইঁ ইয়াগ্‌লুল্ ইয়া''তি বিমা-গাল্ লা
করা উচিত। (১৬১) কোন নবীর পক্ষে সম্ভব নয় যে, কিছু গোপন করবেন; কেউ কিছু গোপন করলে ঐ বস্তুসহ কিয়ামতের

يَوْمَ الْقِيٰمَةِ ۚ ثُمَّ تُوَفّٰى كُلُّ نَفْسٍ مَّا كَسَبَتْ وَهُمْ لَا يُظْلَمُوْنَ ﴿١٦٢﴾ اَفَمَنِ

ইয়াওমাল্ ক্বিয়া-মাতি ছুম্মা তুওয়াফ্‌ফা- কুল্লু নাফ্‌সিম্ মা-কাসাবাত্ অহুম্ লা-ইয়ুজ্‌লামূন্। ১৬২। আফামানিত
দিন উঠবে, তারপর প্রত্যেককেই কর্মফল পূর্ণভাবে দেয়া হবে, কারো প্রতি জুলুম করা হবে না। (১৬২) যে অনুবর্তী হয়

اتَّبَعَ رِضْوَانَ اللّٰهِ كَمَنْۢ بَآءَ بِسَخَطٍ مِّنَ اللّٰهِ وَمَاْوٰىهُ جَهَنَّمُ ؕ وَبِئْسَ الْمَصِيْرُ

তাবা'আ রিদ্বওয়া-নাল্লা-হি কামাম্ বা — য়া বিসাখাত্বিম্ মিনাল্লা-হি অমা'ওয়া-হু জ্বাহান্নাম্; অবি''সাল্ মাছী-র্।
আল্লাহ্‌র সন্তুষ্টির, সে কি তার মত, যে আল্লাহর ক্রোধের পাত্র হয়েছে? তার আবাস তো দোযখে, যা নিকৃষ্ট প্রত্যাবর্তনস্থল।

هُمْ دَرَجٰتٌ عِنْدَ اللّٰهِ ؕ وَاللّٰهُ بَصِيْرٌۢ بِمَا يَعْمَلُوْنَ ﴿١٦٣﴾ لَقَدْ مَنَّ اللّٰهُ عَلَى ﴿١٦٤﴾

১৬৩। হুম্ দারাজ্বা-তুন্ 'ইন্‌দাল্লা-হ;অল্লা-হু বাছীরুম্ বিমা-ইয়া'মালূন্। ১৬৪। লাক্বাদ্ মান্নাল্লা-হু 'আলাল্
(১৬৩) তাদের মর্যাদা আল্লাহর নিকট বিভিন্ন স্তরের; আল্লাহ তাদের কর্ম দেখেন। (১৬৪) আল্লাহ মু'মিনদের প্রতি করুণা করেছেন,

الْمُؤْمِنِيْنَ اِذْ بَعَثَ فِيْهِمْ رَسُوْلًا مِّنْ اَنْفُسِهِمْ يَتْلُوْا عَلَيْهِمْ اٰيٰتِهٖ وَيُزَكِّيْهِمْ

মু''মিনীনা ইয্ বা'আছা ফীহিম্ রাসূলাম্ মিন্ আন্‌ফুসিহিম্ ইয়াত্‌লূ 'আলাইহিম্ আ-ইয়া-তিহী অইয়ুযাক্কীহিম্
তিনি তাদের কাছে তাদের মধ্য হতে রাসূল পাঠিয়েছেন, তিনি তাদেরকে আয়াত শুনান, পরিশুদ্ধ করেন

وَيُعَلِّمُهُمُ الْكِتٰبَ وَالْحِكْمَةَ ۚ وَاِنْ كَانُوْا مِنْ قَبْلُ لَفِىْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿١٦٥﴾ اَوَ

অইয়ু'আল্লিমুহুমুল্ কিতা-বা অল্ হিক্‌মাতা অইন্ কা-নূ মিন্ ক্বাব্‌লু লাফী দ্বোয়ালা-লিম্ মুবীন্। ১৬৫। আওয়া
এবং তাদের শিক্ষা দেন কিতাব ও হিকমাত, যদিও ইতোপূর্বে তারা প্রকাশ্য গোমরাহীতে ছিল। (১৬৫) কি ব্যাপার!

লাম্মা ~ আছোয়া-বাত্‌কুম্ মুছীবাতুন্ ক্বাদ্ আছোয়াব্‌তুম্ মিছ্‌লাইহা- কুল্‌তুম্ আন্না- হা-যা-; কুল্ হুওয়া মিন্ 'ইন্‌দি
যখন তোমাদের বিপদ আসল, বললে এটা কিভাবে হল? অথচ এর দ্বিগুণ বিপদ তোমরা ঘটালে [১]; বলুন, এ বিপদ

لَمَّآ اَصَابَتْكُمْ مُّصِيْبَةٌ قَدْ اَصَبْتُمْ مِّثْلَيْهَا ۙ قُلْتُمْ اَنّٰى هٰذَا ؕ قُلْ هُوَ مِنْ عِنْدِ

শানেনুযূল ঃ আয়াত-১৬১ঃ বদর যুদ্ধে মালে গণীমতের একখানা লাল রং-এর চাদর হারানো গিয়েছিল। একজন মুনাফিক রাসূলুল্লাহ (ছঃ)-এর নাম দিয়েছিল। তখন এই আয়াত অবতীর্ণ হয়। শানেনুযূল ঃ আয়াত-১৬৫ ঃ বদর যুদ্ধের বিপর্যয় দেখে মুসলমানরা বললেন, এ বিপদ কোথা হতে আসল? অথচ আল্লাহর সাহায্যের কথা ছিল। তখন আলোচ্য আয়াতটি এ মর্মে অবতীর্ণ হয় যে, এই পরাজয় তোমাদেরই ভুলের পরিণামস্বরূপ হয়েছে এবং তোমাদের জয়ের তুলনায় এ পরাজয় নগণ্য বিষয়। এতে তিরস্কার ও সান্ত্বনা উভয়ই রয়েছে। টীকা ঃ (১) ওহুদ যুদ্ধে ৭০ জন মুসলিম শহীদ হন, কিন্তু এর দ্বিগুণ বিপদ কাফেরদের উপর বদর প্রান্তে হয়েছিল। ৭০ জন হয়েছিল নিহত আর ৭০ জন হয়েছিল বন্দী।

أَنْفُسِكُمْ ۗ إِنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿١٦٦﴾ وَمَآ أَصَابَكُمْ يَوْمَ الْتَقَى الْجَمْعٰنِ

আন্‌ফুসিকুম্ ; ইন্নাল্লা-হা 'আলা-কুল্লি শাইয়িন্ ক্বাদীর্। ১৬৬। অমা ~ আছোয়া-বাকুম্ ইয়াওমাল্ তাক্বাল্ জ্বাম্'আ-নি

তোমাদের পক্ষ থেকেই; আল্লাহ সর্বশক্তিমান। (১৬৬) যেদিন দু দল মুখোমুখী হয়েছিল, সেদিন তোমাদের মাঝে যা ঘটেছিল,

فَبِإِذْنِ اللّٰهِ وَلِيَعْلَمَ الْمُؤْمِنِيْنَ ﴿١٦٧﴾ وَلِيَعْلَمَ الَّذِيْنَ نَافَقُوْا ۚ وَقِيْلَ لَهُمْ تَعَالَوْا

ফাবিইয্‌নিল্লা-হি অলিইয়া'লামাল্ মু''মিনীন্। ১৬৭। অলিইয়া'লামাল্লাযীনা না-ফাক্বূ,অক্বীলা লাহুম্ তা'আ-লাও

তা আল্লাহর হুকুমেই ঘটেছিল যেন মু'মিনদের চিনা যায়। (১৬৭) আর মুনাফিকদের চিনার জন্য তাদের বলা হল, আস আল্লাহর

قَاتِلُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ أَوِ ادْفَعُوْا ۗ قَالُوْا لَوْ نَعْلَمُ قِتَالًا لَّاتَّبَعْنٰكُمْ ۗ هُمْ

ক্বা-তিলূ ফী সাবীলিল্লা-হি আওয়িদ্‌ফা'উ; ক্বা-লূ লাও না'লামু ক্বিতা-লাল্ লাত্তাবা'না-কুম্; হুম্

পথে যুদ্ধ কর কিংবা প্রতিরোধ কর; তারা বলল, যদি আমরা যুদ্ধ হবে জানতাম, তবে অবশ্যই তোমাদের অনুসরণ করতাম;

لِلْكُفْرِ يَوْمَئِذٍ أَقْرَبُ مِنْهُمْ لِلْإِيْمَانِ ۚ يَقُوْلُوْنَ بِأَفْوَاهِهِمْ مَّا لَيْسَ فِيْ

লিল্‌কুফ্‌রি ইয়াওমায়িযিন্ আক্ব্‌রাবু মিন্‌হুম্ লিল্ ঈমা-নি ইয়াক্বূলূনা বিআফ্‌ওয়া-হিহিম্ মা-লাইসা ফী

তারা সেদিন ঈমান অপেক্ষা কুফুরীর নিকটবর্তী ছিল। তারা তাদের মুখে যা বলে তা তাদের অন্তরে নেই; আল্লাহ তাদের

قُلُوْبِهِمْ ۗ وَاللّٰهُ أَعْلَمُ بِمَا يَكْتُمُوْنَ ﴿١٦٨﴾ اَلَّذِيْنَ قَالُوْا لِإِخْوَانِهِمْ وَقَعَدُوْا لَوْ

ক্বূলূবিহিম্; অল্লা-হু আ'লামু বিমা-ইয়াক্‌তুমূন্। ১৬৮। আল্লাযীনা ক্বা-লূ লিইখ্‌ওয়া-নিহিম্ অক্বা'আদূ লাও

গোপন বিষয় সম্যক অবহিত,। (১৬৮) আর যারা ঘরে বসে নিজেদের ভাইদের ব্যাপারে বলল, যদি আমাদের কথা মানত

أَطَاعُوْنَا مَا قُتِلُوْا ۗ قُلْ فَادْرَءُوْا عَنْ أَنْفُسِكُمُ الْمَوْتَ إِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ

আত্বোয়া-'উনা- মা-ক্বুতিলূ; ক্বুল্ ফাদ্‌রা'উ 'আন্ আন্‌ফুসিকুমুল্ মাওতা ইন্ কুন্‌তুম্ ছোয়া-দিক্বীন্।

তবে নিহত হত না; বলুন, যদি তোমরা সত্যবাদী হও তবে, নিজেদের উপর থেকে মৃত্যুকে সরিয়ে দাও।

﴿١٦٨﴾ وَلَا تَحْسَبَنَّ الَّذِيْنَ قُتِلُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ أَمْوَاتًا ۗ بَلْ أَحْيَاءٌ عِنْدَ رَبِّهِمْ

১৬৯। অলা-তাহ্‌সাবান্নাল্লাযীনা কুতিলূ ফীসাবী লিল্লা-হি আম্‌ওয়া-তা-; বাল্ আহ্‌ইয়া — উন্ 'ইন্‌দা রব্বিহিম্

(১৬৯) আর যারা আল্লাহ্‌র পথে নিহত হয় তাদের কখনও মৃত ভের না, বরং তারা জীবিত, তারা আল্লাহর পক্ষ থেকে রিযিক

يُرْزَقُوْنَ ﴿١٧٠﴾ فَرِحِيْنَ بِمَآ اٰتٰهُمُ اللّٰهُ مِنْ فَضْلِهٖ ۙ وَيَسْتَبْشِرُوْنَ بِالَّذِيْنَ لَمْ

ইয়ুর্‌যাক্বূন্। ১৭০। ফারিহীনা বিমা ~ আ-তা-হুমুল্লা-হু মিন্ ফাদ্ব্‌লিহী অইয়াস্‌তাব্‌শিরূনা বিল্লাযীনা লাম্

পাচ্ছে। (১৭০) তাতে তারা খুশী যা আল্লাহ তাদের দান করেছেন নিজ অনুগ্রহে; যারা তাদের সঙ্গে মিলিত হয়নি

শানেনুযূল ঃ আয়াত-১৬৯ ঃ বদর যুদ্ধে যারা শহীদ হয়েছিলেন তাদের আত্মাকে আল্লাহ্ তা'আলা এক প্রকারের সবুজ পাখির আকৃতিতে রূপান্তরিত করে বেহেশতের উদ্যানে ও ঝর্ণায় বিচরণ ক্ষমতা প্রদান করেন এবং আরও বহু পুরস্কারে পুরস্কৃত করেন। তখন তাঁরা পৃথিবীতে তাঁদের এই প্রচুর আনন্দ বহুল জীবনযাপনের কথা জানিয়ে দিতে ইচ্ছা করলেন। তখন তাদের এই স্পৃহা অনুসারে আল্লাহ তা'আলা শাহাদত বরণকারীদের অবস্থা মু'মিনদের অবহিত করার উদ্দেশে এই আয়াত অবতীর্ণ করেন। (বঃ কোঃ আংশিক সংযোজিত)

يَلْحَقُوا بِهِم مِّنْ خَلْفِهِمْ أَلَّا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ ﴿١٧١﴾ يَسْتَبْشِرُونَ

ইয়াল্‌হাক্বূ বিহিম্‌ মিন্‌ খাল্‌ফিহিম্‌ আল্লা-খাওফুন্‌ 'আলাইহিম্‌ অলা-হুম্‌ ইয়াহ্‌যানূন্‌। ১৭১। ইয়াস্‌তাব্‌শিরূনা

পিছনে আছে, তাদের জন্য আনন্দ করে; তাদের নেই কোন ভয়, আর নেই কোন চিন্তা। (১৭১) তারা আল্লাহর নিয়ামত

بِنِعْمَةٍ مِّنَ اللَّهِ وَفَضْلٍ وَأَنَّ اللَّهَ لَا يُضِيعُ أَجْرَ الْمُؤْمِنِينَ ﴿١٧٢﴾ الَّذِينَ

বিনি'মাতিম্‌ মিনাল্লা-হি অফাদ্বলিওঁ অআন্নাল্লা-হা লা-ইয়ুদ্বী'উ আজ্‌রাল্‌ মু''মিনীন্‌। ১৭২। আল্লাযীনাস

ও করুণায় আনন্দিত; আর আল্লাহ তো মু'মিনদের পারিশ্রমিক নিষ্ফল করেন না। (১৭২) যারা আঘাতের

اسْتَجَابُوا لِلَّهِ وَالرَّسُولِ مِن بَعْدِ مَا أَصَابَهُمُ الْقَرْحُ ۚ لِلَّذِينَ أَحْسَنُوا

তাজ্বা-বূ লিল্লা-হি অর্‌রাসূলি মিম্‌ বা'দি মা-আছোয়া-বাহুমুল্‌ ক্বারহু লিল্লাযীনা আহ্‌সানূ

পরও আল্লাহ ও তাঁর রাসূলের ডাকে সাড়া দিয়েছে, তাদের মধ্যে যারা নেক কাজ করে ও তাকওয়ার অনুসারী

مِنْهُمْ وَاتَّقَوْا أَجْرٌ عَظِيمٌ ﴿١٧٣﴾ الَّذِينَ قَالَ لَهُمُ النَّاسُ إِنَّ النَّاسَ قَدْ جَمَعُوا

মিন্‌হুম্‌ অত্তাক্বূ আজ্‌রুন্‌ 'আজীম্‌। ১৭৩। আল্লাযীনা ক্বা-লা লাহুমুন্না-সু ইন্নান্না-সা ক্বাদ্‌ জ্বামা'উ

তাদের জন্য উত্তম প্রতিদান আছে। (১৭৩) তারা এমন মানুষ যে, লোকেরা বলেছিল, তোমাদের বিরুদ্ধে লোক একত্রিত হয়েছে,

لَكُمْ فَاخْشَوْهُمْ فَزَادَهُمْ إِيمَانًا وَقَالُوا حَسْبُنَا اللَّهُ وَنِعْمَ الْوَكِيلُ ۞

লাকুম্‌ ফাখ্‌শাওহুম্‌ ফাযা-দাহুম্‌ ঈমা-নাওঁ, অক্বা-লূ হাস্‌বুনাল্লা-হু অনি'মাল্‌ অকীল্‌।

কাজেই তোমরা তাদের ভয় কর; এতে তাদের ঈমান বাড়ল; তারা বলল, আল্লাহই যথেষ্ট, তিনিই উত্তম কার্য নির্বাহক।

﴿١٧٤﴾ فَانقَلَبُوا بِنِعْمَةٍ مِّنَ اللَّهِ وَفَضْلٍ لَّمْ يَمْسَسْهُمْ سُوءٌ وَاتَّبَعُوا رِضْوَانَ اللَّهِ ۗ

১৭৪। ফান্‌ক্বালাবূ বিনি'মাতিম্‌ মিনাল্লা-হি অফাদ্বলিল্‌ লাম্‌ ইয়াম্‌সাস্‌হুম্‌সূ — উওঁ অত্তাবা'উ রিদ্বওয়া-নাল্লা-হ্‌;

(১৭৪) তারা ফিরে গেল আল্লাহর নিয়ামত ও করুণা নিয়ে কোন অসুবিধাই তাদের হয়নি; তারা আল্লাহর সন্তুষ্টির অনুবর্তী হয়েছিল;

وَاللَّهُ ذُو فَضْلٍ عَظِيمٍ ﴿١٧٥﴾ إِنَّمَا ذَٰلِكُمُ الشَّيْطَانُ يُخَوِّفُ أَوْلِيَاءَهُ فَلَا

অল্লা-হু যূ ফাদ্বলিন্‌ 'আজীম্‌। ১৭৫। ইন্নামা-যা-লিকুমুশ্‌ শাইত্বোয়া-নু ইয়ুখাও ওয়িফু আওলি ইয়া — আহূ ফালা-

আল্লাহ অসীম দয়ালু। (১৭৫) শয়তানই তার বন্ধুদের দিয়ে তোমাদের ভয় দেখায়; তোমরা তাদেরকে ভয়

تَخَافُوهُمْ وَخَافُونِ إِن كُنتُم مُّؤْمِنِينَ ﴿١٧٦﴾ وَلَا يَحْزُنكَ الَّذِينَ يُسَارِعُونَ

তাখা-ফূহুম্‌ অ খা-ফূনি ইন্‌ কুন্‌তুম্‌ মু''মিনীন্‌। ১৭৬। অলা-ইয়াহ্‌যুন্‌কাল্লাযীনা ইয়ুসা-রি'উনা

করো না আমাকে ভয় কর; যদি তোমরা মু'মিন হও। (১৭৬) আপনাকে যেন চিন্তিত করতে না পারে ঐসব লোকেরা যারা

শানেনুযূল ঃ আয়াত ১৭২ ঃ ওহুদ যুদ্ধ শেষে নবী করীম (ছঃ)-এর ডাকে ছাহাবীরা আহত অবস্থায়ই কাফেরদের পিছু ধাওয়া করেছিলেন, উক্ত আয়াতে এ কথার প্রতি ইংগিত করা হয়েছে।

আয়াত-১৭৪ ঃ ওহুদ প্রান্তর ত্যাগকালে আবূ সুফিয়ান মুসলিম বাহিনীকে লক্ষ্য করে বলেছিলেন যে, আগামী বছর আমরা পুনরায় তোমাদের বদর প্রান্তরে দেখে নেব। কিন্তু যথা সময়ে আসার সাহস তাদের হয়নি। নিজেদের সম্মান রক্ষার্থে গোপনে এক লোককে মদীনায় পাঠিয়ে দিল। সে বলল, কাফেররা বিরাট বাহিনী সমর প্রস্তুতি নিয়ে আসছে, যার মুকাবিলা করার সাহস ও শক্তি কারও নেই।

ওয়াক্‌ফে লাযেম ১৭ ع ১৬ ৮ রুকু মোআ-২

فِي الْكُفْرِ ۚ إِنَّهُمْ لَن يَضُرُّوا اللَّهَ شَيْئًا ۗ يُرِيدُ اللَّهُ أَلَّا يَجْعَلَ لَهُمْ حَظًّا

ফিল্‌কুফ্‌রি ইন্নাহুম্ লাইঁ ইয়াদুর্‌রুল্লা-হা শাইয়া-; ইয়ুরীদুল্লা-হু আল্লা-ইয়াজ্'আলা লাহুম্ হাজ্‌জোয়ান্
ধাবিত হয় কুফুরীর দিকে, নিশ্চয়ই ওরা আল্লাহরও ক্ষতি করতে পারবে না; আল্লাহ তাদেরকে কোন অংশ দিতে

فِي الْآخِرَةِ ۖ وَلَهُمْ عَذَابٌ عَظِيمٌ ﴿১৭৭﴾ إِنَّ الَّذِينَ اشْتَرَوُا الْكُفْرَ بِالْإِيمَانِ لَن

ফিল্‌আ-খিরাতি অলাহুম্ 'আযা-বুন্ আজীম্। ১৭৭। ইন্নাল্লাযীনাশ্ তারাউল্ কুফ্‌রা বিল্ ঈমা-নি লাইঁ
চান না আখেরাতে, তাদের জন্য রয়েছে মহাশাস্তি। (১৭৭) যারা ঈমানের পরিবর্তে কুফুরী গ্রহণ করেছে তারা

يَضُرُّوا اللَّهَ شَيْئًا ۖ وَلَهُمْ عَذَابٌ أَلِيمٌ ﴿১৭৮﴾ وَلَا يَحْسَبَنَّ الَّذِينَ كَفَرُوا

ইয়াদ্বুর্‌রুল্লা-হা শাইয়া-; অলাহুম্ 'আযা-বুন্ আলীম্। ১৭৮। অলা-ইয়াহ্‌সাবান্নাল্লাযীনা কাফারূ ~
আল্লাহর ক্ষতি করতে পারবে না; তাদের জন্য রয়েছে যন্ত্রণাময় শাস্তি। (১৭৮) কাফেররা যেন কখনও মনে না করে যে,

أَنَّمَا نُمْلِي لَهُمْ خَيْرٌ لِّأَنفُسِهِمْ ۚ إِنَّمَا نُمْلِي لَهُمْ لِيَزْدَادُوا إِثْمًا ۚ وَلَهُمْ

আন্নামা-নুম্‌লী লাহুম্ খাইরুল্ লিআন্‌ফুসিহিম্; ইন্নামা- নুম্‌লী লাহুম্ লিইয়ায্‌দা-দূ ~ ইছ্‌মান্ অলাহুম্
আমি তাদের মঙ্গলের জন্য অবসর দেই; আমি তো পাপ বৃদ্ধির জন্য অবকাশ দেই, তাদের জন্য

عَذَابٌ مُّهِينٌ ﴿১৭৯﴾ مَّا كَانَ اللَّهُ لِيَذَرَ الْمُؤْمِنِينَ عَلَىٰ مَا أَنتُمْ عَلَيْهِ حَتَّىٰ

'আযা-বুম্ মুহীন। ১৭৯। মা-কা-নাল্লা-হু লিইয়াযারাল্ মু''মিনীনা 'আলা-মা ~ আন্‌তুম্ 'আলাইহি হাত্তা-
লাঞ্ছনাময় শাস্তি আছে। (১৭৯) যে অবস্থায় তোমরা আছ সে অবস্থায় আল্লাহ মু'মিনদেরকে ছাড়তে পারেন না; যতক্ষণ না

يَمِيزَ الْخَبِيثَ مِنَ الطَّيِّبِ ۗ وَمَا كَانَ اللَّهُ لِيُطْلِعَكُمْ عَلَى الْغَيْبِ وَلَٰكِنَّ

ইয়ামীযাল্ খাবীছা মিনাত্ত্বোইয়্যিব্; অমা-কা-নাল্লা-হু লিইয়ুত্বলি'আকুম্ 'আলাল্ গাইবি অলা-কিন্নাল্
পবিত্র হতে অপবিত্রকে পৃথক করতে পারেন; আল্লাহ এমন নন যে, তিনি তোমাদেরকে খবর দেবেন অদৃশ্যের; তবে

اللَّهَ يَجْتَبِي مِن رُّسُلِهِ مَن يَشَاءُ ۖ فَآمِنُوا بِاللَّهِ وَرُسُلِهِ ۚ وَإِن تُؤْمِنُوا

লা-হা ইয়াজ্‌তাবী মির্ রুসুলিহী মাইঁ ইয়াশা —উ ফাআ-মিনূ বিল্লা-হি অরুসুলিহী অইন্ তু''মিনূ
আল্লাহ রাসূলদের মধ্য হতে ইচ্ছামত বেছে নেন, অতএব আল্লাহ ও রাসূলদের বিশ্বাস কর; যদি তোমরা ঈমান আন আর

وَتَتَّقُوا فَلَكُمْ أَجْرٌ عَظِيمٌ ﴿১৮০﴾ وَلَا يَحْسَبَنَّ الَّذِينَ يَبْخَلُونَ بِمَا آتَاهُمُ اللَّهُ

অতাত্তাকূ ফালাকুম আজ্‌রুন্ 'আজীম্। ১৮০। অলা-ইয়াহ্‌সাবান্নাল্লাযীনা ইয়াব্‌খালূনা বিমা ~ আ-তা-হুমুল্লা-হু
ভয় কর, তবে তোমাদের জন্য রয়েছে বড় প্রতিদান। (১৮০) আর যারা কৃপণতা করে আল্লাহর অনুগ্রহে প্রাপ্ত বস্তুতে তারা

এ সংবাদে কোন কোন মুসলমানের মনে ভয়ের সঞ্চার হলেও রাসূল (ছঃ) যখন ঘোষণা করলেন যে, কেউ না গেলেও আমি একা তাদের মুকাবিলায় বের হব। এতে ১৫০০ শ' সাহাবীর এক বাহিনী তাঁর সঙ্গে বদরে উপস্থিত হন। আটদিন অপেক্ষা করে তারা ফিরে আসেন, কিন্তু আবু সুফিয়ান ও তার বাহিনী আসেনি।

যোগসূত্র ঃ আয়াত-১৭৯ ঃ পৃথিবীতে কাফেরদের প্রতি কোন শাস্তি না আসায় যেমন এই মর্মে সন্দেহ হচ্ছিল যে, তারা মরদুদ ও বিতাড়িত নয়, যদি তাই হত তাদের প্রতি শাস্তি এসে যেত। পূর্ববর্তী আয়াত এই সন্দেহ নিরসন করা হয়েছে। কিন্তু মুসলমানদের প্রতি দুনিয়াবী বিভিন্ন বিপদাপদের ফলে সন্দেহ হতে পারে যে মুসলমানরা হয়ত আল্লাহর মকবুল বান্দা নয়। তাই যদি হবে তবে

مِنْ فَضْلِهٖ هُوَ خَيْرًا لَّهُمْ ۚ بَلْ هُوَ شَرٌّ لَّهُمْ ۚ سَيُطَوَّقُوْنَ مَا بَخِلُوْا بِهٖ يَوْمَ الْقِيٰمَةِ ۗ

মিন্ ফাদ্বলিহী হুওয়া খাইরাল্লাহুম্; বাল্ হুওয়া শার্‌রুল্লাহুম্; সাইয়ুত্বোয়াওয়্যাক্বূনা মা- বাখিলূ বিহী ইয়াওমাল্ ক্বিয়া-মাহ্;
যেন একে কল্যাণ মনে না করে; বরং এটা তাদের জন্য অকল্যাণকর, কিয়ামতের দিন কৃপণতার বস্তু গলার বেড়ি হবে;

وَلِلّٰهِ مِيْرَاثُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۗ وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ خَبِيْرٌ ﴿١٨١﴾ لَقَدْ سَمِعَ اللّٰهُ

অলিল্লা-হি মীরা-ছুস্ সামা-ওয়া-তি অল্ আরদ্বি; অল্লা-হু বিমা- তা'মালূনা খাবীর্। ১৮১। লাক্বাদ্ সামি'আল্লা-হু
আকাশ ও যমীনের সার্বভৌমত্ব একমাত্র আল্লাহর। আল্লাহ তোমাদের কৃতকর্মের খবর রাখেন। (১৮১) আল্লাহ তাদের

قَوْلَ الَّذِيْنَ قَالُوْٓا اِنَّ اللّٰهَ فَقِيْرٌ وَّنَحْنُ اَغْنِيَآءُ ۘ سَنَكْتُبُ مَا قَالُوْا وَقَتْلَهُمُ

ক্বাওলাল্লাযীনা ক্বা-লূ ~ ইন্নাল্লা-হা ফাক্বীরুওঁ অনাহ্‌নু আগ্‌নিয়া — উ। সানাক্‌তুবু মা-ক্বা-লূ অক্বাত্‌লাহুমুল্
কথা শুনছেন, যারা বলে, নিশ্চয়ই আল্লাহ গরীব আর আমরা ধনী[১], অবশ্যই আমি তাদের কথা ও অন্যায়ভাবে

الْاَنْۢبِيَآءَ بِغَيْرِ حَقٍّ ۙ وَّنَقُوْلُ ذُوْقُوْا عَذَابَ الْحَرِيْقِ ﴿١٨٢﴾ ذٰلِكَ بِمَا قَدَّمَتْ

আম্‌বিয়া — য়া বিগাইরি হাক্বিক্বিঁও অনাক্বূলু যূক্বূ 'আযা-বাল্ হারীক্ব্। ১৮২। যা-লিকা বিমা- ক্বাদ্দামাত্
নবী-হত্যা করার বিষয় লিখে রাখছি, আর আমি বলব, অগ্নির শাস্তি ভোগ কর। (১৮২) এটা সেই কাজের ফল যা

اَيْدِيْكُمْ وَاَنَّ اللّٰهَ لَيْسَ بِظَلَّامٍ لِّلْعَبِيْدِ ﴿١٨٣﴾ اَلَّذِيْنَ قَالُوْٓا اِنَّ اللّٰهَ عَهِدَ

আইদীকুম্ অআন্নাল্লা-হা লাইসা বিজোয়াল্লা-মিল্‌লিল্'আবীদ্। ১৮৩। আল্লাযীনা ক্বা-লূ ~ ইন্নাল্লা-হা 'আহিদা
তোমরা স্বহস্তে অর্জন করেছ; আল্লাহ তাঁর বান্দাদের প্রতি জুলুম করেন না। (১৮৩) যারা বলে, আল্লাহ নির্দেশ করেছেন,

اِلَيْنَآ اَلَّا نُؤْمِنَ لِرَسُوْلٍ حَتّٰى يَاْتِيَنَا بِقُرْبَانٍ تَاْكُلُهُ النَّارُ ۗ قُلْ قَدْ جَآءَكُمْ

ইলাইনা ~ আল্লা-নু'মিনা লিরাসূলিন্ হাত্তা-ইয়া"তিয়ানা-বিকুরবা নিন্ তা"কুলুহুন্ না-র্; কুল ক্বাদ্ জ্বা — য়াকুম্
যেন আমরা বিশ্বাস না করি কোন রাসূলকে, যতক্ষণ পর্যন্ত না তার কোরবানী আগুন এসে খেয়ে ফেলে।[২]; বলুন, তোমাদের নিকট

رُسُلٌ مِّنْ قَبْلِيْ بِالْبَيِّنٰتِ وَبِالَّذِيْ قُلْتُمْ فَلِمَ قَتَلْتُمُوْهُمْ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ*

রুসুলুম্ মিন ক্বাব্‌লী বিল্‌বাইয়্যিনা-তি অবিল্লাযী ক্বুল্‌তুম্ ফালিমা ক্বাতাল্‌তুমূহুম ইন্ কুন্‌তুম্ ছোয়া-দিক্বীন্।
বহু রাসূল এসেছেন বহু প্রমাণ ও তোমাদের কথিত বক্তব্য নিয়ে আমার পূর্বে; তবে কেন তাদের হত্যা করলে? যদি সত্যবাদী হও।

﴿١٨٤﴾ فَاِنْ كَذَّبُوْكَ فَقَدْ كُذِّبَ رُسُلٌ مِّنْ قَبْلِكَ جَآءُوْ بِالْبَيِّنٰتِ وَالزُّبُرِ

১৮৪। ফাইন্ কায্‌যাবূকা ফাক্বাদ্ কুয্‌যিবা রুসুলুম্ মিন্ ক্বাব্‌লিকা জ্বা — উ বিল্‌বায়্যিনা-তি অয্‌যুবুরি অল্
(১৮৪) যদি আপনাকে মিথ্যা বলে, ইতোপূর্বেও তারা বহু রাসূলকে মিথ্যা বলেছে; যাঁরা এসেছিল নিদর্শন,

১৮ ع ৯ রুকু — ওয়াকফে লাযেম

তাদের উপর এমন বিপদাপদ কেন পতিত হয়? আলোচ্য আয়াতে এর রহস্যাবলীর বিবরণ দিয়ে উক্ত সন্দেহের অপনোদন করা হচ্ছে। কাজেই তাদের মকবুল বান্দা হওয়াতে আর কোন সন্দেহ থাকল না। (বঃ কোঃ) শানেনুযূল ঃ আয়াত-১৮২ঃ একদা কা'ব ইবনে আশরফ, মালেক ইবনে ছাইফ, ওয়াহাব ইবনে ইহুদা, এবীদ ইবনে তাবুত, ফখাছ ইবনে আযুরা এবং হাই ইবনে আখতাব প্রমুখ ইহুদীরা রাসূলুল্লাহ্ (ছঃ) কে বলল, "আমাদের প্রতি তওরাতে এই আদেশ রয়েছে যে, আমরা যেন কোন নবীর উপর ঈমান না আনি যে পর্যন্ত আমরা নবীর নিকট এইরূপ মু'জিযা প্রত্যক্ষ না করি যে, তিনি আল্লাহর নামে কোন কোরবানী করলে তা আকাশ হতে অগ্নি এসে ভষ্মিভূত করে দেয়। অতএব তুমি এ মু'জিযা দেখাতে পারলে আমরা তোমার উপর ঈমান আনব।" তখন আলোচ্য আয়াতটি নাযিল হয়। (বঃ কোঃ) টীকা ঃ (১) পবিত্র কোরআনে যখন আল্লাহকে

الْكِتٰبِ الْمُنِيْرِ ﴿١٨٥﴾ كُلُّ نَفْسٍ ذَآئِقَةُ الْمَوْتِ ؕ وَاِنَّمَا تُوَفَّوْنَ اُجُوْرَكُمْ

কিতা-বিল্ মুনীর্। ১৮৫। কুল্লু নাফ্‌সিন্ যা — য়িকাতুল্ মাওত্; অইন্নামা- তুওয়াফ্‌ফাওনা উজ্‌রাকুম্
গ্রন্থরাজি এবং উজ্জ্বল কিতাব নিয়ে। (১৮৫) জীব মাত্রই মৃত্যুবরণ করবে; অবশ্যই কিয়ামতে তোমাদের পূর্ণ

يَوْمَ الْقِيٰمَةِ ؕ فَمَنْ زُحْزِحَ عَنِ النَّارِ وَاُدْخِلَ الْجَنَّةَ فَقَدْ فَازَ ؕ وَمَا الْحَيٰوةُ

ইয়াওমাল্ ক্বিয়া-মাহ্; ফামান্ যুহ্‌যিহা'আনিন্না-রি অউদ্‌খিলাল্ জান্নাতা ফাক্বাদ্ ফা-য্; অমাল্ হাইয়া-তুদ্
পুরস্কার দেয়া হবে। যাকে আগুন থেকে দূরে রাখা হবে এবং জান্নাতে নেয়া হবে, সে'ই সফলকাম। দুনিয়াবী জীবন

الدُّنْيَآ اِلَّا مَتَاعُ الْغُرُوْرِ ﴿١٨٦﴾ لَتُبْلَوُنَّ فِيْٓ اَمْوَالِكُمْ وَاَنْفُسِكُمْ

দুন্‌ইয়া ~ ইল্লা-মাতা-'উল্ গুরূর্। ১৮৬। লাতুব্‌লাউন্না ফী ~ আম্‌ওয়া-লিকুম্ অআন্‌ফুসিকুম্
শুধুমাত্র ছলনাময়, ক্ষণিকের ভোগের সামগ্রী মাত্র। (১৮৬) তোমরা জান ও মাল দিয়ে আরও পরীক্ষিত হবে; অবশ্যই

وَلَتَسْمَعُنَّ مِنَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ مِنْ قَبْلِكُمْ وَمِنَ الَّذِيْنَ اَشْرَكُوْٓا

অলাতাস্‌মা'উন্না মিনাল্লাযীনা উতুল্ কিতা-বা মিন্ ক্বাব্‌লিকুম অমিনাল্লাযীনা আশ্‌রাকূ ~
তোমরা শুনবে পূর্বের কিতাবের অনুসারী ও মুশরিকদের পক্ষ হতে অনেক কষ্টদায়ক কথা;

اَذًى كَثِيْرًا ؕ وَاِنْ تَصْبِرُوْا وَتَتَّقُوْا فَاِنَّ ذٰلِكَ مِنْ عَزْمِ الْاُمُوْرِ ﴿١٨٧﴾ وَاِذْ

আযান্ কাছীরা-; অইন্ তাছ্‌বিরূ অতাত্তাক্বূ, ফাইন্না যা-লিকা মিন্ 'আয্‌মিল্ উমূর্। ১৮৭। অইয্
যদি ধৈর্য অবলম্বন কর ও পরহেজগার হও, তবে তা সাহসের কাজই হবে। (১৮৭) আর যখন

اَخَذَ اللّٰهُ مِيْثَاقَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ لَتُبَيِّنُنَّهٗ لِلنَّاسِ وَلَا تَكْتُمُوْنَهٗ ز

আখাযাল্লা-হু মীছা-ক্বাল্লাযীনা উতুল্ কিতা-বা লাতুবাইয়্যিনুন্নাহূ লিন্না-সি অলা- তাক্‌তুমূনাহূ
আল্লাহ অঙ্গীকার নিয়েছেন কিতাবীদের নিকট থেকে যে, তোমরা মানুষকে কিতাবের বর্ণনা দেবে তা গোপন করবে না;

فَنَبَذُوْهُ وَرَآءَ ظُهُوْرِهِمْ وَاشْتَرَوْا بِهٖ ثَمَنًا قَلِيْلًا ؕ فَبِئْسَ مَا يَشْتَرُوْنَ *

ফানাবাযূহু অরা — য়া জুহূরিহিম্ অশ্‌তারাও বিহী ছামানান্ ক্বালীলা-; ফাবি''সা মা-ইয়াশ্‌তারূন্।
কিন্তু তারা তা অগ্রাহ্য করে ও তুচ্ছ মূল্য গ্রহণ করে; সুতরাং বিনিময় হিসেবে তারা যা গ্রহণ করল তা কতই না নিকৃষ্ট।

﴿١٨٨﴾ لَا تَحْسَبَنَّ الَّذِيْنَ يَفْرَحُوْنَ بِمَآ اَتَوْا وَّيُحِبُّوْنَ اَنْ يُّحْمَدُوْا بِمَا لَمْ يَفْعَلُوْا

১৮৮। লা-তাহ্‌সাবান্নাল্লাযীনা ইয়াফ্‌রাহূনা বিমা ~ আতাও অইয়ুহিব্বূনা আইঁ ইয়ুহ্‌মাদূ বিমা-লাম্ ইয়াফ্'আলূ
(১৮৮) তুমি কখনও ধারণা করবে না যে, যারা স্বীয় কর্মে আনন্দিত; কাজ না করে প্রশংসা পাওয়ার দাবীদার;

ঋণ দেয়ার কথা বলা হল, তখন ইহুদীরা ঠাট্টা করে উক্ত কথা বলে (২) পূর্বে কোরবানীর এই নিয়ম ছিল যে, কারো কোরবানী কবূল হলে, আগুন এসে তা জ্বালিয়ে দিত। আর যার কোরবানী কবূল হত না তা পড়ে থাকত।

শানেনুযূল ঃ আয়াত-১৮৮ঃ এ আয়াতটি ঐ সব মুনাফিকদের সম্বন্ধে অবতীর্ণ হয়, যারা যুদ্ধে যাওয়ার সময় এখানে-সেখানে আত্মগোপন করে থাকত। আর এর উপরই তারা সন্তুষ্ট থাকত। অতঃপর হুযূর (ছঃ) যুদ্ধ হতে প্রত্যাবর্তন করলে তারা তাড়াহুড়া করে আসত এবং না যাওয়ার উপর বিভিন্ন কাল্পনিক কারণ দর্শাত এবং বলত আমাদের বাসনা ছিল আপনার সঙ্গে যাওয়ার কিন্তু কি করি? অমুক কাজে লিপ্ত থাকায় যাওয়া হয়নি। উদ্দেশ্য- না গিয়েও নাম অর্জন করা।

فَلَا تَحْسَبَنَّهُمْ بِمَفَازَةٍ مِّنَ الْعَذَابِ ۚ وَلَهُمْ عَذَابٌ أَلِيمٌ ﴿١٨٩﴾ وَلِلَّهِ مُلْكُ

ফালা– তাহ্‌সাবান্নাহুম্ বিমাফা-যাতিম্ মিনাল্ 'আযা-বি অলাহুম্ 'আযা-বুন্ আলীম্। ১৮৯। অলিল্লা-হি মুল্‌কুস্

এরা আযাব হতে মুক্তি পাবে বলে মনে করে না, তাদের জন্য রয়েছে পীড়াদায়ক আযাব। (১৮৯) আকাশ ও

السَّمٰوٰتِ وَالْأَرْضِ ۗ وَاللَّهُ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿١٩٠﴾ إِنَّ فِي خَلْقِ السَّمٰوٰتِ

সামা-ওয়া-তি অল্ আর্‌দ্বি; অল্লা-হু 'আলা-কুল্লি শাইয়িন্ ক্বাদীর্। ১৯০। ইন্না ফী খাল্‌ক্বিস্ সামা-ওয়া-তি

পৃথিবীর রাজত্ব একমাত্র আল্লাহর; আল্লাহ সবকিছুর উপর শক্তিমান। (১৯০) নিশ্চয়ই আসমান ও যমীন সৃষ্টিতে,

১৯ ع ৯ ১০ রুকু

وَالْأَرْضِ وَاخْتِلَافِ اللَّيْلِ وَالنَّهَارِ لَآيٰتٍ لِّأُولِي الْأَلْبَابِ ﴿١٩١﴾ الَّذِينَ

অল্ আর্‌দ্বি অখ্‌তিলা-ফিল্ লাইলি অন্নাহা-রি লাআ-ইয়া-তিল্ লিউলিল্ আল্‌বা-ব্। ১৯১। আল্লাযীনা

রাত ও দিনের পার্থক্যে নিশ্চিত নিদর্শন রয়েছে জ্ঞানীদের জন্য[১]। (১৯১) তারা

يَذْكُرُونَ اللَّهَ قِيٰمًا وَقُعُودًا وَعَلٰى جُنُوبِهِمْ وَيَتَفَكَّرُونَ فِي خَلْقِ

ইয়ায্‌কুরূনাল্লা-হা ক্বিয়া-মাওঁ অক্বু'উদাওঁ অ'আলা–জুনূ বিহিম্ অইয়াতাফাক্‌কারূনা ফী খাল্‌ক্বিস্

আল্লাহকে স্মরণ করে, দাঁড়ানো অবস্থায়, বসা অবস্থায় ও শোয়া অবস্থায় আর আসমান ও যমীনের সৃষ্টিতে

السَّمٰوٰتِ وَالْأَرْضِ ۚ رَبَّنَا مَا خَلَقْتَ هٰذَا بٰطِلًا ۚ سُبْحٰنَكَ فَقِنَا عَذَابَ

সামা-ওয়া-তি অল্ আর্‌দ্বি, রব্বানা- মা- খালাক্বতা হা-যা-বা-ত্বিলা-; সুব্‌হা-নাকা ফাক্বিনা- 'আযা-বান্

চিন্তা করে; আর বলে, হে আমাদের রব! এসব আপনি অনর্থক সৃষ্টি করেননি; পবিত্রতা আপনার, আমাদেরকে অগ্নির শাস্তি হতে

النَّارِ ﴿١٩٢﴾ رَبَّنَآ إِنَّكَ مَنْ تُدْخِلِ النَّارَ فَقَدْ أَخْزَيْتَهُ ۗ وَمَا لِلظّٰلِمِينَ مِنْ

না-র্। ১৯২। রব্বানা ~ ইন্নাকা মান্ তুদ্‌খিলিন্না-রা ফাক্বাদ্ আখ্‌যাইতাহূ অমা- লিজ্জোয়া-লিমীনা মিন্

বাঁচান। (১৯২) হে আমাদের রব! যাকে আগুনে নিক্ষেপ করলেন, তাকে লাঞ্ছিত করলেন; আর জালিমদের কোন

أَنْصَارٍ ﴿١٩٣﴾ رَبَّنَآ إِنَّنَا سَمِعْنَا مُنَادِيًا يُّنَادِي لِلْإِيمَانِ أَنْ آمِنُوا بِرَبِّكُمْ

আনছোয়া-র্। ১৯৩। রব্বানা ~ ইন্নানা- সামি'না- মুনা দিয়াই ইয়ুনা-দী লিল্‌ঈমা-নি আন্ আ-মিনূ বিরব্বিকুম্

সাহায্যকারী নেই। (১৯৩) হে রব! আমরা শুনেছি আহ্বায়ককে ঈমানের ডাক দিতে যে, তোমরা রবের প্রতি

فَآمَنَّا ۚ رَبَّنَا فَاغْفِرْ لَنَا ذُنُوبَنَا وَكَفِّرْ عَنَّا سَيِّئَاتِنَا وَتَوَفَّنَا مَعَ الْأَبْرَارِ *

ফাআ-মান্না-, রব্বানা- ফাগ্‌ফির্‌লানা-যুনূবানা-অকাফ্‌ফির্ 'আন্না-সাইয়িআ-তিনা-অতাওয়াফ্‌ফানা- মা'আল্ আব্‌রা-র্।

ঈমান আন, আমরা ঈমান আনলাম, হে আমাদের রব! পাপ ক্ষমা করুন, দোষ মিটিয়ে দিন; নেককারদের সঙ্গে মৃত্যু দিন।

টীকা-(১) ঃ আয়াত-১৯১ ঃ মানুষের ইচ্ছে ও পরিকল্পনার ব্যর্থতা সর্বদা সর্বত্রই পরিলক্ষিত হয়ে থাকে। কাজেই তাকে এ ব্যবস্থায় পরিচালক বলা চলে না। সে জন্যই আকাশ ও পৃথিবীর সৃষ্টি এবং তাতে উৎপন্ন বস্তুনিচয়ের সৃষ্টি সম্পর্কে চিন্তা-ভাবনা করলে বুদ্ধির সামনে একটি মাত্র পরিণতি সাব্যস্ত হয়ে যায়। আর তা হল আল্লাহর পরিচয় লাভ, তাঁর আনুগত্য এবং তাঁর যিকর করা। যে এ ব্যাপারে শৈথিল্য প্রদর্শন করবে সে বুদ্ধিমান বলে সাব্যস্ত হওয়ার যোগ্য নয়। (মাঃ কোঃ)

আয়াত-১৯২ঃ বিশ্বাসী মুসলমানেরা যেরূপভাবে স্বীয় রবের নিকট প্রার্থনা করে, এ আয়াত হতে তা বর্ণনা আরম্ভ হয়েছে। প্রার্থনা প্রসঙ্গে এ কথাও পরিব্যক্ত হয়েছে যে, অবিশ্বাসী জাহান্নাম মুখী লোকেরা পরকালে কোনই সাহায্য পাবে না।

(১৯৪) رَبَّنَا وَاٰتِنَا مَا وَعَدْتَّنَا عَلٰى رُسُلِكَ وَلَا تُخْزِنَا يَوْمَ الْقِيٰمَةِ ۗ اِنَّكَ لَا تُخْلِفُ

১৯৪। রব্বানা- অআ-তিনা-মা-অ'আত্তানা- 'আলা-রুসুলিকা অলা-তুখ্‌যিনা-ইয়াওমাল্‌ ক্বিয়া-মাহ্‌; ইন্নাকা লা-তুখ্‌লিফুল্‌
(১৯৪) হে রব! রাসূলদের মাধ্যমে কৃতওয়াদা পালন করুন; আমাদেরকে অপমান করবেন না কিয়ামতের দিন; আপনি তো ওয়াদা

الْمِيْعَادَ (১৯৫) فَاسْتَجَابَ لَهُمْ رَبُّهُمْ اَنِّىْ لَاۤ اُضِيْعُ عَمَلَ عَامِلٍ مِّنْكُمْ مِّنْ

মী'আ-দ্‌। ১৯৫। ফাস্‌তাজ্বা-বা লাহুম্‌ রব্বুহুম্‌ আন্নী লা ~ উদ্বী'উ 'আমালা 'আ-মিলিম্‌ মিন্‌কুম্‌ মিন্‌
খেলাফ করেন না। (১৯৫) তাদের রব দোয়া কবূল করলেন; আমি নষ্ট করি না তোমাদের নারী-পুরুষের কোন কাজ,

ذَكَرٍ اَوْ اُنْثٰى ۚ بَعْضُكُمْ مِّنْۢ بَعْضٍ ۚ فَالَّذِيْنَ هَاجَرُوْا وَاُخْرِجُوْا مِنْ دِيَارِهِمْ

যাকারিন্‌ আও উন্‌ছা- বা'দ্বুকুম্‌ মিম্‌ বা'দ্বিন্‌ ফাল্লাযীনা হা-জ্বারূ অউখ্‌রিজু মিন দিয়া-রিহিম
তোমরা একে অন্যের অংশ; সুতরাং যারা হিজরত করল, আপনি বাড়ি ঘর হতে বিতাড়িত হয়েছেন,

وَاُوْذُوْا فِىْ سَبِيْلِىْ وَقٰتَلُوْا وَقُتِلُوْا لَاُكَفِّرَنَّ عَنْهُمْ سَيِّاٰتِهِمْ وَلَاُدْخِلَنَّهُمْ

অউযূ ফী সাবীলী অক্বা-তালূ অক্বুতিলূ লাউকাফ্‌ফিরান্না 'আন্‌হুম্‌ সাইয়িআ-তিহিম্‌ অলাউদ্‌খিলান্নাহুম্‌
আমার পথে যারা কষ্ট পেল, যুদ্ধ করল, শহীদ হল, আমি অবশ্যই তাদের পাপ মিটিয়ে দেব; অবশ্যই জান্নাতে দাখিল

جَنّٰتٍ تَجْرِىْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ ۚ ثَوَابًا مِّنْ عِنْدِ اللّٰهِ ۗ وَاللّٰهُ عِنْدَهٗ

জ্বান্না-তিন্‌ তাজ্‌রী মিন্‌ তাহ্‌তিহাল্‌ আন্‌হা-রু ছাওয়া- বাম্‌ মিন্‌ 'ইন্‌দিল্লা-হ্‌; অল্লা-হু 'ইন্‌দাহূ
করাব, যার নিচ দিয়ে ঝরণাধারা প্রবাহিত; এটিই পুরস্কার আল্লাহর পক্ষ হতে, আল্লাহর কাছেই রয়েছে

حُسْنُ الثَّوَابِ (১৯৬) لَا يَغُرَّنَّكَ تَقَلُّبُ الَّذِيْنَ كَفَرُوْا فِى الْبِلَادِ (১৯৭) مَتَاعٌ

হুস্‌নুছ্‌ ছাওয়া-ব্‌। ১৯৬। লা-ইয়াগুর্‌রান্নাকা তাক্বাল্লুবুল্লাযীনা কাফারূ ফিল্‌বিলা-দ্‌। ১৯৭। মাতা-'উন্‌
উত্তম পুরস্কার। (১৯৬) আপনাকে যেন ধোঁকায় না ফেলে কাফেরদের দেশে দেশে অবাধ চলাফেরা। (১৯৭) এতো সামান্য

قَلِيْلٌ ۟ ثُمَّ مَاْوٰىهُمْ جَهَنَّمُ ۗ وَبِئْسَ الْمِهَادُ (১৯৮) لٰكِنِ الَّذِيْنَ اتَّقَوْا رَبَّهُمْ

ক্বালীলুন্‌ ছুম্মা মা''ওয়া-হুম্‌ জ্বাহান্নাম্‌; অবি''সাল্‌ মিহা-দ্‌। ১৯৮। লা-কিনিল্‌ লাযী নাত্‌তাক্বাও রব্বাহুম্‌
ভোগ; অতঃপর জাহান্নাম হবে তাদের বাসস্থান; ওটা নিকৃষ্ট আবাস। (১৯৮) কিন্তু, যারা রবকে ভয় করে,

لَهُمْ جَنّٰتٌ تَجْرِىْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا نُزُلًا مِّنْ عِنْدِ اللّٰهِ ۗ

লাহুম্‌ জ্বান্না-তুন্‌ তাজ্‌রী মিন্‌ তাহ্‌তিহাল্‌ আন্‌হা-রু খা-লিদীনা ফীহা- নুযুলাম্‌ মিন্‌ 'ইন্‌দিল্লা-হি
তাদের জন্য জান্নাত আছে যার নিচ দিয়ে ঝরণাধারা প্রবাহিত, এতে তারা সর্বদা থাকবে। তারা আল্লাহর অতিথি; সৎকর্মশীলদের

শানেনুযুল ঃ আয়াত-১৯৫ঃ একদা হযরত উম্মে সালমাহ (রাঃ) নবী করীম (ছঃ)-এর খিদমতে আরজ করলেন, মহান আল্লাহ হিজরত সম্পর্কে কেবলমাত্র পুরুষদের আলোচনা করেছেন, মহিলাদের কোন আলোচনা করেননি– এর কারণ কি? তখন এ আয়াত অবতীর্ণ হয়। (তিরমিযী, হাকেম-লুবাব)। আয়াত-১৯৯ ঃ আবিসিনিয়ার বাদশা 'নাজ্জাশীর' মৃত্যুর পর হযরত জিবরাঈল (আঃ) নবী করীম (ছঃ)-কে তাঁর মৃত্যুর সংবাদ দিলে নবীজী (ছঃ) তাঁর জানাযার নামায পড়ার জন্য ছাহাবাদেরকে মাঠে ডাকলেন, তখন কোন কোন ছাহাবা বললেন, আমরা একজন হাবশীর কি নামায পড়ব? কেননা, তারা তাঁকে খৃষ্টান মনে করত। কিন্তু আসলে তিনি তখনই মুসলমান হয়ে গিয়েছেন যখন তিনি প্রথম মুসলিম মুহাজির দলকে মক্কার কাফেরদের হাতে ফেরত পাঠাতে অস্বীকার করেন। নাজ্জাশী একজন পাকা মুসলমান হওয়ার উপর আলোচ্য আয়াতটি নাযিল হয়। যাতে তার ব্যাপারে সন্দেহ দূরীভূত হয়।

وَمَا عِندَ اللَّهِ خَيْرٌ لِّلْأَبْرَارِ ﴿١٩٩﴾ وَإِنَّ مِنْ أَهْلِ الْكِتَابِ لَمَن يُؤْمِنُ بِاللَّهِ وَمَا

অমা-'ইন্দাল্লা-হি খাইরুল্ লিল্আব্রা-র্। ১৯৯। অইন্না মিন্ আহ্লিল্ কিতা-বি লামাইঁ ইয়ু"মিনু বিল্লা-হি অমা ~

জন্য আল্লাহর নিকটে যা আছে তা-ই উত্তম। (১৯৯) কিতাবীদের মধ্যে অবশ্যই একাংশ আল্লাহকে, তোমাদের প্রতি

أُنزِلَ إِلَيْكُمْ وَمَا أُنزِلَ إِلَيْهِمْ خَاشِعِينَ لِلَّهِ لَا يَشْتَرُونَ بِآيَاتِ اللَّهِ ثَمَنًا

উন্যিলা ইলাইকুম্ অমা ~ উন্যিলা ইলাইহিম্ খা-শি'ঈনা লিল্লা-হি লা-ইয়াশ্তারূনা বিআ-ইয়া-তিল্লা-হি ছামানান্

যা অবতীর্ণ হয়েছে ও তাদের প্রতি যা অবতীর্ণ হয়েছে বিনয়ী হয়ে বিশ্বাস করে; তারা আল্লাহর আয়াতের বিনিময়ে সামান্য মূল্য গ্রহণ

قَلِيلًا أُولَٰئِكَ لَهُمْ أَجْرُهُمْ عِندَ رَبِّهِمْ إِنَّ اللَّهَ سَرِيعُ الْحِسَابِ ﴿٢٠٠﴾ يَا أَيُّهَا

ক্বালীলা-; উলা — য়িকা লাহুম্ আজ্রুহুম্ 'ইন্দা রব্বিহিম্ ইন্নাল্লা-হা সারী'উল্ হিসা-ব্। ২০০। ইয়া ~ আইয়্যুহাল্

করে না, এরাই তারা যারা তাদের রবের নিকট হতে পূর্ণ বিনিময় পাবে, নিশ্চয়ই আল্লাহ দ্রুত হিসেবকারী। (২০০) হে

الَّذِينَ آمَنُوا اصْبِرُوا وَصَابِرُوا وَرَابِطُوا وَاتَّقُوا اللَّهَ لَعَلَّكُمْ تُفْلِحُونَ

লাযীনা আ-মানুছ্ বিরূ অছোয়া-বিরূ অরা-বিত্বূ অত্তাক্বুল্লা-হা লা'আল্লাকুম্ তুফ্লিহূন্।

মু'মিনরা! ধৈর্য ধারণ কর, ধৈর্য অবলম্বনে প্রতিযোগিতা কর ও সদা প্রস্তুত থাক; আল্লাহকে ভয় কর, যেন সফল হতে পার।

২০ ১১ রুকু

সূরা নিসা
মক্কাবতীর্ণ

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ১৭৬
রুকূ ঃ ২৪

يَا أَيُّهَا النَّاسُ اتَّقُوا رَبَّكُمُ الَّذِي خَلَقَكُم مِّن نَّفْسٍ وَاحِدَةٍ وَخَلَقَ

১। ইয়া ~ আইয়্যুহান না-সুত্তাক্বূ রব্বাকুমুল্লাযী খালাক্বাকুম্ মিন্ নাফ্সিওঁ অ-হিদাতিওঁ অখালাক্বা

(১) হে মানুষ! তোমরা তোমাদের রবকে ভয় কর, যিনি তোমাদেরকে এক ব্যক্তি হতে সৃষ্টি করেছেন, আর যিনি সৃষ্টি করেন

مِنْهَا زَوْجَهَا وَبَثَّ مِنْهُمَا رِجَالًا كَثِيرًا وَنِسَاءً وَاتَّقُوا اللَّهَ الَّذِي تَسَاءَلُونَ

মিন্হা-যাওজাহা-অবাছ্ছা মিন্হুমা- রিজা-লান্ কাছীরাওঁ অনিসা — আন্ অত্তাকুল্লা-হাল্লাযী তাসা — আলূনা

তার জোড়া, আর তা থেকে বহু নর-নারী ছড়িয়ে দেন; আল্লাহকে ভয় কর, যাঁর নামে একে অপরকে তাগাদা কর

بِهِ وَالْأَرْحَامَ إِنَّ اللَّهَ كَانَ عَلَيْكُمْ رَقِيبًا ﴿١﴾ وَآتُوا الْيَتَامَىٰ أَمْوَالَهُمْ

বিহী অল্ আরহা-ম্; ইন্নাল্লা-হা কা-না 'আলাইকুম্ রাক্বীবা-। ২। ওয়াআ-তুল্ ইয়াতা-মা ~ আম্ওয়া-লাহুম্

এবং আত্মীয়দের ব্যাপারে; নিশ্চয়ই আল্লাহ তোমাদের উপর তীক্ষ্ণ দৃষ্টিবান। (২) এতীমদেরকে তাদের সম্পদ

নামকরণঃ 'নিসা' অর্থ স্ত্রীলোকেরা। এ সূরায় স্ত্রীদের সম্পর্কে আলোচনা থাকায় এর নামকরণ করা হয়েছে সূরা 'নিসা'।

শানেনযূল ঃ তখনকার সময় নারী ও এতীমরা অবহেলিত ছিল, তাদের মর্যাদা অক্ষুণ্ণ রাখার নিমিত্তে উক্ত সূরা অবতীর্ণ হয়।

আয়াত-১ ঃ তখনকার লোকেরা অনাথ এতীমের ধন সম্পদ যথাযথভাবে সংরক্ষণ করত না এবং মহিলাদের সাথে আচার-ব্যবহারে ধীর নীতি অবলম্বন করত এবং তারা দারুণ অবহেলিত ছিল। তাই প্রত্যেকেই যে একই মূল হতে আগত এবং একই পরিবারের অন্তর্ভুক্ত অর্থাৎ হযরত আদম ও হাওয়া (আঃ)-এর সন্তান হওয়ার কথা স্মরণ করে দিয়ে পরস্পরের মধ্যে সৎভাব জাগিয়ে তোলার জন্য এ আয়াতটি অবতীর্ণ হয়।

আয়াত-২ ঃ গাতফান গোত্রে এক লোক তার আপন পিতৃহারা ভাতিজির অভিভাবক ছিল। ভাতিজি সাবালিকা হয়ে চাচার নিকট হতে সম্পদ ফেরত

وَلَا تَتَبَدَّلُوا الْخَبِيثَ بِالطَّيِّبِ ۖ وَلَا تَأْكُلُوا أَمْوَالَهُمْ إِلَىٰ أَمْوَالِكُمْ ۚ

অলা-তাতাবাদ্দালুল্ খাবীছা বিত্ত্বোয়াইয়্যিবি অলা-তা''কুলূ ~ আম্ওয়া-লাহুম্ ইলা ~ আম্ওয়া-লিকুম্;
দিয়ে দাও; ভালোর সঙ্গে মন্দ বদল করো না; তাদের বস্তু তোমাদের বস্তুর সঙ্গে একত্রিত করে খেয়ো না;

إِنَّهُ كَانَ حُوبًا كَبِيرًا ۝ وَإِنْ خِفْتُمْ أَلَّا تُقْسِطُوا فِي الْيَتَامَىٰ فَانْكِحُوا

ইন্নাহূ কা-না হূবান্ কাবীরা-। ৩। অইন্ খিফ্তুম্ আল্লাতুক্ব্‌সিতূ ফিল্ ইয়াতা-মা- ফান্‌কিহূ
নিশ্চিয়ই এটা বড়ই অপরাধ। (৩) আর যদি ভয় হয় যে, মেয়ে এতীমদের প্রতি সুবিচার করতে পারবে না;

مَا طَابَ لَكُمْ مِنَ النِّسَاءِ مَثْنَىٰ وَثُلَاثَ وَرُبَاعَ ۖ فَإِنْ خِفْتُمْ أَلَّا تَعْدِلُوا

মা-ত্বোয়া-বা লাকুম্ মিনান্নিসা — য়ি মাছ্না- অছুলা-ছা অরুবা-'আ ফাইন্ খিফ্তুম্ আল্লা- তা'দিলূ
তবে বিয়ে করে নাও তাদের মধ্য হতে দুই, তিন বা চারজন করে তোমাদের পছন্দ মত; যদি সুবিচারের ভয় হয়

فَوَاحِدَةً أَوْ مَا مَلَكَتْ أَيْمَانُكُمْ ۚ ذَٰلِكَ أَدْنَىٰ أَلَّا تَعُولُوا ۝ وَآتُوا النِّسَاءَ

ফাওয়া-হিদাতান্ আও মা-মালাকাত্ আইমা-নুকুম্; যা-লিকা আদ্না ~ আল্লা- তা'উলূ। ৪। অআ-তুন্ নিসা — য়া
তবে একজন অথবা অধিকারভুক্ত দাসীকে' এতে অন্যায় না হওয়ার সম্ভাবনা বেশি। (৪) আর তোমরা দিয়ে দাও স্ত্রীদের

صَدُقَاتِهِنَّ نِحْلَةً ۚ فَإِنْ طِبْنَ لَكُمْ عَنْ شَيْءٍ مِنْهُ نَفْسًا فَكُلُوهُ هَنِيئًا مَرِيئًا ۝

ছোয়াদুক্বা-তিহিন্না নিহ্লাহ্; ফাইন্ ত্বিব্নালাকুম্ 'আন্ শাইয়িম্ মিন্হু নাফ্সান্ ফাকুলূহু হানী — য়াম্ মারী — য়া-।
তাদের মহর খুশী মনে; যদি তারা সন্তুষ্ট চিত্তে মহরের অংশ বিশেষ ছেড়ে দেয়, তবে তা স্বাচ্ছন্দ্যে ভক্ষণ করতে পার।

وَلَا تُؤْتُوا السُّفَهَاءَ أَمْوَالَكُمُ الَّتِي جَعَلَ اللَّهُ لَكُمْ قِيَامًا وَارْزُقُوهُمْ

৫। অলা-তু''তুস্ সুফাহা — য়া আম্ওয়া–লাকুমুল্ লাতী জ্বা'আলাল্লা-হু লাকুম্ ক্বিয়া-মাওঁ অর্যুকূহুম্
(৫) অবুঝদের হাতে সম্পত্তি দিও না, যা আল্লাহ জীবিকার জন্য তোমাদের দিয়েছেন, বরং তা হতে তাদেরকে

فِيهَا وَاكْسُوهُمْ وَقُولُوا لَهُمْ قَوْلًا مَعْرُوفًا ۝ وَابْتَلُوا الْيَتَامَىٰ حَتَّىٰ إِذَا

ফীহা-অক্সূহুম্ অকূলূ লাহুম্ ক্বাওলাম্ মা'রূফা-। ৬। অব্তালুল্ ইয়াতা-মা-হাত্তা ~ ইযা-
খেতে-পরতে দাও আর তাদেরকে ভাল কথা বল। (৬) আর এতীমদের পরীক্ষা করে নেবে বিয়ের বয়স হওয়া পর্যন্ত।

بَلَغُوا النِّكَاحَ ۚ فَإِنْ آنَسْتُمْ مِنْهُمْ رُشْدًا فَادْفَعُوا إِلَيْهِمْ أَمْوَالَهُمْ ۖ وَلَا

বালাগুন্নিকা-হা ফাইন্ আ-নাস্তুম্ মিন্হুম্ রুশ্দান্ ফাদ্ফা'উ ~ ইলাইহিম্ আম্ওয়া-লাহুম্ অলা-
তাদের মধ্যে ভাল-মন্দ বিচারের জ্ঞান দেখতে পেলে তাদের সম্পদ তাদেরকে দিয়ে দেবে; বড় হয়ে

চাইলে সে দিতে অস্বীকার করল। শেষ পর্যন্ত ব্যাপারটি হুযূর (ছঃ)-এর দরবারে পেশ করা হলে তখন মালামালসমূহ ফেরত দেয়ার আদেশ সম্বলিত এ আয়াত নাযিল হয়। শানেনুযূল ঃ আয়াত-৩ ঃ আয়াতটি একাধিক স্ত্রী বিবাহের অনুমতি দেয়ার জন্য অবতীর্ণ হয়নি। কারণ এ আয়াত অবতীর্ণ হওয়ার পূর্ব থেকেই তা হালাল ছিল। রাসূল (ছঃ)-এর তখনও একাধিক বিবি বর্তমান ছিলেন। মূলতঃ যুদ্ধে যারা শহীদ হয়েছিল তাদের এতীম সন্তানদের একটি সুন্দর সামাজিক ব্যবস্থাই এর উদ্দেশ্য। এ ছাড়া আয়াতটিতে স্ত্রীদের সংখ্যাও নির্দিষ্ট করে দেয়া হয়েছে। এ আয়াতের মাধ্যমে একত্রে চার জনের বেশি স্ত্রী গ্রহণ অবৈধ করে দেয়া হয়েছে।

تَاْكُلُوْهَآ اِسْرَافًا وَّبِدَارًا اَنْ يَّكْبَرُوْا ۭ وَمَنْ كَانَ غَنِيًّا فَلْيَسْتَعْفِفْ ۚ

তা''কুলূহা ~ ইস্‌রা-ফাওঁ অবিদা-রান্ আইঁ ইয়াক্‌বারূ; অমান্ কা-না গানিয়্যান্ ফাল্ ইয়াস্‌তা'ফিফ্
ফেরত নেবে ভেবে অন্যায়ভাবে তাড়াতাড়ি ওটা খেয়ো না। যে ধনী সে যেন এতীমের মাল খরচ করা

وَمَنْ كَانَ فَقِيْرًا فَلْيَاْكُلْ بِالْمَعْرُوْفِ ۭ فَاِذَا دَفَعْتُمْ اِلَيْهِمْ اَمْوَالَهُمْ

অমান্ কা-না ফাক্বীরান্ ফাল্‌ইয়া''কুল্ বিল্ মা'রূফি ফাইযা- দাফা'তুম্ ইলাইহিম্ আম্‌ওয়া-লাহুম্
থেকে দূরে থাকে, গরীব হলে সংগত পরিমাণ ভোগ করবে; তাদের সম্পদ ফেরত দেয়ার সময় সাক্ষী রেখ;

فَاَشْهِدُوْا عَلَيْهِمْ ۭ وَكَفٰى بِاللّٰهِ حَسِيْبًا ۝٧ لِلرِّجَالِ نَصِيْبٌ مِّمَّا تَرَكَ الْوَالِدٰنِ

ফাশ্‌হিদূ 'আলাইহিম্ ; অকাফা- বিল্লা-হি হাসীবা-। ৭। লির্‌রিজ্বা-লি নাছীবুম্ মিম্মা-তারাকাল্ ওয়া-লিদা-নি
অবশ্য হিসাব গ্রহণে আল্লাহ্‌ই যথেষ্ট। (৭) পুরুষদের জন্য অংশ আছে মাতা-পিতা ও ঘনিষ্ঠদের পরিত্যক্ত

وَالْاَقْرَبُوْنَ ۠ وَلِلنِّسَاۗءِ نَصِيْبٌ مِّمَّا تَرَكَ الْوَالِدٰنِ وَالْاَقْرَبُوْنَ مِمَّا قَلَّ

অল্‌আক্ব্‌রাবূনা অলিন্নিসা —য়ি নাছীবুম্ মিম্মা- তারাকাল্ ওয়া-লিদা-নি অল্ আক্ব্‌রাবূনা মিম্মা ক্বাল্লা
সম্পদে ; নারীদের জন্যও অংশ আছে মাতা-পিতা ও ঘনিষ্ঠদের সম্পদে অল্প হোক

مِنْهُ اَوْ كَثُرَ ۭ نَصِيْبًا مَّفْرُوْضًا ۝٨ وَاِذَا حَضَرَ الْقِسْمَةَ اُولُوا الْقُرْبٰى وَ

মিন্‌হু আও কাছুর; নাছীবাম্ মাফ্‌রূদ্বোয়া-। ৮। অইযা- হাদ্বোয়ারাল্ ক্বিস্‌মাতা উলুল্ কু্‌রবা- অল্
বা অধিক হোক; ওটা তাদের জন্য স্থিরিকৃত (৮) আর যদি সম্পত্তি বণ্টনের সময় নিকটাত্মীয়, এতীম ও

الْيَتٰمٰى وَالْمَسٰكِيْنُ فَارْزُقُوْهُمْ مِّنْهُ وَقُوْلُوْا لَهُمْ قَوْلًا مَّعْرُوْفًا ۝٩ وَلْيَخْشَ

ইয়াতা-মা-অল্ মাসা-কীনু ফার্‌যুক্ব্‌হুম্ মিন্‌হু অক্ব্‌লূ লাহুম্ ক্বাওলাম্ মা'রূফা-। ৯। অল্ ইয়াখ্‌শাল্
দরিদ্ররা উপস্থিত হয় তখন তাদেরকেও তা থেকে কিছু দাও; তাদেরকে সংগত কথা বল। (৯) আর তারা যেন

الَّذِيْنَ لَوْ تَرَكُوْا مِنْ خَلْفِهِمْ ذُرِّيَّةً ضِعٰفًا خَافُوْا عَلَيْهِمْ ۠ فَلْيَتَّقُوا اللّٰهَ

লাযীনা লাও তারাকূ মিন্ খাল্‌ফিহিম্ যুর্‌রিয়্যাতান্ দ্বি'আ-ফান্ খা-ফূ 'আলাইহিম্ ফাল্ ইয়াত্তাকু্‌ল্লা-হা
ভয় করে যে, আর তারা যদি দুর্বল সন্তান রেখে যেত, তবে তারাও তাদের ব্যাপারে ভাবত; অতএব তারা যেন

وَلْيَقُوْلُوْا قَوْلًا سَدِيْدًا ۝١٠ اِنَّ الَّذِيْنَ يَاْكُلُوْنَ اَمْوَالَ الْيَتٰمٰى ظُلْمًا اِنَّمَا

অল্‌ইয়াকূ্‌লূ ক্বাওলান্ সাদীদা। ১০। ইন্নাল্লাযীনা ইয়া''কুলূনা আম্‌ওয়া-লাল্ ইয়াতা-মা-জুল্‌মান্ ইন্নামা-
আল্লাহকে ভয় করে এবং তাদের সঙ্গে ন্যায্য কথা বলে। (১০) যারা এতীমদের ধন-সম্পদ অন্যায়ভাবে খায়; তারা

শানেনুযূল ঃ আয়াত-৭ ঃ জাহিলিয়াতের যুগে নারী ও শিশুদেরকে মীরাসের কোন অংশ দেয়া হত না এবং বলা হত, 'যারা শত্রুর সাথে মোকাবেলায় সক্ষম কেবল তারাই মীরাসের হকদার। ইসলামের আর্বিভাবের পর মুসলমানদের মধ্যে হযরত আউছ ইবনে সাবেতের ইন্তেকাল হলে তার সম্পদ তাঁর চাচাত ভাই– সুওয়াইদ, খালেদ ও আরফজা দখল করে নেয় এবং ইবনে সাবেতের ছোট ছোট দুই কন্যা, এক ছেলে এবং এক স্ত্রীর কাকেও কিছুই দিল না। তখন তাঁর বিধবা স্ত্রী উম্মে কুহাহ্ রাসূলুল্লাহ (ছঃ)-এর নিকট এসে বললেন, হে আল্লাহর রাসূল (ছঃ), আমার স্বামী ইবনে সাবেত জঙ্গে ওহুদে শহীদ হন। তাঁর তিনটি ছোট ছোট সন্তান আছে। এ দিকে তাঁর পরিত্যাজ্য সমুদয় সম্পদ তাঁর চাচাত ভাইয়েরা দখল করে নিয়েছে। এখন বলুন এ সন্তানদের লালন-পালন কি করে করি? তখন আলোচ্য আয়াতটি নাযিল হয়। আর সঙ্গে সঙ্গে রাসূলুল্লাহ্ (ছঃ)

١ ع ١٠ ١٢ রুকু

يَأْكُلُونَ فِي بُطُونِهِمْ نَارًا ۖ وَسَيَصْلَوْنَ سَعِيرًا ﴿١١﴾ يُوصِيكُمُ اللَّهُ فِي

ইয়া'কুলূনা ফী বুতু্বনিহিম্ না-রা-; অসাইয়াছ্‌লাওনা সা'ঈরা- । ১১ । ইয়ূছীকুমুল্লা-হু ফী ~
তো কেবল আগুন দিয়ে পেট ভরে, আর শীঘ্রই তারা আগুনে জ্বলবে। (১১) আল্লাহ তোমাদের সন্তানদের

أَوْلَادِكُمْ ۖ لِلذَّكَرِ مِثْلُ حَظِّ الْأُنْثَيَيْنِ ۚ فَإِنْ كُنَّ نِسَاءً فَوْقَ اثْنَتَيْنِ

আওলা-দিকুম্ লিয্‌যাকারি মিছ্‌লু হাজ্জিল্ উন্‌ছাইয়াইনি, ফাইন্ কুন্না নিসা — য়ান্ ফাওক্বাছ্ নাতাইনি
ব্যাপারে নির্দেশ দিচ্ছেন যে, পুত্র পাবে দু'কন্যার সমান; তবে যদি দু'য়ের অধিক কন্যা হয়

فَلَهُنَّ ثُلُثَا مَا تَرَكَ ۖ وَإِنْ كَانَتْ وَاحِدَةً فَلَهَا النِّصْفُ ۚ وَلِأَبَوَيْهِ لِكُلِّ

ফালাহুন্না ছুলুছা- মা-তারাকা, অইন্ কা-নাত্ ওয়া-হিদাতান্ ফালাহান নিছ্‌ফু অলিআবাওয়াইহি লিকুল্লি
তবে দু'-তৃতীয়াংশ পাবে, আর যদি শুধু এক কন্যা হয়, তবে অর্ধেক পাবে। মৃতের সন্তান থাকলে

وَاحِدٍ مِنْهُمَا السُّدُسُ مِمَّا تَرَكَ إِنْ كَانَ لَهُ وَلَدٌ ۚ فَإِنْ لَمْ يَكُنْ لَهُ وَلَدٌ

ওয়া-হিদিম্ মিন্‌হুমাস্ সুদুসু মিম্মা-তারাকা ইন্ কা-না লাহূ অলাদুন্ ফাইল্লাম্ ইয়াকুল্লাহূ অলাদুওঁ
পিতা মাতা প্রত্যেকেই তার পরিত্যাক্ত সম্পত্তির এক ষষ্ঠাংশ পাবে; আর যদি তার সন্তান না থাকে এবং

وَوَرِثَهُ أَبَوَاهُ فَلِأُمِّهِ الثُّلُثُ ۚ فَإِنْ كَانَ لَهُ إِخْوَةٌ فَلِأُمِّهِ السُّدُسُ ۚ مِنْ

অআরিছাহূ ~ আবাওয়া-হু ফালিউম্মিহিছ্ ছুলুছু ফাইন্ কা-না লাহূ ~ ইখ্‌ওয়াতুন্ ফালিউম্মিহিস্ সুদুসু মিম্
মাতা-পিতাই ওয়ারিস হয়, তবে মাতা এক তৃতীয়াংশ পাবে; যদি ভাই থাকে তবে মৃত ব্যক্তি যে অছিয়ত করে তা

بَعْدِ وَصِيَّةٍ يُوصِي بِهَا أَوْ دَيْنٍ ۗ آبَاؤُكُمْ وَأَبْنَاؤُكُمْ لَا تَدْرُونَ أَيُّهُمْ أَقْرَبُ

বা'দি অছিয়্যাতিইঁ ইয়ূছীবিহা ~ আওদাইন্; আ-বা — উকুম্ অআবনা — য়ুকুম্, লা- তাদ্‌রূনা আইয়্যুহুম আক্‌রাবু
পূর্ণ করার পর এক ষষ্ঠাংশ মা পাবে; তোমাদের মাতা-পিতা ও সন্তানদের মধ্যে কে বেশি উপকারী হবে তা

لَكُمْ نَفْعًا ۚ فَرِيضَةً مِنَ اللَّهِ ۗ إِنَّ اللَّهَ كَانَ عَلِيمًا حَكِيمًا ﴿١٢﴾ وَلَكُمْ نِصْفُ

লাকুম্ নাফ'আ-' ফারীদ্বোয়াতাম্ মিনাল্লা-হ্; ইন্নাল্লা-হা কা-না 'আলীমান্ হাকীমা- । ১২ । অলাকুম নিছ্‌ফু
তোমরা জান না। এটা আল্লাহর বিধান। আল্লাহ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়। (১২) আর নিঃসন্তান

مَا تَرَكَ أَزْوَاجُكُمْ إِنْ لَمْ يَكُنْ لَهُنَّ وَلَدٌ ۚ فَإِنْ كَانَ لَهُنَّ وَلَدٌ فَلَكُمُ الرُّبُعُ

মা-তারাকা আয্‌ওয়া-জু্কুম্ ইল্লাম্ ইয়াকুল্লাহুন্না অলাদুন্ ফাইন্ কা-না লাহুন্না অলাদুন্ ফালাকুমুর্ রুবু'উ
স্ত্রী মারা গেলে তোমরা (পুরুষ) তার পরিত্যাক্ত সম্পত্তির অর্ধেক পাবে; যদি তাদের সন্তান থাকে তবে পরিত্যক্ত সম্পত্তির

আরফজা ও ছুওয়াইদকে ডেকে ইবনে সাবেতের যাবতীয় সম্পদ যথাপূর্ব রেখে দিতে বললেন এবং এতে যে নারীদেরও অংশ আছে তা বলে দিলেন। কিন্তু পরিমাণ তখনও জানা ছিল না। পরে আয়াত দ্বারা পরিমাণ জানান হলে মীরাস সংক্রান্ত বিধান পূর্ণ হয়ে যায়। (বঃ কোঃ) আয়াত-১১ ঃ হযরত জাবের থেকে বর্ণিত, হযরত ছা'আদ ইবনে রুবীর পত্নী রাসূলুল্লাহ (ছঃ)-এর দরবারে এসে বললেন, "হে আল্লাহর রাসূল! এ কন্যাদ্বয় ছা'আদের, তাঁদের পিতা ওহুদ যুদ্ধে শহীদ হয়ে যান। এদের চাচা ছা'আদের পরিত্যক্ত সমুদয় সম্পদ দখল করে নিয়েছে। এখন বলুন, আমি এ কন্যাদ্বয়কে নিয়ে কি করতে পারি এবং বিবাহ শাদীই বা কি করে দিতে পারি? তখন অত্র আয়াতটি নাযিল হয়।

مِمَّا تَرَكْنَ مِنْ بَعْدِ وَصِيَّةٍ يُّوصِينَ بِهَآ أَوْ دَيْنٍ ۚ وَلَهُنَّ الرُّبُعُ مِمَّا تَرَكْتُمْ

মিম্মা- তারাক্‌না মিম্ বা'দি অছিয়্যাতিঁই ইয়ূছীনা বিহা ~ আও দাইন্; অলাহুন্নার্ রুবু'উ মিম্মা- তারাক্‌তুম্

এক চতুর্থাংশ পাবে, অছিয়ত ও ঋণ পরিশোধের পর। তোমাদের স্ত্রীরা তোমরা (পুঃ) নিঃসন্তান হয়ে মারা

إِنْ لَّمْ يَكُنْ لَّكُمْ وَلَدٌ ۚ فَإِنْ كَانَ لَكُمْ وَلَدٌ فَلَهُنَّ الثُّمُنُ مِمَّا تَرَكْتُمْ مِّنْ

ইল্লাম্ ইয়াকুল্লাকুম্ অলাদুন্ ফাইন্ কা-না লাকুম্ অলাদুন্ ফালাহুন্নাছ্ ছুমুনু মিম্মা- তারাক্‌তুম্ মিম্

গেলে পরিত্যক্ত সম্পত্তির এক চুর্থাংশ পাবে; তবে যদি সন্তান থাকে, তবে পাবে এক অষ্টমাংশ অছিয়ত

بَعْدِ وَصِيَّةٍ تُوصُونَ بِهَآ أَوْ دَيْنٍ ۗ وَإِنْ كَانَ رَجُلٌ يُّورَثُ كَلَٰلَةً أَوِ امْرَأَةٌ

বা'দি অছিয়্যাতিন্ তূছূনা বিহা ~ আও দাইন; অইন্ কা-না রাজুলুঁই ইয়ূরাছু কালা-লাতান্ আওয়িম্‌রায়াতুওঁ

পূর্ণ করার বা ঋণ পরিশোধ করে দেয়ার পর। আর যে পুরুষের ত্যাজ্য সম্পদ, তার যদি পিতা-পুত্র বা স্ত্রী না

وَّلَهُ أَخٌ أَوْ أُخْتٌ فَلِكُلِّ وَاحِدٍ مِّنْهُمَا السُّدُسُ ۚ فَإِنْ كَانُوا أَكْثَرَ مِنْ ذَٰلِكَ

অলাহূ ~ আখুন্ আও উখ্‌তুন্ ফালিকুল্লি ওয়া-হিদিম্ মিন্‌হুমাস্ সুদুসু, ফাইন্ কা-নূ ~ আক্‌ছারা মিন্ যা-লিকা

থাকে এবং মৃতের এক ভাই বা এক বোন থাকে, তবে প্রত্যেকে এক ষষ্ঠাংশ পাবে। কিন্তু তারা দুয়ের অধিক হলে ত্যাজ্য

فَهُمْ شُرَكَآءُ فِي الثُّلُثِ مِنْ بَعْدِ وَصِيَّةٍ يُّوصَىٰ بِهَآ أَوْ دَيْنٍ ۙ غَيْرَ مُضَآرٍّ ۚ

ফাহুম্ শুরাকা — উ ফিছ্ ছুলুছি মিম্ বা'দি অছিয়্যাতিঁই ইয়ূছোয়া-বিহা ~ আও দাইনিন্ গাইরা মুদ্বোয়া — রিন্

সম্পত্তির এক তৃতীয়াংশ পাবে। এটা হবে অছিয়ত ও ঋন আদায়ের পর। অসিয়ত যেন কারো ক্ষতি না করে। এটা

وَصِيَّةً مِّنَ اللَّهِ ۗ وَاللَّهُ عَلِيمٌ حَلِيمٌ ﴿١٢﴾ تِلْكَ حُدُودُ اللَّهِ ۚ وَمَنْ يُّطِعِ اللَّهَ وَ

অছিয়্যাতাম্ মিনাল্লা-হ্; অল্লা-হু 'আলীমুন্ হালীম্। ১৩। তিল্‌কা হুদূদুল্লা-হ্; অমাইঁ ইয়ুত্বি'ইল্লা-হা অ

আল্লাহর নির্দেশ। আল্লাহ সর্বজ্ঞ, সহনশীল (১৩) এটা আল্লাহর বিধান; আর যে আল্লাহ ও রাসূলের আনুগত্য

رَسُولَهُ يُدْخِلْهُ جَنَّٰتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَٰرُ خَٰلِدِينَ فِيهَا ۚ وَذَٰلِكَ

রাসূলাহূ ইয়ুদ্‌খিল্‌হু জান্না-তিন্ তাজ্‌রী মিন্ তাহ্‌তিহাল্ আন্‌হা-রু খা-লিদীনা ফীহা-; অযা-লিকাল্

করে, তাকে জান্নাতে প্রবেশ করাবেন, যার নিচ দিয়ে ঝরণাধারা প্রবাহিত। তারা সেখানে চিরস্থায়ী হবে। এটাই

الْفَوْزُ الْعَظِيمُ ﴿١٣﴾ وَمَنْ يَّعْصِ اللَّهَ وَرَسُولَهُ وَيَتَعَدَّ حُدُودَهُ يُدْخِلْهُ نَارًا

ফাওযুল্ 'আজীম্। ১৪। অমাইঁ ইয়া'ছিল্লা-হা অরাসূলাহূ অইয়াতা'আদ্দা হুদূদাহূ ইয়ুদ্‌খিল্‌হু না-রান্

বড় সাফল্য। (১৪) আর যে আল্লাহ ও তাঁর রাসূলের অবাধ্য হয় ও বিধান লংঘন করে তাকে আগুনে প্রবেশ করানো

আয়াত-১৩ ঃ এ শর্তটি যদিও শুধু এখানেই উল্লেখ করা হয়েছে, কিন্তু এর পূর্বে যে দু স্থলে অসীয়ত ও ঋণের কথা বলা হয়েছে, সেখানেও এ হুকুমই গ্রহণীয় ও কার্যকর হবে। এর উদ্দেশ্য হল, মৃত ব্যক্তির জন্য অসীয়ত কিংবা ঋণের মাধ্যমে ওয়ারিশদেরকে ক্ষতিগ্রস্থ করা বৈধ নয়। অসীয়ত করা কিংবা নিজের দায়িত্বে ভিত্তিহীন ঋণ স্বীকার করার মধ্যে ওয়ারিশদেরকে বঞ্চিত করার ইচ্ছা লুকায়িত থাকা এবং সে ইচ্ছাকে কার্যে পরিণত করা কঠোরভাবে নিষিদ্ধ ও কবীরা গুনাহ। (মাঃ কো, বঃ কোঃ)

২ ع ৪ ১৩ রুকু

خَالِدًا فِيهَا ۖ وَلَهُ عَذَابٌ مُّهِينٌ ﴿١٥﴾ وَالَّتِي يَأْتِينَ الْفَاحِشَةَ مِن

খা-লিদান্ ফীহা-অলাহূ 'আযা-বুম্ মুহীন্। ১৫। অল্লা-তী ইয়া''তীনাল্ ফা-হিশাতা মিন্
হবে, যেখানে সে চিরদিন থাকবে; তার জন্য রয়েছে লাঞ্ছনাদায়ক শাস্তি। (১৫) তোমাদের মধ্যে যদি কোন স্ত্রী

نِّسَائِكُمْ فَاسْتَشْهِدُوا عَلَيْهِنَّ أَرْبَعَةً مِّنكُمْ ۖ فَإِن شَهِدُوا فَأَمْسِكُوهُنَّ فِي

নিসা—য়িকুম্ ফাস্তাশ্হিদূ 'আলাইহিন্না আর্বা'আতাম্ মিন্কুম্, ফাইন্ শাহিদূ ফাআম্সিকূহুন্না ফিল্
অপকর্ম কর, তবে তাদের বিরুদ্ধে তোমাদের মধ্য থেকে চারজন সাক্ষী নেবে, তারা সাক্ষ্য দিলে ঐ স্ত্রীদেরকে ঘরে

الْبُيُوتِ حَتَّىٰ يَتَوَفَّاهُنَّ الْمَوْتُ أَوْ يَجْعَلَ اللَّهُ لَهُنَّ سَبِيلًا ﴿١٦﴾ وَاللَّذَانِ

বুইয়ূতি হাত্তা-ইয়াতাওয়াফ্ফা-হুন্নাল্ মাওতু আও ইয়াজ্'আলাল্লা-হু লাহুন্না সাবীলা-। ১৬। অল্লাযা-নি
আবদ্ধ [১] করে রাখ, যতদিন না তাদের মৃত্যু হয় বা আল্লাহ তাদের জন্য কোন ব্যবস্থা করেন। (১৬) তোমাদের মধ্যে যে

يَأْتِيَانِهَا مِنكُمْ فَآذُوهُمَا ۖ فَإِن تَابَا وَأَصْلَحَا فَأَعْرِضُوا عَنْهُمَا ۗ إِنَّ اللَّهَ

ইয়া''তিয়া-নিহা-মিন্কুম্ ফাআ-যূহুমা-ফাইন্ তা-বা-অআছ্লাহা- ফাআ'রিদ্ব 'আন্হুমা-; ইন্নাল্লা-হা
দুজন কুকর্মে লিপ্ত হবে, তদেরকে শাস্তি দাও। অতঃপর তওবা করলে ও সংশোধিত হলে; ছেড়ে দাও; নিশ্চয়ই আল্লাহ

كَانَ تَوَّابًا رَّحِيمًا ﴿١٦﴾ إِنَّمَا التَّوْبَةُ عَلَى اللَّهِ لِلَّذِينَ يَعْمَلُونَ السُّوءَ بِجَهَالَةٍ

কা-না তাওওয়া-বার রাহীমা-। ১৭। ইন্নামাত্তাওবাতু 'আলাল্লা-হিল্লাযীনা ইয়া'মালূনাস্ সূ—আ বিজ্বাহা-লাতিন্
তওবা গ্রহণকারী, দয়ালু। (১৭) নিশ্চয়ই আল্লাহ তাদের তওবা গ্রহণ করেন যারা না জেনে অন্যায় করে;

ثُمَّ يَتُوبُونَ مِن قَرِيبٍ فَأُولَٰئِكَ يَتُوبُ اللَّهُ عَلَيْهِمْ ۗ وَكَانَ اللَّهُ عَلِيمًا

ছুম্মা ইয়াতূবূনা মিন্ ক্বারীবিন্ ফাউলা—য়িকা ইয়াতূ-বুল্লা-হু 'আলাইহিম; অকা-নাল্লা-হু 'আলীমান্
আবার সাথে সাথে তওবা করে; এ ধরনের লোকদের তওবা আল্লাহ কবূল করেন [২]; আল্লাহ সর্বজ্ঞ,

حَكِيمًا ﴿١٧﴾ وَلَيْسَتِ التَّوْبَةُ لِلَّذِينَ يَعْمَلُونَ السَّيِّئَاتِ ۖ حَتَّىٰ إِذَا حَضَرَ

হাকীমা-। ১৮। অ লাইসাতিত্ তাওবাতু লিল্লাযীনা ইয়া'মালূনাস্ সাইয়্যিয়া-তি হাত্তা ~ ইযা-হাদ্বোয়ারা
প্রজ্ঞাময়। (১৮) আর তওবা তাদের জন্য নেই যারা অন্যায় করতেই থাকে; এমন কি যখন উপস্থিত হয়

أَحَدَهُمُ الْمَوْتُ قَالَ إِنِّي تُبْتُ الْآنَ وَلَا الَّذِينَ يَمُوتُونَ وَهُمْ

আহাদাহুমুল্ মাওতু ক্বা-লা ইন্ নী তুব্তুল্ আ-না অলাল্ লাযীনা ইয়ামূতূনা অহুম্
তাদের কারও মৃত্যু তখন তারা বলে. এখন তওবা করলাম; আর তাদের জন্যও নয় যারা মৃত্যুবরণ করে

টীকা-(১) ঃ আয়াত-১৫ ঃ ইসলামের প্রাথমিক যুগে নারী ব্যভিচার করলে তাকে গৃহে আটক করে রাখত। আর পুরুষ ব্যভিচারে লিপ্ত হলে তাকে কর্তৃপক্ষ কিছু শাস্তি দিত। অতঃপর অবিবাহিতকে একশ' দোর্‌রা এবং বিবাহিতকে প্রস্তর মেরে হত্যা করার হুকুম নাযিল হয়। কাজেই পরবর্তী নির্দেশ দ্বারা এ আয়াতের হুকুম রহিত হয়ে গিয়েছে। (বঃ কোঃ) (২) গুনাহের কাজ ইচ্ছাকৃতভাবে করা হোক অথবা ভুলক্রমে উভয় অবস্থাতেই তা মুর্খতাবশতঃ সম্পন্ন হয়। এ কারণেই ছাহাবা, তাবেয়ীন ও সমগ্র উম্মতের এ ব্যাপারে ইজমা রয়েছে যে, যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে কোন গুনাহ করে , তার তওবাও কবূল হতে পারে। (বাহরে মুহীত, মাঃ কোঃ)।

كُفَّارٌ ۚ أُولَٰئِكَ أَعْتَدْنَا لَهُمْ عَذَابًا أَلِيمًا (১৯) يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا يَحِلُّ

কুফ্‌ফা-র্; উলা — য়িকা 'আতাদ্‌না- লাহুম্ 'আযা-বান্ আলীমা- । ১৯ । ইয়া ~ আইয়্যুহাল্লাযীনা আ-মানূ লা-ইয়াহিল্লু

কাফের অবস্থায়। এদের জন্যই যন্ত্রণদায়ক শাস্তি প্রস্তুত করে রেখেছি। (১৯) হে মু'মিনরা! তোমাদের জন্য হালাল নয়

لَكُمْ أَنْ تَرِثُوا النِّسَاءَ كَرْهًا ۖ وَلَا تَعْضُلُوهُنَّ لِتَذْهَبُوا بِبَعْضِ مَا آتَيْتُمُوهُنَّ

লাকুম্ আন্ তারিছুন্নিসা — আ কার্‌হা-; অলা- তা'দ্বুলূহুন্না লিতায্‌হাবূ বিবা'দ্বি মা ~ আ-তাইতুমূহুন্না

বল প্রয়োগে নারীদের ওয়ারিছ হওয়া, তাদের বলপূর্বক আটকিয়ে রেখ না, যাতে তাদেরকে দেয়া বস্তু ফিরিয়ে নিতে পার;

إِلَّا أَنْ يَأْتِينَ بِفَاحِشَةٍ مُبَيِّنَةٍ ۚ وَعَاشِرُوهُنَّ بِالْمَعْرُوفِ ۚ فَإِنْ كَرِهْتُمُوهُنَّ

ইল্লা ~ আইঁ ইয়া''তীনা বিফা-হিশাতিম্ মুবাইয়্যিনাতিন্ অ'আ-শিরূহুন্না বিলমা'রূফি ফাইন্ কারিহ্‌তুমূহুন্না

হ্যাঁ, যদি তারা প্রকাশ্যে অন্যায় করে ফেলে; তবে সংগতভাবে তাদের সঙ্গে চল; যদি তাদেরকে অপছন্দ কর তবে হয়ত

فَعَسَىٰ أَنْ تَكْرَهُوا شَيْئًا وَيَجْعَلَ اللَّهُ فِيهِ خَيْرًا كَثِيرًا (২০) وَإِنْ أَرَدْتُمُ

ফা'আসা ~ আন্ তাক্‌রাহূ শাইয়াওঁ অইয়াজ্‌'আলাল্লা-হু ফীহি খাইরান্ কাছীরা- । ২০ । অইন্ আরাত্‌তুমুস্

তোমরা এরূপ জিনিসকে অপছন্দ করছ যাতে আল্লাহ কল্যাণ রেখেছেন। (২০) যদি এক স্ত্রীর স্থলে

اسْتِبْدَالَ زَوْجٍ مَكَانَ زَوْجٍ وَآتَيْتُمْ إِحْدَاهُنَّ قِنْطَارًا فَلَا تَأْخُذُوا مِنْهُ

তিব্‌দা-লা যাওজিম্ মাকা-না যাওজিওঁ অ আ-তাইতুম্ ইহ্‌দা-হুন্না ক্বিনত্বোয়া-রান্ ফালা-তা''খুযূ মিন্‌হু

অন্য স্ত্রী গ্রহণ করতে চাও আর তাদের কাকেও বহুসম্পদ দিয়ে থাক, তবে তা হতে কিছু ফেরত নিও না;

شَيْئًا ۚ أَتَأْخُذُونَهُ بُهْتَانًا وَإِثْمًا مُبِينًا (২১) وَكَيْفَ تَأْخُذُونَهُ وَقَدْ أَفْضَىٰ

শাইয়া-; আতা''খুযূনাহূ বুহ্‌তা-নাওঁ অইছ্‌মাম্ মুবীনা- । ২১ । অকাইফা তা''খুযূনাহূ অক্বাদ্ আফ্‌দ্বোয়া-

তোমরা কি তা গ্রহণ করবে অন্যায় ও প্রকাশ্য পাপ দ্বারা! (২১) কিরূপে তা গ্রহণ করবে? অথচ তোমরা পরস্পর

بَعْضُكُمْ إِلَىٰ بَعْضٍ وَأَخَذْنَ مِنْكُمْ مِيثَاقًا غَلِيظًا (২২) وَلَا تَنْكِحُوا مَا نَكَحَ

বা'দ্বুকুম্ ইলা-বা'দ্বিওঁ অআখায্‌না মিন্‌কুম্ মীছা-ক্বান্ গালীজোয়া- । ২২ । অলা-তান্‌কিহূ মা- নাকাহা

মেলামেশা করেছ; আর নারীরা তোমাদের নিকট থেকে দৃঢ় অঙ্গীকারও গ্রহণ করেছিল? (২২) আর

آبَاؤُكُمْ مِنَ النِّسَاءِ إِلَّا مَا قَدْ سَلَفَ ۚ إِنَّهُ كَانَ فَاحِشَةً وَمَقْتًا وَسَاءَ سَبِيلًا ع

আ-বা — উকুম্ মিনান্নিসা — য়ি ইল্লা-মা- ক্বাদ্ সালাফ্; ইন্নাহূ কা-না ফা-হিশাতাওঁ অমাক্ব্‌তান্ অসা — য়া সাবীলা- ।

পিতার বিবাহিতা নারীদেরকে বিয়ে করো না; তবে পূর্বে যা হওয়ার হয়েছে; এটা অশ্লীল, ঘৃণ্য ও মন্দ পথ।

৩ ع ৮ ১৪ রুকূ

শানেনুযূল ঃ আয়াত-১৯ ঃ জাহিলিয়াত যুগের প্রথা ছিল, কেউ মারা গেলে তার অন্য পরিবারের পুত্র বা কোন নিকটতম আত্মীয় তার স্ত্রীকে চাদর দিয়ে ঢেকে দিত। এর মাধ্যমে সে তাকে আপন করায়ত্তে নিয়ে গেল– সে ইচ্ছা করলে মৃত স্বামীর মহরের উপর বিবাহ করতে পারত অথবা অন্যের নিকট বিবাহ দিতে পারত, অথবা এমনিতে বন্দী করে রাখত। এ প্রথা অনুসারে হযরত আবু কুবাইছের মৃত্যুর পর তাঁর স্ত্রী কুবাইসাহ্ বিনতে মা'আনকে তাঁর প্রথম পরিবারের ছেলে কুবাইস তাদের চাদর দিয়ে ঢেকে দেন। তৎপর সে তার কোন খোঁজ খবর নেয় না। তখন আবু কুবাইসের স্ত্রী হুযূর (ছঃ)-এর নিকট এ ফরিয়াদ নিয়ে গেলেন। হুযূর (ছঃ) তাঁকে আল্লাহর কি আদেশ হয় তার প্রতীক্ষায় থাকতে আদেশ দিলেন। তখন এ আয়াত অবতীর্ণ হয়। আয়াত-২২ ঃ হযরত আবু

حُرِّمَتْ عَلَيْكُمْ أُمَّهٰتُكُمْ وَبَنٰتُكُمْ وَأَخَوٰتُكُمْ وَعَمّٰتُكُمْ وَخٰلٰتُكُمْ وَبَنٰتُ ﴿٢٣﴾

২৩। হুর্রিমাত্ 'আলাইকুম্ উম্মাহা-তুকুম্ অবানা-তুকুম্ অআখাওয়া-তুকুম্ অ'আম্মা-তুকুম্ অখা-লা-তুকুম্ অবানা-তুল্

(২৩) তোমাদের জন্য হারাম করা হল তোমাদের মা [১], কন্যা, [২], বোন [৩] ফুফু, তোমাদের খালা

الْأَخِ وَبَنٰتُ الْأُخْتِ وَأُمَّهٰتُكُمُ الّٰتِىٓ أَرْضَعْنَكُمْ وَأَخَوٰتُكُمْ مِّنَ الرَّضٰعَةِ

আখি অবানা-তুল্ উখ্তি অউম্মাহা-তুকুমুল্ লা-তী ~ আর্দ্বোয়া'নাকুম্ অআখাওয়া-তুকুম্ মিনার্ রাদ্বোয়া-'আতি

এবং তোমাদের, ভাই ও ভগ্নির কন্যা দুধ-মা, দুই-বোন, শাশুড়ী, তোমাদের স্ত্রীদের পূর্ব স্বামীর ঔরসে

وَأُمَّهٰتُ نِسَآئِكُمْ وَرَبٰٓئِبُكُمُ الّٰتِى فِى حُجُورِكُمْ مِّنْ نِّسَآئِكُمُ

অউম্মাহা-তু নিসা — য়িকুম্ অ রাবা — য়িবুকুমুল্ লা-তী ফী হুজূ্রিকুম্ মিন্নিসা — য়িকুমুল্

তার গর্ভের কন্যা যারা তোমাদের অধিকারে আছে, যদি তোমরা ঐ স্ত্রীদের

الّٰتِى دَخَلْتُمْ بِهِنَّ فَإِنْ لَّمْ تَكُونُوا دَخَلْتُمْ بِهِنَّ فَلَا جُنَاحَ عَلَيْكُمْ

লা-তী দাখাল্তুম্ বিহিন্না ফাইল্ লাম্ তাকূনূ দাখাল্তুম্ বিহিন্না ফালা-জু্না-হা 'আলাইকুম্

সাথে মিলন করে থাক। কিন্তু যদি মেলা- মেশা না করে থাক তবে তোমাদের কোন দোষ নেই;

وَحَلٰٓئِلُ أَبْنَآئِكُمُ الَّذِينَ مِنْ أَصْلٰبِكُمْ وَأَنْ تَجْمَعُوا بَيْنَ الْأُخْتَيْنِ

অহালা — য়িলু আব্না — য়িকুমুল্ লাযীনা মিন্ আছ্লা-বিকুম্ অআন্ তাজ্ মা'উ বাইনাল উখ্তাইনি

তোমাদের জন্য হারাম করা হয়েছে তোমাদের ঔরসজাত পুত্রের স্ত্রী ও দু'বোনকে একত্রে [৪] বিয়ে করা;

إِلَّا مَا قَدْ سَلَفَ إِنَّ اللّٰهَ كَانَ غَفُورًا رَّحِيمًا

ইল্লা-মা-ক্বাদ সালাফ; ইন্নাল্লা-হা কা-না গাফূরার্ রাহীমা-।

পূর্বে যা হওয়ার হয়েছে; নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল, দয়ালু।

কুবাইসের মৃত্যুর পর বর্বর যুগের নিয়মানুসারে তার প্রথম পরিবারের ছেলে মুহসেন যখন আপন বিমাতা, কুবাইসের স্ত্রীকে বিবাহ করতে চাইল, তখন বিমাতা বলল, হে মুহসেন! আমি তোমাকে পুত্রবৎ মনে করি, তবে কি তুমি মাতুল্য রমণীর সঙ্গে এরূপ করতে চাও, এটি তো খুবই অসঙ্গত। অতঃপর তিনি রাসূলুল্লাহ (ছঃ)-এর নিকট এই ঘটনার বিবরণ শুনালেন। তখন এ আয়াতটি নাযিল হয়।

টিকাঃ (১) মা বলতে আপন ও সৎ মা উভয়ই। তদুপরি পিতার মা, মায়ের মাও এর মধ্যে শামিল। (২) কন্যা বলে নাতনীদেরও শামিল করা হয়েছে। (৩) বোন বলতে বৈপিতৃয় ও বৈমাতৃয় বোনও শামিল। (৪) এমনকি খালা, ভাগ্নী এবং ফুফু ও ভাইঝিকেও একই সঙ্গে বিবাহ করা হারাম। মূলনীতিঃ এমন দুজন মহিলাকে একত্রে বিয়ে করা হারাম যাদের একজনকে পুরুষ ধরলে অন্যজনকে বিয়ে করা হারাম- অর্থাৎ পরস্পর বিয়ে বৈধ না হলে একত্র করা যাবে না।

ব্যাখ্যা ঃ আয়াত-২৩ ঃ টীকা- (১) অর্থাৎ যিনি তাকে শৈশবে দুগ্ধ পান করিয়েছেন তিনিও মাতৃ সমতুল্য সুতরাং সেই মাতার মা, নানী, দাদী ও এজমা হিসাবে বা সকলের ঐকমত্য হিসেবে মা পরিগণিত হয়। "রাদ্বোয়া'আ" শব্দটির অর্থ দুগ্ধপান করা। এ দুগ্ধ পানের পরিমাণ ও সময়কাল সম্বন্ধে পবিত্র কোরআনে কোথাও উল্লেখ নেই যে, কত পরিমাণ ও কোন সময়ে দুগ্ধপান করলে এ হারাম হওয়ার সম্পর্কটা সাব্যস্ত করা হবে। তাই হযরত ইমাম আবু হানীফা (রঃ) বলেন, এমন এক চুমুক দুগ্ধ পানে উক্ত সম্পর্ক সাব্যস্ত হবে যদ্দারা দুগ্ধ পেটে পৌঁছে। আর ইমাম শাফেয়ী (রঃ) ঐ সার্বিক আদেশকে হাদীস অনুকূলে ব্যাখ্যা দিয়ে তাকে পাঁচ চুমুকের পরিমাণের-ই উপর সাব্যস্ত করেন এবং অপেক্ষা কম হলে তাঁর মতে ঐ সম্বন্ধ সাব্যস্ত হবে না। আর মেয়াদ সম্বন্ধে ইমাম আবু হানীফা (রঃ) বলেন, জন্ম হতে প্রথম আড়াই বছর। আর ইমাম শাফেয়ী বলেন প্রথম দু বছর।

টীকা-(২) দুধপানের সাথে সম্পর্কিত যেসব বোন আছে তাদেরকে বিয়ে করা হারাম। দুধ পানের নির্দিষ্ট সময়কালে বালক বা বালিকা কোন স্ত্রীলোকের দুধ পান করলে তার স্বামী তাদের পিতা হয়ে যায়, সেই স্ত্রীলোকের আপন পুত্র কন্যা তাদের ভাই-বোন হয়ে যায়, বোন তাদের খালা, দেবররা তাদের চাচা এবং স্বামীর বোনেরা শিশুদের ফুফু হয়ে যায়। দুধ পানের কারণে তাদের পরস্পর বৈবাহিক অবৈধতা স্থাপিত হয়। বংশগত কারণে পরস্পর যেসব বিয়ে হারাম হয় দুধপানের কারণেও অনুরূপ বিয়ে হারাম। (মাঃ কেঃ)

﴿٢٤﴾ وَالْمُحْصَنٰتُ مِنَ النِّسَآءِ اِلَّا مَا مَلَكَتْ اَيْمَانُكُمْ ۚ كِتٰبَ اللّٰهِ عَلَيْكُمْ ۚ

২৪। অল্ মুহ্ছনা- তু মিনান্ নিসা — য়ি ইল্লা-মা-মালাকাত্ আইমা-নুকুম্, কিতা-বাল্লা-হি 'আলাইকুম্,

(২৪) তোমাদের অধিকার ভুক্ত ছাড়া অন্য সকল সধবাও হারাম। এ ছাড়া অন্য সকল নারী বৈধ; এটা তোমাদের উপর

وَاُحِلَّ لَكُمْ مَّا وَرَآءَ ذٰلِكُمْ اَنْ تَبْتَغُوْا بِاَمْوَالِكُمْ مُّحْصِنِيْنَ غَيْرَ

অউহিল্লা লাকুম্ মা-অরা — য়া যা-লিকুম্ আন্ তাব্তাগূ বিআম্ওয়া-লিকুম্ মুহ্ছিনীনা গাইরা

আল্লাহর বিধান। এ ছাড়া অন্য সব মহিলা তোমাদের জন্য অবৈধ করা হয়েছে, তবে মোহরের মাধ্যমে, নিষ্পাপ থাকার

مُسٰفِحِيْنَ ؕ فَمَا اسْتَمْتَعْتُمْ بِهٖ مِنْهُنَّ فَاٰتُوْهُنَّ اُجُوْرَهُنَّ فَرِيْضَةً ؕ وَلَا جُنَاحَ

মূসা-ফিহীন্; ফামাস্তাম্তা'তুম্ বিহী মিন্হুন্না ফাআ-তূহুন্না উজূ্রাহুন্না ফারীদ্বোয়াহ্; অলা-জু্না-হা

জন্যে, অপকর্মের জন্য নয়; যাদেরকে বিয়ের মাধ্যমে উপভোগ করতে চাও নির্ধারিত মোহর তাদের দিয়ে দাও, আর তোমাদের

عَلَيْكُمْ فِيْمَا تَرٰضَيْتُمْ بِهٖ مِنْۢ بَعْدِ الْفَرِيْضَةِ ؕ اِنَّ اللّٰهَ كَانَ عَلِيْمًا حَكِيْمًا ☆

'আলাইকুম্ ফীমা- তারা-দ্বোয়াইতুম্ বিহী মিম্ বা'দিল্ ফারীদ্বোয়াহ্; ইন্নাল্লা-হা কা-না 'আলীমান্ হাকীম।

কোন গুনাহ হবে না যদি মোহর নির্ধারণের পর কোন ব্যাপারে পরস্পর সম্মত হও। নিশ্চয়ই আল্লাহ জ্ঞানী, প্রজ্ঞাময়।

﴿٢٥﴾ وَمَنْ لَّمْ يَسْتَطِعْ مِنْكُمْ طَوْلًا اَنْ يَّنْكِحَ الْمُحْصَنٰتِ الْمُؤْمِنٰتِ فَمِنْ

২৫। অমাল্লাম্ ইয়াস্তাত্বি' মিন্কুম্ ত্বোয়াওলান্ আঁই ইয়ান্কিহাল্ মুহ্ছনা-তিল্ মু''মিনা-তি ফামিম্

(২৫) মু'মিন স্বাধীন নারী বিয়ে করার সামর্থ যদি তোমাদের মধ্যে কারোর না থাকে, তবে

مَّا مَلَكَتْ اَيْمَانُكُمْ مِّنْ فَتَيٰتِكُمُ الْمُؤْمِنٰتِ ؕ وَاللّٰهُ اَعْلَمُ بِاِيْمَانِكُمْ ؕ

মা-মালাকাত্ আইমা-নুকুম্ মিন্ ফাতাইয়া-তিকুমুল্ মু''মিনা-ত্; অল্লা-হু আ'লামু বিঈমা-নিকুম্;

সে তার অধিকারভুক্ত মু'মিন দাসী বিয়ে করবে; আল্লাহ তোমাদের ঈমান সম্পর্কে অবহিত;

بَعْضُكُمْ مِّنْۢ بَعْضٍ ۚ فَانْكِحُوْهُنَّ بِاِذْنِ اَهْلِهِنَّ وَاٰتُوْهُنَّ اُجُوْرَهُنَّ

বা'দ্বু কুম্ মিম্ বা'দ্বি ফান্কিহূ হুন্না বিইয্নি আহ্লিহিন্না অ আ-তূহুন্না উজূ্রা হুন্না

তোমরা একে অপরের সমান; অভিভাবকদের অনুমতি নিয়েই তাদের বিয়ে করবে এবং যথাযোগ্য মোহর প্রদান করবে;

بِالْمَعْرُوْفِ مُحْصَنٰتٍ غَيْرَ مُسٰفِحٰتٍ وَّلَا مُتَّخِذٰتِ اَخْدَانٍ ۚ فَاِذَآ اُحْصِنَّ

বিল্মা'রূফি মুহ্ছনা-তিন্ গাইরা মুসা-ফিহা-তিওঁ অলা-মুত্তাখিযা-তি আখ্দা-নিন্ ফাইযা ~ উহ্ছিন্না

নিয়মানুযায়ী তারা হবে সচ্চরিত্রা অব্যভিচারিণী ও উপ-পতি অগ্রাহ্যকারীনি। অতঃপর যদি বিবাহিতা

টিকা ঃ (১) অর্থাৎ যে সকল সাধ্বী দাসী কারও অধিকারে থাকে তাদের পূর্ব বিবাহ বাদ হয়ে যায়। তাই তাকে বিবাহ করা যায়।
শানেনুযূল ঃ আয়াত-২৪ঃ ১। তাওতাছ যুদ্ধে কাফেরদের স্ত্রী-মেয়েদের যখন মুসলমানদের নিকট হাযির করা হল, তখন মুসলমানরা তাদের সাথে মিলনের বৈধতার ব্যাপারে সন্দেহ করতে লাগল। সন্দেহের কারণ হল, যেহেতু তারা পর স্ত্রী এবং পতিবত্নি বা সধ্বা। উক্ত সন্দেহ অপনোদনের জন্য আলোচ্য আয়াতটি অবতীর্ণ হয় এবং পতিবত্নি উক্তরূপ যুদ্ধবন্দিদের সাথে মিলন করা বৈধ হওয়ার কথা ঘোষণা করা হয়। ২. হযরত আবু মা'মর হাযরমী হতে বর্ণনা করেন, অনেকে মোহর নির্ধারণ করত বটে, কিন্তু পরে অভাব অনটনে পড়লে তা শোধ করার ক্ষমতা রাখত না। এ প্রেক্ষিতে অত্র আয়াতটি অবতীর্ণ হয়।

فَاِنْ اَتَيْنَ بِفَاحِشَةٍ فَعَلَيْهِنَّ نِصْفُ مَا عَلَى الْمُحْصَنٰتِ مِنَ الْعَذَابِ ط

ফাইন্ আতাইনা বিফা-হিশাতিন্ ফা'আলাইহিন্‌না নিছ্‌ফু মা-'আলাল্ মুহ্‌ছনা-তি মিনাল্ 'আযা-ব্;
হওয়ার পর তারা ব্যভিচার করে, তবে তারা স্বাধীন নারীর [১] অর্ধেক শাস্তি পাবে;

ذٰلِكَ لِمَنْ خَشِيَ الْعَنَتَ مِنْكُمْ ط وَاَنْ تَصْبِرُوْا خَيْرٌ لَّكُمْ ط وَاللّٰهُ غَفُوْرٌ

যা-লিকা লিমান্ খাশিয়াল্ 'আনাতা মিন্‌কুম্; অ আন্ তাছ্‌বিরূ খাইরুল্লাকুম্ অল্লা-হু গাফূরুর্
যারা ব্যভিচারকে ভয় করে এটা তাদের জন্য; তবে ধৈর্যধারণ করা তোমাদের জন্য উত্তম। আল্লাহ ক্ষমাশীল,

৪ ع ৩ ১ রুকু

رَّحِيْمٌ ﴿٢٦﴾ يُرِيْدُ اللّٰهُ لِيُبَيِّنَ لَكُمْ وَيَهْدِيَكُمْ سُنَنَ الَّذِيْنَ مِنْ قَبْلِكُمْ وَيَتُوْبَ

রাহীম। ২৬। ইয়ুরীদুল্লা-হু লিইয়ুবাইয়্যিনা লাকুম্ অইয়াহ্‌দিয়াকুম্ সুনানাল্লাযীনা মিন্ ক্বাব্‌লিকুম্ অইয়াতূবা
দয়ালু। (২৬) আর আল্লাহ চান তোমাদের নিকট সবকিছু বিস্তারিত বর্ণনা করতে তোমাদের পূর্ববর্তীদের রীতিনীতি বুঝিয়ে

عَلَيْكُمْ ط وَاللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ﴿٢٧﴾ وَاللّٰهُ يُرِيْدُ اَنْ يَّتُوْبَ عَلَيْكُمْ قف وَ

'আলাইকুম্; অল্লা-হু 'আলীমুন্ হাকীম্। ২৭। অল্লা-হু ইয়ুরীদু আইঁ ইয়াতূবা 'আলাইকুম্' অ
দিতে এবং ক্ষমা করতে; আল্লাহ মহাজ্ঞানী,প্রজ্ঞাময়। (২৭) আর আল্লাহ তো ক্ষমা করতে চান, কিন্তু

يُرِيْدُ الَّذِيْنَ يَتَّبِعُوْنَ الشَّهَوٰتِ اَنْ تَمِيْلُوْا مَيْلًا عَظِيْمًا ﴿٢٨﴾ يُرِيْدُ اللّٰهُ اَنْ

ইয়ুরীদুল্লাযীনা ইয়াত্তাবি'উনাশ্ শাহাওয়া-তি আন্ তামীলূ মাইলান্ 'আজীমা-। ২৮। ইয়ুরীদুল্লা-হু আইঁ
যারা কুপ্রবৃত্তির অনুসারী তারা চায় তোমাদেরকে গুরুতর বিপদগামী করতে। (২৮) আল্লাহ তোমাদের বোঝা হালকা

يُّخَفِّفَ عَنْكُمْ ج وَخُلِقَ الْاِنْسَانُ ضَعِيْفًا ﴿٢٩﴾ يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَاْكُلُوْۤا

ইয়ুখাফ্‌ফিফা 'আন্‌কুম্ অখুলিক্বাল্ ইন্‌সা-নু দ্বোয়া'ঈফা-। ২৯। ইয়া ~ আইয়্যুহাল্লাযীনা আ-মানূ লা-তা"কুলূ ~
করতে চান, মানুষ সৃষ্টিগত ভাবেই দুর্বল। (২৯) হে ঈমানদাররা! তোমরা একে অন্যের সম্পদ

اَمْوَالَكُمْ بَيْنَكُمْ بِالْبَاطِلِ اِلَّاۤ اَنْ تَكُوْنَ تِجَارَةً عَنْ تَرَاضٍ مِّنْكُمْ قف

আম্‌ওয়া-লাকুম্ বাইনাকুম্ বিল্‌বা-ত্বিলি ইল্লা ~ আন্ তাকূনা তিজা-রাতান্ আন্ তারা-দ্বিম্ মিন্‌কুম্
অন্যায়ভাবে ভক্ষণ করো না; তবে পরস্পর সম্মতিক্রমে ব্যবসা করা বৈধ; আর তোমরা একে অন্যকে

وَلَا تَقْتُلُوْۤا اَنْفُسَكُمْ ط اِنَّ اللّٰهَ كَانَ بِكُمْ رَحِيْمًا ﴿٣٠﴾ وَمَنْ يَّفْعَلْ ذٰلِكَ

অলা-তাক্বতুলূ ~ আন্‌ফুসাকুম্; ইন্নাল্লা-হা কা-না বিকুম্ রাহীমা-। ৩০। অমাইঁ ইয়াফ্'আল্ যা-লিকা
হত্যা করো না; [২] নিশ্চয়ই আল্লাহ তোমাদের প্রতি দয়ালু। (৩০) আর যে ব্যক্তি সীমালংঘন ও জুলুম করে এটা

(১) এখানে 'মুহ্‌ছানাত' শব্দটি কয়েকবার ব্যবহার করা হয়েছে। যার দু'টি অর্থ দেখা যায়। ক) বিবাহিত স্ত্রীলোক যারা স্বামীর হেফাজতে আছে। খ) বংশীয় মর্যাদাসম্পন্ন মহিলা, যারা পারিবারিক ও বংশীয় হেফাজতে আছে, ২৪ নং আয়াতে অবিবাহিত বংশীয় রমণীদের বুঝান হয়েছে। (২) এটা পৃথক বাক্য হলে অর্থ দাঁড়াবে- তোমরা পরস্পরকে হত্যা করো না অথবা আত্মহত্যা করো না। আর যদি পেছনের আয়াতের অংশ হয়, তবে অর্থ হবে একজন আর একজনের সম্পদ অন্যায়ভাবে ভক্ষণ করা নিজেকে হত্যা করার পর্যায়।

عُدْوَانًا وَّظُلْمًا فَسَوْفَ نُصْلِيْهِ نَارًا ۚ وَكَانَ ذٰلِكَ عَلَى اللّٰهِ يَسِيْرًا ﴿٣١﴾ إِنْ

উদ্ওয়া-নাওঁ অজুল্মান্ ফাসাওফা নুছ্লীহি না-রা-; অকা-না যা-লিকা 'আলাল্লা-হি ইয়াসীরা- । ৩১ । ইন্

করবে, শীঘ্রই আমি তাকে আগুনে জ্বালাব, আর এটা আল্লাহর পক্ষে বড়ই সহজ। (৩১) গুরুতর

تَجْتَنِبُوْا كَبٰٓئِرَ مَا تُنْهَوْنَ عَنْهُ نُكَفِّرْ عَنْكُمْ سَيِّاٰتِكُمْ وَنُدْخِلْكُمْ

তাজ্ তানিবূ কাবা —য়িরা মা- তুন্হাওনা 'আন্হু নুকাফ্ফির্ 'আন্কুম্ সাইয়্যিয়া-তিকুম্ অ নুদ্খিল্কুম্

নিষিদ্ধ কর্ম হতে বিরত থাকলে লঘুতর পাপগুলো আমি মোচন করে দেব; আর সম্মানিত

مُّدْخَلًا كَرِيْمًا ﴿٣٢﴾ وَلَا تَتَمَنَّوْا مَا فَضَّلَ اللّٰهُ بِهٖ بَعْضَكُمْ عَلٰى بَعْضٍ ۚ لِلرِّجَالِ

মুদ্খালান্ কারীমা- । ৩২ । অলা-তাতামান্নাও মা-ফাদ্দ্বোয়ালাল্লা-হু বিহী বা'দ্বোয়াকুম্ 'আলা-বা'দ্ব; লির্রিজ্বা-লি

স্থানে দাখিল করব। (৩২) আর এমন কিছু আশা করোনা যা দিয়ে আল্লাহ কাউকে শ্রেষ্ঠত্ব দিয়েছেন কারও উপর, পুরুষদের

نَصِيْبٌ مِّمَّا اكْتَسَبُوْا ۚ وَلِلنِّسَآءِ نَصِيْبٌ مِّمَّا اكْتَسَبْنَ ۚ وَسْئَلُوا اللّٰهَ مِنْ

নাছীবুম্ মিম্মাক্ তাসাবূ; অলিন্নিসা — য়ি নাছীবুম্ মিম্মাক্ তাসাব্না; অস্আলুল্লা-হা মিন্

জন্য ঐ অংশ যা তাদের উপার্জন, আর নারীদের জন্যও ঐ অংশ যা তাদের উপার্জন। আল্লাহর কাছে করুণা

فَضْلِهٖ ۚ إِنَّ اللّٰهَ كَانَ بِكُلِّ شَيْءٍ عَلِيْمًا ﴿٣٣﴾ وَلِكُلٍّ جَعَلْنَا مَوَالِيَ مِمَّا تَرَكَ

ফাদ্বলিহ্; ইন্নাল্লা-হা কা-না বিকুল্লি শাইয়িন 'আলীমা- । ৩৩ । অলিকুল্লিন্ জ্বা'আল্না- মাওয়া-লিয়া মিম্মা-তারাকাল্

চাও; নিশ্চয়ই আল্লাহ সর্ববিষয়ে জ্ঞানী। (৩৩) আর প্রত্যেকের জন্য আমি মাতা-পিতা ও আত্মীয়-স্বজনের পরিত্যক্ত

الْوَالِدٰنِ وَالْأَقْرَبُوْنَ ۚ وَالَّذِيْنَ عَقَدَتْ أَيْمَانُكُمْ فَاٰتُوْهُمْ نَصِيْبَهُمْ ۚ

ওয়া-লিদা-নি অল্আক্ব্ রাবূন্; অল্লাযীনা 'আক্বাদাত্ আইমা-নুকুম্ ফাআ-তূ হুম্ নাছীবাহুম্;

সম্পত্তির হকদার নিযুক্ত করেছি; অঙ্গীকারকৃতদের প্রাপ্য অংশ তাদের দিয়ে দাও,

إِنَّ اللّٰهَ كَانَ عَلٰى كُلِّ شَيْءٍ شَهِيْدًا ﴿٣٤﴾ اَلرِّجَالُ قَوّٰمُوْنَ عَلَى النِّسَآءِ بِمَا فَضَّلَ

৫ ع ৮ ২ রুকু

ইন্নাল্লা-হা কা-না 'আলা-কুল্লি শাইয়িন্ শাহীদা- । ৩৪ । আর্রিজ্বা-লু ক্বাও ওয়ামূনা 'আলান্নিসা — য়ি বিমা-ফাদ্দ্বোয়ালাল্

নিশ্চয়ই আল্লাহ সর্ববিষয়ে সাক্ষী আছেন। (৩৪) আর পুরুষরা নারীদের কর্তা, কেননা, আল্লাহ একজনকে

اللّٰهُ بَعْضَهُمْ عَلٰى بَعْضٍ وَّبِمَآ أَنْفَقُوْا مِنْ أَمْوَالِهِمْ ۚ فَالصّٰلِحٰتُ قٰنِتٰتٌ

লা-হু বা'দ্বোয়াহুম্ 'আলা- বা'দ্বিওঁ অবিমা ~ আন্ফাক্বূ মিন্ আমওয়ালিহিম্ ফাছ্ছোয়া-লিহা-তু ক্বা-নিতা-তুন্

অন্যজনের উপর মর্যাদা দিয়েছেন; আর তারাই তো ব্যয় করে সম্পদ; সুতরাং সতী নারী অনুগত, আল্লাহর হিফাজতে

আয়াত-৩২ঃ একদা হযরত উম্মে সালমা (রাঃ) রাসূলুল্লাহ (ছঃ) এর খেদমতে আরয করলেন, হে আল্লাহর রাসূল! নারী-পুরুষদের মধ্যে মীরাছী সম্পদ বন্টনে এবং আরও অন্যান্য বিষয়ে যে বৈষম্য রয়েছে তা রহিত করে সমতার বিধান করা হলে ভাল হত। তখন এ আয়াতটি নাযিল হয়। অন্য রিওয়াতে আছে যে, একদা এক নারী হুযূর (ছঃ)-এর নিকট বললেন, নারীরা মীরাছী সম্পদে যেমন অর্ধেক সম্পদের মালিক হয় আমলের ক্ষেত্রেও কি তারা অর্ধেক ছওয়াবের অধিকারী হবে? তখন এ আয়াতটি নাযিল হয়। উভয় শানেনুযূলের সমন্বয় হল– "আর তোমরা এমন কোন বিষয় কামনা করও না" বলে হযরত উম্মে সালমা (রাঃ)-এর প্রশ্নের উত্তর দেয়া হয়। অর্থাৎ ঐসব কিছু আল্লাহর ইচ্ছাধীন, সেখানে অন্য কারও কোন ক্ষমতা চলবে না।

حٰفِظٰتٌ لِّلْغَيْبِ بِمَا حَفِظَ اللّٰهُ ۗ وَالّٰتِىْ تَخَافُوْنَ نُشُوْزَهُنَّ فَعِظُوْهُنَّ

হা-ফিজোয়া-তুল্ লিল্গাইবি বিমা- হাফিজোয়াল্লা-হ্ ; অল্লা-তী তাখা-ফূনা নুশূযাহুন্না ফা'ইজূহুন্না

তারা (স্বামীর) অবর্তমানে (সংসার) রক্ষা করে; যখন তাদের অবাধ্যতার ভয় কর, তখন তাদের উপদেশ দাও, তারপর

وَاهْجُرُوْهُنَّ فِى الْمَضَاجِعِ وَاضْرِبُوْهُنَّ ۚ فَاِنْ اَطَعْنَكُمْ فَلَا تَبْغُوْا

অহ্জুরূহুন্না ফিল্ মাদ্বোয়া-জ্বি'ই অদ্বরিবূ হুন্না, ফাইন্ আত্বোয়া'নাকুম্ ফালা-তাব্গূ

তাদের শয্যাবস্থান বর্জন কর, শেষে তাদের প্রহার কর; যদি তোমাদের অনুগত হয়ে যায়, তবে তাদের

عَلَيْهِنَّ سَبِيْلًا ۗ اِنَّ اللّٰهَ كَانَ عَلِيًّا كَبِيْرًا ۝ وَاِنْ خِفْتُمْ شِقَاقَ بَيْنِهِمَا فَابْعَثُوْا

'আলাইহিন্না সাবীলা-; ইন্নাল্লা- হা কা-না 'আ-লিয়্যান্ কাবীরা- । ৩৫ । অইন্ খিফ্তুম্ শিক্বা-ক্বা বাইনিহিমা-ফাব্'আছূ

ব্যাপারে আর বাহানা খোঁজ করো না; আল্লাহ মহামর্যাদাবান। (৩৫) উভয়ের মধ্যে বিরোধের আশংকা করলে পুরুষ

حَكَمًا مِّنْ اَهْلِهٖ وَحَكَمًا مِّنْ اَهْلِهَا ۚ اِنْ يُّرِيْدَآ اِصْلَاحًا يُّوَفِّقِ اللّٰهُ بَيْنَهُمَا ۗ

হাকামাম্ মিন্ আহ্লিহী অহাকামাম্ মিন্ আহ্লিহা-, ইঁইয়ুরীদা ~ ইছ্লাহাইঁ ইয়ুওয়াফ্ফিক্বিল্লা-হু বাইনাহুমা-;

ও মহিলার বংশ হতে একজন করে সালিস নিযুক্ত করবে; উভয়ে মীমাংসা চাইলে আল্লাহ সম্প্রীতি সৃষ্টি করে

اِنَّ اللّٰهَ كَانَ عَلِيْمًا خَبِيْرًا ۝ وَاعْبُدُوا اللّٰهَ وَلَا تُشْرِكُوْا بِهٖ شَيْـًٔا وَّ

ইন্নাল্লা-হা কা-না 'আলীমান খাবীরা- । ৩৬ । অ'বুদুল্লা-হা অলা- তুশ্রিকূ বিহী শাইয়াওঁ অ

দেবেন; আল্লাহ জ্ঞানী, অবহিত। (৩৬) তোমরা আল্লাহর ইবাদত কর, কোন কিছু তাঁর সাথে শরীক করো না; আর

بِالْوَالِدَيْنِ اِحْسَانًا وَّبِذِى الْقُرْبٰى وَالْيَتٰمٰى وَالْمَسٰكِيْنِ وَالْجَارِ ذِى

বিল ওয়া-লিদাইনি ইহ্সা-নাওঁ অবিযিল্ ক্বুরবা- অল্ ইয়াতা-মা-অল্ মাসা-কীনি অল্ জ্বা-রি যিল্

সদ্ব্যবহার কর তোমাদের মাতা-পিতা, আত্মীয়-স্বজন, এতীম, গরীব, নিকটবর্তী প্রতিবেশী,

الْقُرْبٰى وَالْجَارِ الْجُنُبِ وَالصَّاحِبِ بِالْجَنْۢبِ وَابْنِ السَّبِيْلِ ۙ وَمَا

ক্বুরবা-অল্জ্বা-রিল জুনুবি অছ্ছোয়া-হিবি বিল্ জ্বাম্বি অব্নিস্ সাবীলি অমা-

দূরবর্তী প্রতিবেশীর সাথে, নিকট সঙ্গী, পথিক এবং তোমাদের অধিকারভুক্তদের (দাস দাসীর) সাথে;

مَلَكَتْ اَيْمَانُكُمْ ۗ اِنَّ اللّٰهَ لَا يُحِبُّ مَنْ كَانَ مُخْتَالًا فَخُوْرًا ۙ

মালাকাত্ আইমা-নুকুম্; ইন্নাল্লা-হা লা-ইয়ুহিব্বু মান্ কা-না মুখ্তা-লান্ ফাখূরা-

নিশ্চয়ই আল্লাহ ভালবাসেন না অহংকারী ও দাম্ভিকদের।

আয়াত-৩৬ঃ আলোচ্য আয়াতে আল্লাহ্ তা'আলা সকল আদম সন্তানকে এটাই বলে দিয়েছেন যে, তোমাদের এ শ্রেষ্ঠত্ব কেবমলমাত্র পার্থিব। পারলৌকিক শ্রেষ্ঠত্ব যখন মূল বিষয় তখন এতে ভিন্ন রূপও ধারণ করার সম্ভাবনা আছে, যাতে মুনিব থেকে চাকর, স্বামী থেকে স্ত্রী, আমীর থেকে গরীব আপন আপন কর্মফলের ভিত্তিতে অগ্রগামী হয়ে যাবে। তাই এখানে পারলৌকিক ফায়দার কথা বর্ণনা করেছেন, যা মুখ্য উদ্দেশ্য ও আসল শ্রেষ্ঠত্ব! এ প্রাধান্য ও শ্রেষ্ঠত্ব অর্জন করা দুটি শক্তির সংশোধনের উপর নির্ভর করে– প্রথমটি হল দৃঢ় বিশ্বাস ভিত্তিক আর দ্বিতীয়টি হল আমলী বা কর্ম ভিত্তিক। প্রথমটির সংশোধনের জন্য বলা হয়েছে– আল্লাহর একক সত্তায় বিশ্বাস স্থাপন করে একনিষ্ঠভাবে তাঁরই ইবাদতে রত থাকার কথা। আর দ্বিতীয়টির সংশোধনের নিমিত্ত নয়টি আদেশ দেয়া হয়েছে। প্রথম– মা-বাবার প্রতি অনুগ্রহশীল হওয়া এবং তাঁদের সাথে সদ্ব্যবহার করা।

﴿٣٧﴾ الَّذِينَ يَبْخَلُونَ وَيَأْمُرُونَ النَّاسَ بِالْبُخْلِ وَيَكْتُمُونَ مَا آتَاهُمُ اللَّهُ

৩৭। নিল্লাযীনা ইয়াব্খালূনা অইয়া''মুরূনান্ না-সা বিল্বুখ্লি অইয়াক্তুমূনা মা ~ আ-তা-হুমুল্লা-হু

(৩৭) যারা নিজেরা কৃপণ এবং অন্য মানুষকেও কৃপণতার নির্দেশ দেয়, আর আল্লাহর করুণার দানকে গোপন

مِنْ فَضْلِهِ ۗ وَأَعْتَدْنَا لِلْكَافِرِينَ عَذَابًا مُهِينًا ﴿٣٨﴾ وَالَّذِينَ يُنْفِقُونَ أَمْوَالَهُمْ

মিন্ ফাদ্বলিহ্ অআ'তাদ্না-লিল্কা-ফিরীনা 'আযা-বাম্ মুহীনা-। ৩৮। অল্লাযীনা ইয়ুন্ফিকূ্না আম্ওয়া-লাহুম্

করে; আমি প্রস্তুত করে রেখেছি কাফেরদের জন্য অপমাননাকর শাস্তি। (৩৮) যারা স্বীয় ধন-সম্পদ লোক দেখানোর

رِئَاءَ النَّاسِ وَلَا يُؤْمِنُونَ بِاللَّهِ وَلَا بِالْيَوْمِ الْآخِرِ ۗ وَمَنْ يَكُنِ الشَّيْطَانُ

রিয়া — য়ান্না-সি অলা-ইয়ু''মিনূনা বিল্লা-হি অলা-বিল্ইয়াওমিল্ আ-খির্; অমাই ইয়াকুনিশ্ শাইত্বোয়ানু

জন্য ব্যয় করে এবং যারা ঈমান আনে না আল্লাহ ও পরকালের প্রতি; আর শয়তান যার সঙ্গী

لَهُ قَرِينًا فَسَاءَ قَرِينًا ﴿٣٩﴾ وَمَاذَا عَلَيْهِمْ لَوْ آمَنُوا بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ وَ

লাহূ ক্বারীনান্ ফাসা — য়া ক্বারীনা-। ৩৯। অমা-যা-'আলাইহিম্ লাও আ-মানূ বিল্লা-হি অল্ইয়াওমিল্ আ-খিরি অ

সে সাথী কতই না জঘন্য। (৩৯) আর কিইবা ক্ষতি হত তাদের যদি তারা ঈমান আনত আল্লাহ ও পরকালের প্রতি

أَنْفَقُوا مِمَّا رَزَقَهُمُ اللَّهُ ۚ وَكَانَ اللَّهُ بِهِمْ عَلِيمًا ﴿٤٠﴾ إِنَّ اللَّهَ لَا يَظْلِمُ مِثْقَالَ

আন্ফাকূ্ মিম্মা-রাযাক্বা হুমুল্লা-হ্; অকা-নাল্লা-হু বিহিম্ 'আলীমা-। ৪০। ইন্নাল্লা-হা লা-ইয়াজ্লিমু মিছ্ক্বা-লা

এবং আল্লাহর দেয়া বস্তু ব্যয় করত; আল্লাহ্ এদেরকে ভালভাবে জানেন। (৪০) আল্লাহ বিন্দু পরিমাণও জুলুম

ذَرَّةٍ ۖ وَإِنْ تَكُ حَسَنَةً يُضَاعِفْهَا وَيُؤْتِ مِنْ لَدُنْهُ أَجْرًا عَظِيمًا ﴿٤١﴾ فَكَيْفَ

যার্রাতিন্ অইন্ তাকু হাসানাতাই ইয়ুদ্বোয়া-'ইফ্হা অইয়ু''তি মিল্লাদুন্হু আজ্ রান্ 'আজীমা-। ৪১। ফাকাইফা

করেন না; আর একটি নেক হলে দ্বিগুণ করে দেন; নিজ তরফ হতে মহা বিনিময় দেবেন। (৪১) আর তখন কিরূপ

إِذَا جِئْنَا مِنْ كُلِّ أُمَّةٍ بِشَهِيدٍ وَجِئْنَا بِكَ عَلَىٰ هَٰؤُلَاءِ شَهِيدًا ﴿٤٢﴾ يَوْمَئِذٍ

ইযা-জ্বি'না-মিন্ কুল্লি উম্মাতিম্ বিশাহীদিওঁ অজ্বি'না বিকা'আলা- হা ~ উলা — য়ি শাহীদা-। ৪২। ইয়াওমায়িযিইঁ

হবে? যখন প্রত্যেক উম্মত হতে এক একজন সাক্ষী আনব এবং আপনাকেও তাদের ওপর সাক্ষী হিসেবে আনব। (৪২) যারা

يَوَدُّ الَّذِينَ كَفَرُوا وَعَصَوُا الرَّسُولَ لَوْ تُسَوَّىٰ بِهِمُ الْأَرْضُ وَلَا يَكْتُمُونَ

ইয়াঅদ্দুল্লাযীনা কাফারূ অআছোয়াউর্ রাসূলা লাও তুসাও ওয়া বিহিমুল্ আর্দ্ব; অলা-ইয়াক্তুমূনাল্

কাফের ও রাসূলের অবাধ্য, তারা সেদিন কামনা করবে যে, যদি তারা মাটিতে মিশে যেত; আর তারা আল্লাহর নিকট কোন

ওয়াকুফুন্নবী (ছাঃ)

দ্বিতীয় সকল আত্মীয়-স্বজনের সাথে মর্যাদানুসারে বৈষম্যহীন আচরণ করা। তৃতীয়– অনাথ ও এতীমদের স্বার্থে কাজ করা। চতুর্থ– দরিদ্র ও দুঃস্থ মানবের কল্যাণ করা। পঞ্চম– নিকটতম প্রতিবেশীদের সাথে সদাচরণ করা। ষষ্ঠ– দূরের প্রতিবেশীদের সাথে অমায়িক ব্যবহার করা। সপ্তম–সঙ্গী সাথীদের সাথে সদ্ব্যবহার করা। অষ্টম– পথিক ও মুসাফিরদেরকে সঙ্গত ও রুচি সম্মত আপ্যায়ণ করা। নবম– নিজের দাস -দাসীদের সাথে কল্যাণজনক আচরণ করা। শানেনুযূলঃ আয়াত-৩৭ঃ হযরত ইবনে আব্বাস ও ইবনে যাইদ, হাই ইবনে আখতাব, রেফা'আ ইবনে যাইদ, ইবনে তাবুত, উছামা ইবনে হাবীব, নাফে এবং বাহার ইবনে আমর ইত্যাদি কতিপয় ইহুদী সম্বন্ধে এ আয়াতটি নাযিল হয়। তারা জনৈক আনসারীর নিকট আসা যাওয়া করত এবং বলত–"এভাবে তোমার ধন-সম্পদ ব্যয় করে ফেলও না, পাছে তুমি দরিদ্র হয়ে যাও, এ আশঙ্কা হয়। তখন যে অবস্থার

৬ ع ৯ ৩ রুকু

اللهَ حَدِيثًا ۞ يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَقْرَبُوا الصَّلٰوةَ وَاَنْتُمْ سُكٰرٰى حَتّٰى

লা-হা হাদীছা। ৪৩। ইয়া ~ আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ লা-তাক্বরাবুছ্ ছলা-তা অআন্‌তুম্ সুকা-রা-হাত্তা-

কথাই গোপন করতে পারবে না। (৪৩) হে মু'মিনরা! নেশাগ্রস্ত অবস্থায় তোমরা নামাযের কাছেও যেয়ো না,

تَعْلَمُوْا مَا تَقُوْلُوْنَ وَلَا جُنُبًا اِلَّا عَابِرِىْ سَبِيْلٍ حَتّٰى تَغْتَسِلُوْا ؕ وَاِنْ كُنْتُمْ

তা'লামূ মা -তাক্বূলূনা অলা-জুনুবান্ ইল্লা-'আ-বিরী সাবীলিন্ হাত্তা- তাগ্‌তাসিলূ; অইন্ কুন্‌তুম্

যতক্ষণ না তোমরা যা বল তা বুঝতে পার,আর নাপাক অবস্থায়, যতক্ষণ না তোমরা গোসল কর, তবে মুসাফির হলে অন্য কথা;

مَّرْضٰٓى اَوْ عَلٰى سَفَرٍ اَوْ جَآءَ اَحَدٌ مِّنْكُمْ مِّنَ الْغَآئِطِ اَوْ لٰمَسْتُمُ النِّسَآءَ فَلَمْ

মারদ্বোয়া ~ আও 'আলা-সাফারিন্ আও জ্বা — য়া আহাদুম্ মিন্‌কুম্ মিনাল্ গা — য়িত্বি আও লা-মাস্‌তুমুন্ নিসা —য়া ফালাম্

আর যদি তোমরা রুগী হও সফরে থাক বা কেউ শৌচাগার হতে আস বা স্ত্রী সহবাস কর, আর পানি না পাও,

تَجِدُوْا مَآءً فَتَيَمَّمُوْا صَعِيْدًا طَيِّبًا فَامْسَحُوْا بِوُجُوْهِكُمْ وَاَيْدِيْكُمْ ؕ اِنَّ

তাজ্বিদূ মা —য়ান্ ফাতাইয়াম্মামূ ছোয়া'ঈদান্ ত্বোয়াইয়্যিবান্ ফাম্‌সাহূ বিউজূহিকুম্ অআইদীকুম্; ইন্নাল্

তবে তোমরা পবিত্র মাটি দিয়ে তায়াম্মুম কর; আর মাসেহ কর চেহারা ও হাত; নিশ্চয়ই

اللهَ كَانَ عَفُوًّا غَفُوْرًا ۞ اَلَمْ تَرَ اِلَى الَّذِيْنَ اُوْتُوْا نَصِيْبًا مِّنَ الْكِتٰبِ

লা-হা কা-না 'আফুও ওয়ান্ গাফূরা-। ৪৪। আলাম্ তারা ইলাল্লাযীনা উতূ নাছীবাম্ মিনাল্ কিতা-বি

আল্লাহ্ ক্ষমাশীল, গুনাহ্ মার্জনাকারী। (৪৪) কিতাবের কিছু অংশ প্রাপ্তদের প্রতি কি আপনি তাকাননি? অথচ তারা

يَشْتَرُوْنَ الضَّلٰلَةَ وَيُرِيْدُوْنَ اَنْ تَضِلُّوا السَّبِيْلَ ۞ وَاللهُ اَعْلَمُ بِاَعْدَآئِكُمْ ؕ

ইয়াশ্‌তারূনাদ্ব্‌ দ্বোয়ালা-লাতা অইয়ুরীদূনা আন্ তাদ্বিল্লুস্ সাবীল্। ৪৫। অল্লা-হু আ'লামু বিআ'দা — য়িকুম্;

ক্রয় করে গোমরাহী; তারা চায় যে, তোমরাও যেন পথ-ভ্রষ্ট হও। (৪৫) আল্লাহ তোমাদের শত্রুদেরকে ভালভাবেই চিনেন;

وَكَفٰى بِاللهِ وَلِيًّا ۙ وَّكَفٰى بِاللهِ نَصِيْرًا ۞ مِنَ الَّذِيْنَ هَادُوْا يُحَرِّفُوْنَ

অকাফা- বিল্লা-হি অলিয়্যাওঁ অকাফা- বিল্লা-হি নাছীরা-। ৪৬। মিনাল্লাযীনা হা-দূ ইয়ুহার্‌রিফূনাল্

আল্লাহ উপযুক্ত বন্ধু; আল্লাহ্‌ই যথেষ্ট সাহায্যকারী। (৪৬) ইহুদীদের একটি অংশ হের-ফের করে

الْكَلِمَ عَنْ مَّوَاضِعِهٖ وَيَقُوْلُوْنَ سَمِعْنَا وَعَصَيْنَا وَاسْمَعْ غَيْرَ مُسْمَعٍ وَّرَاعِنَا

কালিমা 'আম্ মাওয়া-দ্বি'ইহী অইয়াক্বূলূনা সামি'না- ওয়া'আছোয়াইনা- অস্‌মা' গাইরা মুস্‌মা'ইওঁ অরা-'ইনা-

কথা নিয়ে, আর বলে, আমরা শুনলাম, অমান্য করলাম, তাদের শুনা না শুনার মত; তারা জিহ্বা

সম্মুখীন হবে তা তুমি খণ্ডাতে পারবে না। আর কারও মতে আয়াতটি সেসব ইহুদী সম্বন্ধে অবতীর্ণ হয়, যারা রাসূলুল্লাহ (ছঃ)-এর গুণাবলী ও পরিচয় বর্ণনায় বখিল অর্থাৎ তা গোপন করার চেষ্টা করত। আর হযরত সায়ীদ ইবনে যাইদ (রাঃ) বললেন, আলোচ্য আয়াতটি আল্লাহর হুকুম গোপন করার উপর ভর্ৎসনার্থে নাযিল হয়। শানেনুযূল ঃ আয়াত-৪৩ঃ একদা হযরত আবদুর রহমান ইবনে আওফ (রাঃ) তার গৃহে হযরত আলী (রাঃ)-সহ কয়েকজন সাহাবীকে দাওয়াত করেন। খাওয়ার পর মদ পান শুরু করল, কেননা, তখনও শরাব পান হারাম ছিল না। তাঁরা নেশায় থাকা অবস্থায় মাগরিবের আযান হল এবং হযরত আলী (রাঃ) কে ইমাম দাঁড় করালেন। তিনি নেশার মধ্যে সূরাটি পাঠ করতে তথাকার কিছু কিছু অংশ বাদ দিয়েই শেষ পর্যন্ত পাঠ করার ফলে তৌহীদের বিপরীত অর্থই হয়ে যায়। এ ব্যাপারেই উক্ত আয়াতটি নাযিল হয়।

لَيًّا بِأَلْسِنَتِهِمْ وَطَعْنًا فِي الدِّينِ ۚ وَلَوْ أَنَّهُمْ قَالُوا سَمِعْنَا وَأَطَعْنَا وَاسْمَعْ

লাইয়্যাম্ বিআল্সিনাতিহিম্ অত্বোয়া'নান্ ফিদ্দীন্; অলাও আন্নাহুম্ ক্বা-লূ সামি'না- অআত্বোয়া'না অস্মা'

ঘুরিয়ে এবং দ্বীনকে বিদ্রূপ করে বলে"রা-ইনা"; যদি তারা বলত, আমরা শুনলাম, মান্য করলাম, শুনুন

وَانْظُرْنَا لَكَانَ خَيْرًا لَهُمْ وَأَقْوَمَ وَلَٰكِنْ لَعَنَهُمُ اللَّهُ بِكُفْرِهِمْ فَلَا

ওয়ানজুর্না- লাকা-না খাইরাল্লাহুম্ অআক্ব্ওয়ামা অলা-কিল্ লা'আনাহুমুল্লা-হু বিকুফ্রিহিম্ ফালা-

আর আমাদেরকে দেখুন, তবে তাদেরই কল্যাণ হত; কিন্তু আল্লাহ তাদের অভিশপ্ত করেছেন, তাদের কুফরীর কারণে,

يُؤْمِنُونَ إِلَّا قَلِيلًا ﴿٤٧﴾ يَا أَيُّهَا الَّذِينَ أُوتُوا الْكِتَابَ آمِنُوا بِمَا نَزَّلْنَا مُصَدِّقًا

ইয়ু"মিনূনা ইল্লা-ক্বালীলা- ।৪৭। ইয়া ~ আইয়্যুহাল্লাযীনা উতুল্ কিতা-বা আ-মিনূ বিমা- নায্যাল্না-মুছোয়াদ্দিক্বাল্

অল্পসংখ্যকই ঈমান আনবে। (৪৭) হে কিতাবীরা! তোমরা ঈমান আন তাতে যা নাযিল করেছি আর যা আছে তার সমর্থকরূপে।

لِمَا مَعَكُمْ مِنْ قَبْلِ أَنْ نَطْمِسَ وُجُوهًا فَنَرُدَّهَا عَلَىٰ أَدْبَارِهَا أَوْ نَلْعَنَهُمْ كَمَا

লিমা-মা'আকুম্ মিন্ ক্বাব্লি আন্ নাত্বমিসা উজুহান্ ফানারুদ্দাহা-'আলা ~ আদ্বা-রিহা ~ আও নাল্'আনাহুম্ কামা-

এরপূর্বে যে, আমি তোমাদের মুখ বিকৃত করে দেব, তারপর সেগুলোকে পেছনের দিকে ফিরিয়ে দেব বা শনিবার

لَعَنَّا أَصْحَابَ السَّبْتِ ۚ وَكَانَ أَمْرُ اللَّهِ مَفْعُولًا ﴿٤٨﴾ إِنَّ اللَّهَ لَا يَغْفِرُ أَنْ يُشْرَكَ

লা'আন্না~ আছ্হা-বাস্ সাব্ত; অকা-না আম্রুল্লা-হি মাফ্'উলা-৪৮। ইন্নাল্লা-হা লা-ইয়াগ্ফিরু আইঁ ইয়ুশ্রাকা

ওয়ালাদের লা'নতের মত লা'নত করব। আল্লাহর আদেশই কার্যকরী হয়ে থাকে। (৪৮) আল্লাহর সাথে শরীক করলে

بِهِ وَيَغْفِرُ مَا دُونَ ذَٰلِكَ لِمَنْ يَشَاءُ ۚ وَمَنْ يُشْرِكْ بِاللَّهِ فَقَدِ افْتَرَىٰ إِثْمًا

বিহী অইয়াগ্ফিরু মা- দূনা যা-লিকা লিমাইঁ ইয়াশা — উ অমাইঁ ইয়ুশ্রিক্ বিল্লা- হি ফাক্বাদিফ্ তারা ~ ইছ্মান্

আল্লাহ ক্ষমা করেন না, আর অন্য সব অপরাধ যাকে ইচ্ছা ক্ষমা করবেন; আর যে, আল্লাহর সাথে শরীক করে সে মহা

عَظِيمًا ﴿٤٩﴾ أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ يُزَكُّونَ أَنْفُسَهُمْ ۚ بَلِ اللَّهُ يُزَكِّي مَنْ يَشَاءُ

'আজীমা- ।৪৯। আলাম্ তারা ইলাল্লাযীনা ইয়ুযাক্কূনা আন্ফুসাহুম্ ; বালিল্লা-হু ইয়ুযাক্কী মাইঁ ইয়াশা —উ

পাপ করে। (৪৯) আপনি কি তাদের দেখেন নি যারা পবিত্র মনে করে নিজেদের ? বরং আল্লাহ তাঁর ইচ্ছামত পবিত্র করেন;

وَلَا يُظْلَمُونَ فَتِيلًا ﴿٥٠﴾ انْظُرْ كَيْفَ يَفْتَرُونَ عَلَى اللَّهِ الْكَذِبَ ۖ وَكَفَىٰ

অলা-ইয়ুজ্লামূনা ফাতীলা- ।৫০। উন্জুর্ কাইফা ইয়াফ্তারূনা 'আলাল্লা-হিল্ কাযিব্ ; অকাফা-

বিন্দু পরিমাণ অবিচারও হবে না। (৫০) দেখুন, তারা আল্লাহর প্রতি কিরূপ অপবাদ দিচ্ছে? সুস্পষ্ট অপরাধী

শানেনুযূল ঃ আয়াত-৪৮ঃ যখন রাসূলুল্লাহ (ছঃ) ইহুদী আলেম সম্প্রদায়কে আহ্বান করে বলেন, হে ইহুদী সম্প্রদায়! আল্লাহকে ভয় কর এবং ইসলাম কবূল কর। কেননা, তোমরা সম্যক অবগত আছ যে, পবিত্র-এ কোরআন ও বিধানাবলী মহান প্রতিপালক আল্লাহ তা'আলার তরফ থেকে তোমাদের হেদায়েতের জন্য অবতীর্ণ হয়েছে। এতদ্ব্যতীত আল্লাহ তা'আলা হযরত মূসা আলাইহিস সালামের প্রতি অবতীর্ণ কিতাব তাওরাতেও আমার সম্পর্কে তোমাদেরকে জানিয়ে দিয়েছেন। ইহুদীরা হিংসার বশবর্তী হয়ে রাসূলুল্লাহ (ছঃ)-এর গুণাবলী ও পবিত্র কোরআন সম্পর্কে অবহিত নয় বলে জানিয়ে দেয়। তখন অত্র আয়ত অবতীর্ণ হয়। সময় থাকতে আত্মরক্ষার সুযোগ গ্রহণ কর, পবিত্র কোরআনের প্রতি ঈমান আন এবং তাওরাতে বর্ণিত নির্দেশাদির সত্যতা ঘোষণা কর। -(ইযাহুল কোরআন)।

৭ ع ৮ ৪ রুকু

بِهٖۤ اِثْمًا مُّبِيْنًا ﴿٥٠﴾ اَلَمْ تَرَ اِلَى الَّذِيْنَ اُوْتُوْا نَصِيْبًا مِّنَ الْكِتٰبِ يُؤْمِنُوْنَ

বিহী ~ ইছ্‌মাম্ মুবীনা-। ৫১। আলাম্ তারা ইলাল্লাযীনা উতূ নাছীবাম্ মিনাল্ কিতা-বি ইয়ু''মিনূনা

হিসেবে এটাই যথেষ্ট। (৫১) তুমি কি তাদেরকে দেখনি? যারা কিতাবের কিছু অংশ পেয়েছে? তারা প্রতিমা

بِالْجِبْتِ وَالطَّاغُوْتِ وَيَقُوْلُوْنَ لِلَّذِيْنَ كَفَرُوْا هٰۤؤُلَآءِ اَهْدٰى مِنَ الَّذِيْنَ

বিল্ জিব্‌তি অত্তোয়া-গূতি অইয়াক্বূলূনা লিল্লাযীনা কাফারূ হা ~ উলা —য়ি আহ্‌দা-মিনাল্লাযীনা

ও তাগুতে শয়তানের পথে বিশ্বাসী; আর তারা কাফেরদের বলে, এরা মু'মিনদের চেয়ে অধিকতর

اٰمَنُوْا سَبِيْلًا ﴿٥١﴾ اُولٰٓئِكَ الَّذِيْنَ لَعَنَهُمُ اللّٰهُ ؕ وَمَنْ يَّلْعَنِ اللّٰهُ فَلَنْ تَجِدَ لَهٗ

আ-মানূ সাবীলা-। ৫২। উলা — য়িকাল্লাযীনা লা'আনাহুমুল্লা-হ্ ; অমাইঁ ইয়াল্'আনিল্লা-হু ফালান্ তাজ্বিদা লাহূ

সুপথগামী। (৫২) তাদের প্রতি এ জন্যই আল্লাহর লা'নত, যারা আল্লাহর অভিশপ্ত, তাদের সাহায্যকারী পাবেন

نَصِيْرًا ﴿٥٢﴾ اَمْ لَهُمْ نَصِيْبٌ مِّنَ الْمُلْكِ فَاِذًا لَّا يُؤْتُوْنَ النَّاسَ نَقِيْرًا ﴿٥٣﴾ اَمْ

নাছীরা-। ৫৩। আম্ লাহুম্ নাছীবুম্ মিনাল্ মুল্‌কি ফাইযাল্ লা-ইয়ু''তূনান্না-সা নাক্বীরা-। ৫৪। আম্

না। (৫৩) তবে কি তাদের রাজত্বে অংশ আছে? এক্ষেত্রে তারা কাকেও তিল পরিমাণ কিছু দেবে না। (৫৪) তারা কি

يَحْسُدُوْنَ النَّاسَ عَلٰى مَاۤ اٰتٰىهُمُ اللّٰهُ مِنْ فَضْلِهٖ ۚ فَقَدْ اٰتَيْنَاۤ اٰلَ اِبْرٰهِيْمَ

ইয়াহ্‌সুদূনান্ না-সা 'আলা-মা ~ আ-তা-হুমুল্লা-হু মিন্ ফাদ্বলিহী ফাক্বাদ্ আ-তাইনা ~ আ-লা ইব্রা-হীমাল্

মানুষকে হিংসা করে আল্লাহ স্বীয় করুণায় লোকদের যা দিয়েছেন তার প্রতি? আমি তো ইব্রাহীমের

الْكِتٰبَ وَالْحِكْمَةَ وَاٰتَيْنٰهُمْ مُّلْكًا عَظِيْمًا ﴿٥٤﴾ فَمِنْهُمْ مَّنْ اٰمَنَ بِهٖ وَمِنْهُمْ مَّنْ

কিতা-বা অল্ হিক্‌মাতা অআ-তাইনা-হুম্ মুল্‌কান্ আজীমা-। ৫৫। ফামিন্‌হুম্ মান্ আ-মানা বিহী অমিন্‌হুম্ মান্

বংশকে কিতাব ও হিকমত দিয়েছি, আর দিয়েছি বিশাল সাম্রাজ্য। (৫৫) তারপর তাদের কেউ বিশ্বাস করেছে

صَدَّ عَنْهُ ؕ وَكَفٰى بِجَهَنَّمَ سَعِيْرًا ﴿٥٥﴾ اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا بِاٰيٰتِنَا سَوْفَ

ছোয়াদ্দা 'আন্‌হু; অকাফা-বিজ্বাহান্নামা সা'ঈরা-। ৫৬। ইন্নাল্লাযীনা কাফারূ বিআ-ইয়া-তিনা- সাওফা

আর কেউ রয়েছে বিরত। তাদের জ্বালানোর জন্য জাহান্নামই যথেষ্ট। (৫৬) নিশ্চয়ই যারা আমার আয়াতের অস্বীকারকারী

نُصْلِيْهِمْ نَارًا ؕ كُلَّمَا نَضِجَتْ جُلُوْدُهُمْ بَدَّلْنٰهُمْ جُلُوْدًا غَيْرَهَا لِيَذُوْقُوا

নুছ্‌লীহিম্ না-রা-; কুল্লামা- নাদ্বিজ্বাত্ জ্বু-লূদুহুম্ বাদ্দাল্‌না-হুম্ জ্বু-লূদান্ গাইরাহা- লিইয়াযূক্বু-ল্

তাদেরকে শীঘ্রই আগুনে প্রবেশ করাব যখনই তাদের চামড়া জ্বলবে, তখনই অন্য চামড়া দিয়ে দেব; যেন

শানেনুযূল ঃ আয়াত-৫১ ঃ ওহুদ যুদ্ধের পর ইহুদী নেতা কা'আব ইবনে আশরাফ ৭০ জন সঙ্গীসহ মুসলমানদের বিরুদ্ধে কোরাইশদেরকে যুদ্ধের জন্য খেঁপিয়ে তোলার মানসে মক্কাভিমুখে যাত্রা করল। কা'আব আবুসুফিয়ানের গৃহে আর অন্যান্য ইহুদীরা অন্যান্য কোরাইশদের গৃহে অবস্থান নিল। কোরাইশরা ইহুদীদের বলল, তোমারাও কিতাবী এবং মুহাম্মদও কিতাবী। অতএব, বিচিত্র নয় যে, তোমরা উভয়ে মিলে একটি ছল-চাতুরী করছ। সুতরাং তোমরা যদি চাও যে, আমরাও তোমাদের সাথে একত্রিত হয়ে যুদ্ধে অগ্রসর হই। তবে তোমরা প্রথমে আমাদের প্রতিমাকে সেজদা কর। কা'আব বলল, তোমরা তো

الْعَذَابَ ۗ إِنَّ اللَّهَ كَانَ عَزِيزًا حَكِيمًا ﴿٥٧﴾ وَالَّذِينَ آمَنُوا وَعَمِلُوا

'আযা-ব্; ইন্নাল্লা-হা কা-না 'আযীযান্ হাকীমা-। ৫৭। অল্লাযীনা আ-মানূ অ'আমিলুছ্

আযাব ভুগতে পারে; নিশ্চয়ই আল্লাহ পরাক্রমশালী, বিজ্ঞ। (৫৭) আর যারা মু'মিন ও সৎকর্মশীল, অবশ্যই আমি

الصَّالِحَاتِ سَنُدْخِلُهُمْ جَنَّاتٍ تَجْرِي مِن تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا

ছোয়া- লিহা-তি সানুদ্‌খিলুহুম্ জান্না-তিন্ তাজ্‌রী মিন্ তাহ্‌তিহাল্ আন্‌হা-রু খা-লিদীনা ফীহা ~

তাদেরকে জান্নাতে প্রবেশ করাব, যার পাদদেশে ঝর্ণাধারা প্রবাহিত; তথায় তারা চিরদিন থাকবে,

أَبَدًا ۖ لَّهُمْ فِيهَا أَزْوَاجٌ مُّطَهَّرَةٌ ۖ وَنُدْخِلُهُمْ ظِلًّا ظَلِيلًا ﴿٥٨﴾ إِنَّ اللَّهَ

আবাদা-; লাহুম্ ফীহা ~ আয্‌ওয়া-জুম্ মুত্বোয়াহ্‌হারাতুঁও অনুদ্‌খিলুহুম্ জিল্লান্ জোয়ালীলা-। ৫৮। ইন্নাল্লা-হা

তাদের জন্য সেখানে রয়েছে পবিত্র স্ত্রী, আর ঘন ছায়াতলে তাদেরকে আশ্রয় দেব। (৫৮) আল্লাহ্‌ই

يَأْمُرُكُمْ أَن تُؤَدُّوا الْأَمَانَاتِ إِلَىٰ أَهْلِهَا وَإِذَا حَكَمْتُم بَيْنَ النَّاسِ أَن

ইয়া''মুরুকুম্ আন্ তুওয়াদ্দুল্ আমা-না-তি ইলা ~ আহ্‌লিহা-অইযা-হাকাম্‌তুম্ বাইনান্না-সি আন্

তোমাদেরকে আমানত ফেরত দেয়ার নির্দেশ দিচ্ছেন প্রাপকের কাছে। মানুষের মাঝে যখন মীমাংসা কর তখন

تَحْكُمُوا بِالْعَدْلِ ۚ إِنَّ اللَّهَ نِعِمَّا يَعِظُكُم بِهِ ۗ إِنَّ اللَّهَ كَانَ سَمِيعًا بَصِيرًا *

তাহ্‌কুমূ বিল্‌আদ্‌ল্; ইন্না ল্লা-হা নি'ইম্মা-ইয়া'ইজুকুম্ বিহ্'; ইন্নাল্লা-হা কা-না সামী'আম্ বাছীরা-।

ইনছাফ ভিত্তিক মিমাংসা করো। নিশ্চয়ই আল্লাহ উত্তম উপদেশ দিচ্ছেন; নিশ্চয়ই আল্লাহ সর্বশ্রোতা ও সর্বদ্রষ্টা।

﴿٥٩﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ وَأُولِي الْأَمْرِ مِنكُمْ ۖ

৫৯। ইয়া ~ আইয়্যুহাল্লাযীনা আ-মানূ ~ আত্বী'উ ল্লা-হা অআত্বী'উর্ রাসূলা অউলিল্ আম্‌রি মিন্‌কুম্

(৫৯) হে মু'মিনরা! তোমরা আনুগত্য কর আল্লাহ ও তাঁর রাসূল এবং তোমাদের মাঝে যে মীমাংসাকারী তার,

فَإِن تَنَازَعْتُمْ فِي شَيْءٍ فَرُدُّوهُ إِلَى اللَّهِ وَالرَّسُولِ إِن كُنتُمْ تُؤْمِنُونَ

ফাইন্ তানা-যা'তুম্ ফী শাইয়িন্ ফারুদ্দূহু ইলাল্লা-হি অর্‌রা-সূলি ইন্ কুন্‌তুম্ তু''মিনূনা

তারা কোন বিষয়ে মতভেদ করলে আল্লাহ ও রাসূলের দিকে তা সোপর্দ কর, যদি তোমরা আল্লাহ্ ও

بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ ۚ ذَٰلِكَ خَيْرٌ وَأَحْسَنُ تَأْوِيلًا ﴿٦٠﴾ أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ

বিল্লা-হি অল্ ইয়াওমিল্ আ-খির্; যা-লিকা খাইরুওঁ অ'আহ্‌সানু তা''ওয়ীলা-। ৬০। আলাম্ তারা ইলাল্লাযীনা

পরকালের প্রতি ঈমান এনে থাক ; এটাই উত্তম এবং পরিণামে চমৎকার। (৬০) আপনি কি তাদেরকে

রুকু ৮

নিজেদের আত্ম-সান্ত্বনা দিলে, আমরাও তোমাদের প্রতি তখনই পরিতুষ্ট হব যখন আমাদের ৩০ জন এবং তোমাদের ৩০ জন সম্মিলিতভাবে এ কা'বা গৃহের প্রাচীর ধরে তার মালিকের নামে শপথ করবে যে, আমরা সকলে মিলে মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধ করতে থাকব। কোরাইশরা কা'আবের এ প্রস্তাব গ্রহণ করল। অতঃপর কথা প্রসঙ্গে কোরাইশ কাফেররা ইহুদীদের জিজ্ঞেস করল যে, কারাই বা হিদায়েতের উপর আছে? কা'আব বলল, তোমাদের ধর্মের পরিচয় দাও। আবু সুফিয়ান নিজেদের ধর্মের কিছু ব্যাখ্যা দান করে বলল, মুহাম্মদ স্বীয় পৈত্রিক ধর্ম ত্যাগ করে কা'বা হতে পৃথক হয়ে গিয়েছে। তখন কা'আব বলল, তোমরাই উত্তম। এ প্রেক্ষিতে আয়াতটি অবতীর্ণ হয়।

يَزْعُمُونَ أَنَّهُمْ آمَنُوا بِمَا أُنْزِلَ إِلَيْكَ وَمَا أُنْزِلَ مِنْ قَبْلِكَ يُرِيدُونَ

ইয়ায্‌'উমূনা আন্নাহুম্ আ-মানূ বিমা ~ উন্‌যিলা ইলাইকা অমা ~ উন্‌যিলা মিন্ ক্বাব্‌লিকা ইয়ুরীদূনা

দেখেন নি? যারা দাবী করে যে, আপনার প্রতি এবং পূর্ববর্তীদের প্রতি যা অবতীর্ণ হয়েছে তারা তা বিশ্বাস করে,

أَنْ يَتَحَاكَمُوا إِلَى الطَّاغُوتِ وَقَدْ أُمِرُوا أَنْ يَكْفُرُوا بِهِ ۖ وَيُرِيدُ

আইঁ ইয়াতাহা-কামূ ~ ইলাত্ব ত্বোয়া-গূতি অক্বাদ্ উমিরূ ~ আইঁ ইয়াক্‌ফুরূ বিহ্; অইয়ুরীদুশ্

অথচ তারা বিচার চায় তাগুতের নিকট যদিও তা অমান্য করার জন্য তারা আদেশপ্রাপ্ত, আর শয়তান

الشَّيْطَانُ أَنْ يُضِلَّهُمْ ضَلَالًا بَعِيدًا ﴿٦١﴾ وَإِذَا قِيلَ لَهُمْ تَعَالَوْا إِلَىٰ مَا أَنْزَلَ

শাইত্বোয়া-নু আইঁ ইয়ুদ্বিল্লাহুম্ দ্বোয়ালা-লাম্ বা'ঈদা-। ৬১। অইযা-ক্বীলা লাহুম্ তা'আ-লাও ইলা-মা ~ আন্‌যালাল্

তাদেরকে পথভ্রষ্ট করে বহুদূরে নিয়ে যেতে চায়। (৬১) আর যখন তাদেরকে বলা হয়, এসো আল্লাহর অবতীর্ণ বস্তু

اللَّهُ وَإِلَى الرَّسُولِ رَأَيْتَ الْمُنَافِقِينَ يَصُدُّونَ عَنْكَ صُدُودًا ﴿٦٢﴾ فَكَيْفَ

লা-হু অইলার্ রাসূলি রাআইতাল্ মুনা-ফিক্বীনা ইয়াছুদ্দূনা 'আন্‌কা ছুদূদা-। ৬২। ফাকাইফা

ও রাসূলের দিকে, তখন আপনার নিকট হতে মুনাফিকদের চলে যেতে দেখবেন। (৬২) তাদের কতৃকর্মের

إِذَا أَصَابَتْهُمْ مُصِيبَةٌ بِمَا قَدَّمَتْ أَيْدِيهِمْ ثُمَّ جَاءُوكَ يَحْلِفُونَ بِاللَّهِ

ইযা ~ আছোয়া-বাত্‌হুম্ মুছীবাতুম্ বিমা -ক্বাদ্দামাত্ আইদীহিম ছুম্মা জ্বা — উক্বা ইয়াহ্‌লিফূন্; বিল্লা-হি

জন্য মুছীবত আসলে অবস্থা কিরূপ হয়? তারা তো আল্লাহ্‌র দোহাই দিয়ে আপনার নিকট আগমন করে বলে

إِنْ أَرَدْنَا إِلَّا إِحْسَانًا وَتَوْفِيقًا ﴿٦٣﴾ أُولَٰئِكَ الَّذِينَ يَعْلَمُ اللَّهُ مَا فِي قُلُوبِهِمْ

ইন্ আরাদ্‌না ~ ইল্লা ~ ইহ্‌সা-নাওঁ অতাওফীক্বা-।৬৩।উলা — য়িকাল্লাযীনা ইয়া'লামুল্লা-হু মা-ফী কুলূবিহিম্

আমরা কল্যাণ ও সম্প্রীতি ছাড়া আর কিছু চাই না। (৬৩) আল্লাহ তাদের অন্তরের সবকিছু সম্যক অবগত; তাই

فَأَعْرِضْ عَنْهُمْ وَعِظْهُمْ وَقُلْ لَهُمْ فِي أَنْفُسِهِمْ قَوْلًا بَلِيغًا ﴿٦٤﴾ وَمَا أَرْسَلْنَا

ফাআ'রিদ্ব্ 'আন্‌হুম্ অ'ইজ্‌হুম্ অকুল্ লাহুম্ ফী ~ আন্‌ফুসিহিম্ ক্বাওলাম্ বালীগা-। ৬৪। অমা ~ আর্‌সাল্‌না-

তাদেরকে এড়িয়ে চলুন। এবং তাদের সদুপদেশ দিন ও হৃদয়গ্রাহী কথা বলুন। (৬৪) আমি তো রাসূল এ কারণেই

مِنْ رَسُولٍ إِلَّا لِيُطَاعَ بِإِذْنِ اللَّهِ ۚ وَلَوْ أَنَّهُمْ إِذْ ظَلَمُوا أَنْفُسَهُمْ جَاءُوكَ

মির্ রাসূলিন্ ইল্লা-লিইয়ুত্বোয়া-'আ বিইয্‌নিল্লা-হ্;অলাও আন্নাহুম্ ইয্ জোয়ালামূ ~ আন্‌ফুসাহুম্ জ্বা — উকা

পাঠিয়েছি, যেন আল্লাহর আদেশে তাঁর আনুগত্য করে, তারা নিজেদের প্রতি জুলুম করার পর যদি আপনার কাছে

আয়াত-৬৩ঃ শরীয়তের বিধান তো ঠিকই আছে। আমরা তাকে না-হক ভেবে অন্যত্র যাই নি। বরং আসল কথা হল, এই আইনানুগ বিচারের মধ্যে বিচারক কোন প্রকার সমঝোতার ব্যবস্থা গ্রহণ করতে পারেন না। কিন্তু পারস্পরিক আপোষ মীমাংসায় সেই সুযোগ সুবিধা পাওয়া যায়। এ কারণেই আমরা অন্যত্র অর্থাৎ হযরত ওমর (রাঃ)-এর নিকট গিয়েছিলাম। হত্যা সংক্রান্ত ঘটনার এই বিবরণটি হয় তো নিহত ব্যক্তিকে নিরপরাধী সাব্যস্ত করার জন্য হবে, অথবা হযরত ওমর (রাঃ) প্রতি হত্যার অভিযোগ আনয়নের জন্য হবে। এ আয়াতের দ্বারা আল্লাহ তা'আলা তাদের উক্ত বিবরণ রদ করেছেন। (বঃ কোঃ)

فَاسْتَغْفَرُوا اللّٰهَ وَاسْتَغْفَرَ لَهُمُ الرَّسُوْلُ لَوَجَدُوا اللّٰهَ تَوَّابًا رَّحِيْمًا ﴿٦٥﴾ فَلَا

ফাস্তাগ্ফারুল্লা-হা অস্তাগ্ফারা লাহুমুর্ রাসূলু লাওয়াজাদুল্লা-হা তাওয়্যা-বার্ রাহীমা-। ৬৫। ফালা-

এসে আল্লাহ্র কাছে ক্ষমা চাইত এবং রাসূলও ক্ষমা চাইতেন, তবে তারা আল্লাহকে ক্ষমাশীল, দয়ালু পেত। (৬৫) কিন্তু না,

وَرَبِّكَ لَا يُؤْمِنُوْنَ حَتّٰى يُحَكِّمُوْكَ فِيْمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لَا يَجِدُوْا

অরব্বিকা, লা-ইয়ু''মিনূনা হাত্তা-ইয়ুহাক্কিমূকা ফীমা -শাজারা বাইনাহুম্ ছুম্মা লা-ইয়াজিদূ

আপনার রবের কসম! এরা মু'মিন নয় যতক্ষণ না তারা বিবাদ মিমাংসার জন্য আপনার কাছে আসে, অতঃপর তারা

فِيْٓ اَنْفُسِهِمْ حَرَجًا مِّمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوْا تَسْلِيْمًا ﴿٦٦﴾ وَلَوْ اَنَّا كَتَبْنَا عَلَيْهِمْ

ফী ~ আন্ফুসিহিম্ হারাজাম্ মিম্মা-ক্বাদ্বোয়াইতা অইয়ুসাল্লিমূ তাস্লীমা-। ৬৬। অলাও আন্না-কাতাব্না-'আলাইহিম্

নিজেদের মনে কোন দ্বিধা করে না এবং আপনার রায় পুরোপুরি মেনে নেয়। (৬৬) যদি তাদের উপর ফরজ করতাম যে,

اَنِ اقْتُلُوْٓا اَنْفُسَكُمْ اَوِ اخْرُجُوْا مِنْ دِيَارِكُمْ مَّا فَعَلُوْهُ اِلَّا قَلِيْلٌ مِّنْهُمْ ؕ وَلَوْ

আনিক্বতুলূ ~ আন্ফুসাকুম্ আওয়িখ্রুজূ মিন্ দিয়া-রিকুম্ মা-ফা'আলূহু ইল্লা-ক্বালীলুম্ মিন্হুম্; অলাও

আত্মহত্যা কর বা দেশান্তর হও, তবে কিছুলোক ছাড়া কেউ তা করত না; যদি তারা তা করত, যা করতে তাদের

اَنَّهُمْ فَعَلُوْا مَا يُوْعَظُوْنَ بِهٖ لَكَانَ خَيْرًا لَّهُمْ وَاَشَدَّ تَثْبِيْتًا ﴿٦٧﴾ وَّاِذًا

আন্নাহুম্ ফা'আলূ মা-ইয়ূ'আজূনা বিহী লাকা-না খাইরাল্ লাহুম্ অআশাদ্দা তাছ্বীতা-। ৬৭। অইযাল্

উপদেশ দেয়া হয়, তবে তা পালন করলে তাদেরই কল্যাণ এবং দৃঢ়তার কারণ হত। (৬৭) তখন আমি

لَّاٰتَيْنٰهُمْ مِّنْ لَّدُنَّآ اَجْرًا عَظِيْمًا ﴿٦٨﴾ وَّلَهَدَيْنٰهُمْ صِرَاطًا مُّسْتَقِيْمًا ﴿٦٩﴾ وَمَنْ يُّطِعِ

লা আ-তাইনা হুম্ মিল্লাদুন্না ~ আজ্ রান্ 'আজীমা-। ৬৮। অলাহাদাইনা-হুম্ ছিরা-ত্বোয়াম্ মুস্তাক্বীমা-। ৬৯। অমাইঁ ইয়ুত্বিই' ল্

নিজেও তাদেরকে মহাপুরস্কার দিতাম। (৬৮) আর আমিই সরল পথ দেখাতাম। (৬৯) আর যারা

اللّٰهَ وَالرَّسُوْلَ فَاُولٰٓئِكَ مَعَ الَّذِيْنَ اَنْعَمَ اللّٰهُ عَلَيْهِمْ مِّنَ النَّبِيّٖنَ وَالصِّدِّيْقِيْنَ

লা-হা অর্রাসূলা ফাউলা — য়িকা মা'আল্লাযীনা আন্'আমাল্লা-হু 'আলাইহিম্ মিনান্নাবিয়্যীনা অছ্ছিদ্দিক্বীনা

আনুগত্য করে আল্লাহ ও তাঁর রাসূলের, তারা আল্লাহর নিয়ামত প্রাপ্ত যেমন- নবী, সত্যবাদী

وَالشُّهَدَآءِ وَالصّٰلِحِيْنَ ۚ وَحَسُنَ اُولٰٓئِكَ رَفِيْقًا ﴿٧٠﴾ ذٰلِكَ الْفَضْلُ مِنَ اللّٰهِ ؕ

অশ্শুহাদা — য়ি অছ্ছোয়া-লিহীনা অ হাসুনা উলা — য়িকা রাফীক্বা-।৭০। যা-লিকাল্ ফাদ্বলু মিনাল্লা-হ্;

শহীদ ও নেককারদের সাথে অবস্থান করবে। (৭০) এটা ঈমানদারদের জন্য আল্লাহর পক্ষ হতে অনুগ্রহ;

শানেনুযূলঃ আয়াত-৬৯ ঃ একদা কয়েকজন সাহাবী রাসূলুল্লাহ (ছঃ)-এর নিকট আবেদন করলেন, মৃত্যুর পর জান্নাতের মধ্যে আপনার যে উচ্চ মর্যাদাপূর্ণ আসন হবে সেখান পর্যন্ত পৌঁছা কি আমাদের পক্ষে সম্ভব হবে? তখন আমরা আপনার সাথে কেমন করে সাক্ষাত করে ধন্য হতে পারব। আর যদি সাক্ষাতই না হয়, তবে বিরহ যাতনায় সান্ত্বনাই বা কিরূপে লাভ করব। এমনকি এ চিন্তা ভাবনায় রাসূলুল্লাহ (ছঃ)-এর আযাদকৃত গোলাম হযরত ছৌবান (রাঃ) এর চেহারা বিমর্ষ হয়ে গিয়েছিল। রাসূলুল্লাহ (ছঃ) যখন তাঁর এই বিষণ্ণাবস্থা লক্ষ্য করলেন তখন তিনি তাঁর কোন রোগ-শোক হয়েছে কিনা জিজ্ঞাসা করলেন। উত্তরে হযরত ছৌবান (রাঃ) উক্ত চিন্তা-ভাবনার কথা পেশ করলেন। তখন আলোচ্য আয়াতটি অবতীর্ণ হয়।

৯ ع ১১ ৬ রুকু

وَكَفٰى بِاللّٰهِ عَلِيْمًا ﴿٧١﴾ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا خُذُوْا حِذْرَكُمْ فَانْفِرُوْا ثُبَاتٍ

অকাফা- বিল্লা-হি 'আলীমা- ।৭১। ইয়া ~ আইয়্যুহাল্লাযীনা আ-মানূ খুযূ হিয্‌রাকুম ফান্‌ফিরূ ছুবা-তিন

আল্লাহই যথেষ্ট জ্ঞানী। (৭১) হে ঈমানদাররা! সাবধানতা অবলম্বন কর; তারপর বেরিয়ে পড় পৃথক হয়ে অথবা

اَوِ انْفِرُوْا جَمِيْعًا ﴿٧٢﴾ وَاِنَّ مِنْكُمْ لَمَنْ لَّيُبَطِّئَنَّ ۚ فَاِنْ اَصَابَتْكُمْ مُّصِيْبَةٌ

আওয়িন্‌ফিরূ জ্বামী'আ- ।৭২। অইন্না মিন্‌কুম্ লামাল্ লাইয়ুবাত্তিয়ান্না ফাইন্ আছোয়া-বাত্‌কুম্ মুছীবাতুন্

একযোগে। (৭২) তোমাদের কেউ এমনও আছে, যে গড়িমসি করেই; যদি তোমাদের উপর কোন বিপদ আসে,

قَالَ قَدْ اَنْعَمَ اللّٰهُ عَلَيَّ اِذْ لَمْ اَكُنْ مَّعَهُمْ شَهِيْدًا ﴿٧٣﴾ وَلَئِنْ اَصَابَكُمْ فَضْلٌ

ক্বা-লা ক্বাদ্ আন'আমাল্লা-হু 'আলাইয়্যা ইয্ লাম্ আকুম্ মা'আহুম্ শাহীদা- ।৭৩। অলায়িন্ আছোয়া-বাকুম ফাদ্বলুম্

তখন বলে, আল্লাহ আমার প্রতি সদয়, আমি তাদের সঙ্গে ছিলাম না। (৭৩) আর যদি তোমাদের প্রতি অনুগ্রহ হয়

مِّنَ اللّٰهِ لَيَقُوْلَنَّ كَاَنْ لَّمْ تَكُنْ بَيْنَكُمْ وَبَيْنَهٗ مَوَدَّةٌ يّٰلَيْتَنِيْ كُنْتُ مَعَهُمْ

মিনাল্লা-হি লাইয়াকূ্লান্না কাআল্লাম্ তাকুম্ বাইনাকুম্ অবাইনাহূ মাওয়াদ্দাতুইঁ ইয়া-লাইতানী কুন্‌তু মা'আহুম্

আল্লাহর পক্ষ থেকে, তখন এমন ভাবে বলে যেন তোমাদের ও তাদের মাঝে কোন সম্পর্কই নেই, হায়! আমি যদি সঙ্গে

فَاَفُوْزَ فَوْزًا عَظِيْمًا ﴿٧٤﴾ فَلْيُقَاتِلْ فِيْ سَبِيْلِ اللّٰهِ الَّذِيْنَ يَشْرُوْنَ الْحَيٰوةَ الدُّنْيَا

ফাআফূযা ফাওযান্ 'আজীমা- ।৭৪। ফাল্‌ইয়ুক্বা-তিল্ ফী সাবীলিল্লা-হিল্ লাযীনা ইয়াশ্‌রূনাল্ হাইয়া-তাদ্দুন্‌ইয়া-

থাকতাম; তবে মহালাভে লাভবান হতাম। (৭৪) অতঃপর তারা যেন আল্লাহর পথে যুদ্ধ করে যারা দুনিয়ার জীবনকে বিক্রয়

بِالْاٰخِرَةِ ۗ وَمَنْ يُّقَاتِلْ فِيْ سَبِيْلِ اللّٰهِ فَيُقْتَلْ اَوْ يَغْلِبْ فَسَوْفَ نُؤْتِيْهِ اَجْرًا

বিল্ আ-খিরাহ্; অমাইঁ ইয়ুক্বা-তিল ফী সাবীলিল্লা-হি ফাইয়ুক্ব্‌তাল্ আও ইয়াগ্‌লিব্ ফাসাওফা নু'তীহি আজ্বরান্

করে পরকালের বিনিময়ে সুতরাং আল্লাহর পথে যুদ্ধ করে যে কেউ নিহত হোক বা বিজয়ী হোক তাকে মহা প্রতিদান

عَظِيْمًا ﴿٧٥﴾ وَمَا لَكُمْ لَا تُقَاتِلُوْنَ فِيْ سَبِيْلِ اللّٰهِ وَالْمُسْتَضْعَفِيْنَ مِنَ الرِّجَالِ

'আজীমা- । ৭৫। অমা-লাকুম্ লা-তুক্বা-তিলূনা ফী সাবীলিল্লা-হি অলমুস্‌তাদ্ব'আফীনা মিনার্ রিজ্বা-লি

প্রদান করব। (৭৫) তোমাদের কি হল যে, তোমরা আল্লাহর পথে যুদ্ধ কর না? সেসব অসহায় নর-নারী

وَالنِّسَآءِ وَالْوِلْدَانِ الَّذِيْنَ يَقُوْلُوْنَ رَبَّنَآ اَخْرِجْنَا مِنْ هٰذِهِ الْقَرْيَةِ الظَّالِمِ

অন্নিসা — য়ি অল্ ওয়িল্‌দা-নিল্লাযীনা ইয়াকূ্লূনা রব্বানা ~ আখ্‌রিজ্ব্‌না-মিন্ হা-যিহিল্ ক্বার্‌ইয়াতিজ্জোয়া-লিমি

ও শিশুদের জন্য যারা বলে, হে আমাদের রব! এ জনপদ হতে আমাদের বের করুন- যার অধিবাসী ভয়ানক জালিম।

শানেনুযূল ৪ আয়াত-৭১৪ মুজাহিদরা জেহাদের উদ্দেশে রওয়ানা হলে মুনাফিকরা বিভিন্ন অজুহাতে সরে পড়ত এবং যুদ্ধ থেকে ফেরার পর তারা বলত আমরা তো যাওয়ার জন্য প্রস্তুতই ছিলাম কিন্তু অমুক কাজে নিয়োজিত থাকায় একটু দেরী হয়ে গিয়েছিল, এদিকে আপনারা চলে গিয়েছেন। অনন্তর মুসলমানদের উপর কোন বিপদ আপতিত হলে বলত আমাদের সৌভাগ্য যে, আমরা যুদ্ধে যাই নি। আর মুসলমানরা বিজয়ী বেশে গণীমতের মাল নিয়ে ফিরলে তারা এ মর্মে পরিতাপ করতে থাকত যে, হায়! আমরাও এদের সাথে যুদ্ধে শরীক হলে গণীমতের মালের ভাগী হতে পারতাম। সাধারণতঃ উল্লেখিত অবস্থা মুনাফিক নেতা আবদুল্লাহ্ ইবনে উবাইয়েরই বৈশিষ্ট্য ছিল, তাই আয়াতটি তার সম্পর্কেই অবতীর্ণ হয়। (রঃ কোঃ)

أَهْلُهَا ۚ وَاجْعَل لَّنَا مِن لَّدُنكَ وَلِيًّا ۚ وَاجْعَل لَّنَا مِن لَّدُنكَ نَصِيرًا ﴿٧٦﴾ الَّذِينَ

আহ্লুহা- অজ্ 'আল্ লানা- মিল্লাদুন্কা অলিয়্যাওঁ অজ্ 'আল্ লানা-মিল্লাদুন্কা নাছীরা- ।৭৬। আল্লাযীনা
আমাদের জন্য আপনার নিকট হতে বন্ধু পাঠান, আর আপনার পক্ষ থেকে আমাদের জন্য সাহায্যকারী পাঠান। (৭৬) যারা

آمَنُوا يُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ ۖ وَالَّذِينَ كَفَرُوا يُقَاتِلُونَ فِي سَبِيلِ الطَّاغُوتِ

'আ-মানূ ইয়ুক্বা-তিলূনা ফী সাবীলিল্লা-হি অল্লাযীনা কাফারূ ইয়ুক্বা-তিলূনা ফী-সাবীলিত্ব ত্বোয়া-গূতি
মু'মিন তারা আল্লাহ্র পথে যুদ্ধ করে, আর যারা কাফের তারা যুদ্ধ করে তাগুতের পথে,

১০ ع ৬ ৭ রুকু

فَقَاتِلُوا أَوْلِيَاءَ الشَّيْطَانِ ۖ إِنَّ كَيْدَ الشَّيْطَانِ كَانَ ضَعِيفًا ﴿٧٧﴾ أَلَمْ تَرَ إِلَى

ফাক্বা-তিলূ ~ আওলিয়া — য়াশ্ শাইত্বোয়া-নি ইন্না কাইদাশ্ শাইত্বোয়া-নি কা-না দ্বোয়া'ঈফা- ।৭৭। আলাম্ তারা ইলাল্
অতএব শয়তানের বন্ধুদের বিরুদ্ধে যুদ্ধ কর, শয়তানের প্রচেষ্টা অতি দুর্বল। (৭৭) তুমি কি তাদেরকে দেখ নি?

الَّذِينَ قِيلَ لَهُمْ كُفُّوا أَيْدِيَكُمْ وَأَقِيمُوا الصَّلَاةَ وَآتُوا الزَّكَاةَ فَلَمَّا

লাযীনা ক্বীলা লাহুম্ কুফ্ফূ ~ আইদিয়াকুম্ অ 'আক্বীমুছ্ ছলা-তা অআ-তুয্ যাকা-তা ফালাম্মা-
যাদেরকে বলা হয়েছিল, তোমরা তোমাদের হাত সংযত রাখ, আর কায়েম কর নামায এবং যাকাত দাও? তাদেরকে যখন

كُتِبَ عَلَيْهِمُ الْقِتَالُ إِذَا فَرِيقٌ مِّنْهُمْ يَخْشَوْنَ النَّاسَ كَخَشْيَةِ اللَّهِ أَوْ

কুতিবা 'আলাইহিমুল্ ক্বিতা-লু ইযা-ফারীক্বু-ম্ মিন্হুম্ ইয়াখ্শাওনান্ না-সা কাখাশ্ইতিল্লা-হি আও
যুদ্ধের বিধান দেয়া হল তখন তাদের একদল আল্লাহকে ভয় করার মত মানুষকে ভয় করছিল অথবা

أَشَدَّ خَشْيَةً ۚ وَقَالُوا رَبَّنَا لِمَ كَتَبْتَ عَلَيْنَا الْقِتَالَ ۚ لَوْلَا أَخَّرْتَنَا إِلَىٰ

আশাদ্দা খাশ্ইয়াতান্ অক্বা-লূ রব্বানা-লিমা কাতাব্তা 'আলাইনাল্ ক্বিতা-লা লাওলা ~ আখ্খারতানা ~ ইলা ~
তদপেক্ষা বেশি, আর বলল, হে আমাদের রব! কেন আমাদের উপর যুদ্ধের বিধান দিলে? যদি আরো কিছু দিনের অবকাশ

أَجَلٍ قَرِيبٍ ۗ قُلْ مَتَاعُ الدُّنْيَا قَلِيلٌ وَالْآخِرَةُ خَيْرٌ لِّمَنِ اتَّقَىٰ وَلَا تُظْلَمُونَ

রব্বী হাক্ব্‌ক্ব-; অক্বদ্ আহ্‌সানা বী ~ ইয্ আখ্‌রজ্বানী মিনাস্ সিজ্ব্‌নি অজ্বা — য়া বিকুম্ মিনাল্ বাদ্‌ওয়ি
আমার রব তা সত্যে পরিণত করলেন; আমাকে কারাগার হতে মুক্তি আমার ও ভাইদের মধ্যে শয়তানের সৃষ্ট বিরোধের পর

مِنْۢ بَعْدِ اَنْ نَّزَغَ الشَّيْطٰنُ بَيْنِيْ وَبَيْنَ اِخْوَتِيْ ۖ اِنَّ رَبِّيْ لَطِيْفٌ لِّمَا يَشَآءُ ۖ

মিম্ বা'দি আন্ নাযাগাশ্ শাইত্বোয়া-নু বাইনী অবাইনা ইখ্‌অতী-; ইন্না রব্বী লাত্বীফুল্ লিমা-ইয়াশা — য়্;
আপনাদের সকলকে পল্লী হতে এখানে এনে আল্লাহ্ আমাদের প্রতি অনুগ্রহ করলেন, নিশ্চয়ই আমার রব যা ইচ্ছা তা অতি কৌশলে

اِنَّهٗ هُوَ الْعَلِيْمُ الْحَكِيْمُ ﴿١٠١﴾ رَبِّ قَدْ اٰتَيْتَنِيْ مِنَ الْمُلْكِ وَعَلَّمْتَنِيْ مِنْ

ইন্নাহূ হুঅল্ 'আলীমুল্ হাকীম্। ১০১। রব্বী ক্বদ্ আ-তাইতানী মিনাল্ মুল্‌কি অ'আল্লাম্‌তানী মিন্
সম্পন্ন করেন নিশ্চয়ই তিনি জ্ঞানী, কৌশলী। (১০১) হে আমার রব! আপনি তো আমাকে রাজ্য দান করছেন; আমাকে

تَاْوِيْلِ الْاَحَادِيْثِ ۚ فَاطِرَ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۫ اَنْتَ وَلِيّٖ فِي الدُّنْيَا

তা'ওয়ীলিল্ আহা-দীছি, ফা-ত্বিরস্ সামা-ওয়া-তি অল্ আর্‌দ্বি আন্‌তা অলিয়্যী ফিদ্দুনইয়া-
স্বপ্নের ব্যাখ্যা শিক্ষা দিয়েছেন; হে আসমান ও যমীনের স্রষ্টা! আপনি আমার অভিভাবক ইহকালের ও পরকালের। আমাকে

وَالْاٰخِرَةِ ۚ تَوَفَّنِيْ مُسْلِمًا وَّاَلْحِقْنِيْ بِالصّٰلِحِيْنَ ﴿١٠٢﴾ ذٰلِكَ مِنْ اَنْۢبَآءِ الْغَيْبِ

অল্ আ-খিরতি, তাঅফ্‌ফানী মুস্‌লিমাওঁ অ আল্‌হিক্ব্‌নী বিছোয়া-লিহীন্। ১০২। যা-লিকা মিন্ আম্‌বা — য়িল্ গইবি
পূর্ণ মুসলিমরূপে মৃত্যু দান করুন এবং আমাকে পুণ্যবানদের সঙ্গে যুক্ত করুন। (১০২) এ খবর, গায়েবের যা আমি তোমাকে

نُوْحِيْهِ اِلَيْكَ ۚ وَمَا كُنْتَ لَدَيْهِمْ اِذْ اَجْمَعُوْۤا اَمْرَهُمْ وَهُمْ يَمْكُرُوْنَ ﴿١٠٣﴾ وَمَا

নূহীহি ইলাইকা অমা-কুন্‌তা লাদাইহিম্ ইয্ আজ্ব্‌মা'উ ~ আম্‌রহুম্ অহুম্ ইয়াম্‌কুরূন্। ১০৩। অমা ~
ওহী দ্বারা অবহিত করছি; আর তাদের ষড়যন্ত্রকালে এবং তাদের ঐক্যের সময় তুমি উপস্থিত ছিলে না। (১০৩) তুমি চাইলেও

أَكْثَرُ النَّاسِ وَلَوْ حَرَصْتَ بِمُؤْمِنِينَ ﴿١٠٤﴾ وَمَا تَسْئَلُهُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ إِنْ هُوَ

আক্ছারুন্না-সি অলাও হারাছ্তা বিমু''মিনীন্। ১০৪। অমা-তাস্য়ালুহুম্ 'আলাইহি মিন্ আজ্‌রিন্ ইন্ হুঅ

অধিকাংশ লোক ঈমান আনবার নয়। (১০৪) এ কোরআন প্রচারের বিনিময়ে তাদের কাছে তো তুমি কিছুই চাও না, এটি

إِلَّا ذِكْرٌ لِّلْعٰلَمِينَ ﴿١٠٥﴾ وَكَأَيِّنْ مِّنْ اٰيَةٍ فِي السَّمٰوٰتِ وَالْأَرْضِ يَمُرُّونَ عَلَيْهَا

ইল্লা-যিক্‌রুল্লিল্‌'আ-লামীন্। ১০৫। অকায়াইয়্যিম্মিন্ আ-ইয়াতিন্ ফিস্ সামা-ওয়া-তি অল্ আর্‌দ্বি ইয়ামুর্‌রূনা 'আলাইহা-

তো সমগ্র বিশ্ববাসীর জন্য উপদেশ বৈ কিছু নয়। (১০৫) আসমান-যমীনের বহু নিদর্শন রয়েছে যা তারা প্রত্যক্ষ করে,

وَهُمْ عَنْهَا مُعْرِضُونَ ﴿١٠٦﴾ وَمَا يُؤْمِنُ أَكْثَرُهُمْ بِاللّٰهِ إِلَّا وَهُمْ مُّشْرِكُونَ

অহুম্ 'আন্‌হা-মু'রিদ্বূন্। ১০৬। অমা-ইয়ু''মিনু আক্‌ছারুহুম্ বিল্লা-হি ইল্লা- অ হুম্ মুশরিকূন্।

কিন্তু তারা এ সকলের প্রতি বিমুখ। (১০৬) তাদের অধিকাংশই মুশরিক, আল্লাহকে বিশ্বাস করে না, তাঁর সাথে শরীক করে।

أَفَأَمِنُوْٓا أَنْ تَأْتِيَهُمْ غَاشِيَةٌ مِّنْ عَذَابِ اللّٰهِ أَوْ تَأْتِيَهُمُ السَّاعَةُ بَغْتَةً ﴿١٠٧﴾

১০৭। আফাআ মিনূ ~ আন্ তা''তিয়াহুম্ গ-শিয়াতুম্ মিন্ 'আযা-বিল্লা-হি আও তা''তিয়াহুমুস্‌সা-'আতু বাগ্‌তাতাঁও

(১০৭) তবে কি তারা নিজেদেরকে আল্লাহর সর্বগ্রাসী আযাব হতে বা তাদের উপর তাদের অজ্ঞাতসারে হঠাৎ কয়ামতের

وَّهُمْ لَا يَشْعُرُونَ ﴿١٠٨﴾ قُلْ هٰذِهٖ سَبِيلِيْٓ أَدْعُوْٓا إِلَى اللّٰهِ ۚ عَلٰى بَصِيرَةٍ أَنَا وَمَنِ

অহুম্ লা-ইয়াশ্‌'উরূন্। ১০৮। কুল্ হা-যিহী সাবীলী ~ আদ্'উ ~ ইলাল্লা-হি 'আলা-বাছীরাতিন্ আনা-অমানিত

উপস্থিতি হতে নিরাপদ মন করেছে? (১০৮) আপনি বলুন, এটা আমার পথ; আমি মানুষকে আল্লাহর প্রতি আহ্বান করি,

اتَّبَعَنِيْ ۖ وَسُبْحٰنَ اللّٰهِ وَمَآ أَنَا مِنَ الْمُشْرِكِينَ ﴿١٠٩﴾ وَمَآ أَرْسَلْنَا مِنْ قَبْلِكَ إِلَّا

তাবা'আনী-; অসুব্‌হা-নাল্লা-হি অমা ~ আনা মিনাল্ মুশ্‌রিকীন্। ১০৯। অমা ~ আর্‌সাল্‌না-মিন্ ক্বব্‌লিকা ইল্লা-

আমি ও আমার অনুসারীরা আল্লাহর পবিত্রতা বর্ণনা করছি। আর আমি মুশরিকদের দলভূক্ত নই। (১০৯) আর আমি আপনার

رِجَالًا نُّوْحِيْٓ إِلَيْهِمْ مِّنْ أَهْلِ الْقُرٰى ۗ أَفَلَمْ يَسِيرُوْا فِي الْأَرْضِ فَيَنْظُرُوْا

রিজা-লান্ নূহী ~ ইলাইহিম্ মিন্ আহ্‌লিল্ ক্বুরা-; আফালাম্ ইয়াসীরূ ফিল্ আর্‌দ্বি ফাইয়ান্‌জুরূ

পূর্বে জনপদবাসীর মধ্যে হতে পুরুষকেই ওহী দিয়ে প্রেরণ করেছিলাম। তবে কি তারা যমীনে পরিভ্রমণ করে নি

টীকা ঃ আয়াতঃ ১০৯ ঃ আরবের যে সকল অবিশ্বাসীরা বলত যে, আল্লাহর রাসূল সত্য দ্বীন প্রচারের জন্য আসমান হতে ফেরেশতা অথবা পরম সুন্দরী স্বর্গ-পরী কেন প্রেরণ করেন নি? প্রত্যুত্তরস্বরূপ আল্লাহ, তা'আলা বলছেন যে, ইতোপূর্বে বিভিন্ন সম্প্রদায়ের মধ্য হতে আমি যে সকল রসূল ও ধর্মপ্রচারক পাঠিয়েছিলাম, তারা ফেরেশতা ছিল, না কি মানুষ, অথবা তারা সুন্দরী স্বর্গ-পরী ছিল , না পুরুষ? তোমরা যখন (হযরত) ইব্রাহীম, মূসা প্রভৃতি পুরুষদেরকে ফেরেশতা অথবা স্বর্গ-পরী না হওয়া সত্ত্বেও রাসূল ও ধর্মপ্রচারক বলে স্বীকার ও মান্য করছ তখন আমার প্রিয়তম রাসূল (ছঃ)-কে কেন সত্য নবী বলে স্বীকার করবে না? যদি তোমরা বল যে, পূর্ববর্তী নবীরা অসাধারণ পুরুষ ও অলৌকিক শক্তির অধিকারী ছিলেন এবং তাদের প্রতি ওহী অবতীর্ণ হয়েছিল বলেই আমরা তাদেরকে রাসূল বলে আনুগত্য করি, তবে তোমরা কেন ভাব না যে, আমার প্রিয় রাসূল দুনিয়া সর্বাপেক্ষা অলৌকিক শক্তিসম্পন্ন ও আদর্শ পুরুষ। ওহী সম্বন্ধে তুলনা করলে তার সাথে জগতের অন্য কারো তুলনা হতে পারে না। ফলতঃ আমার প্রিয়তম রাসূল পুরুষোচিত সমস্ত শক্তি ও সর্বগুণের আধার হওয়া সত্ত্বেও যারা তার বিরুদ্ধাচরণ করছে, তারা পূর্ববর্তী নবীদের বিরুদ্ধাচরণের কিরূপ শোচনীয় পরিণাম হয়েছিল, তা স্মরণ করে সতর্ক হোক। কেননা, পরিণামে আমার রাসূলের বিরুদ্ধবাদী ধর্মদ্রোহীদেরকেও সেরূপ শোচনীয় দুঃখ-দুর্গতি এবং কঠোর শাস্তি অবশ্যই ভোগ করতে হবে। পক্ষান্তরে আমার রাসূলের অনুসরণ যারা করে তারা সত্য দ্বীন গ্রহণপূর্বক সুপথগামী হবে, দুনিয়া ও আখেরাতে তারা আমার শ্রেষ্ঠতম পুরস্কারে পুরস্কৃত হয়ে জান্নাতে অবস্থান করে ধন্য হবে। আল্লাহ তাঁর মনোনীত আদর্শ পুরুষ ব্যতীত ফেরেশতা বা নারীর ওপর যে ওহী অবতীর্ণ করেন নি, এ পবিত্র আয়াত তার প্রত্যক্ষ প্রমাণ। (বয়ানুল কোরআন)

كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّذِينَ مِنْ قَبْلِهِمْ ۗ وَلَدَارُ الْآخِرَةِ خَيْرٌ لِلَّذِينَ اتَّقَوْا ۗ

কাইফা কা-না 'আ-ক্বিবাতু ল্লাযীনা মিন্ ক্বলিহিম্; অলাদা-রুল্ আ-খিরতি খইরু ল্লিল্লাযীনাত্তাক্বাও;
যাতে তারা পূর্ববর্তীদের পরিণাম কি হয়েছিল তা দেখে নিতে পারত? আর যারা মুত্তাকী তাদের জন্য পরকালের আবাসই

أَفَلَا تَعْقِلُونَ ﴿١١٠﴾ حَتَّىٰ إِذَا اسْتَيْأَسَ الرُّسُلُ وَظَنُّوا أَنَّهُمْ قَدْ كُذِبُوا جَاءَهُمْ نَصْرُنَا ۙ

আফালা-তা'ক্বিলূন্। ১১০। হাত্তা ~ ইযাস্ তাইয়াসার রুসুলু অজোয়ান্নূ ~ আন্নাহুম্ ক্বদ্ কুযিবূ জ্বা — য়াহুম্ নাছ্রুনা-
শ্রেয়। তোমরা কি তা বুঝ না? (১১০) অবশেষে রাসূলরা যখন নিরাশ হল তখন লোকে ভাবল যে, তাদেরকে মিথ্যা আশ্বাস দেয়া

فَنُجِّيَ مَنْ نَشَاءُ ۖ وَلَا يُرَدُّ بَأْسُنَا عَنِ الْقَوْمِ الْمُجْرِمِينَ ﴿١١١﴾ لَقَدْ كَانَ

ফানুজ্জিয়া মান্ নাশা — য়্;অলা-ইয়ুরদ্দু বা''সুনা- 'আনিল্ ক্বওমিল্ মুজ্ রিমীন্। ১১১। লাক্বদ্ কা-না
হয়েছিল; আর তখন সাহায্য আসল; যাকে ইচ্ছা উদ্ধার করি; অপরাধী হতে শাস্তি সরানো যায় না। (১১১) তাদের ঘটনায়

فِي قَصَصِهِمْ عِبْرَةٌ لِأُولِي الْأَلْبَابِ ۗ مَا كَانَ حَدِيثًا يُفْتَرَىٰ وَلَٰكِنْ تَصْدِيقَ

ফী ক্বছোয়াছিহিম্ 'ইব্রতু ল্লিউলিল্ আল্বা-ব্; মা-কা-না হাদীছাঁই ইয়ুফ্তার- অলা-কিন্ তাছ্দীক্বল্
বোধসম্পন্ন ব্যক্তিদের জন্য রয়েছে শিক্ষণীয় বিষয়। এ কোরআন কোন মিথ্যা রচনা নয়। বরং এটা তো পূর্ববর্তী আসমানী

১২ ع ৭ ৬ রুকু

الَّذِي بَيْنَ يَدَيْهِ وَتَفْصِيلَ كُلِّ شَيْءٍ وَهُدًى وَرَحْمَةً لِقَوْمٍ يُؤْمِنُونَ

লাযী বাইনা ইয়াদাইহি অতাফ্ছীলা কুল্লি শাইয়িঁও অহুদাঁও অরহ্মাতাল্ লিক্বওমিঁই ইয়ু''মিনূন্।।
কিতাব সমূহের সমর্থক, সকল বিষয়ের বিশদ বিবরণ এবং যারা ঈমান এনেছেন তাদের জন্য হিদায়াত ও রহমত।

সূরা রা'আদ
মদীনাবতীর্ণ

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৪৩
রুকূ ঃ ৬

﴿١﴾ الٓمٓرٰ ۚ تِلْكَ آيَاتُ الْكِتَابِ ۗ وَالَّذِي أُنْزِلَ إِلَيْكَ مِنْ رَبِّكَ الْحَقُّ

১। আলিফ্ লা — ম্ মী — ম্ র-; তিল্কা আ-ইয়াতুল কিতাব্; অল্লাযী ~ উন্যিলা ইলাইকা মির্ রব্বিকাল্ হাকু কু
(১) আলিফ লা-ম, মীম-রা; তা কোরআনের আয়াত; যা তোমার কাছে তোমার রবের পক্ষ হতে যথার্থই অবতীর্ণ হয়েছে;

وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يُؤْمِنُونَ ﴿٢﴾ اللَّهُ الَّذِي رَفَعَ السَّمَاوَاتِ بِغَيْرِ عَمَدٍ

অলা-কিন্না আক্ছারন্না-সি লা-ইয়ু''মিনূ ন্। ২। আল্লা-হুল্লাযী রফা'আস্ সামা-ওয়া-তি বিগইরি 'আমাদিন্
কিন্তু অধিকাংশ লোকই তা বিশ্বাস করে না। (২) তিনিই আল্লাহ যিনি স্তম্ভ ছাড়া ঊর্ধ্বদেশে আকাশ স্থাপন করেছেন, যা

শানেনুযূল ঃ এ সূরাটি মক্কা শরীফে নাযিল হয়েছিল। হযরত রসূলুল্লাহ (ছঃ) হিজরত' কালে অথবা এর অব্যবহিত পূর্বে যেসব সূরা নাযিল হয়েছিল, এ সূরা তার অন্যতম। মক্কার অধিবাসীরা আল্লাহর রাসূল এবং ওহীর প্রতি যে সকল মিথ্যারোপ করেছিল এবং দ্বীনের গতিরোধ করার জন্য যেসব হীন ষড়যন্ত্র করেছিল, এ সূরায় সে সকল দুষ্কার্য ও ষড়যন্ত্রে ব্যর্থতা এবং শোচনীয় পরিণামের কথা ঘোষণা করে কাফেরদেরকে সতর্ক করা হয়েছে (৪১-৪২ আয়াত দ্রষ্টব্য)। সঙ্গে সঙ্গে তাদেরকে এ-ও বলা হয়েছে যে, তাদের এ হীন প্রচেষ্টা ও ষড়যন্ত্র দিয়ে সত্যের গতি কখনো রুদ্ধ করা যাবে না; বরং আল্লাহ প্রসঙ্গ উল্লেখ করে বলতেছেন যে, চিন্তাশীল ব্যক্তিরা এর দ্বারাই আমার শক্তি মহিমা এবং একত্ববাদের বিষয় উপলব্ধি করতে পারবে।

تَرَوْنَهَا ثُمَّ اسْتَوٰى عَلَى الْعَرْشِ وَسَخَّرَ الشَّمْسَ وَالْقَمَرَ ۖ كُلٌّ يَّجْرِىْ

তারাওনাহা- ছুম্মাস্ তাওয়া-'আলাল্ 'আরশি অসাখ্খরাশ্ শাম্সা অল্ কৃমার্; কুল্লুঁই ইয়াজ্‌রী

তোমরা অবলোকন করছ। পরে তিনি আরশে সমাসীন হলেন। চন্দ্র-সূর্যকে নিয়মাধীন করলেন; প্রত্যেকে এক নির্দিষ্ট

لِاَجَلٍ مُّسَمًّى ۗ يُدَبِّرُ الْاَمْرَ يُفَصِّلُ الْاٰيٰتِ لَعَلَّكُمْ بِلِقَآءِ رَبِّكُمْ تُوْقِنُوْنَ

লিআজ্বালিম্ মুসাম্মা; ইয়ুদাব্বিরুল্ আম্র ইয়ুফাছ্ছিলুল্ আ-ইয়া-তি লা'আল্লাকুম্ বিলিক্বা— য়ি রব্বিকুম্ তূক্বিনূন্।

কাল পর্যন্ত পরিক্রমণ করে। কার্যাবলি নিয়ন্ত্রণ করেন। যাতে তোমরা তোমাদের রবের সাক্ষাত সম্পর্কে দৃঢ় বিশ্বাসী হও।

﴿٣﴾ وَهُوَ الَّذِىْ مَدَّ الْاَرْضَ وَجَعَلَ فِيْهَا رَوَاسِىَ وَاَنْهٰرًا ۖ وَمِنْ كُلِّ

৩। অ হুঅল্লাযী মাদ্দাল্ আর্দ্বোয়া অজ্বা'আলা ফীহা- রওয়া-সিয়া অ আন্হা-র-; অমিন্ কুল্লিছ্

(৩) তিনি যমীনকে বিস্তৃত করলেন; অতঃপর তাতে পাহাড় ও নদী স্থাপন করলেন; আর তাতে প্রত্যেক প্রকারের ফল

الثَّمَرٰتِ جَعَلَ فِيْهَا زَوْجَيْنِ اثْنَيْنِ يُغْشِى الَّيْلَ النَّهَارَ ۗ اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيٰتٍ

ছামার-তি জ্বা'আলা ফীহা-যাওজ্বাইনিছ্ নাইনি ইয়ুগ্‌শিল্ লাইলান্নাহা-র্; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়া-তিল

সৃষ্টি করলেন জোড়ায় জোড়ায়, দিনকে রাত দ্বারা আচ্ছাদিত করে দিলেন; এতে চিন্তাশীল সম্প্রদায়ের জন্য

لِّقَوْمٍ يَّتَفَكَّرُوْنَ ﴿٤﴾ وَفِى الْاَرْضِ قِطَعٌ مُّتَجٰوِرٰتٌ وَّجَنّٰتٌ مِّنْ اَعْنَابٍ

লিক্বওমিঁ ইয়াতাফাক্কারূন্। ৪। অফিল্ আর্দ্বি ক্বিত্বোয়া'উম্ মুতাজ্বা-ওয়ির-তুঁও অজ্বান্নাতুম্ মিন্ আ'না-বিঁও

নিদর্শন রয়েছে। (৪) যমীনে পাশাপাশি ভূখণ্ড আছে, আংগুর বাগানসমূহ, শস্যক্ষেত্র রয়েছে, শিরবিশিষ্ট ও অশির

وَّزَرْعٌ وَّنَخِيْلٌ صِنْوَانٌ وَّغَيْرُ صِنْوَانٍ يُّسْقٰى بِمَآءٍ وَّاحِدٍ ۙ وَنُفَضِّلُ بَعْضَهَا

ওয়া যার'উঁও অনাখীলুন্ ছিন্ওয়া-নুঁও অ গইরু ছিনওয়া-নিঁই ইউস্‌ক্বা-বিমা — ইঁও অ-হিদিন্ অনুফাদ্দিলু বা'দ্বোয়াহা-

বিশিষ্ট খেজুর গাছ একই পানিতে সিঞ্চিত, অথচ ফলসমূহের স্বাদে আমি এদের একটিকে অন্যটির ওপর শ্রেষ্ঠত্ব প্রদান

عَلٰى بَعْضٍ فِى الْاُكُلِ ۗ اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّعْقِلُوْنَ ﴿٥﴾ وَاِنْ تَعْجَبْ

'আলা-বা'দ্বিন্ ফিল্ উকুল্; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়া-তিল্লিক্বওমিঁই ইয়া'ক্বিলূন্। ৫। অ ইন্ তা'জ্বাব

করেছি। এতে বুদ্ধিমান লোকদের জন্য অবশ্যই নিদর্শন আছে। (৫) আর যদি তোমরা বিস্মিত হও, তবে তাদের এ কথায়

فَعَجَبٌ قَوْلُهُمْ ءَاِذَا كُنَّا تُرٰبًا ءَاِنَّا لَفِىْ خَلْقٍ جَدِيْدٍ ۗ اُولٰٓئِكَ الَّذِيْنَ

ফা'আজ্বাবুন্ ক্বওলুহুম্ আ ইযা-কুন্না-তুর-বান্ আ ইন্না-লাফী খল্‌ক্বিন্ জ্বাদীদ্; উলা — য়িকাল্লাযীনা

বিস্মিত হও যে, "আমরা যখন মাটি হয়ে যাব তখন কি আবার আমরা নতুন জীবন লাভ করব?" এরাই তাদের রবকে

كَفَرُوْا بِرَبِّهِمْ ۚ وَاُولٰٓئِكَ الْاَغْلٰلُ فِىْٓ اَعْنَاقِهِمْ ۚ وَاُولٰٓئِكَ اَصْحٰبُ النَّارِ ۚ

কাফারূ বিরব্বীহিম্ অউলা — য়িকাল্ আগ্‌লা-লু ফী ~ আ'না-ক্বিহিম্, অউলা — য়িকা আছহা-বু ন্না-রি

অস্বীকার করে, এবং তাদেরই গলায় থাকবে লোহার শৃঙ্খল; আর তারাই হবে নরকের অধিবাসী; তাতে তারা চিরকাল

هُمْ فِيهَا خَلِدُونَ ۝٦ وَيَسْتَعْجِلُونَكَ بِالسَّيِّئَةِ قَبْلَ الْحَسَنَةِ وَقَدْ خَلَتْ مِنْ

হুম্ ফীহা-খা-লিদূন্। ৬। অ ইয়াস্‌তা'জিলূনাকা বিস্‌সাইয়িয়াতি ক্বব্‌লাল্ হাসানাতি অক্বদ খলাত্ মিন্
অবস্থান করবে (৬) আর তারা আপনাকে পীড়াপীড়ি করে অমঙ্গল তরান্বিত করার জন্য মঙ্গলের পূর্বে, অথচ তাদের পূর্বে বহু

قَبْلِهِمُ الْمَثُلَتُ ۗ وَإِنَّ رَبَّكَ لَذُو مَغْفِرَةٍ لِّلنَّاسِ عَلَى ظُلْمِهِمْ ۖ وَإِنَّ رَبَّكَ

ক্বব্‌লিহিমুল্ মাছুলা-ত্;অ ইন্না রব্বাকা লাযূ মাগ্‌ফিরাতি ল্লিন্না-সি 'আলা-জুল্‌মিহিম্ অইন্না রব্বাকা
শাস্তির দৃষ্টান্ত অতীত হয়েছে; আপনার রব ক্ষমাশীল মানুষের প্রতি তাদের সীমালংঘন সত্বেও, আর নিশ্চয়ই আপনার

لَشَدِيدُ الْعِقَابِ ۝٧ وَيَقُولُ الَّذِينَ كَفَرُوا لَوْلَا أُنزِلَ عَلَيْهِ آيَةٌ مِّن رَّبِّهِ ۗ

লাশাদীদুল্ ই'ক্বা-ব্। ৭। অইয়াক্বূলুল্লাযীনা কাফারু লাওলা ~ উন্‌যিলা 'আলাইহি আ-ইয়াতুম্ মির্ রব্বিহ্;
প্রতিপালক শাস্তি প্রদানে সুকঠিন। (৭) কাফেররা বলে, তার কাছে তার রবের পক্ষ হতে নিদর্শন অবতীর্ণ হয় না কেন?

إِنَّمَا أَنتَ مُنذِرٌ ۖ وَلِكُلِّ قَوْمٍ هَادٍ ۝٨ اللَّهُ يَعْلَمُ مَا تَحْمِلُ كُلُّ أُنثَىٰ وَمَا

ইন্নামা ~ আন্‌তা মুন্‌যিরুঁও অলিকুল্লি ক্বওমিন্ হা-দ্। ৮। আল্লা-হু ইয়া'লামু মা-তাহ্‌মিলু কুল্লু উন্‌ছা-অমা-
আপনি তো কেবল সতর্ককারী; আর প্রত্যেক কাওমের জন্য পথপ্রদর্শক আছে।(৮) নিশ্চয়ই আল্লাহ জানেন, নারী গর্ভে যা

ع ১ ৭ ৭ রুকু

تَغِيضُ الْأَرْحَامُ وَمَا تَزْدَادُ ۖ وَكُلُّ شَيْءٍ عِندَهُ بِمِقْدَارٍ ۝٩ عَالِمُ الْغَيْبِ

তাগীদ্বুল্ আর্‌হা-মু অমা-তায্‌দা-দ্; অ কুল্লু শাইয়িন্ 'ইন্‌দাহূ বিমিক্ব্‌দা-র্। ৯। 'আ-লিমুল্ গইবি
ধারণ করে এবং জরায়ুতে যা কিছু সংকচিত হয় ও বর্ধিত হয় ; আর তাঁর কাছে প্রতিটি বস্তু পরিমাণ মত আছে। (৯) তিনি দৃশ্য

وَالشَّهَادَةِ الْكَبِيرُ الْمُتَعَالِ ۝١٠ سَوَاءٌ مِّنكُم مَّنْ أَسَرَّ الْقَوْلَ وَمَن جَهَرَ بِهِ

অশ্‌শাহাদাতিল্ কাবীরুল্ মুতা'আল্। ১০। সাওয়া — য়ুম্ মিন্‌কুম্ মান্ আসার্‌রল্ ক্বওলা অমান্ জ্বাহারা বিহী
অদৃশ্যের সবকিছু অবগত আছেন, তিনি; মহান, মর্যাদাবান। (১০) যে কথা গোপন রাখে বা প্রকাশ করে, কিংবা যে রাতে

وَمَنْ هُوَ مُسْتَخْفٍ بِاللَّيْلِ وَسَارِبٌ بِالنَّهَارِ ۝١١ لَهُ مُعَقِّبَاتٌ مِّن بَيْنِ يَدَيْهِ

অমান্ হুঅ মুস্‌তাখ্‌ফিম্ বিল্লাইলি অসা-রিবুম্ বিন্নাহা-র্। ১১। লাহূ মুআ'ক্ব্‌ক্বিবা-তুম্ মিম্ বাইনি ইয়াদাইহি
নিজেকে গোপন রাখে এবং দিনে চলে তারা সবাই আল্লাহর কাছে সমান। (১১) তার সামনে ও পিছনে প্রহরী আছে, যারা

وَمِنْ خَلْفِهِ يَحْفَظُونَهُ مِنْ أَمْرِ اللَّهِ ۗ إِنَّ اللَّهَ لَا يُغَيِّرُ مَا بِقَوْمٍ حَتَّىٰ يُغَيِّرُوا مَا

অ মিন্ খল্‌ফিহী ইয়াহ্‌ফাজূনাহূ মিন্ আম্‌রিল্লা-হ্; ইন্নাল্লা-হা লা-ইয়ুগইয়্যিরু মা-বিক্বওমিন্ হাত্তা-ইয়ুগইয়্যিরূ মা-
আল্লাহর আদেশে তাকে রক্ষা করে। আল্লাহ কোন জাতীর অবস্থা পরিবর্তন করেন না, যতক্ষণ না তারা নিজেদের অবস্থা নিজেরা

আয়াত-১১ ঃ মানুষের রক্ষনাবেক্ষণের জন্য ফেরেশতারা পাহারায় নিয়োজিত থাকে। কিন্তু কোন সম্প্রদায় যখন আল্লাহর নেয়ামতের কৃতজ্ঞতা ও তাঁর আনুগত্য ত্যাগ করে কু-কর্ম, কুচরিত্র এবং অবাধ্যতার পথ বেছে নেয়, তখন আল্লাহও স্বীয় রক্ষামূলক পাহারা তুলে নেন। তার পর আল্লাহর গযব ও আযাব তাদের উপর অবতীর্ণ হয়। এই আযাব হতে নিজেকে রক্ষার কোন উপায় থাকে না। আবু দাউদের এক হাদীসে হযরত আলী (রাঃ) থেকে বর্ণিত আছেঃ প্রত্যেক মানুষের সাথে কিছু সংখ্যক রক্ষাণাবেক্ষণকারী ফেরেশতা নিযুক্ত রয়েছেন। তার উপর যেন কোন প্রাচীর ধসে না পড়ে কিংবা সে কোন গর্তে পতিত না হয় কিংবা কোন জন্তু অথবা মানুষ তাকে কষ্ট না দেয় ইত্যাদি বিষয়ে ফেরেশতারা তার হেফাযত করেন। কিন্তু আল্লাহ যদি বিপদ দিতে চান তা হলে ফেরেশতারা সরে যান। (মাঃ কোঃ)

بِأَنفُسِهِمْ ۗ وَإِذَا أَرَادَ اللَّهُ بِقَوْمٍ سُوءًا فَلَا مَرَدَّ لَهُ ۚ وَمَا لَهُم مِّن دُونِهِ مِن

বিআনফুসিহিম্; অ ইযা ~ আরা-দাল্লা-হু বিক্বওমিন্ সূ ~ য়ান্ ফালা-মারদ্দা লাহূ অমা-লাহুম্ মিন্ দূনিহী মিওঁ

পরিবর্তন করে। আর আল্লাহ যদি কোন জাতীর অমঙ্গল করতে চান, তবে তা রদ করার কোন পথ নেই। তিনি ছাড়া তাদের কোন

وَالٍ ﴿১২﴾ هُوَ الَّذِي يُرِيكُمُ الْبَرْقَ خَوْفًا وَطَمَعًا وَيُنشِئُ السَّحَابَ

ওয়া-ল্। ১২। হুঅল্লাযী ইয়ুরীকুমুল্ বার্‌ক্বা খওফাঁও ওয়া ত্বমা'আঁও অ ইয়ুন্‌শিয়ুস্ সাহা-বাছ্

সাহায্যকারী নেই। (১২) তিনি তোমাদেরকে বিজলী দেখান, যা তোমাদের ভয় ও আশার সঞ্চয় করে, তিনি ভারী মেঘমালাকে

الثِّقَالَ ﴿১৩﴾ وَيُسَبِّحُ الرَّعْدُ بِحَمْدِهِ وَالْمَلَائِكَةُ مِنْ خِيفَتِهِ ۚ وَيُرْسِلُ الصَّوَاعِقَ

ছিক্বা-ল্। ১৩। অ ইয়ুসাব্বিহুর্ র'দু বিহাম্‌দিহী অল্‌মালা — য়িকাতু মিন্ খীফাতিহী অইয়ুরসিলুস্ ছোয়াওয়া-'ইক্বা

উত্থিত করেন (১৩) বজ্র ও ফেরেশতারা ভয়ে তাঁর প্রশংসা ও তাসবীহ পড়ে, আর তিনি বজ্র পাঠান, আর যাকে ইচ্ছা

فَيُصِيبُ بِهَا مَن يَشَاءُ وَهُمْ يُجَادِلُونَ فِي اللَّهِ ۚ وَهُوَ شَدِيدُ الْمِحَالِ ﴿১৪﴾ لَهُ

ফাইয়ুছীবু বিহা-মাইঁ ইয়াশা — য়ু অ হুম্ ইয়ুজা-দিলূনা ফিল্লা-হি অ হুঅ শাদীদুল্ মিহা-ল্। ১৪। লাহূ

তা দিয়ে আঘাত করেন, তারপরও তারা আল্লাহকে নিয়ে ঝগড়ায় লিপ্ত হয়, অথচ তিনি মহা শক্তিধর। (১৪) সত্যের

دَعْوَةُ الْحَقِّ ۖ وَالَّذِينَ يَدْعُونَ مِن دُونِهِ لَا يَسْتَجِيبُونَ لَهُم بِشَيْءٍ إِلَّا

দা'অতুল্ হাক্ব্; অল্লাযীনা ইয়াদ্'উনা মিন্ দূনিহী লা-ইয়াস্‌তাজীবূনা লাহুম্ বিশাইয়িন্ ইল্লা-

আহ্বান একমাত্র তাঁরই জন্য নির্দিষ্ট। এরা তাঁকে ছাড়া অন্যকে আহ্বান করে, যারা তাদের আহ্বানে কোন সাড়া প্রদান

كَبَاسِطِ كَفَّيْهِ إِلَى الْمَاءِ لِيَبْلُغَ فَاهُ وَمَا هُوَ بِبَالِغِهِ ۚ وَمَا دُعَاءُ الْكَافِرِينَ إِلَّا

কাবা-সিত্বি কাফ্‌ফাইহি ইলাল্ মা — য়ি লিয়াব্‌লুগ ফা-হু অমা-হুওয়া বিবা-লিগিহ্; অমা-দু'আ — য়ুল্ কা-ফিরীনা ইল্লা-

করে না; তার উদাহরণ হল, ঐ ব্যক্তির ন্যায়, যে পানির আশায় হস্তদ্বয় প্রসারিত করে. কিন্তু তা পাবার নয়। কাফেরদের

فِي ضَلَالٍ ﴿১৫﴾ وَلِلَّهِ يَسْجُدُ مَن فِي السَّمَاوَاتِ وَالْأَرْضِ طَوْعًا وَكَرْهًا وَ

ফী দ্বোয়ালা-ল্। ১৫। অ লিল্লা-হি ইয়াস্‌জুদু মান্ ফিস্ সামা-ওয়া-তি অল্ আরদ্বি ত্বোয়াওআঁও অকার্‌হাঁও অ

আহ্বান ভ্রষ্ট।(১৫) আর আসমান-যমীনের সব কিছু ইচ্ছায় হোক আর অনিচ্ছায় হোক আল্লাহকে সিজদা করে, আর তাদের

ظِلَالُهُم بِالْغُدُوِّ وَالْآصَالِ ﴿১৬﴾ قُلْ مَن رَّبُّ السَّمَاوَاتِ وَالْأَرْضِ قُلِ اللَّهُ ۚ

জিলা-লুহুম্ বিল্ গুদুওয়্যি অল্ আ-ছোয়া-ল্। ১৬। ক্বুল্ মার্ রব্বুস্ সামা-ওয়া-তি অল্ আরদ্ব; ক্বুলিল্লা-হ্;

ছায়াসমূহও সকাল-সন্ধ্যায়(সিজদা করে)। (১৬) আপনি তাদের জিজ্ঞেস করুন, আসমান ও যমীনের রব কে? বলুন, আল্লাহ।

قُلْ أَفَاتَّخَذْتُم مِّن دُونِهِ أَوْلِيَاءَ لَا يَمْلِكُونَ لِأَنفُسِهِمْ نَفْعًا وَلَا ضَرًّا ۚ قُلْ

ক্বুল্ আফাত্তাখায্‌তুম্ মিন্ দূনিহী ~ আউলিয়া — য়া লা-ইয়াম্‌লিকূনা লিআন্‌ফুসিহিম্ নাফ্ 'আও অলা- দ্বোয়ার্‌রা-; ক্বুল্

বলুন, তোমরা কি আল্লাহ ছাড়া অন্যকে অভিভাবক করেছ, যারা নিজেদেরই কোন লাভ-ক্ষতি করতে পারে না? বলুন,

সিজদাহ-২

هَلْ يَسْتَوِى الْأَعْمَىٰ وَالْبَصِيرُ أَمْ هَلْ تَسْتَوِى الظُّلُمَٰتُ وَالنُّورُ أَمْ جَعَلُوا

হাল্ ইয়াস্‌তাওয়িল্ আ'মা-অল্ বাছীরু আম্ হাল্ তাস্‌তাওয়িজ্ জুলুমা-তু অন্‌নূরু আম্ জ্বা'আলূ
অন্ধ ও চক্ষুষ্মান কি কখনও সমান হতে পারে, বা অন্ধকার ও আলো কি কখনও সমান হতে পারে? তবে কি তারা আল্লাহর

لِلَّهِ شُرَكَآءَ خَلَقُوا كَخَلْقِهِۦ فَتَشَٰبَهَ الْخَلْقُ عَلَيْهِمْ قُلِ اللَّهُ خَٰلِقُ كُلِّ شَىْءٍ وَهُوَ

লিল্লা-হি শুরাকা — য়া খলাক্বূ কাখল্‌ক্বিহী ফাতাশা-বাহাল্ খল্‌ক্বু 'আলাইহিম্ ক্বুলিল্লা-হু খ-লিক্বু কুল্লি শাইয়িঁও অহুঅল্
সাথে এমন শরীক করে যারা তাঁর সৃষ্টির মত সৃষ্টি করেছে, যাতে উভয় সৃষ্টি অনুরূপ মনে হয়েছে? বলুন, আল্লাহ সবকিছুর

الْوَٰحِدُ الْقَهَّٰرُ ﴿١٦﴾ أَنزَلَ مِنَ السَّمَآءِ مَآءً فَسَالَتْ أَوْدِيَةٌۢ بِقَدَرِهَا فَاحْتَمَلَ

ওয়া-হিদুল্ ক্বহ্‌হার্। ১৭। আন্‌যালা মিনাস্‌সামা — য়ি মা — য়ান, ফাসা-লাত্ আও দিয়াতুম্ বি ক্বদারিহা- ফাহতামালাস্
স্রষ্টা, তিনি এক, পরাক্রমশালী। (১৭) তিনি আকাশ হতে পানি বর্ষণ করেন, ফলে উপত্যকাসমূহ পরিমাণ মত প্লাবিত হয়

السَّيْلُ زَبَدًا رَّابِيًا وَمِمَّا يُوقِدُونَ عَلَيْهِ فِى النَّارِ ابْتِغَآءَ حِلْيَةٍ أَوْ مَتَٰعٍ

সাইলু যাবাদার্ র-বিয়া-; অমিম্মা-ইয়ূক্বিদূনা 'আলাইহি ফিন্না-রিব্ তিগ — য়া হিল্‌ইয়াতিন্ আও মাতা-'ইন্
তারপর প্লাবন তার উপরের আবর্জনা বহন করে নিয়ে যায়, আর অলংকার বা তৈজসপত্র তৈরির উদ্দেশ্যে যা আগুনে

زَبَدٌ مِّثْلُهُۥ كَذَٰلِكَ يَضْرِبُ اللَّهُ الْحَقَّ وَالْبَٰطِلَ فَأَمَّا الزَّبَدُ فَيَذْهَبُ

যাবাদুম্ মিছ্‌লুহূ কাযা-লিকা ইয়াদ্‌রিবুল্লা-হুল্ হাক্ব্ক্বা অল্ বা-ত্বিল্; ফাআম্মায্ যাবাদু ফাইয়ায্‌হাবু
প্লাবিত হয়, তখন এভাবেই ময়লার গাদ উপরে আসে। এভাবেই আল্লাহ্ সত্য-মিথ্যার দৃষ্টান্ত দিয়ে থাকেন; বস্তুত যা

جُفَآءً وَأَمَّا مَا يَنفَعُ النَّاسَ فَيَمْكُثُ فِى الْأَرْضِ كَذَٰلِكَ يَضْرِبُ اللَّهُ

জ্বুফা — য়ান্ অআম্মা-মা-ইয়ান্‌ফা'উন্না-সা ফাইয়াম্‌কুছু ফিল্ আরদ্বি; কাযা-লিকা ইয়াদ্ব্ রিবুল্লা-হুল্
আবর্জনা তা তো এভাবেই ফেলে দেয়া হয়, আর যা মানুষের উপকারী তা যমীনে থেকে যায়; এভাবে আল্লাহ দৃষ্টান্ত দিয়ে

الْأَمْثَالَ ﴿١٧﴾ لِلَّذِينَ اسْتَجَابُوا لِرَبِّهِمُ الْحُسْنَىٰ وَالَّذِينَ لَمْ يَسْتَجِيبُوا لَهُۥ

আম্‌ছা-ল্। ১৮। লিল্লাযী নাস্ তাজ্বা-বূ লিরব্বী হিমুল্ হুস্‌না-; অল্লাযীনা লাম্ ইয়াস্‌তাজ্বীবূ লাহূ
থাকেন। (১৮) যারা তাদের রবের ডাকে সাড়া দিয়েছে তাদের জন্য রয়েছে উত্তম প্রতিদান, কিন্তু যারা সাড়া দেয় না, যদি তাদের

لَوْ أَنَّ لَهُم مَّا فِى الْأَرْضِ جَمِيعًا وَمِثْلَهُۥ مَعَهُۥ لَافْتَدَوْا بِهِۦٓ أُولَٰٓئِكَ لَهُمْ سُوٓءُ

الْحِسَابِ ۙ وَمَأْوٰىهُمْ جَهَنَّمُ ۖ وَبِئْسَ الْمِهَادُ ﴿١٩﴾ أَفَمَنْ يَّعْلَمُ أَنَّمَآ أُنْزِلَ إِلَيْكَ

হিসা-ব্; অমা''ওয়া-হুম্ জ্বাহান্নাম্; অবি''সাল্ মিহা-দ্। ১৯। আফা মাইঁ ইয়া'লামু আন্নামা ~ উন্যিলা ইলাইকা
বড়ই কঠিন হবে, জাহান্নাম হবে তাদের আবাস, তা কতই না নিকৃষ্টস্থান। (১৯) আপনার রব হতে আপনার প্রতি যা অবতীর্ণ

مِنْ رَّبِّكَ الْحَقُّ كَمَنْ هُوَ أَعْمٰى ۗ إِنَّمَا يَتَذَكَّرُ أُولُوا الْأَلْبَابِ ﴿٢٠﴾ الَّذِيْنَ

মির্ রব্বিকাল্ হাক্বক্বু, কামান্ হুঅ আ'মা-; ইন্নামা-ইয়াতাযাক্কারু উলুল্ আল্বা-ব্। ২০। আল্লাযীনা
হয়েছে তাকে যে সত্য জানে সে কি ঐ ব্যক্তির সমতুল্য যে অন্ধ? আর যে জ্ঞানী সে-ই উপদেশ গ্রহণ করে। (২০) তারা এমন

يُوْفُوْنَ بِعَهْدِ اللّٰهِ وَلَا يَنْقُضُوْنَ الْمِيْثَاقَ ﴿٢١﴾ وَالَّذِيْنَ يَصِلُوْنَ مَآ أَمَرَ اللّٰهُ

ইয়ূফূনা বিআ'হ্দিল্লা-হি অলা-ইয়ানকুদ্বূনাল্ মীছা-ক্ব। ২১। অল্লাযীনা ইয়াছিলূনা মা ~ আমারাল্লা-হু
লোক যারা আল্লাহর সাথে কৃত ওয়াদা রক্ষা করে ও প্রতীজ্ঞা ভঙ্গ করে না। (২১) আর যারা আল্লাহর নির্দেশমত সম্পর্ক বজায়

بِهٖٓ أَنْ يُّوْصَلَ وَيَخْشَوْنَ رَبَّهُمْ وَيَخَافُوْنَ سُوْٓءَ الْحِسَابِ ﴿٢٢﴾ وَالَّذِيْنَ

বিহী ~ আইঁ ইয়ূছলা অ ইয়াখ্ শাওনা রব্বাহুম্ অ ইয়াখা-ফূনা সু — য়াল্ হিসা-ব্। ২২। অ ল্লাযীনা
রাখে, আর যারা তাদের রবকে ভয় করে এবং ভয় করে (পরকালের) কঠোর হিসাবকে। (২২) আর যারা

صَبَرُوا ابْتِغَآءَ وَجْهِ رَبِّهِمْ وَأَقَامُوا الصَّلٰوةَ وَأَنْفَقُوْا مِمَّا رَزَقْنٰهُمْ سِرًّا وَّعَلَانِيَةً

ছোয়াবারুব্ তিগা — য়া অজ্ হি রব্বিহিম্ অ আক্ব-মুছ ছলা-তা অআন্ফাক্ব মিম্মা- রযাক্ব্না-হুম্ সিররাঁও অ'আলা-নিয়াতাঁও
তাদের রবের সন্তুষ্টি লাভের জন্য ধৈর্য অবলম্বন করে, নামায কায়েম করে, আমার প্রদত্ত রিযিক থেকে তারা গোপনে ও

وَّيَدْرَءُوْنَ بِالْحَسَنَةِ السَّيِّئَةَ أُولٰٓئِكَ لَهُمْ عُقْبَى الدَّارِ ﴿٢٣﴾ جَنّٰتُ عَدْنٍ

অইয়াদ্রয়ূনা বিল্ হাসানাতিস্ সাইয়িয়াতা উলা — য়িকা লাহুম্ 'উক্ব্বাদ্দা-র্। ২৩। জান্না-তু 'আদ্নিই
প্রকাশ্যে ব্যয় করে এবং ভাল দিয়ে মন্দ তাড়ায়, এদের জন্য রয়েছে পরকালের শুভ পরিণাম (২৩) স্থায়ী জান্নাত,

يَّدْخُلُوْنَهَا وَمَنْ صَلَحَ مِنْ اٰبَآئِهِمْ وَأَزْوَاجِهِمْ وَذُرِّيّٰتِهِمْ وَالْمَلٰٓئِكَةُ يَدْخُلُوْنَ

ইয়াদ্খুলূনাহা-অমান্ ছোয়ালাহা মিন্আ-বা — য়িহিম্ অ আয্ওয়া-জ্বিহিম্ অ যুররিয়্যা-তিহিম্ অল্ মালা — য়িকাতু ইয়াদ্খুলূনা
যাতে প্রবেশ করবে তারা এবং তাদের পুণ্যবান পিতা-মাতা, তাদের পতি-পত্নী ও সন্তানরা; ফেরেশতারা তাদের কাছে।

عَلَيْهِمْ مِّنْ كُلِّ بَابٍ ﴿٢٤﴾ سَلٰمٌ عَلَيْكُمْ بِمَا صَبَرْتُمْ فَنِعْمَ عُقْبَى الدَّارِ ﴿٢٥﴾ وَالَّذِيْنَ

'আলাইহিম্ মিন্ কুল্লি বা-ব্। ২৪। সালা-মুন্ 'আলাইকুম্ বিমা-ছোয়াবারতুম্ ফানি'মা 'উক্ব্বাদ্দা-র্। ২৫। অল্লাযীনা
প্রত্যেক দ্বার দিয়ে। (২৪) ধৈর্যের কারণে তোমাদের প্রতি অনাবিল শান্তি বর্ষিত হোক, এ পরিণাম কত সুন্দর! (২৫) আর

يَنْقُضُوْنَ عَهْدَ اللّٰهِ مِنْۢ بَعْدِ مِيْثَاقِهٖ وَيَقْطَعُوْنَ مَآ أَمَرَ اللّٰهُ بِهٖٓ أَنْ يُّوْصَلَ وَ

ইয়ানকুদ্বূনা 'আহ্দাল্লা-হি মিম্ বা'দি মীছা-ক্বিহী অইয়াক্ব্তু'উনা মা ~ আমারল্লা-হু বিহী ~ আঁই ইয়ূছলা অ
যারা আল্লাহর সঙ্গে দৃঢ় প্রতিজ্ঞা করার পর তা ভঙ্গ করে, সম্পর্ক বজায় রাখা সম্পর্কে আল্লাহর নির্দেশ ছিন্ন করে, আর

রুকু

يُفْسِدُونَ فِي الْأَرْضِ ۙ أُولَٰئِكَ لَهُمُ اللَّعْنَةُ وَلَهُمْ سُوءُ الدَّارِ ﴿٢٦﴾ اللَّهُ يَبْسُطُ

ইয়ুফ্সিদূনা ফিল্ আরদ্বি উলা — য়িকা লাহুমুল্লা'নাতু অলাহুম্ সূ — য়ুদ্দা-র্। ২৬। আল্লা-হু ইয়াবসুত্বুর্
বিপর্যয় সৃষ্টি করে বেড়ায় যমীনে, তাদের জন্য রয়েছে অভিশাপ ও তাদের জন্যই রয়েছে নিকৃষ্ট ঘর। (২৬) আল্লাহ যাকে ইচ্ছা

الرِّزْقَ لِمَنْ يَشَاءُ وَيَقْدِرُ ۚ وَفَرِحُوا بِالْحَيَاةِ الدُّنْيَا وَمَا الْحَيَاةُ الدُّنْيَا فِي

রিয্ক্ব লিমাইঁ ইয়াশা — য়ু অইয়াক্ব্দির্; অফারিহূ বিল্ হাইয়া-তিদ্ দুন্ইয়া-অমাল্ হাইয়া-তুদ্দুন্ইয়া-ফিল্
পর্যাপ্ত রিযিক প্রদান করেন, আর যাকে ইচ্ছা কমিয়ে দেন। কিন্তু এরা পার্থিব জীবনে খুশী; অথচ ইহকাল তো পরকালের তুলনায়

الْآخِرَةِ إِلَّا مَتَاعٌ ﴿٢٧﴾ وَيَقُولُ الَّذِينَ كَفَرُوا لَوْلَا أُنْزِلَ عَلَيْهِ آيَةٌ مِنْ رَبِّهِ ۚ

আ-খিরতি ইল্লা-মাতা'। ২৭। অইয়াক্বূলুল্লাযীনা কাফারূ লাওলা ~ উন্যিলা 'আলাইহি আ-ইয়াতুম্ মির্ রব্বিহ্;
অতি সামান্য ভোগ্যসামগ্রী মাত্র। (২৭) কাফেররা বলে, তার রবের কাছ থেকে তার কাছে কোন নিদর্শন অবতীর্ণ হয় না কেন?

ع ৩ ৮ ৯ রুকু

قُلْ إِنَّ اللَّهَ يُضِلُّ مَنْ يَشَاءُ وَيَهْدِي إِلَيْهِ مَنْ أَنَابَ ﴿٢٨﴾ الَّذِينَ آمَنُوا

ক্বুল্ ইন্নাল্লা-হা ইয়ুদ্বিল্লু মাইঁ ইয়াশা — য়ু অইয়াহ্দী ~ ইলাইহি মান্ আনা-ব্। ২৮। আল্লাযীনা আ-মানূ
আপনি বলুন, নিশ্চয়ই যাকে ইচ্ছে আল্লাহ বিভ্রান্ত করেন; তাঁর দিকে রুজূকারীকে সুপথ প্রদর্শন করেন। (২৮) তারা ঐ লোক

وَتَطْمَئِنُّ قُلُوبُهُمْ بِذِكْرِ اللَّهِ ۗ أَلَا بِذِكْرِ اللَّهِ تَطْمَئِنُّ الْقُلُوبُ ﴿٢٩﴾ الَّذِينَ آمَنُوا

অতাত্ব্মায়িন্নু ক্বুলূবুহুম্ বিযিক্রিল্লা-হ্; আলা-বিযিক্রিল্লা-হি তাত্ব্ মায়িন্নুল্ ক্বুলূব্। ২৯। আল্লাযীনা আ-মানূ
যারা ঈমান এনেছে ও আল্লাহর স্মরণে যাদের মন প্রশান্ত হয়; জেন রাখ আল্লাহর স্মরণেই মন প্রশান্ত হয়। (২৯) যারা ঈমান এনেছে

وَعَمِلُوا الصَّالِحَاتِ طُوبَىٰ لَهُمْ وَحُسْنُ مَآبٍ ﴿٣٠﴾ كَذَٰلِكَ أَرْسَلْنَاكَ فِي أُمَّةٍ قَدْ

অ 'আমিলুছ্ ছোয়া-লিহাতি ত্বূ বা-লাহুম্ অহুসনু মাআ-ব্। ৩০। কাযা-লিকা আর্সাল্না-কা ফী ~ উম্মাতিন্ ক্বদ্
ও সৎকর্ম করেছে, তাদেরই জন্যই রয়েছে সু-খবর ও উত্তম স্থান। (৩০) এভাবে আমি আপনাকে এমন এক জাতির কাছে প্রেরণ

خَلَتْ مِنْ قَبْلِهَا أُمَمٌ لِتَتْلُوَ عَلَيْهِمُ الَّذِي أَوْحَيْنَا إِلَيْكَ وَهُمْ يَكْفُرُونَ

খলাত্ মিন্ ক্বব্লিহা ~ উমামুল্ লিতাত্লুওয়া- 'আলাইহিমুল্লাযী ~ আওহাইনা ~ ইলাইকা অহুম্ ইয়াক্ফুরূনা
করেছি যার আগে বহু জাতি গত হয়ে গিয়েছে; এজন্য যে, আপনাকে যা অহী করি তা যেন তাদেরকে শুনান; তারা রহমানকে

بِالرَّحْمَٰنِ ۚ قُلْ هُوَ رَبِّي لَا إِلَٰهَ إِلَّا هُوَ عَلَيْهِ تَوَكَّلْتُ وَإِلَيْهِ مَتَابِ ﴿٣١﴾ وَلَوْ

বির্রহ্মা-ন্; ক্বুল্ হুঅ রব্বী লা ~ ইলা-হা ইল্লা- হুঅ 'আলাইহি তাওয়াক্কালতু অ ইলাইহি মাতা-ব্। ৩১। অলাও
অস্বীকার করে; বলুন, তিনি রব, তিনি ছাড়া কোন ইলাহ্ নেই, তাঁরই ওপর নির্ভর করি, তাঁরই কাছে প্রত্যাবর্তন। (৩১) যদি

আয়াত-২৭ ঃ মক্কাবাসীরা পুনঃ পুনঃ একই সমালোচনা করে আসছে যে, তাদের আবদার মত কোন মু'জিযা কেন দেখান হয় না? এর উত্তর অনেকবার দেয়া হয়েছে, কিন্তু পুনরায় যখন এ সমালোচনা করা হল, তখন আরও উত্তমরূপে উত্তর দেয়া হল। উত্তরের সারাংশ হল, অজস্র মু'জিযা প্রকাশিত হওয়া সত্ত্বেও তোমরা যখন একই প্রশ্ন করছ মনে হয় তোমরা পুরাতন পাপী, তোমাদের কপালে হিদায়ত নেই, তাই তোমাদের এ অবান্তর আবদার হেতু আল্লাহ তোমাদেরকে গোমরাহ করার ইচ্ছা রাখেন। আর যারা পূর্ব হতেই সৎ ও সত্য তারা আল্লাহর প্রতি ঝুঁকে পড়ে এবং হেদায়েতও তারা পায়। তাদের জন্য মু'জিযার প্রয়োজন হয় না, বরং আধ্যাত্মিক বড় মু'জিযাহ তাঁদের আছে। তা হল, স্মরণে তাদের হৃদয় প্রশান্ত হয়, যেন তাদের অন্তর্দৃষ্টি নবীর কথাসমূহ প্রত্যক্ষ করে, ফলে তাদের হৃদয়ে কোন দ্বিধা-দ্বন্দ্ব থাকে না।

أَنَّ قُرْآنًا سُيِّرَتْ بِهِ الْجِبَالُ أَوْ قُطِّعَتْ بِهِ الْأَرْضُ أَوْ كُلِّمَ بِهِ الْمَوْتَىٰ ۗ

আন্না কু্‌রআ-নান্ সুইয়্যিরাত্ বিহিল্ জ্বিবালু আও কু্‌ত্তিআ'ত্ বিহিল্ আরদ্বু আও কুল্লিমা বিহিল্ মাওতা-;
কোরআন দ্বারা পাহাড় স্থানান্তর করা যেত বা যমীনকে টুকরা করা যেত বা মৃত কথা বলতো, তবু তারা ঈমান আনতো না।

بَل لِّلَّهِ الْأَمْرُ جَمِيعًا ۗ أَفَلَمْ يَيْأَسِ الَّذِينَ آمَنُوا أَن لَّوْ يَشَاءُ اللَّهُ لَهَدَى

বাল্ লিল্লা-হিল্ আম্‌রু জ্বামী'আ- আফালাম্ ইয়াইয়াসিল্লাযীনা আ-মানূ~ আল্লাও ইয়াশা — য়ুল্লা-হু লাহাদান
বরং সকল ক্ষমতা আল্লাহর; তবে কি যারা ঈমান এনেছে তাদের প্রত্যয় হয়নি যে, আল্লাহ ইচ্ছা করলে সবাইকে হেদায়েতের

النَّاسَ جَمِيعًا ۗ وَلَا يَزَالُ الَّذِينَ كَفَرُوا تُصِيبُهُم بِمَا صَنَعُوا قَارِعَةٌ أَوْ تَحُلُّ

না-সা জ্বামীআ'-; অলা-ইয়াযা-লুল্লাযীনা কাফারূ তুছীবুহুম্ বিমা-ছোয়ানা'ঊক্ব-রি'আতুন্ আও তাহুল্লু
পথ দেখাতে পারেন? আর যারা কুফরী করেছে তাদের কৃত কর্মের কারণে তাদের বিপর্যয় হতে থাকবে বা বাড়ীর আশে পাশে

৪ ع ৫ ১০ রুকু

قَرِيبًا مِّن دَارِهِمْ حَتَّىٰ يَأْتِيَ وَعْدُ اللَّهِ ۚ إِنَّ اللَّهَ لَا يُخْلِفُ الْمِيعَادَ ﴿٣٢﴾ وَ

ক্বরীবাম্ মিন্ দা-রিহিম্ হাত্তা-ইয়া''তিয়া ওয়া'দুল্লা-হ্; ইন্নাল্লা-হা লা-ইয়ুখ্‌লিফুল্ মী'আ-দ্। ৩২। অ
বিপদ আপতিত হবে, যতক্ষণ না আল্লাহর ওয়াদা এসে পড়ে। আল্লাহ কখনও ওয়াদার খেলাপ করেন না। (৩২) আর বহু

لَقَدِ اسْتُهْزِئَ بِرُسُلٍ مِّن قَبْلِكَ فَأَمْلَيْتُ لِلَّذِينَ كَفَرُوا ثُمَّ أَخَذْتُهُمْ ۖ

লাক্বদিস্ তুহ্‌যিয়া বিরুসুলিম্ মিন্ ক্বব্‌লিকা ফাআম্‌লাইতু লিল্লাযীনা কাফারূ ছুম্মা আখায্‌তুহুম্
রাসূলের প্রতি বিদ্রূপ করা হয়েছে, যারা আপনার পূর্বে গত হয়েছে, কাফেরদেরকে অবকাশ দিলাম, তারপর ধরলাম, আমার

فَكَيْفَ كَانَ عِقَابِ ﴿٣٣﴾ أَفَمَنْ هُوَ قَائِمٌ عَلَىٰ كُلِّ نَفْسٍ بِمَا كَسَبَتْ ۗ وَجَعَلُوا لِلَّهِ

ফাকাইফা কা-না ই'ক্ব -ব্। ৩৩। আফামান্ হুঅ ক্ব — য়িমুন্ 'আলা-কুল্লি নাফ্‌সিম্ বিমা-ক্বসাবাত্ অজ্বা'আলূ লিল্লা-হি
শাস্তি কেমন ছিল? (৩৩) এতদসত্ত্বেও যিনি প্রত্যেকের কর্মের পর্যবেক্ষক, তিনি কি তাদের অক্ষম ইলাহ্ তুল্য? তারা আল্লাহর

شُرَكَاءَ قُلْ سَمُّوهُمْ ۚ أَمْ تُنَبِّئُونَهُ بِمَا لَا يَعْلَمُ فِي الْأَرْضِ أَم بِظَاهِرٍ مِّنَ

শুরাকা — য়া ক্বুল্ সাম্মূহুম্; আম্ তুনাব্বিয়ূনাহূ বিমা-লা-ইয়া'লামু ফিল্ আরদ্বি আম্ বিজোয়া-হিরিম্ মিনাল্
সাথে বহু শরীক করেছে; বলুন, তাদের নাম বল, তোমরা কি তাঁকে এরূপ খবর দিতেছ যা যমীনে তার অজানা। বা যা

الْقَوْلِ ۗ بَلْ زُيِّنَ لِلَّذِينَ كَفَرُوا مَكْرُهُمْ وَصُدُّوا عَنِ السَّبِيلِ ۗ وَمَن يُضْلِلِ اللَّهُ

ক্বওল্; বাল্ যুইয়্যিনা লিল্লাযীনা কাফারূ মাক্‌রুহুম্ অছুদ্দূ 'আনিস্ সাবীল্; অমাই ইয়ুদ্‌লিলিল্লা-হু
বাহ্যিক কথা? বরং শোভনীয় করা হয়েছে কাফেরদের চক্রান্ত এবং তারা বাধা পায় সৎপথ থেকে, আল্লাহ ভ্রান্ত করলে পথ

فَمَا لَهُ مِنْ هَادٍ ﴿٣٤﴾ لَّهُمْ عَذَابٌ فِي الْحَيَاةِ الدُّنْيَا ۖ وَلَعَذَابُ الْآخِرَةِ أَشَقُّ ۖ

ফামা-লাহূ মিন্ হা-দ্। ৩৪। লাহুম্ 'আযা-বুন্ ফিল্ হাইয়া-তিদ্ দুনইয়া-অলা 'আযা-বুল্ আ-খিরতি আশাক্কু
দেখানোর আর কেউ নেই। (৩৪) দুনিয়ায় জীবনে তাদের জন্য রয়েছে শাস্তি, আর পরকালে রয়েছে আরও কঠোর শাস্তি!

وَمَا لَهُم مِّنَ اللّٰهِ مِن وَّاقٍ ﴿٣٥﴾ مَثَلُ الْجَنَّةِ الَّتِىْ وُعِدَ الْمُتَّقُوْنَ ۖ تَجْرِىْ مِنْ

অমা-লাহুম্ মিনাল্লা-হি মিঁও ওয়া-ক্ব্। ৩৫। মাছালুল্ জান্নাতি ল্লাতী উ'ইদাল্ মুত্তাক্বূন্; তাজ্‌রী মিন্

তাদের জন্য কোন রক্ষাকারী নেই আল্লাহর আযাব হতে। (৩৫) মুত্তাকীদেরকে জান্নাতের প্রতিশ্রুত দেয়া হয়েছে; ওর অবস্থা হল,

تَحْتِهَا الْاَنْهٰرُ ۖ اُكُلُهَا دَآئِمٌ وَّظِلُّهَا ۚ تِلْكَ عُقْبَى الَّذِيْنَ اتَّقَوْا ۖ وَّعُقْبَى

তাহ্‌তিহাল্ আনহা-র্; উকুলুহা-দা — য়িমুওঁ অজিল্লুহা-; তিল্‌কা 'উক্ব্‌বাল্ লাযীনাত্তাক্বও অ'উক্ব্‌বাল্

তার পাশ দিয়ে ঝর্ণাধারা প্রবাহিত, তার ফলও ছায়া স্থায়ী। এটাই মুত্তাকীদের কর্মের পরিণাম ফল; কাফেরদের কর্মের

الْكٰفِرِيْنَ النَّارُ ﴿٣٦﴾ وَالَّذِيْنَ اٰتَيْنٰهُمُ الْكِتٰبَ يَفْرَحُوْنَ بِمَآ اُنْزِلَ اِلَيْكَ وَمِنَ

কা-ফিরীনান্ না-র্। ৩৬। অল্লাযীনা আ-তাইনা-হুমুল্ কিতা-বা ইয়াফ্‌রাহূনা বিমা ~ উন্‌যিলা ইলাইকা অ মিনাল্

পরিণাম আগুন। (৩৬) আমি যাদেরকে কিতাব দিলাম, তারা আপনার প্রতি অবতারিত নিয়ে খুশী; তবে কেউ কেউ এর

الْاَحْزَابِ مَنْ يُّنْكِرُ بَعْضَهٗ ۚ قُلْ اِنَّمَآ اُمِرْتُ اَنْ اَعْبُدَ اللّٰهَ وَلَآ اُشْرِكَ بِهٖ ۚ

আহ্‌যা-বি মাইঁ ইয়ুন্‌কিরু বা'দোয়াহ্; ক্বুল্ ইন্নামা ~ উমির্‌তু আন্ আ'বুদাল্লা-হা অলা ~ উশ্‌রিকা বিহী

কোন কোন অংশ অস্বীকার করে থাকে। বলুন, আমি আল্লাহর ইবাদতে আদিষ্ট, আমি কাউকে তাঁর শরীক সাব্যস্ত করি না;

اِلَيْهِ اَدْعُوْا وَاِلَيْهِ مَاٰبِ ﴿٣٧﴾ وَكَذٰلِكَ اَنْزَلْنٰهُ حُكْمًا عَرَبِيًّا ۚ وَلَئِنِ اتَّبَعْتَ

ইলাইহি আদ্‌উঅইলাইহি মাআ-ব্। ৩৭। অ কাযা-লিকা আন্‌যাল্‌না-হু হুক্‌মান্ 'আরাবিয়্যা-; অ লায়িনিত্তাবা'তা

আমি এর প্রতি ডাকি এবং তাঁরই কাছে প্রত্যাবর্তন করব। (৩৭) এভাবে তা আরবী বিধানরূপে নাযীল করলাম, জ্ঞান আসার

৫ ع ৬ ১১ রুকু

اَهْوَآءَهُمْ بَعْدَ مَا جَآءَكَ مِنَ الْعِلْمِ ۙ مَا لَكَ مِنَ اللّٰهِ مِنْ وَّلِيٍّ وَّلَا وَاقٍ ﴿٣٨﴾ وَلَقَدْ

আহ্‌ওয়া ~ হুম্ বা'দা মা-জ্বা — কা মিনাল্ 'ইল্‌মি মা-লাকা মিনাল্লা-হি মিঁও অলিয়্যিঁও অলা-ওয়া-ক্ব্। ৩৮। অ লাক্বদ্

পরও আপনি তাদের ইচ্ছার অনুকরণ করলে আল্লাহর বিরুদ্ধে আপনাকে সাহায্যকারী ও বাঁচাবার কেউ নেই। (৩৮) আপনার

اَرْسَلْنَا رُسُلًا مِّنْ قَبْلِكَ وَجَعَلْنَا لَهُمْ اَزْوَاجًا وَّذُرِّيَّةً ۚ وَمَا كَانَ لِرَسُوْلٍ اَنْ

আর্‌সালনা- রুসুলাম্ মিন্ ক্বব্‌লিকা অজ্বা'আল্‌না-লাহুম্ আয্‌ওয়া-জ্বাঁও অযুর্‌রিয়্যাহ্;অমা-কা-না লি রসূলিন্ আইঁ

পূর্বে বহু রাসূল প্রেরণ করেছি এবং তাদেরকেও স্ত্রী ও সন্তান প্রদান করেছি। আল্লাহর অনুমতি ছাড়া কোন রাসূলই কোন

يَّاْتِيَ بِاٰيَةٍ اِلَّا بِاِذْنِ اللّٰهِ ۗ لِكُلِّ اَجَلٍ كِتَابٌ ﴿٣٩﴾ يَمْحُوا اللّٰهُ مَا يَشَآءُ

ইয়া''তিয়া বিআ-ইয়াতিন্ ইল্লা-বিইয্‌নিল্লা-হ্; লিকুল্লি আজ্বালিন্ কিতা-ব্। ৩৯। ইয়াম্‌হুল্লা-হু মা-ইয়াশা — য়ু

নিদর্শন আনতে পারেন না। প্রত্যেক কালের জন্য লিখিত বিধান রয়েছে। (৩৯) আল্লাহ ইচ্ছে মত বিলুপ্ত করেন ও ঠিক

শানেনুযূল ঃ আয়াত-৩৭ ঃ প্রত্যেক নবীর প্রতি তাঁর মাতৃভাষায়ই কিতাব নাযিল হয়েছে। কাজেই নবী (ছঃ) এর মাতৃভাষা আরবি হওয়ায় কোরআনও আরবি ভাষায় নাযিল হয়েছে। তাছাড়া আরবি ভাষা শব্দ সম্ভার ও ভাষা অলংকারের দিক দিয়ে অত্যন্ত সমৃদ্ধ। অন্য কোন ভাষা যার সমকক্ষ নয়। (বঃ কোঃ) শানেনুযূল ঃ আয়াত ঃ ৩৮ ঃ কাফেররা বলতেছিল যে, তিনি কেমন নবী যিনি সংসার করেছেন, স্ত্রী ও সন্তানাদির সাথে সম্পর্ক রাখেন। এর জবাবে আল্লাহপাক এ আয়াতটি নাযিল করেন। এর পূর্বের আয়াতে যখন বলা হয় যে, নবীর কোন স্বাধিকার নেই। তখন কাফেররা বলতে লাগল, হে মুহাম্মদ (ছঃ)! তোমার ক্ষমতায় তো কিছুই নেই, যা কিছু হওয়ার ছিল তা হয়ে গিয়েছে। তখন আয়াতটি নাযিল হয়।

وَيُثْبِتُ ۚ وَعِنْدَهُ أُمُّ الْكِتَابِ ﴿٤٠﴾ وَإِنْ مَا نُرِيَنَّكَ بَعْضَ الَّذِي نَعِدُهُمْ أَوْ

অ ইয়ুছ্‌বিতু অ 'ইন্‌দাহূ ~ উম্মুল কিতা-ব্। ৪০। অ ইঁম্মা-নুরিইয়ান্নাকা বা'দ্বোয়াল্লাযী না'ইদুহুম্ আও

রাখেন, তাঁর কাছেই রয়েছে মূল গ্রন্থ। (৪০) আর তাদেরকে আমি যে ওয়াদা দিয়েছি তার কিছু যদি আপনাকে দেখাই বা

نَتَوَفَّيَنَّكَ فَإِنَّمَا عَلَيْكَ الْبَلَاغُ وَعَلَيْنَا الْحِسَابُ ﴿٤١﴾ أَوَلَمْ يَرَوْا أَنَّا

নাতাওয়াফ্‌ফাইয়ান্নাকা ফাইন্নামা-'আলাইকাল্ বালা-গু অ'আলাইনাল্ হিসা-ব্। ৪১। আওলাম্ ইয়ারাও আন্না-

আপনাকে মৃত্যু দেই, তবে আপনার দায়িত্ব শুধু প্রচার করা, আর আমার কর্তব্য হল হিসাব নেয়া। (৪১) তারা কি দেখে না,

نَأْتِي الْأَرْضَ نَنْقُصُهَا مِنْ أَطْرَافِهَا ۚ وَاللَّهُ يَحْكُمُ لَا مُعَقِّبَ لِحُكْمِهِ ۚ وَهُوَ سَرِيعُ

না''তিল্ আর্‌দ্বোয়া নান্‌কুছুহা-মিন্ আত্ব্‌র-ফিহা-; অল্লা-হু ইয়াহ্‌কুমু লা-মু'আক্ব্‌কিবা লিহুক্‌মিহ্; অ হুঅ সারীউল্

দেশকে চতুর্দিক হতে কমিয়ে এনেছি? আল্লাহ নির্দেশ দেন, তাঁর নির্দেশ রোধ করার কেউ নেই। আর তিনি হিসেবে

الْحِسَابِ ﴿٤٢﴾ وَقَدْ مَكَرَ الَّذِينَ مِنْ قَبْلِهِمْ فَلِلَّهِ الْمَكْرُ جَمِيعًا ۖ يَعْلَمُ مَا تَكْسِبُ كُلُّ

হিসা-ব্। ৪২। অ ক্বদ্ মাকারল্লাযীনা মিন্ ক্বব্‌লিহিম্ ফালিল্লা-হিল্ মাক্‌রু জ্বামী'আ ইয়া'লামু মা- তাক্‌সিবু কুল্লু

তৎপর। (৪২) তাদের পূর্ববর্তীরাও চক্রান্ত করেছিল, কিন্তু সকল কৌশল আল্লাহর হাতে। প্রত্যেকের কর্ম তিনি

نَفْسٍ ۗ وَسَيَعْلَمُ الْكُفَّارُ لِمَنْ عُقْبَى الدَّارِ ﴿٤٣﴾ وَيَقُولُ الَّذِينَ كَفَرُوا لَسْتَ

নাফ্‌স্; অ সাইয়া'লামুল্ কুফ্‌ফা-রু লিমান্ 'উক্ব্‌বা দ্দা-র্। ৪৩। অইয়াকূ্‌লু ল্লাযীনা কাফারূ লাস্‌তা

জানেন। আর কাফেররা অবশ্যই জানতে পারবে শুভ পরিণাম কার? (৪৩) আর যারা কুফরী করেছে তারা বলে, 'তুমি

مُرْسَلًا ۚ قُلْ كَفَىٰ بِاللَّهِ شَهِيدًا بَيْنِي وَبَيْنَكُمْ وَمَنْ عِنْدَهُ عِلْمُ الْكِتَابِ

মুর্‌সালা ক্বু্‌ল্ কাফা-বিল্লা-হি শাহীদাম্ বাইনী-অবাইনাকুম্ অমান্ 'ইন্‌দাহূ 'ইল্‌মুল্ কিতা-ব্।

প্রেরিত নও।' বলে দিন আমার ও তোমাদের মধ্যে আল্লাহ ও কিতাবের জ্ঞানীরাই সাক্ষী হিসাবে যথেষ্ট।

ع ৬ ৬ ১২ রুকু

সূরা ইব্‌রাহীম
মক্কাবতীর্ণ

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৫২
রুকূ ঃ ৭

﴿١﴾ الر ۚ كِتَابٌ أَنْزَلْنَاهُ إِلَيْكَ لِتُخْرِجَ النَّاسَ مِنَ الظُّلُمَاتِ إِلَى النُّورِ

১। আলিফ্ লা — ম্ র-কিতা-বুন্ আন্‌যালনা-হু ইলাইকা লিতুখ্‌রিজ্বান্না-সা মিনাজ্ জুলুমা-তি ইলান্ নূরি

(১) আলিফ লা ম্ রা-। আপনার প্রতি কিতাব নাযিল করলাম। যেন আপনি মানুষকে অন্ধকার হতে আলোতে নিয়ে

بِإِذْنِ رَبِّهِمْ إِلَىٰ صِرَاطِ الْعَزِيزِ الْحَمِيدِ ﴿٢﴾ اللَّهِ الَّذِي لَهُ مَا فِي السَّمَاوَاتِ وَمَا

বিইয্‌নি রব্বিহিম্ ইলা-সিরাত্বিল্ 'আযীযিল্ হামীদ্। ২। আল্লা-হিল্লাযী লাহূ মা-ফিস্ সামা-ওয়া-তি অমা-

আসেন তাদের রবের নির্দেশে, বিজয়ী, প্রশংসিতের পথে। (২) তিনিই আল্লাহ যার আধিপত্যে রয়েছে আকাশ

فِي الْأَرْضِ ۗ وَوَيْلٌ لِّلْكَافِرِينَ مِنْ عَذَابٍ شَدِيدٍ ۝ الَّذِينَ يَسْتَحِبُّونَ

ফিল্ আর্‌দ্ব; অ ওয়াইলুল্লিল্ কা-ফিরীনা মিন্ 'আযা-বিন্ শাদীদ্। ৩। আল্লাযীনা ইয়াস্‌তাহিব্বূনাল্

ও পৃথিবীর যা কিছু আছে সে সবের উপর, কাফেরদের জন্য কঠিন শাস্তির পরিতাপ। (৩) আর যারা প্রাধান্য দেয় পরকালের

الْحَيَاةَ الدُّنْيَا عَلَى الْآخِرَةِ وَيَصُدُّونَ عَن سَبِيلِ اللَّهِ وَيَبْغُونَهَا عِوَجًا ۚ

হা ইয়া-তাদ্ দুন্‌ইয়া-'আলাল্ আ-খিরতি অইয়াছুদ্দূনা 'আন্ সাবীলিল্লা-হি অ ইয়াব্‌গূনাহা- 'ইওয়াজ্বা-;

ওপর ইহকালের জীবনকে, আর আল্লাহর পথে মানুষকে বাধা প্রদান করে, এবং ওতে বক্রতা খুঁজে বেড়ায়;

أُولَٰئِكَ فِي ضَلَالٍ بَعِيدٍ ۝ وَمَا أَرْسَلْنَا مِن رَّسُولٍ إِلَّا بِلِسَانِ قَوْمِهِ لِيُبَيِّنَ

উলা — য়িকা ফি দ্বোয়ালা–লিম্ বা'ঈদ্। ৪। অমা ~ আর্‌সালনা মির্ রসূলিন্ ইল্লা-বিলিসা-নি ক্বওমিহী লিইয়ুবাইয়্যিনা

এ ধরনের লোকেরা সুদূর ভ্রান্তিতে। (৪) আমি কোন রাসূল পাঠাইনি নিজগোত্রীয় ভাষা ছাড়া। যেন সে তাদের কাছে বর্ণনা

لَهُمْ ۖ فَيُضِلُّ اللَّهُ مَن يَشَاءُ وَيَهْدِي مَن يَشَاءُ ۚ وَهُوَ الْعَزِيزُ الْحَكِيمُ ☆

লাহুম্ ফাইয়ুদ্বিল্লুল্লা-হু মাইঁ ইয়াশা — য়ু অ ইয়াহ্‌দী মাইঁ ইয়াশা — য়্; অ হুওয়াল্ 'আযীযুল্ হাকীম্।

করতে পারে; আর আল্লাহ যাকে ইচ্ছা বিভ্রান্ত করেন এবং যাকে ইচ্ছা সৎপথে পরিচালিত করেন। তিনি বিজয়ী, জ্ঞানী।

۝ وَلَقَدْ أَرْسَلْنَا مُوسَىٰ بِآيَاتِنَا أَنْ أَخْرِجْ قَوْمَكَ مِنَ الظُّلُمَاتِ إِلَى النُّورِ

৫। অলাক্বদ্ আর্‌সালনা-মূসা বিআ-ইয়া-তিনা ~ আন্ আখ্‌রিজ্ ক্বওমাকা মিনাজ্জুলুমা-তি ইলান্নূর্;

(৫) আর আমি মূসাকে নিদর্শনসহ প্রেরণ করে বলেছি, তোমার জাতিকে বের করে আন অন্ধকার হতে আলোর দিকে;

وَذَكِّرْهُم بِأَيَّامِ اللَّهِ ۚ إِنَّ فِي ذَٰلِكَ لَآيَاتٍ لِّكُلِّ صَبَّارٍ شَكُورٍ ۝ وَإِذْ قَالَ

অযাক্কির্‌হুম্ বিআইয়্যা-মিল্লা-হ্; ইন্না ফী যা-লিকা লা আ-ইয়া-তিল্ লিকুল্লি ছোয়াব্বা-রিন্ শাকূর্। ৬। অইয্ ক্বা-লা

আল্লাহর দিন (নিয়ামত ও আযাবের) স্মরণ করাও; এতে নিদর্শন রয়েছে ধৈর্যশীল ও কৃতজ্ঞদের জন্য। (৬) স্মরণ করুন,

مُوسَىٰ لِقَوْمِهِ اذْكُرُوا نِعْمَةَ اللَّهِ عَلَيْكُمْ إِذْ أَنجَاكُم مِّنْ آلِ فِرْعَوْنَ

মূসা- লিক্বওমিহিয্ কুরূনি'মাতাল্লা-হি 'আলাইকুম্ ইয্ আন্‌জ্বা-কুম্ মিন্ আ-লি ফির'আউনা

মূসা তাঁর সম্প্রদায়কে বলল, তোমরা আল্লাহর করুণা কথা স্মরণ কর, যখন তিনি মুক্ত করেছিলেন তোমাদেরকে ফিরাউন

يَسُومُونَكُمْ سُوءَ الْعَذَابِ وَيُذَبِّحُونَ أَبْنَاءَكُمْ وَيَسْتَحْيُونَ نِسَاءَكُمْ ۚ وَ

ইয়াসূমূ নাকুম্ সূ — য়াল্ 'আযা-বি অ ইয়ুযাব্বিহূনা আব্‌না — য়াকুম্ অনিসা ~ য়াকুম্; অ

সম্প্রদায়ের কবল হতে, যারা তোমাদেরকে ঘৃণ্য শাস্তি প্রদান করত; তারা তোমাদের পুত্রদের হত্যা করত; এবং

শানেনুযূল ঃ আয়াত–৪ ঃ কাফেররা বলতে লাগল, কোরআন শরীফ মুহাম্মদ (ছঃ)-এর মাতৃভাষায় অবতীর্ণ হচ্ছে, মনে হয় তিনি নিজে বানিয়ে বলতেছেন; যদি অন্য কোন ভাষায় অবতীর্ণ হত, তবে আমরা ঈমান আনতাম। এর উত্তরে এ আয়াতটি অবতীর্ণ হয়।

টীকা-(১) আয়াত-৬ ঃ সংক্ষেপে শোকর বা কৃতজ্ঞতাস্বরূপ হল, আল্লাহ প্রদত্ত নেয়া'মতকে তাঁর অবাধ্যতা এবং হারাম কাজে ব্যয় না করা। মুখেও আল্লাহর কৃতজ্ঞতা প্রকাশ এবং স্বীয় কাজ-কর্মকেও তাঁর ইচ্ছার অনুগামী করা। সবরের সারমর্ম হল, স্বভাব বিরুদ্ধ বিষয়াদিতে অস্থির না হওয়া। কথায় ও কাজে অকৃতজ্ঞতা প্রকাশ না করা এবং ইহকালে আল্লাহর রহমতের আশা করা ও পরকালে উত্তম পুরস্কার প্রাপ্তির বিশ্বাস রাখা। (মাঃ কোঃ)

فِيْ ذٰلِكُمْ بَلَاءٌ مِّنْ رَّبِّكُمْ عَظِيْمٌ ۝٧ وَإِذْ تَأَذَّنَ رَبُّكُمْ لَئِنْ شَكَرْتُمْ

ইয়াস্তাহ্ইয়ূনা ফী যা-লিকুম্ বালায়ুম্ মির্ রব্বিকুম্ 'আজীম্। ৭। অইয্ তায়ায্যানা রব্বুকুম্ লায়িন্ শাকার্তুম্

কন্যাদের জীবিত রাখত, এটা রবের পক্ষ হতে মহা পরীক্ষা ছিল।(৭) এবং যখন তোমাদের রব ঘোষণা করেন, কৃতজ্ঞ

لَأَزِيْدَنَّكُمْ وَلَئِنْ كَفَرْتُمْ إِنَّ عَذَابِيْ لَشَدِيْدٌ ۝٨ وَقَالَ مُوْسٰى إِنْ تَكْفُرُوْا

লাআযীদান্নাকুম্ অলায়িন্ কাফার্তুম্ ইন্না 'আযা-বী লাশাদীদ্। ৮। অক্ব-লা মূসা ~ ইন্ তাক্ফুরূ~

হলে অধিক দিব, আর অকৃতজ্ঞ হলে আমার শাস্তি হবে বড়ই কঠিন। (৮) আর মূসা বলল, তোমরা ও পৃথিবীর সবাই

أَنْتُمْ وَمَنْ فِي الْأَرْضِ جَمِيْعًا فَإِنَّ اللّٰهَ لَغَنِيٌّ حَمِيْدٌ ۝٩ أَلَمْ يَأْتِكُمْ

আন্তুম্ অ মান্ ফিল্ আর্দ্বি জ্বামী'আন্ ফাইন্নাল্লা-হা লাগনিয়্যুন্ হামীদ্। ৯। আলাম্ ইয়া''তিকুম্

যদি অকৃতজ্ঞ হও, তবে আল্লাহ অবশ্যই সম্পূর্ণ অমুখাপেক্ষী, প্রশংসিত। (৯) তোমাদের কাছে কি তোমাদের পূর্ববর্তীদের

نَبَؤُا الَّذِيْنَ مِنْ قَبْلِكُمْ قَوْمِ نُوْحٍ وَّعَادٍ وَّثَمُوْدَ ۛ وَالَّذِيْنَ مِنْ بَعْدِهِمْ ۛ لَا

নাবায়ুল্লাযীনা মিন্ ক্বব্লিকুম্ ক্বওমি নূ-হিঁও অ'আ-দিঁও অছামূদ্; অল্লাযীনা মিম্ বা'দিহিম্; লা-

সংবাদ পৌঁছে নি? নূহের সম্প্রদায়ের, আদের সম্প্রদায় ও ছামূদ সম্প্রদায়ের এবং তাদের পরের লোকদের, আল্লাহই

يَعْلَمُهُمْ إِلَّا اللّٰهُ ۗ جَاءَتْهُمْ رُسُلُهُمْ بِالْبَيِّنٰتِ فَرَدُّوْا أَيْدِيَهُمْ فِيْ أَفْوَاهِهِمْ

ইয়া'লামুহুম্ ইল্লাল্লা-হ্; জ্বা — য়াত্হুম রুসুলুহুম্ বিল্বাইয়্যিনা-তি ফারাদ্দূ ~ আইদিয়াহুম্ ফী ~ আফ্ওয়া-হিহিম্

তাদেরকে জানেন, রাসূলরাও আগমন করেছিলেন তাদের কাছে নিদর্শনসহ, তারা তাদের হাত মুখে রাখত এবং বলত,

وَقَالُوْا إِنَّا كَفَرْنَا بِمَا أُرْسِلْتُمْ بِهٖ وَإِنَّا لَفِيْ شَكٍّ مِّمَّا تَدْعُوْنَنَا إِلَيْهِ مُرِيْبٍ

অক্ব-লূ ~ ইন্না-কাফার্না- বিমা ~ উরসিল্তুম্ বিহী অইন্না-লাফী শাক্কিম্ মিম্মা- তাদ্'উনানা ~ ইলাইহি মুরীব।

আমরা তো অস্বীকার করি তোমরা যা নিয়ে প্রেরিত হয়েছ তা, আমরা তোমার আহ্বানের বিষয় সন্দেহপোষণ করছি।

۝١٠ قَالَتْ رُسُلُهُمْ أَفِي اللّٰهِ شَكٌّ فَاطِرِ السَّمٰوٰتِ وَالْأَرْضِ ۗ يَدْعُوْكُمْ

১০। ক্ব-লাত্ রুসুলুম্ আফিল্লা-হি শাক্কুন্ ফাত্বিরিস্ সামা-ওয়া-তি অল্ আর্দ্বি; ইয়াদ'উকুম্

(১০) রাসূলরা বলল, আল্লাহ সম্পর্কেও কি সন্দেহ আছে? যিনি আসমান ও যমীনের স্রষ্টা? তিনি আহ্বান করছেন, যেন

لِيَغْفِرَ لَكُمْ مِّنْ ذُنُوْبِكُمْ وَيُؤَخِّرَكُمْ إِلٰى أَجَلٍ مُّسَمًّى ۗ قَالُوْا إِنْ أَنْتُمْ إِلَّا

লিইয়াগ্ফিরলাকুম্ মিন যুনূবিকুম্ অইউআখ্খিরকুম্ ইলা ~ আজ্বালিম্ মুসাম্মান্; ক্ব-লূ~ইন্ আন্তুম্ ইল্লা-

তোমাদের গুনাহ মাপ করে দেন এবং নির্দিষ্ট কাল তোমাদেরকে অবকাশ দেন। তারা বলল, তোমরা আমাদের মতই তো

بَشَرٌ مِّثْلُنَا ۗ تُرِيْدُوْنَ أَنْ تَصُدُّوْنَا عَمَّا كَانَ يَعْبُدُ اٰبَاؤُنَا فَأْتُوْنَا بِسُلْطٰنٍ

বাশারুম্ মিছ্লুনা-; তুরীদূনা আন্ তাছুদ্দূনা 'আম্মা- কা-না ইয়া'বুদূ আ-বা — য়ুনা-ফা''তূনা-বিসুল্ত্বোয়া-নিম্

মানুষ, অথচ আমাদেরকে বিরত রাখতে চাও পিতৃ পুরুষের উপাস্য হতে, তাই আমাদের নিকট স্পষ্ট প্রমাণ নিয়ে

১ ع ৬ ১৩ রুকু

মোয়া-৫

তিন চতুর্থাংশ

مُّبِينٍ ﴿١١﴾ قَالَتْ لَهُمْ رُسُلُهُمْ إِنْ نَّحْنُ إِلَّا بَشَرٌ مِّثْلُكُمْ وَلٰكِنَّ اللّٰهَ يَمُنُّ عَلٰى

মুবীন্। ১১। ক্ব-লাত্ লাহুম্ রুসুলুহুম্ ইন্ নাহ্‌নু ইল্লা-বাশারুম্ মিছ্‌লুকুম্ অ লা-কিন্নাল্লা-হা ইয়ামুন্নু 'আলা-
এস। (১১) তাদের রাসূলরা তাদের বলল, প্রকৃত পক্ষে আমরা তোমাদের মতই মানুষ, তবে আল্লাহ তাঁর বান্দাদের

مَنْ يَّشَاءُ مِنْ عِبَادِهٖ ؕ وَمَا كَانَ لَنَا أَنْ نَّأْتِيَكُمْ بِسُلْطٰنٍ إِلَّا بِإِذْنِ اللّٰهِ ؕ

মাঁই ইয়াশা—য়ু মিন্ 'ইবা-দিহ্; অমা-কা-না লানা~ আন্ না"তিয়াকুম্ বিসুল্‌ত্বোয়া-নিন্ ইল্লা- বিইয্‌নিল্লা-হ্;
মধ্যে যাকে ইচ্ছা তারপ্রতি অনুগ্রহ করেন, আর আল্লাহর অনুমতি ছাড়া প্রমাণ আনা আমাদের কাজ নয় আর

وَعَلَى اللّٰهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُونَ ﴿١٢﴾ وَمَا لَنَا أَلَّا نَتَوَكَّلَ عَلَى اللّٰهِ وَقَدْ هَدٰىنَا

অ'আলাল্লা-হি ফাল্‌ইয়াতাওয়াক্কালিল্ মু'মিনূন্। ১২। অমা-লানা ~ আল্লা-নাতাওয়াক্কালা 'আলাল্লা-হি অক্বদ্ হাদা-না-
আল্লাহর ওপরই ভরসা করবে মু'মিনরা।(১২) আর আমরা কেনই বা আল্লাহর ওপর ভরসা করব না? তিনিই তো আমাদেরকে

سُبُلَنَا ؕ وَلَنَصْبِرَنَّ عَلٰى مَا أٰذَيْتُمُونَا ؕ وَعَلَى اللّٰهِ فَلْيَتَوَكَّلِ الْمُتَوَكِّلُونَ ۞

সুবুলানা-; অলানাছ্‌বিরন্না 'আলা-মা ~ আ-যাইতুমূনা-অ'আলাল্লা-হি ফাল্‌ইয়াতাওয়াক্কালিল্ মুতাওয়াক্কিলূন্।
পথ দেখালেন। তোমাদের প্রদত্ত কষ্ট আমরা সহ্য করব; আর যারা নির্ভরকারী তার তো আল্লাহর ওপরই নির্ভর করবে।

২ ع ৬ ১৪ রুকু

﴿١٣﴾ وَقَالَ الَّذِينَ كَفَرُوا لِرُسُلِهِمْ لَنُخْرِجَنَّكُمْ مِّنْ أَرْضِنَا أَوْ لَتَعُودُنَّ فِي مِلَّتِنَا ؕ

১৩। অক্বালাল্লাযীনা কাফারূ লিরুসুলিহিম্ লানুখ্‌রিজান্নাকুম্ মিন্ আর্‌দ্বিনা ~ আও লাতা'উদুন্না ফী মিল্লাতিনা-;
(১৩) কাফেররা তাদের রাসূলদের বলেছিল, তোমাদেরকে দেশ হতে বহিষ্কার করবই বা আমাদের ধর্মে ফিরে আসবেই;

فَأَوْحٰى إِلَيْهِمْ رَبُّهُمْ لَنُهْلِكَنَّ الظّٰلِمِينَ ﴿١٤﴾ وَلَنُسْكِنَنَّكُمُ الْأَرْضَ مِنْ بَعْدِهِمْ ؕ

ফাআওহা ~ ইলাইহিম্ রব্বুহুম্ লানুহ্ লিকান্নাজ্ জোয়া-লিমীন্। ১৪। অ লানুস্‌কিনান্নাকুমুল্ আর্‌দ্বোয়া মিম্ বা'দিহিম্
রব তাদের কাছে অতঃপর অহী পাঠালেন যে, আমি জালিমদেরকে ধ্বংস করবই। (১৪) তাদের পরে তোমাদেরকে দেশে

ذٰلِكَ لِمَنْ خَافَ مَقَامِي وَخَافَ وَعِيدِ ﴿١٥﴾ وَاسْتَفْتَحُوا وَخَابَ كُلُّ جَبَّارٍ

যা-লিকা লিমান্ খ-ফা মাক্ব-মী অখ-ফা অ'ঈদ্। ১৫। অস্‌তাফ্‌তাহূ অখ-বা কুল্লু জ্বাব্বা-রিন্
স্থান দিব; এটি যে আমার সমক্ষে হাযির হওয়া ও আমার শাস্তিকে ভয় করে তার জন্য। (১৫) আর তারা বিজয় চাইল,

عَنِيدٍ ﴿١٦﴾ مِّنْ وَّرَائِهٖ جَهَنَّمُ وَيُسْقٰى مِنْ مَّاءٍ صَدِيدٍ ﴿١٧﴾ يَّتَجَرَّعُهٗ

'আনীদ্। ১৬। মিওঁ অরা — য়িহী জ্বাহান্নামু অইউস্‌ক্ব-মিম্ মা — ইন্ ছোয়াদীদ। ১৭। ইতাজ্বার্‌রা'উহূ
প্রত্যেক উদ্ধত স্বৈরাচারী ব্যর্থ হল। ১৬। প্রত্যেকের পিছে জাহান্নাম, গলিত পুঁজ পান করান হবে। (১৭) সে তা

আয়াত-১৪ ঃ অর্থাৎ পয়গাম্বর (আঃ) গণ যখন কাফেরদেরকে শুনিয়ে দিলেন যে, তোমরা তো প্রমাণাদির মীমাংসা মানলে না। সুতরাং এখন শাস্তির দ্বারা মীমাংসা হবে। যেমন নূহ (আঃ) বলেছেন ঃ "হে আল্লাহ! এখন আমার ও তাদের মধ্যে মীমাংসা করে আমাকে উদ্ধার করুন। লূত (আঃ) বলেছেনঃ আমাকে এবং আমার পরিবার-পরিজনকে কাফেরদের অপকর্ম হতে উদ্ধার করুন।" (বঃ কোঃ, তাফঃ মাহঃ হাঃ)

আয়াত-১৭ ঃ হাদীসে আছে, জাহান্নামীদের মাথায় ফেরেশতা লোহার হাতুড়ী দিয়ে আঘাত করে মুখে পুঁজ মিশ্রিত উত্তপ্ত পানি ফেলে দেবে। এই পানি পেটে পৌঁছা মাত্র পাকস্থলী ছিন্ন-ভিন্ন হয়ে বের হয়ে পড়বে। (তাফঃ মাহঃ হাঃ) ৩। এই পানি পান করার পর চতুর্দিক হতে মৃত্যু হাজির হবে। মাথা হতে পা পর্যন্ত শরীরের প্রতিটি অঙ্গ মৃত্যু যন্ত্রণায় কাতর হয়ে মৃত্যু কামনা করবে। (তাফঃ মাহঃ হাঃ)

وَلَا يَكَادُ يُسِيغُهُ وَيَأْتِيهِ الْمَوْتُ مِنْ كُلِّ مَكَانٍ وَمَا هُوَ بِمَيِّتٍ ط وَمِنْ

অলা-ইয়াকা-দু ইউসীগুহূ অইয়া'' তীহিল মাওতু মিন্ কুল্লি মাকানিওঁ অমা- হুঅ বিমাইয়্যিত্; অ মিঁও

গিলতে চাইবে, কিন্তু সহজে সে তা গিলতে পারবে না, চতুর্দিক হতে মৃত্যু আগমন করবে, কিন্তু মরতে পারবে না।

وَرَائِهِ عَذَابٌ غَلِيظٌ ﴿١٨﴾ مَثَلُ الَّذِينَ كَفَرُوا بِرَبِّهِمْ أَعْمَالُهُمْ كَرَمَادٍ اشْتَدَّتْ

অরা — য়িহী 'আযা-বুন গলীজ্। ১৮। মাছালুল্লাযীনা কাফারূ বিরব্বিহিম্ আ'মা-লুহুম্ কারামা- দিনিশ্ তাদ্দাত্

কঠিন শাস্তি তার পিছনে অপেক্ষমাণ। (১৮) যারা তাদের রবকে অস্বীকার করে তাদের দৃষ্টান্ত, তাদের কর্ম ছাই সদৃশ যা

بِهِ الرِّيحُ فِي يَوْمٍ عَاصِفٍ ط لَا يَقْدِرُونَ مِمَّا كَسَبُوا عَلَىٰ شَيْءٍ ط ذَٰلِكَ هُوَ

বিহির্ রীহু ফী ইয়াওমিন্ 'আ-ছিফ্; লা- ইয়াক্ব্ দিরূনা মিম্মা-কাসাবূ 'আলা-শাইয়িন্; যা-লিকা হুওয়াদ্ব

ঝড়ের দিনে প্রচণ্ড বায়ু উড়িয়ে নিয়ে যায়। তাদের উপার্জিত কোন কিছুই তারা পরকালের কাজে লাগাতে পারবে না। এটা

الضَّلَالُ الْبَعِيدُ ﴿١٩﴾ أَلَمْ تَرَ أَنَّ اللَّهَ خَلَقَ السَّمَاوَاتِ وَالْأَرْضَ بِالْحَقِّ ط إِنْ

দ্বোয়ালা-লুল্ বা'ঈ-দ্। ১৯। আলাম্ তার আন্নাল্লা-হা খলাক্বস্ সামা-ওয়া-তি অল্ আরদ্বোয়া বিল্‌হাক্ব্; ইঁ

সুদূর ভ্রান্তি। (১৯) তুমি কি দেখনি, আল্লাহ আসমান ও যমীন যথার্থ সৃষ্টি করেছেন? ইচ্ছা করলে তোমাদেরকে ধ্বংস

يَشَأْ يُذْهِبْكُمْ وَيَأْتِ بِخَلْقٍ جَدِيدٍ ﴿٢٠﴾ وَمَا ذَٰلِكَ عَلَى اللَّهِ بِعَزِيزٍ ﴿٢١﴾ وَبَرَزُوا لِلَّهِ

ইয়াশা''ইয়ুয্ হিব্‌কুম্ অ ইয়া''তি বিখল্‌ক্বিন্ জ্বাদীদ্। ২০। অমা–যা-লিকা 'আলাল্লা-হি বি'আযীয্। ২১। অবারযূ লিল্লা-হি

করে তোমাদের স্থলে নতুন সৃষ্টি আনতে পারেন। (২০) আর এটা আল্লাহর পক্ষে মোটেও কঠিন নয়। ২১। তারা সবাই আল্লাহর

جَمِيعًا فَقَالَ الضُّعَفَاءُ لِلَّذِينَ اسْتَكْبَرُوا إِنَّا كُنَّا لَكُمْ تَبَعًا فَهَلْ أَنْتُمْ مُغْنُونَ

জ্বামী'আন্ ফাক্ব-লাদ্দু 'আফা — য়ু লিল্লাযীনাস্ তাক্‌বারূ ~ ইন্না-কুন্না-লাকুম্ তাবা'আন্ ফাহাল্ আন্‌তুম্ মুগ্‌নূনা

সামনে হাযির হবে, তখন দুর্বলেরা অহংকারীদের বলবে, তোমাদের অনুসারী ছিলাম, এখন কি আল্লাহর শাস্তি

عَنَّا مِنْ عَذَابِ اللَّهِ مِنْ شَيْءٍ ط قَالُوا لَوْ هَدَانَا اللَّهُ لَهَدَيْنَاكُمْ ط سَوَاءٌ عَلَيْنَا

'আন্না-মিন্ 'আযা-বিল্লা-হি মিন্ শাইয়িন্; ক্বা-লূ লাও হাদা-নাল্লা-হু লাহাদাইনা-কুম্; সাওয়া — য়ুন্ 'আলাইনা ~

হতে বাঁচাতে পারবে? তারা বলবে, আল্লাহ আমাদের সৎ পথ দিলে তোমাদেরকে পথ দেখাতাম। অধীর হই বা ধৈর্য ধরি,

أَجَزِعْنَا أَمْ صَبَرْنَا مَا لَنَا مِنْ مَحِيصٍ ﴿٢٢﴾ وَقَالَ الشَّيْطَانُ لَمَّا قُضِيَ الْأَمْرُ إِنَّ اللَّهَ

আজ্বাযি'না ~ আম্ ছবার্‌না-মা-লানা-মিম্ মাহীছ্। ২২। অক্ব-লাশ্ শাইত্বোয়া-নু লাম্মা-ক্বু দিয়াল্ আম্‌রু ইন্নাল্লা-হা

আমাদের জন্য সবই সমান; আমাদের বাঁচার পথ নেই। (২২) আর যখন কর্ম শেষ হবে, শয়তান বলবে, আল্লাহ তোমাদেরকে

৩ ع ৯ ১৫ রুকু

وَعَدَكُمْ وَعْدَ الْحَقِّ وَوَعَدْتُكُمْ فَأَخْلَفْتُكُمْ ط وَمَا كَانَ لِيَ عَلَيْكُمْ مِنْ سُلْطَانٍ

অ'আদাকুম্ অ'আদাল্ হাক্বক্বি অওয়াআত্তুকুম্ ফাআখ্‌লাফ্‌তুকুম্; অমা-কা-না লিয়া 'আলাইকুম্ মিন্ সুল্‌ত্বোয়া-নিন্

সত্য ওয়াদা দিয়েছেন এবং আমিও তোমাদের ওয়াদা দিয়েছিলাম কিন্তু রক্ষা করি নি; তোমাদের ওপর আমার আধিপত্য

إِلَّآ أَن دَعَوْتُكُمْ فَاسْتَجَبْتُمْ لِى ۖ فَلَا تَلُومُونِى وَلُومُوٓا۟ أَنفُسَكُم ۖ مَّآ أَنَا۠

ইল্লা ~ আন্ দা'আওতুকুম্ ফাস্‌তাজ্বাব্‌তুম্ লী ফালা-তালূমূনী অলূমূ ~ আন্‌ফুসাকুম্; মা ~ আনা-
ছিল না; আমি ডেকেছি মাত্র, আর তাতে তোমরা সাড়া দিয়েছ। তাই আমাকে দোষী কর না, তোমরা নিজদেরকে

بِمُصْرِخِكُمْ وَمَآ أَنتُم بِمُصْرِخِىَّ ۖ إِنِّى كَفَرْتُ بِمَآ أَشْرَكْتُمُونِ مِن قَبْلُ ۗ

বিমুছ্‌রিখিকুম্ অমা ~ আন্‌তুম্ বিমুছ্‌রিখী; ইন্নী কাফার্‌তু বিমা ~ আশ্‌রাক্‌তুমূনি মিন্ ক্বব্‌ল্;
দোষী কর। আমি তোমাদের সাহায্যকারী নই; তোমরা যে আমাকে আল্লাহর শরীক ঠিক করেছিলে আমি তা অস্বীকার করছি।

إِنَّ ٱلظَّٰلِمِينَ لَهُمْ عَذَابٌ أَلِيمٌ ﴿٢٣﴾ وَأُدْخِلَ ٱلَّذِينَ ءَامَنُوا۟ وَعَمِلُوا۟ ٱلصَّٰلِحَٰتِ

ইন্নাজ্ জোয়া-লিমীনা লাহুম্ 'আযা-বুন্ আলীম্। ২৩। অউদ্‌খিলাল্লাযীনা আ-মানূ অ'আমিলুছ্ ছোয়া-লিহা-তি
জালিমদের জন্য রয়েছে পীড়াদায়ক শাস্তি। (২৩) যারা মু'মিন ও নেক আমল করেছে তাদেরকে জান্নাতে প্রবেশ করান

جَنَّٰتٍ تَجْرِى مِن تَحْتِهَا ٱلْأَنْهَٰرُ خَٰلِدِينَ فِيهَا بِإِذْنِ رَبِّهِمْ ۖ تَحِيَّتُهُمْ فِيهَا

জ্বান্না-তিন্ তাজ্‌রী মিন্ তাহ্‌তিহাল্ আন্‌হারু খ-লিদীনা ফীহা-বিইয্‌নি রব্বিহিম্; তাহিয়্যাতুহুম্ ফীহা-
হবে, যার পাশ দিয়ে নদী প্রবাহিত রয়েছে; তাদের রবের ইচ্ছামত তারা সেখানে চিরস্থায়ী হবে। সেথায় সালাম হবে

سَلَٰمٌ ﴿٢٤﴾ أَلَمْ تَرَ كَيْفَ ضَرَبَ ٱللَّهُ مَثَلًا كَلِمَةً طَيِّبَةً كَشَجَرَةٍ طَيِّبَةٍ أَصْلُهَا

সালাম্। ২৪। আলাম্ তারা কাইফা দ্বরাবাল্লা-হু মাছালান্ কালিমাতান্ ত্বইয়্যিবাতান্ কাশাজ্বারাতিন্ ত্বইয়িবাতিন্ আছ্‌লুহা-
অভিবাদন। (২৪) আপনি কি দেখনে নি, কিভাবে আল্লাহ উপমা দেন? কালেমায়ে তাইয়্যেবার তুলনা উত্তম বৃক্ষ, যার

ثَابِتٌ وَفَرْعُهَا فِى ٱلسَّمَآءِ ﴿٢٥﴾ تُؤْتِىٓ أُكُلَهَا كُلَّ حِينٍۭ بِإِذْنِ رَبِّهَا ۗ وَيَضْرِبُ ٱللَّهُ

ছা-বিতুঁও অফার্'উহা-ফিস্ সামা — য়্। ২৫। তু'’তী ~ উকুলাহা-কুল্লা হীনিম্ বিইয্‌নি রব্বীহা-;অইয়াদ্বরিবুল্লা-হুল্
মূল দৃঢ়, যার শাখা প্রশাখা উর্ধ্বে উত্থিত। (২৫) সে বৃক্ষ স্বীয় রবের ইচ্ছায় যা ফল দেয়, আল্লাহ মানুষের জন্য

ٱلْأَمْثَالَ لِلنَّاسِ لَعَلَّهُمْ يَتَذَكَّرُونَ ﴿٢٦﴾ وَمَثَلُ كَلِمَةٍ خَبِيثَةٍ كَشَجَرَةٍ خَبِيثَةٍ

আম্‌ছা-লা লিন্না-সি লা'আল্লাহুম্ ইয়াতাযাক্কারূন্। ২৬। অমাছাল্ কালিমাতিন্ খবীছাতিন্ কাশাজ্বারাতিন খবীছাতি নিজ্‌
উপমা দিয়ে থাকেন, যেন শিক্ষা গ্রহণ করে। (২৬) আর অপবিত্র কালেমার তুলনা একটি নিকৃষ্ট বৃক্ষ মাটির উপর হতে

ٱجْتُثَّتْ مِن فَوْقِ ٱلْأَرْضِ مَا لَهَا مِن قَرَارٍ ﴿٢٧﴾ يُثَبِّتُ ٱللَّهُ ٱلَّذِينَ ءَامَنُوا۟ بِٱلْقَوْلِ

তুছ্‌ছাত্ মিন্ ফাওক্বিল্ আরদ্বি মা-লাহা-মিন্ ক্বরা-র্। ২৭। ইউছাব্বিতুল্লা-হু ল্লাযীনা আ-মানূ বিলক্বওলিছ্
যা অতি সহজে উপড়ানো যায়, যা অস্থায়ী। (২৭) যারা আল্লাহ্‌র দৃঢ় বাণীতে বিশ্বাসী স্থাপন করে আল্লাহ তাদেরকে

আয়াত-২৪ ঃ আলোচ্য আয়াতে মু'মিনকে খেজুর গাছের সাথে তুলনা করা হয়েছে। খেজুর গাছের শিকড় যেমন মজবুত তদ্রূপ কালেমায়ে তাইয়্যিবার মধ্যে ঈমান হচ্ছে মজবুত। দুনিয়ার বিপদাপদ এটাকে টলাতে পারে না। যদ্দরুন ছাহাবীরা নিজের জান-মাল কোরবান করেছেন, কিন্তু ঈমান পরিত্যাগ করেননি। অন্যদিকে খাঁটি মু'মিন যারা তারা দুনিয়ার সকল প্রকার নোংরামি হতে দূরে থাকেন। খেজুর গাছের শাখা যেমন আসমানের দিকে উর্ধে ধাবমান, মু'মিনের সৎকর্মও তেমনি আসমানের দিকে উত্থিত হয়। খেজুর গাছের ফল যেমন সর্বাবস্থায় এবং সব ঋতুতে ভক্ষণ করা হয়, মু'মিনের সৎকর্মও তেমনি সবসময় অব্যাহত থাকে। খেজুর গাছের প্রত্যেকটি অংশই যেমন উপকারী, তেমনি মু'মিনের প্রত্যেক কথা ও কাজ এবং এসবের প্রতিক্রিয়া সমগ্র বিশ্বের জন্য উপকারী। (মাঃ (কোঃ)

الثَّابِتِ فِي الْحَيٰوةِ الدُّنْيَا وَفِي الْاٰخِرَةِ ۚ وَيُضِلُّ اللّٰهُ الظّٰلِمِيْنَ ۙ وَ

ছা- বিতি ফিল্ হাইয়া-তিদ্ দুন্ইয়া- অফিল্ আ-খিরতি, অইয়ুদ্বিল্লু ল্লা-হুজ্ জোয়া-লিমীন্; অ
ইহকালে ও পরকালে প্রতিষ্ঠিত রাখবেন, আর জালিমদেরকে আল্লাহ বিভ্রান্ত রাখবেন. আর আল্লাহ সব কিছু

৪ ع ৬ ১৬ রুকু

يَفْعَلُ اللّٰهُ مَا يَشَآءُ ﴿٢٨﴾ اَلَمْ تَرَ اِلَى الَّذِيْنَ بَدَّلُوْا نِعْمَتَ اللّٰهِ كُفْرًا وَّاَحَلُّوْا

ইয়াফ্ 'আলুল্লা-হু মা- ইয়াশা — য়্। ২৮। আলাম তার ইলাল্লাযীনা বাদ্দালূ নি'মাতাল্লা-হি কুফ্রাঁও ওয়া আহাল্লূ
ভাইকে দিয়ে তোমাকে শক্তিশালী করব, তোমাদের উভয়কে এমন ক্ষমতা দেব যে, ফলে তারা তোমার কাছেও ঘেঁষতে পারবে না।

اَنْتُمَا وَمَنِ اتَّبَعَكُمَا الْغٰلِبُوْنَ ﴿٣٦﴾ فَلَمَّا جَآءَهُمْ مُّوْسٰى بِاٰيٰتِنَا بَيِّنٰتٍ قَالُوْا

আন্তুমা-অমানি ত্তাবা'আকুমাল্ গ-লিবূন্। ৩৬। ফালাম্মা-জ্বা — য়াহুম্ মূসা- বিআ-ইয়া-তিনা- বাইয়্যিনা-তিন্ ক্ব-লূ
আমার নিদর্শনসহ যাও, তোমরা ও অনুসারীরাই বিজয়ী হবে। (৩৬) অতঃপর যখন মূসা স্পষ্ট নিদর্শন নিয়ে গেল, বলল, এটি তো

ব্যাখ্যা- আয়াত-৩২ ঃ এই বিস্ময়কর মু'জিযা দেখে তোমার মনে যে ভয় সঞ্চার হয় তা দূর করার জন্য স্বীয় হস্তদ্বয় আপন দিকে সঙ্কোচিত করে লও। আর কেউ কেউ এর অর্থ বলেন- হযরত মূসা (আঃ) লাঠি সর্প হয়ে যেতে দেখে তিনি ভয়ে তা থেকে আপন হস্তে সরাতে লাগলেন, ভীত লোক যেমন করে। কিন্তু এতে দর্শক শত্রুদের উপর কু-প্রতিক্রিয়া সৃষ্টি হওয়ার আশঙ্কা ছিল। তাই আল্লাহ্ তা'আলা বলেন, লাঠি সর্প হলে যদি ভয় পাও, তবে তোমার হস্ত বাহুদ্বয়কে নিচে দাবিয়ে রেখ, অতঃপর তা বের কর, দেখবে, তা দীপ্তমান উজ্জ্বল সাদা হয়ে বের হবে। অতএব, এ পদ্ধতি অবলম্বনে দুটি উপকার হবে- প্রথমতঃ ভয়ে ভীত অবস্থার অনুকূলে ব্যবস্থা গ্রহণ করা হবে কিন্তু শত্রুরা এ ভীত হওয়ার কথা জানতে পারবে না। দ্বিতীয়তঃ এটি ভিন্ন একটি মু'জিযা হল। (তাঃ মাদারেক)

مَا هٰذَآ اِلَّا سِحْرٌ مُّفْتَرًى وَّمَا سَمِعْنَا بِهٰذَا فِيْٓ اٰبَآئِنَا الْاَوَّلِيْنَ ﴿٣٧﴾ وَقَالَ

মা-হাযা ~ ইল্লা-সিহ্‌রুম্ মুফ্‌তারাঁও অমা-সামি'না- বি হা-যা-ফী ~ আ-বা — য়িনাল্ আউয়্যালীন্।৩৭। অ ক্ব-লা-
মনগড়া যাদু বৈ আর কিছু নয়,এ ব্যাপারে এমন কথা শুনিনি আমাদের পূর্বপুরুষদের পক্ষ থেকে । (৩৭) আর মূসা বলল,

مُوْسٰى رَبِّيْٓ اَعْلَمُ بِمَنْ جَآءَ بِالْهُدٰى مِنْ عِنْدِهٖ وَمَنْ تَكُوْنُ لَهٗ عَاقِبَةُ

মূসা-রব্বী ~ আ'লামু বিমান্ জ্বা — য়া বিল্ হুদা-মিন্ 'ঈন্‌দিহী অমান্ তাকূনু লাহূ আ' ক্বিবাতুদ্
আমার রবই সম্যক অবগত আছেন যে, কে তাঁর পক্ষ থেকে হিদায়াত নিয়ে এসেছে আর পরকালে কার পরিণাম ভাল

الدَّارِ اِنَّهٗ لَا يُفْلِحُ الظّٰلِمُوْنَ ﴿٣٨﴾ وَقَالَ فِرْعَوْنُ يٰٓاَيُّهَا الْمَلَاُ مَا عَلِمْتُ لَكُمْ

দা-র্ ইন্নাহূ লা-ইয়ুফ্‌লিহুজ্ জোয়া-লিমূন্।৩৮। অক্ব-লা ফির্'আউনু ইয়া ~ আইয়ুহাল্ মালায়ু মা-'আলিম্‌তু লাকুম্
হবে? জালিমেরা সর্বদা বিফল। (৩৮) ফেরাউন বলল, হে পরিষদবৃন্দ! আমি ছাড়া তোমাদের আর কোন ইলাহ আছে

مِّنْ اِلٰهٍ غَيْرِيْ ج فَاَوْقِدْ لِيْ يٰهَامٰنُ عَلَى الطِّيْنِ فَاجْعَلْ لِّيْ صَرْحًا لَّعَلِّيْٓ

মিন্ ইলা-হিন্ গইরী, ফাআও ক্বিদ্‌লী ইয়া-হা-মা-নু 'আলাত্ব ত্বীনি ফাজ্ব আল্‌লী ছোয়ার্‌হাল্লা'আল্লী~
বলে তো আমার জানা নেই; হে হামান! তুমি আমার জন্য ইট পোড়াও উঁচু প্রাসাদ নির্মান কর, যাতে আমি

اَطَّلِعُ اِلٰٓى اِلٰهِ مُوْسٰى وَاِنِّيْ لَاَظُنُّهٗ مِنَ الْكٰذِبِيْنَ ﴿٣٩﴾ وَاسْتَكْبَرَ هُوَ وَجُنُوْدُهٗ

আত্ত্বোয়ালি'উইলা ~ ইলা-হি মূসা-অইন্নী লাআজুন্নুহূ মিনাল্ কা-যিবীন্। ৩৯। অস্‌তাক্‌বার হুওয়া অ জু নূদুহূ
মূসার ইলাহকে দর্শন করতে পারি, তবে আমি মনে করি সে মিথ্যাবাদী। (৩৯) সে ও তার বাহিনী পৃথিবীতে অন্যায় গর্ব

فِي الْاَرْضِ بِغَيْرِ الْحَقِّ وَظَنُّوْٓا اَنَّهُمْ اِلَيْنَا لَا يُرْجَعُوْنَ ﴿٤٠﴾ فَاَخَذْنٰهُ وَجُنُوْدَهٗ

ফিল্ আর্‌দ্বি বিগইরিল্ হাক্ব ক্বি অজোয়ান্নু ~ আন্নাহুম্ ইলাইনা- লা-ইয়ুর্‌জ্বা'উন্। ৪০। ফাআখয্‌না-হু অজু নূদাহূ
করে মনে করেছিল যে, তাদেরকে ফিরিয়ে আনা হবে না। (৪০) অতঃপর তাকে ও তার বাহিনীকে আমি পাকড়াও করে সমুদ্রে

فَنَبَذْنٰهُمْ فِي الْيَمِّ ج فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الظّٰلِمِيْنَ ﴿٤١﴾ وَجَعَلْنٰهُمْ اَئِمَّةً

ফানাবায্‌না-হুম্ ফিল্ ইয়াম্মি ফান্‌জুর্ কাইফা কা-না 'আ-ক্বিবাতুজ্ জোয়া-লিমীন্।৪১। অ জ্বা'আল্‌না-হুম্ আইয়িম্মাতাঁই
নিক্ষেপ করলাম; অতঃপর দেখুন কেমন হয়েছিল, জালিমদের পরিণতি? (৪১) আমি তাদেরকে নেতা করেছিলাম, তারা লোকদেরকে

يَّدْعُوْنَ اِلَى النَّارِ ج وَيَوْمَ الْقِيٰمَةِ لَا يُنْصَرُوْنَ ﴿٤٢﴾ وَاَتْبَعْنٰهُمْ فِيْ هٰذِهِ الدُّنْيَا

ইয়াদ্'উনা ইলান্না-রি অইয়াওমাল্ ক্বিয়া-মাতি লা-ইয়ুন্‌ছোয়ারূন্। ৪২। অ আত্‌বা'না-হুম্ ফী হা-যিহিদ্দুন্‌ইয়া-
দোযখের দিকে আহ্বান করত; পরকালে তাদের কেউ সাহায্যকারী হবে না।(৪২) আর দুনিয়াতে আমি তাদের পেছনে অভিশাপ

لَعْنَةً ج وَيَوْمَ الْقِيٰمَةِ هُمْ مِّنَ الْمَقْبُوْحِيْنَ ﴿٤٣﴾ وَلَقَدْ اٰتَيْنَا مُوْسَى الْكِتٰبَ مِنْۢ

লা'নাতান্ অ ইয়াওমাল্ ক্বিয়া-মাতি হুম্ মিনাল্ মাক্ব বূহীন্ ।৪৩। অলাক্বদ্ আ-তাইনা-মূসাল্ কিতা-বা মিম্
লাগিয়ে রেখেছি, আর কিয়ামত দিবসে তারা হবে ঘৃণিত।(৪৩) আমি পূর্ববর্তী বহু লোকদেরকে ধ্বংস করার পর মূসাকে

৪ ع ১৪ ৭ রুকু

بَعْدِ مَا أَهْلَكْنَا الْقُرُونَ الْأُولَىٰ بَصَائِرَ لِلنَّاسِ وَهُدًى وَرَحْمَةً لَعَلَّهُمْ

বা'দি মা~ আহ্লাক্নাল্ ক্বু-রূনাল্ ঊলা-বাছোয়া — য়িরা লিন্না-সি অহুদাঁও অরহ্মাতাল্ লা'আল্লাহুম্

কিতাব প্রদান করেছি, যা ছিল মানব জাতির জন্য জ্ঞানবর্তিকা, হেদায়াত ও রহমত স্বরূপ, যেন তারা তা থেকে উপদেশ

يَتَذَكَّرُونَ ﴿٤٤﴾ وَمَا كُنْتَ بِجَانِبِ الْغَرْبِيِّ إِذْ قَضَيْنَا إِلَىٰ مُوسَى الْأَمْرَ وَمَا

ইয়াতাযাক্কারূন্। ৪৪। অমা-কুন্তা বিজা-নিবিল্ গর্বিয়্যী ইয্ ক্বাদ্বোয়াইনা ~ ইলা-মূসাল্ আম্র অমা-

গ্রহণ করতে পারে।(৪৪) আর আমি যখন মূসাকে বিধান দিয়েছিলাম তখন আপনি তূর পর্বতের পশ্চিমে ছিলেন না, আর আপনি

كُنْتَ مِنَ الشَّاهِدِينَ ﴿٤٥﴾ وَلَٰكِنَّا أَنْشَأْنَا قُرُونًا فَتَطَاوَلَ عَلَيْهِمُ الْعُمُرُ ۚ وَمَا

কুন্তা মিনাশ্ শা-হিদীন্। ৪৫। অলা-কিন্না ~ আন্ শা'না কুরূনান্ ফাতাত্বোয়া- অলা 'আলাইহিমুল্ উমুরু অমা-

প্রত্যক্ষদর্শীও ছিলেন না। (৪৫) বরং আমি (মূসার পর) অনেক (যুগ মানব) গোষ্ঠী সৃষ্টি করেছি, তাদের বয়স দীর্ঘ ছিল;

كُنْتَ ثَاوِيًا فِي أَهْلِ مَدْيَنَ تَتْلُو عَلَيْهِمْ آيَاتِنَا وَلَٰكِنَّا كُنَّا مُرْسِلِينَ ﴿٤٦﴾ وَمَا

কুন্তা ছা-ওয়িয়ান্ ফী ~ আহ্লি মাদ্ইয়ানা তাত্লূ 'আলাইহিম্- আ-ইয়া-তিনা- অলা-কিন্না- কুন্না- মুর্সিলীন্। ৪৬। অমা-

আয়াত আবৃত্তির জন্য আপনি মাদ্ইয়ানবাসীদের মধ্যে ছিলেন না; আমিই তো রাসূল প্রেরক। (৪৬) আর আমি যখন

كُنْتَ بِجَانِبِ الطُّورِ إِذْ نَادَيْنَا وَلَٰكِنْ رَحْمَةً مِنْ رَبِّكَ لِتُنْذِرَ قَوْمًا مَا

কুন্তা বিজা-নিবিত্ব্ ত্বূরি ইয্ না-দাইনা- অলা-কির্ রহ্মাতাম্ মির্ রব্বিকা লিতুন্যির ক্বওমাম্ মা~

মূসাকে ডাকলাম তখন তূরের পার্শ্বে ছিলেন না; এটি রবের পক্ষ থেকে আপনার প্রতি দয়া, যেন ঐ জাতিকে সতর্ক করতে

أَتَاهُمْ مِنْ نَذِيرٍ مِنْ قَبْلِكَ لَعَلَّهُمْ يَتَذَكَّرُونَ ﴿٤٧﴾ وَلَوْلَا أَنْ تُصِيبَهُمْ

আতা-হুম্ মিন্ নাযীরিম্ মিন্ ক্বব্লিকা লা'আল্লাহুম্ ইয়াতাযাক্কারূন্।৪৭। অ লাওলা ~ আন্ তুছীবাহুম্

পারেন, যাদের কাছে আপনার পূর্বে সতর্ককারী আসেনি; যেন তারা উপদেশ গ্রহণ করে। (৪৭) তাদের কৃতকর্মের দরুণ যদি

مُصِيبَةٌ بِمَا قَدَّمَتْ أَيْدِيهِمْ فَيَقُولُوا رَبَّنَا لَوْلَا أَرْسَلْتَ إِلَيْنَا رَسُولًا

মুছীবাতুম্ বিমা-ক্বদ্দামাত্ আইদীহিম্ ফাইয়াক্বূলূ রব্বানা-লাওলা ~ আর্সাল্তা ইলাইনা-রসূলান্

তাদের উপর বিপদ না আসত তবে তারা বলত, হে আমাদের রব! কেন আমাদের কাছে রাসূল পাঠাও নি? পাঠালে তোমার

فَنَتَّبِعَ آيَاتِكَ وَنَكُونَ مِنَ الْمُؤْمِنِينَ ﴿٤٨﴾ فَلَمَّا جَاءَهُمُ الْحَقُّ مِنْ عِنْدِنَا

ফানাত্তাবি'আ আ-ইয়া-তিকা অনাকূনা মিনাল্ মু''মিনীন্। ৪৮। ফালাম্মা- জ্বা — য়াহুমুল্ হাক্ব্ক্বু মিন্ 'ইন্দিনা-

আয়াত মানতাম, এবং মু'মিনদের অন্তর্ভুক্ত হতাম। (৪৮) অতঃপর যখন তাদের নকট সত্য আসল, তখন তারা বলল,

আয়াত-৪৩ ঃ সত্যান্বেষীদের প্রথমতঃ বোধশক্তি ঠিক হয়। একে বসীরত বলে। তারপর আল্লাহর নির্দেশাবলী গ্রহণ করে। একে হেদায়েত বলে। এরপর হেদায়েতের ফলাফল অর্থাৎ আল্লাহর সান্নিধ্য লাভ হয়। একে 'রহমত' বলে (বঃ কোঃ)

আয়াত-৪৪ঃ নিশ্চিতরূপে কোন বিষয়ের সংবাদ দিতে হলে জ্ঞান দ্বারা এটি উপলব্ধি করা একটি উপায়। কিন্তু এ সমস্ত প্রাচীন কাহিনী জ্ঞান দিয়ে উপলব্ধি করার বিষয় নয়। অথবা কোন ঐতিহাসিক মনীষী হতে শিক্ষা লাভ করা নয়। সে সুযোগও আপনার হয় নি। কিংবা স্বচক্ষে দর্শন করা যে আপনার দরকার তার সুযোগও আপনার হয় নি। সুতরাং একমাত্র ওহীর দ্বারাই আপনি উক্ত জ্ঞান লাভ করতে পেরেছেন। (বঃ কোঃ)

قَالُوا لَوْلَا أُوتِيَ مِثْلَ مَا أُوتِيَ مُوسَىٰ ۚ أَوَلَمْ يَكْفُرُوا بِمَا أُوتِيَ مُوسَىٰ

ক্ব-লূ লাওলা ~ উতিয়া মিছ্লা মা ~ উতিয়া মূসা-; আওয়ালাম্ ইয়াক্‌ফুরূ বিমা ~ উতিয়া মূসা-

মূসার মত তাকে (মুহাম্মদ (ছঃ) কে) দেয়া হয়নি কেন? তাতে তারা কি মূসাকে দেয়া বিষয় অস্বীকার করেনি? তারা তো

مِن قَبْلُ ۖ قَالُوا سِحْرَانِ تَظَاهَرَا وَقَالُوا إِنَّا بِكُلٍّ كَافِرُونَ ﴿٤٩﴾ قُلْ فَأْتُوا

মিন্ ক্ববলু ক্ব-লূ সিহ্‌র-নি তাজোয়া-হারা অ ক্ব-লূ ~ ইন্না বিকুল্লিন্ কা-ফিরূন্। ৪৯। ক্বু-ল্ ফা'তূ

বলেছিল, উভয়েই যাদু, পরস্পর সমর্থনকারী। আরো বলেছিল, আমরা প্রত্যেককে অবিশ্বাস করি।(৪৯) আপনি বলুন,

بِكِتَابٍ مِّنْ عِندِ اللَّهِ هُوَ أَهْدَىٰ مِنْهُمَا أَتَّبِعْهُ إِن كُنتُمْ صَادِقِينَ ﴿٥٠﴾ فَإِن

বিকিতা-বিম্ মিন্ 'ইন্‌দিল্লা-হি হুওয়া আহ্‌দা মিন্‌হুমা ~ আত্তাবি'হু ইন্ কুন্‌তুম্ ছোয়া-দিক্বীন্। ৫০। ফাইল্

আল্লাহর পক্ষ থেকে কিতাব আন, যা উভয়টি হতে উত্তম, তবে আমিই তা মানব, যদি সত্যবাদী হও। (৫০) অতঃপর তারা

لَّمْ يَسْتَجِيبُوا لَكَ فَاعْلَمْ أَنَّمَا يَتَّبِعُونَ أَهْوَاءَهُمْ ۚ وَمَنْ أَضَلُّ مِمَّنِ اتَّبَعَ

লাম্ ইয়াস্‌তাজীবূ লাকা ফা'লাম্ আন্নামা- ইয়াত্তাবি'ঊনা আহ্‌ওয়া — য়াহুম্ অমান্ আদ্বোয়াল্লু মিম্মানিত্তাবা'আ

যদি সাড়া না দেয়, তবে জানবেন যে, তারা কেবল প্রবৃত্তির দাসত্ব করে; যে আল্লাহর পথ ছেড়ে প্রবৃত্তির দাসত্ব করে

هَوَاهُ بِغَيْرِ هُدًى مِّنَ اللَّهِ ۚ إِنَّ اللَّهَ لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ ﴿٥١﴾ وَلَقَدْ

হাওয়া-হু বিগ্‌ইরি হুদাম্ মিনাল্লা-হ্; ইন্নাল্লা-হা লা-ইয়াহ্‌দিল্ ক্বওমাজ্ জোয়া-লিমীন্। ৫১। অলাক্বদ্

তার চেয়ে বড় ভ্রান্ত আর কে হতে পারে? নিশ্চয়ই আল্লাহ জালিমদেরকে পথ প্রদর্শন করেন না। (৫১) আর আমি তো

وَصَّلْنَا لَهُمُ الْقَوْلَ لَعَلَّهُمْ يَتَذَكَّرُونَ ﴿٥٢﴾ الَّذِينَ آتَيْنَاهُمُ الْكِتَابَ مِن قَبْلِهِ

অছ্ ছোয়াল্‌না-লাহুমুল্ ক্বওলা লা'আল্লাহুম্ ইয়াতাযাক্কারূন্। ৫২। আল্লাযীনা আ-তাইনা-হুমুল্ কিতা-বা মিন্ ক্ববলিহী

তাদেরকে ক্রমান্বয়ে বাণী পৌঁছিয়েছি, যেন উপদেশ গ্রহণ করে। (৫২) আমি ইতোপূর্বে যাদেরকে কিতাব দিলাম, তারা

هُم بِهِ يُؤْمِنُونَ ﴿٥٣﴾ وَإِذَا يُتْلَىٰ عَلَيْهِمْ قَالُوا آمَنَّا بِهِ إِنَّهُ الْحَقُّ مِن رَّبِّنَا

হুম্ বিহী ইয়ু'মিনূন্। ৫৩। অইযা-ইয়ুত্‌লা- 'আলাইহিম্ ক্ব-লূ ~ আ-মান্না- বিহী ~ ইন্নাহুল্ হাক্বক্বু মির্ রব্বিনা ~

এটা বিশ্বাস করে। (৫৩) তাদের কাছে যখন আবৃত্তি করা হয় তখন বলে, আমরা বিশ্বাস করেছি, এটি রবের পক্ষ হতে সত্য,

إِنَّا كُنَّا مِن قَبْلِهِ مُسْلِمِينَ ﴿٥٤﴾ أُولَٰئِكَ يُؤْتَوْنَ أَجْرَهُم مَّرَّتَيْنِ بِمَا صَبَرُوا وَ

ইন্না-কুন্না-মিন্ ক্ববলিহী মুস্‌লিমীন্। ৫৪। উলা — য়িকা ইয়ু'তাওনা আজ্‌রহুম্ মার্‌রাতাইনি বিমা-ছোয়াবারূ অ

আমরা তো এর পূর্বেও এটাকে মেনেছিলাম। (৫৪) তাদের ধৈর্যের কারণে তাদেরকে দ্বিগুণ পুরস্কার দেয়া হবে, আর তারা ভাল দ্বারা

يَدْرَءُونَ بِالْحَسَنَةِ السَّيِّئَةَ وَمِمَّا رَزَقْنَاهُمْ يُنفِقُونَ ﴿٥٥﴾ وَإِذَا سَمِعُوا اللَّغْوَ

ইয়াদ্‌রায়ূনা বিল্‌হাসানাতিস্ সাইয়িয়াতা অমিম্মা-রযাক্ব্‌না-হুম্ ইয়ুন্‌ফিক্বূন্। ৫৫। অ ইযা-সামি'উল্ লাগ্‌ওয়া

মন্দের মুকাবিলা করে আর আমি তাদেরকে যে রিযিক দিয়েছি তা হতে তারা খরচ করে; (৫৫) তারা যখন বাজে কথা শুনে,

৫ ع ৮ ৮ রুকু

রুবু'

أَعْرَضُوا عَنْهُ وَقَالُوا لَنَا أَعْمَالُنَا وَلَكُمْ أَعْمَالُكُمْ سَلَامٌ عَلَيْكُمْ لَا نَبْتَغِي

আ'রদ্বূ 'আন্হু অক্বা-লূ লানা ~ আ'মা-লুনা অলাকুম্ আ'মা-লুকুম্ সালা-মুন্ 'আলাইকুম্ লা-নাব্তাগিল্

তখন তা উপেক্ষা করে বলে, আমাদের কর্ম আমাদের, তোমাদের কর্ম তোমাদের; তোমাদের প্রতি সালাম। মূর্খদের সাথে

الْجَاهِلِينَ ﴿٥٦﴾ إِنَّكَ لَا تَهْدِي مَنْ أَحْبَبْتَ وَلَٰكِنَّ اللَّهَ يَهْدِي مَنْ يَشَاءُ

জা-হিলীন্। ৫৬। ইন্নাকা লা-তাহ্দী মান্ আহ্বাব্তা অলা-কিন্নাল্লা-হা ইয়াহ্দী মাইঁ ইয়াশা — য়ু

জড়িত হতে চাই না। (৫৬) আপনি আপনার প্রিয়কে পথ দেখাতে পারবেন না, বরং আল্লাহই ইচ্ছামত পথ দেখান,

وَهُوَ أَعْلَمُ بِالْمُهْتَدِينَ ﴿٥٧﴾ وَقَالُوا إِنْ نَتَّبِعِ الْهُدَىٰ مَعَكَ نُتَخَطَّفْ مِنْ

অহুওয়া আ'লামু বিল্মুহ্তাদীন্। ৫৭। অক্বা-লূ ~ ইন্ নাত্তাবি'ইল্ হুদা- মা'আকা নুতাখত্বত্বোয়াফ্ মিন্

এবং তিনিই পথ প্রাপ্তদেরকে চেনেন। (৫৭) তারা বলে, তোমার সঙ্গে সৎপথ মানলে আমরা দেশ হতে বহিষ্কৃত হব: আমি

أَرْضِنَا ۚ أَوَلَمْ نُمَكِّنْ لَهُمْ حَرَمًا آمِنًا يُجْبَىٰ إِلَيْهِ ثَمَرَاتُ كُلِّ شَيْءٍ رِزْقًا

আর্দ্বিনা-আওয়ালাম্ নুমাক্কিল্লাহুম্ হারমান্ আ-মিনাইঁ ইয়ুজ্বা ~ ইলাইহি ছামার-তু কুল্লি শাইয়ির্ রিয্ক্বম্

কি তাদেরকে নিরাপদ স্থান হারাম শরীফে জায়গা দেই নি? যেখানে রিলিফ স্বরূপ সকল প্রকার ফল আসে আমার পক্ষ থেকে?

مِنْ لَدُنَّا وَلَٰكِنَّ أَكْثَرَهُمْ لَا يَعْلَمُونَ ﴿٥٨﴾ وَكَمْ أَهْلَكْنَا مِنْ قَرْيَةٍ بَطِرَتْ

মিল্লাদুন্না-অলা-কিন্না আক্ছারহুম্ লা-ইয়া'লামূন্। ৫৮। অকাম্ আহ্লাক্না মিন্ ক্বরইয়াতিম্ বাত্বিরাত্

কিন্তু তাদের অধিকাংশই তা অবগত নয়।(৫৮) আর আমি কত জনপদ ধ্বংস করেছি, যার অধিবাসীরা তাদের ধন সম্পদ

مَعِيشَتَهَا ۖ فَتِلْكَ مَسَاكِنُهُمْ لَمْ تُسْكَنْ مِنْ بَعْدِهِمْ إِلَّا قَلِيلًا ۖ وَكُنَّا نَحْنُ

মাঈ'শাতাহা- ফাতিল্কা মাসা-কিনুহুম্ লাম্ তুস্কাম্ মিম্ বা'দিহিম্ ইল্লা-ক্বলীলা-; অকুন্না-নাহ্নুল্

ভোগের জন্য গর্ব করত। এ গুলোই তাদের ঘরবাড়ি, তাই তাদের আবাস, পরে অল্প লোকই সেখানে ছিল; অবশেষে আমিই

الْوَارِثِينَ ﴿٥٩﴾ وَمَا كَانَ رَبُّكَ مُهْلِكَ الْقُرَىٰ حَتَّىٰ يَبْعَثَ فِي أُمِّهَا رَسُولًا

ওয়া-রিছীন্। ৫৯। অ মা-কা-না রব্বুকা মুহ্লিকাল্ ক্বুরা-হাত্তা-ইয়াব্'আছা ফী ~ উম্মিহা-রাসূলাইঁ

এগুলোর অধিকারী হয়েছি। (৫৯) আপনার রব তো কোন জনপদ ধ্বংস করেন না যতক্ষণ না তার কেন্দ্র সমূহে আয়াত-পাঠক

শানেনুযূল ঃ আয়াত-৫৬ ঃ রাসূলুল্লাহ (ছঃ)-এর চাচা আবু তালিবের মৃত্যুরে সময় নবী কারীম (ছঃ) তাঁর শয্যা পার্শ্বে উপস্থিত হলেন। সেখানে আবু জাহেল, আবদুল্লাহ ইবনে উবাই এবং উমাইয়া ইবনে খলফ প্রমুখও উপস্থিত ছিল। হুযূর (ছঃ) বললেন, চাচাজান, আপনি কলেমায়ে তৈয়্যব "লা ইলাহা ইল্লাল্লাহু" পড়ুন। আমি এর বলে আল্লাহর দরবারে আপনার পক্ষে যুক্তি দাঁড় করাব। উপস্থিত কাফেররা আবু তালিবকে বলল, তুমি কি জীবনের শেষ সময় আবদুল মোত্তালিবের ধর্ম ত্যাগ করতে যাচ্ছ? হুযূর (ছঃ) আপন বাক্য বারংবার উল্লেখ করতে থাকেন। আর তারাও নিজেদের কথা বলতে থাকে। অবশেষে আবু তালিব বললেন, আমি আবদুল মোত্তালিবের ধর্মেই প্রতিষ্ঠিত। কলেমায়ে তৈয়্যব তিনি পড়লেন না। এতে রাসূলুল্লাহ (ছঃ) অত্যন্ত মনক্ষুণ্ণ হলেন। তখন আলোচ্য আয়াতটি অবতীর্ণ হয়। (বুখারী) লুবাবুন্নুকুলে যে শানেনুযূল বর্ণনা করা হয় তাতে আবু জেহেল ও আবদুল্লাহ ইবনে উবাই এর আলোচনা নেই। উল্লেখ্য যে, আবু তালিবের ইসলাম কবূল না করায় হযরত আলীর বংশধর এবং বিশেষভাবে রাসূলুল্লাহ (ছ ঃ)-এর অন্তরে যাতনার কারণ হয়। তাই সে সম্বন্ধে সাবধানতা অবলম্বন করা উচিত। মুসলিম শরীফের রেওয়ায়েতে যদিও আয়াতটি আবু তালিবের ঘটনা সম্বন্ধে উল্লেখ আছে কিন্তু শব্দের ব্যাপকতায় অন্যান্যদেরকেও অন্তর্ভুক্ত করে নেয়।

আয়াত-৫৭ ঃ একদা হারেছ ইবনে উছমান ইবনে নওফেল নবী কারীম (ছঃ)-এর দরবারে হাযির হয়ে বলল, হে মুহাম্মদ ! আমরা জানি, আপনার আনুগত্য করলে আমাদের উভয় জগত কল্যাণের হবে। কিন্তু, কি করি আপনার আনুগত্য করলে সমস্ত আরবই আমাদের শত্রু হয়ে যাবে, তাদের মুকাবিলা করতে আমরা অক্ষম ; তারা আমাদেরকে মক্কা থেকে বিতাড়িত করবে। তাই আমরা ঈমান আনয়ন করা হতে বিরত রয়েছি। তখন আয়াতটি নাযিল হয়।

يَتْلُوا عَلَيْهِمْ اٰيٰتِنَا ۚ وَمَا كُنَّا مُهْلِكِي الْقُرٰٓى اِلَّا وَاَهْلُهَا ظٰلِمُوْنَ ۝٥٩ وَمَآ

ইয়াত্লূ 'আলাইহিম্ আ-ইয়াতিনা-অমা-কুন্না -মুহ্লিকিল্ ক্বু রা ~ ইল্লা-অআহ্লুহা-জোয়া-লিমূন্। ৬০। অমা ~
রাসূল প্রেরণ করেন; আর আমি জনপদসমূহকে কেবল তখনই ধ্বংস করি যখন এর বাসিন্দারা জুলুম করতে থাকে। (৬০) তোমরা

اُوْتِيْتُمْ مِّنْ شَيْءٍ فَمَتَاعُ الْحَيٰوةِ الدُّنْيَا وَزِيْنَتُهَا ۚ وَمَا عِنْدَ اللّٰهِ خَيْرٌ وَّ

উতীতুম্ মিন্ শাইয়িন্ ফামাতা'উল্ হা-ইয়া-তিদ্দুন্ইয়া-অযীনাতুহা- অমা-'ইন্দাল্লা-হি খইরুঁও অ
যা কিছু পেলে তা তো কেবল তোমাদের পার্থিব জীবনের ভোগ ও শোভা, পক্ষান্তরে আল্লাহর কাছে যা রয়েছে তাই তা অপেক্ষা উত্তম

৬ ع ১০ ৯ রুকু

اَبْقٰى ؕ اَفَلَا تَعْقِلُوْنَ ۝٦٠ اَفَمَنْ وَّعَدْنٰهُ وَعْدًا حَسَنًا فَهُوَ لَاقِيْهِ كَمَنْ مَّتَّعْنٰهُ

আবক্বা-; আফালা- তা'ক্বিলূন্। ৬১। আফামাঁও অ'আদ্না-হু ওয়া'দান্ হাসানান্ ফাহুওয়া লা-ক্বীহি কামাম্ মাত্তা'না-হু
ও স্থায়ী; তবুও কি তোমরা বুঝ না?(৬১) অতঃপর যাকে আমি উত্তম-প্রতিদানের প্রতিশ্রুতি দিয়েছি তা সে পাবে, সে কি ঐ ব্যক্তির

مَتَاعَ الْحَيٰوةِ الدُّنْيَا ثُمَّ هُوَ يَوْمَ الْقِيٰمَةِ مِنَ الْمُحْضَرِيْنَ ۝٦١ وَيَوْمَ

মাতা-'আল হা-ইয়া-তিদ্ দুন্ইয়া- ছুম্মা হুওয়া ইয়াওমাল্ ক্বিয়ামাতি মিনাল্ মুহ্দ্বোয়ারীন্। ৬২। অ ইয়াওমা
সমান যাকে আমি পার্থিব জীবনের ভোগ সম্ভার দিয়ে রেখেছি, অতঃপর পরকালে তাদেরকে অপরাধীরূপে হাযির করা হবে?(৬২)সেদিন

يُنَادِيْهِمْ فَيَقُوْلُ اَيْنَ شُرَكَآءِيَ الَّذِيْنَ كُنْتُمْ تَزْعُمُوْنَ ۝٦٢ قَالَ الَّذِيْنَ حَقَّ

ইয়ুনা-দী হিম্ ফাইয়াক্বূ লু আইনা শুরকা — ইইয়া ল্লাযীনা কুন্তুম্ তায্'উমূন্। ৬৩। ক্ব-লাল্লাযীনা হাক্ব্ক্বা
তাদেরকে ডেকে আল্লাহ যখন বলবেন, যাদেরকে তোমরা শরীক মনে করতে তারা এখন কোথায়? (৬৩) শাস্তির যোগ্যরা বলবে,

عَلَيْهِمُ الْقَوْلُ رَبَّنَا هٰٓؤُلَآءِ الَّذِيْنَ اَغْوَيْنَا ۚ اَغْوَيْنٰهُمْ كَمَا غَوَيْنَا ۚ تَبَرَّاْنَآ

'আলাইহিমুল্ ক্বওলু রব্বানা-হা ~ উলা — য়িল্লাযীনা আগ্ওয়াইনা-আগ্ওয়াইনা-হুম্ কামা- গওয়াইনা-তাবার্‌র''না~
হে আমাদের রব! এদেরকে আমরাই বিভ্রান্ত করেছি, যেমন আমরা বিভ্রান্ত হয়েছি। আমরা আপনার কাছে সমীপে দায় মুক্ত হতে

اِلَيْكَ ۫ مَا كَانُوْٓا اِيَّانَا يَعْبُدُوْنَ ۝٦٣ وَقِيْلَ ادْعُوْا شُرَكَآءَكُمْ فَدَعَوْهُمْ

ইলাইকা মা-কা-নূ ~ ইয়্যা-না-ইয়া'বুদূন্। ৬৪। অক্বীলাদ্'উ শুরাকা — য়াকুম্ ফাদা'আওহুম্
চাই; এরা আমাদের পূজা করে নি। (৬৪) আর তাদেরকে বলা হবে শরীকদের আহ্বান কর; তখন তারা তাদের আহ্বান

فَلَمْ يَسْتَجِيْبُوْا لَهُمْ وَرَاَوُا الْعَذَابَ ۚ لَوْ اَنَّهُمْ كَانُوْا يَهْتَدُوْنَ ۝٦٤ وَيَوْمَ

ফালাম্ ইয়াস্তাজীবূ লাহুম্ অরয়ায়ুল্ 'আযা-বা লাও আন্নাহুম্ কা-নূ ইয়াহ্তাদূন্। ৬৫। অ ইয়াওমা
করবে, কিন্তু তারা সাড়া দেবে না, তারা শাস্তি দেখবে, কতই না উত্তম হত, যদি তারা সৎপথে চলত! (৬৫) সেদিন আল্লাহ্

يُنَادِيْهِمْ فَيَقُوْلُ مَاذَآ اَجَبْتُمُ الْمُرْسَلِيْنَ ۝٦٥ فَعَمِيَتْ عَلَيْهِمُ الْاَنْۢبَآءُ يَوْمَئِذٍ

ইয়ু না-দীহিম্ ফাইয়াক্বূ লু মা-যা ~আজাবতুমুল্ মুরসালীন্। ৬৬। ফা'আমিয়াত্ 'আলাইহিমুল্ আম্বা — য়ু ইয়াওমায়িযিন্
তাদেরকে ডেকে বলবেন, "রাসূলদেরকে কি উত্তর দিলে?" (৬৬) সেদিন সকল তথ্য তাদের জন্য অস্পষ্ট হবে, পরস্পর

فَهُمْ لَا يَتَسَآءَلُونَ ﴿٦٧﴾ فَأَمَّا مَن تَابَ وَءَامَنَ وَعَمِلَ صَٰلِحًا فَعَسَىٰٓ أَن يَكُونَ

ফাহুম্ লা-ইয়াতাসা — য়ালূন্ ।৬৭। ফা আম্মা-মান্ তা-বা অআ-মানা অ 'আমিলা ছোয়া-লিহান্ ফা'আসা ~ আঁই ইয়াকূনা

জিজ্ঞাসাবাদ করতে পারবে না। (৬৭) অতঃপর যে তওবা করল, ঈমান আনল, এবং নেক আমল করল সে ভাল করল,

مِنَ الْمُفْلِحِينَ ﴿٦٨﴾ وَرَبُّكَ يَخْلُقُ مَا يَشَآءُ وَيَخْتَارُ مَا كَانَ لَهُمُ الْخِيَرَةُ ط

মিনাল্ মুফ্লিহীন্। ৬৮। অরব্বুকা ইয়াখ্লুক্বু মা-ইয়াশা — য়ু অইয়াখ্ তা-র; মা-কা-না লাহুমুল্ খিয়ারহ্;

সে-ই সফলকাম। (৬৮) আর আপনার রব যা ইচ্ছে সৃষ্টি করেন ও যাকে ইচ্ছা মনোনীত করেন, এতে তাদের হস্তক্ষেপ

سُبْحَٰنَ اللَّهِ وَتَعَٰلَىٰ عَمَّا يُشْرِكُونَ ﴿٦٩﴾ وَرَبُّكَ يَعْلَمُ مَا تُكِنُّ صُدُورُهُمْ وَمَا

সুবহা-নাল্লা-হি অতা'আলা-'আম্মা ইয়ুশ্রিকূ্ন্। ৬৯। অ রব্বুকা ইয়া'লামু মা-তুকিন্নু ছুদূরুহুম্ অমা-

করার কিছু নেই, আর আল্লাহ্ শিরক্ মুক্ত ও মহান। (৬৯) এবং রব জানেন, আর যা তারা গোপন করে এবং যা তারা

يُعْلِنُونَ ﴿٧٠﴾ وَهُوَ اللَّهُ لَآ إِلَٰهَ إِلَّا هُوَ ط لَهُ الْحَمْدُ فِى الْأُولَىٰ وَالْءَاخِرَةِ ز وَلَهُ

ইয়ু'লিনূন্। ৭০। অহুওয়াল্লা-হু লা ~ ইলা-হা ইল্লা-হুয়া; লাহুল্ হাম্দু ফিল্ উলা-অল্আ-খিরতি অলাহুল্

প্রকাশ করে। (৭০) আর তিনিই আল্লাহ্, তিনি ছাড়া আর কোন ইলাহ নেই। ইহ-পরকালে সকল প্রশংসা তাঁরই, তাঁরই

الْحُكْمُ وَإِلَيْهِ تُرْجَعُونَ ﴿٧١﴾ قُلْ أَرَءَيْتُمْ إِن جَعَلَ اللَّهُ عَلَيْكُمُ الَّيْلَ سَرْمَدًا

হুকমু অইলাইহি তুরজ্বা'উন্। ৭১। ক্বুল্ আরায়াইতুম্ ইনজ্বা'আলাল্লা-হু 'আলাইকুমুল্ লাইলা সার্মাদান্

বিধান তোমরা তাঁরই কাছে যাবে। (৭১) বলুন, তোমরা কি ভেবেছ, আল্লাহ্ কেয়ামত পর্যন্ত যদি রাতকে স্থায়ী করেন, তবে

إِلَىٰ يَوْمِ الْقِيَٰمَةِ مَنْ إِلَٰهٌ غَيْرُ اللَّهِ يَأْتِيكُم بِضِيَآءٍ ط أَفَلَا تَسْمَعُونَ ﴿٧٢﴾ قُلْ

ইলা-ইয়াওমিল্ ক্বিয়া-মাতি মান্ ইলা-হুন্ গইরুল্লা-হি ইয়া''তীকুম্ বিদ্বিয়া — য়; আফালা-তাস্মা'উন্। ৭২। ক্বুল্ আরয়াইতুম্

আল্লাহ ছাড়া কোন ইলাহ্ আছে, যে আলোতে আনতে পারবে? তবুও কি তোমরা শ্রবণ করবে না? (৭২) বলুন, তোমরা ভেবে

أَرَءَيْتُمْ إِن جَعَلَ اللَّهُ عَلَيْكُمُ النَّهَارَ سَرْمَدًا إِلَىٰ يَوْمِ الْقِيَٰمَةِ مَنْ إِلَٰهٌ غَيْرُ اللَّهِ

ইন্ জ্বা'আলাল্লা-হু 'আলাইকুমু ন্নাহা-র সার্মাদান্ ইলা-ইয়াওমিল্ ক্বিয়া-মাতি মান্ ইলা-হুন্

দেখেছ কি, দিনকে যদি একাধারে কেয়ামত পর্যন্ত স্থায়ী করেন, আল্লাহ ছাড়া অন্য কোন ইলাহ্ আছে, যে রাত আনতে,

يَأْتِيكُم بِلَيْلٍ تَسْكُنُونَ فِيهِ ط أَفَلَا تُبْصِرُونَ ﴿٧٣﴾ وَمِن رَّحْمَتِهِۦ جَعَلَ

গইরুল্লা-হি ইয়া''তীকুম্ বিলাইলিন্ তাস্কুনূনা ফীহ্; আফালা-তুব্ছিরূন্। ৭৩। অমির্ রহমাতিহী জ্বা'আলা

পারবে, যেন তোমরা বিশ্রাম করতে পার? তবুও কি তোমরা দেখ না? (৭৩) আর আমিই স্বীয় দয়ায় তোমাদের জন্য রাত-দিন

আয়াত-৬৮ঃ সৃষ্টি কর্মে যেমন আল্লাহ্ তা'আলার কোন শরীক নেই, তেমনি বিধান জারীর ক্ষেত্রেও তাঁর কোন অংশীদার নেই। কতিপয় তাফসীরবিসারদের মতে, আল্লাহ তা'আলা মানবজাতির মধ্য হতে ইচ্ছামত কাউকে সম্মান প্রদানের জন্য মনোনীত করেন। মুশরিকরা বলত এ কোরআন আরবের দুটি বড় শহর মক্কা ও তায়েফের মধ্য হতে কোন প্রধান ব্যক্তির প্রতি নাযিল করা হল না কেন? একজন পিতৃহীন দরিদ্র ব্যক্তির প্রতি নাযিল করার রহস্য কি? এর জবাবে বলা হয়েছে যে, যে স্রষ্টা সমগ্র সৃষ্টিজগৎকে কোন অংশীদারের সাহায্য ব্যতিরেকে সৃষ্টি করেছেন, কোন বিশেষ সম্মান দানের জন্য কাউকে মনোনীত করার ক্ষমতাও তাঁরই। এ ব্যাপারে তিনি তোমাদের এই প্রস্তাবের অনুসারী হবেন কেন? যে, অমুক ব্যক্তি যোগ্য আর অমুক ব্যক্তি অযোগ্য? (মাঃ কোঃ)

لَكُمُ الَّيْلَ وَالنَّهَارَ لِتَسْكُنُوْا فِيْهِ وَلِتَبْتَغُوْا مِنْ فَضْلِهٖ وَلَعَلَّكُمْ تَشْكُرُوْنَ

লাকুমুল্ লাইলা অন্নাহা-র লিতাস্কুনূ ফীহি অলিতাব্তাগূ মিন্ ফাদ্বলিহী অ লা'আল্লাকুম্ তাশ্কুরূন্।

সৃষ্টি করেছেন, যাতে তোমরা তাতে বিশ্রাম করতে পার এবং যেন তাঁর প্রদত্ত রিযিক অন্বেষণ করতে পার, আর কৃজ্ঞতা প্রকাশ কর।

وَيَوْمَ يُنَادِيْهِمْ فَيَقُوْلُ اَيْنَ شُرَكَاۤءِيَ الَّذِيْنَ كُنْتُمْ تَزْعُمُوْنَ ﴿٧٤﴾ وَنَزَعْنَا

৭৪। অ ইয়াওমা ইয়ুনা-দীহিম্ ফাইয়াকূলু আইনা শুরাকা — য়িয়াল্ লাযীনা কুন্তুম্ তায্'উমূন্। ৭৫। অনাযা'না-

(৭৪) সেদিন তিনি তাদেরকে আহ্বান করে বলবেন, তোমরা যাদেরকে শরীক মনে করতে, তারা এখন কোথায়? (৭৫) আর আমি

مِنْ كُلِّ اُمَّةٍ شَهِيْدًا فَقُلْنَا هَاتُوْا بُرْهَانَكُمْ فَعَلِمُوْۤا اَنَّ الْحَقَّ لِلّٰهِ وَضَلَّ

মিন্ কুল্লি উম্মাতিন্ শাহীদান্ ফাকুল্না- হা-তূ বুরহা-নাকুম্ ফা'আলিমূ ~ আন্নাল্ হাক্ব্ক্ব লিল্লা-হি অদ্বোয়াল্লা

তখন প্রত্যেক গোষ্ঠি হতে এক একজন সাক্ষী এনে বলব, তোমরা তোমাদের প্রমান পেশ কর। তখন তারা জানবে যে, আল্লাহর

عَنْهُمْ مَّا كَانُوْا يَفْتَرُوْنَ ﴿٧٥﴾ اِنَّ قَارُوْنَ كَانَ مِنْ قَوْمِ مُوْسٰى فَبَغٰى عَلَيْهِمْ

'আন্হুম্ মা-কা-নূ ইয়াফ্তারূন্। ৭৬। ইন্না ক্বা-রূনা কা-না মিন্ ক্বাওমি মূসা- ফাবাগ-'আলাইহিম্

কথাই সত্য, মনগড়া সব বস্তু বিলুপ্ত হয়ে যাবে। (৭৬) কারূন-মূসার সম্প্রদায়ভুক্ত ছিল, গর্ব করত; আমি তাকে এত অধিক

৭ ع ১৫ ১০ রুকু

وَاٰتَيْنٰهُ مِنَ الْكُنُوْزِ مَاۤ اِنَّ مَفَاتِحَهٗ لَتَنُوْۤاُ بِالْعُصْبَةِ اُولِي الْقُوَّةِ

অআ-তাইনা-হু মিনাল্ কুনূযি মা ~ ইন্না মাফা-তিহাহূ লাতানূ ~ বিল্উছ্বাতি উলিল্ ক্বু ওয়াতি

পরিমাণ ধনভাণ্ডার প্রদান করেছিলাম। যার চাবি একদল শক্তিশালী লোকের পক্ষে বহন করা কষ্টকর ছিল। স্মরণ কর যখন তাকে

اِذْ قَالَ لَهٗ قَوْمُهٗ لَا تَفْرَحْ اِنَّ اللّٰهَ لَا يُحِبُّ الْفَرِحِيْنَ ﴿٧٦﴾ وَابْتَغِ فِيْمَاۤ اٰتٰىكَ

ইয্ ক্বা-লা লাহূ ক্বওমুহূ লা-তাফ্রাহ্ ইন্নাল্লা-হা লা-ইয়ুহিব্বুল্ ফারিহীন্। ৭৭। অব্তাগি ফীমা ~ আ- তা-কাল্

তাঁর সম্প্রদায়ের লোকেরা তাকে বলেছিল, তুমি দম্ভ করো না, আল্লাহ দাম্ভিকদের ভাল বাসেন না। (৭৭) আর আল্লাহ তোমাকে যা

اللّٰهُ الدَّارَ الْاٰخِرَةَ وَلَا تَنْسَ نَصِيْبَكَ مِنَ الدُّنْيَا وَاَحْسِنْ كَمَاۤ اَحْسَنَ اللّٰهُ

লা-হুদ্ দা-রল্ আ-খিরতা অলা- তান্সা নাছীবাকা মিনাদ্দুনইয়া-অআহ্সিন্ কামা ~ আহ্সানাল্লা-হু

দিয়েছেন তা দ্বারা পরকাল খোঁজ কর। এ দুনিয়া থেকে তোমার প্রাপ্য ভুলো না; পরোপকার কর, যেমন আল্লাহ তা'আলা তোমার

اِلَيْكَ وَلَا تَبْغِ الْفَسَادَ فِي الْاَرْضِ اِنَّ اللّٰهَ لَا يُحِبُّ الْمُفْسِدِيْنَ ﴿٧٧﴾ قَالَ

ইলাইকা অলা-তাব্গিল্ ফাসা-দা ফিল্ আর্দ্ব; ইন্নাল্লা-হা-লা- ইয়ুহিব্বুল্ মুফ্সিদীন্। ৭৮। ক্ব-লা

প্রতি যেমন অনুগ্রহ করেছেন। যমীনে বিপর্যয় চেয়ো না, নিঃসন্দেহে আল্লাহ বিপর্যয় সৃষ্টিকারীকে পছন্দ করেন না। (৭৮) কারূণ বলল,

اِنَّمَاۤ اُوْتِيْتُهٗ عَلٰى عِلْمٍ عِنْدِيْ اَوَلَمْ يَعْلَمْ اَنَّ اللّٰهَ قَدْ اَهْلَكَ مِنْ قَبْلِهٖ

ইন্নামা ~ উ তীতুহূ 'আলা- 'ইল্মিন্ 'ইন্দী; আওয়ালাম্ ইয়া'লাম্ আন্নাল্লা-হা ক্বদ্ আহ্লাকা মিন্ ক্ববলিহী

এসব তো আমি আমার বুদ্ধি দ্বারাই প্রাপ্ত হয়েছি। সে কি এটা জানত না যে, তার পূর্বে আল্লাহ অনেক মানব গোষ্ঠিকে

مِنَ الْقُرُوْنِ مَنْ هُوَ اَشَدُّ مِنْهُ قُوَّةً وَّاَكْثَرُ جَمْعًا ؕ وَلَا يُسْـَٔلُ عَنْ ذُنُوْبِهِمُ

মিনাল্ ক্বুরূনি মান্ হুওয়া আশাদ্দু মিন্হু ক্বুওয়্যাতাঁও অআক্ছারু জ্বাম্'আ-; অলা-ইয়ুস্য়ালু 'আন্ যুনূবিহিমুল্

ধ্বংস করেছেন যারা শক্তি ও সম্পদে তার চেয়ে অধিক শক্তিশালী ছিল? আর অপরাধীকে তাদের অপরাধ সম্পর্কে জিজ্ঞাসা

الْمُجْرِمُوْنَ ۝٧٩ فَخَرَجَ عَلٰى قَوْمِهٖ فِيْ زِيْنَتِهٖ ؕ قَالَ الَّذِيْنَ يُرِيْدُوْنَ الْحَيٰوةَ

মুজ্রিমূন্। ৭৯। ফাখরজ্বা 'আলা-ক্বওমিহী ফী যীনাতিহী; ক্ব-লাল্লাযীনা ইয়ুরীদূনাল্ হাইয়া-তাদ্

করা হবে না। (৭৯) অতঃপর সে (কারুণ) জাঁকজমকভাবে তার সম্প্রদায়ের সামনে উপস্থিত হল পার্থিব স্বার্থান্বেষীরা

الدُّنْيَا يٰلَيْتَ لَنَا مِثْلَ مَآ اُوْتِيَ قَارُوْنُ ۙ اِنَّهٗ لَذُوْ حَظٍّ عَظِيْمٍ ۝٨٠ وَقَالَ

দুন্ইয়া- ইয়া-লাইতা লানা-মিছ্লা মা ~ উতিয়া ক্বা-রূনু ইন্নাহূ লাযূ হাজ্জিন্ 'আজীম্। ৮০। অক্ব-লাল

বলল, কতই না উত্তম হত কারূনের মত যদি আমাদেরকে দেয়া হত! প্রকৃতই সে মহা ভাগ্যবান! (৮০) আর যাদেরকে জ্ঞান

الَّذِيْنَ اُوْتُوا الْعِلْمَ وَيْلَكُمْ ثَوَابُ اللّٰهِ خَيْرٌ لِّمَنْ اٰمَنَ وَعَمِلَ صَالِحًا ۚ

লাযীনা উ তুল্ 'ইল্মা অইলাকুম্ ছাওয়াবু ল্লা-হি খইরুল্লিমান্ আ-মানা অ'আমিলা ছোয়া-লিহান্

দেয়া হয়েছিল তারা বলল ধিক তোমাদের! মু'মিন ও নেককারদের জন্য আল্লাহর প্রতিদানই উত্তম [১] আর উত্তম প্রতিদান

وَلَا يُلَقّٰهَآ اِلَّا الصّٰبِرُوْنَ ۝٨١ فَخَسَفْنَا بِهٖ وَبِدَارِهِ الْاَرْضَ ۟ فَمَا كَانَ

অলা'ইয়ুলাক্ক্ব-হা ~ ইল্লাছ্ ছোয়া-বিরূন্। ৮১। ফাখসাফ্না বিহী অবিদা-রিহিল্ আর্দ্বোয়া ফামা- কা-না

তারাই পাবে যারা ধৈর্যশীল।(৮১) অতঃপর আমি কারূনকে ও তার প্রাসাদকে ভূতলে ধ্বসিয়ে দিলাম [২]; তখন তার স্বপক্ষে

لَهٗ مِنْ فِئَةٍ يَّنْصُرُوْنَهٗ مِنْ دُوْنِ اللّٰهِ ۗ وَمَا كَانَ مِنَ الْمُنْتَصِرِيْنَ

লাহূ মিন্ ফিয়াতিঁই ইয়ান্ ছুরূনাহূ মিঁন্ দূনিল্লা-হি অমা-কা-না মিনাল্ মুন্তাছিরীন্।

এমন কোন দল ছিল না যে, আল্লাহর শাস্তি হতে তাকে সাহায্য করতে পারে, এবং সে নিজেও নিজেকে রক্ষা করতে পারেনি।

۝٨٢ وَاَصْبَحَ الَّذِيْنَ تَمَنَّوْا مَكَانَهٗ بِالْاَمْسِ يَقُوْلُوْنَ وَيْكَاَنَّ اللّٰهَ يَبْسُطُ

৮২। অ আছ্বাহাল্লাযীনা তামান্নাও মাকা-নাহূ বিল্ আম্সি ইয়াক্বূলূনা অইকায়ান্নাল্লা- হা ইয়াব্সুত্বুর্

(৮২) এবং যারা আগে তার মত হওয়ার আকাঙ্খা পোষণ করেছিল তারা বলতে লাগল, আর আল্লাহ যাকে ইচ্ছে

الرِّزْقَ لِمَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖ وَيَقْدِرُ ۚ لَوْلَآ اَنْ مَّنَّ اللّٰهُ عَلَيْنَا لَخَسَفَ

রিয্ক্বা লিমাই ইয়াশা — য়ু মিন্ 'ইবা-দিহী অইয়াক্ব্দিরু লাওলা ~ আম্মান্নাল্লা-হু 'আলাইনা- লাখসাফা

তাকে প্রচুর রিযিক প্রদান করেন এবং যার জন্য ইচ্ছা হ্রাস করেন; আল্লাহ আমাদের প্রতি সদয় না হলে আমাদেরও ধ্বসাতেন,

আয়াত-৮০ ঃ টীকা-(১) অত্র আয়াতে পরিস্কার ইঙ্গিত আছে যে, পার্থিব ভোগ-বিলাস কামনা করা এবং একে লক্ষ্য স্থির করা আলেমদের কাজ নয়। আলেমদের লক্ষ্য সর্বদা আখেরাতের চিরস্থায়ী সুখের দিকে নিবদ্ধ থাকে। (মাঃ কোঃ) টীকা-(২) মূসা (আঃ) কারূনকে প্রতি একশ' স্বর্ণ মুদ্রায় একটি করে স্বর্ণ মুদ্রা যাকাত প্রদান করতে বলতেন। হিসাব করে দেখল যে, যাকাতের জন্য তাকে বহু মুদ্রা প্রদান করতে হবে। অবশেষে তার সাথী-সঙ্গীদের সাথে পরামর্শক্রমে স্থির করল যে, একটি দুশ্চরিত্রা মহিলার দ্বারা কওমের সম্মুখে বলাব যে, মূসা উক্ত মহিলার সাথে যেনা করেছে। মূসা স্ত্রীলোকটিকে ধমক দিয়ে জিজ্ঞাস করলে সে অস্বীকার করল। এ সম্বন্ধে মূসা (আঃ) আল্লাহর দরবারে প্রার্থনা করলে ভূমি কারুণকে গিলে ফেলল। অতঃপর তার সমস্ত ধন তার মাথার উপর ঢালা হল যমীন তাও গিলে ফেলল। (বঃ কোঃ)

بِنَا ۚ وَيْكَأَنَّهُ لَا يُفْلِحُ الْكَافِرُونَ ﴿٨٣﴾ تِلْكَ الدَّارُ الْآخِرَةُ نَجْعَلُهَا لِلَّذِينَ

বিনা-; অইকায়ান্নাহূ লা-ইয়ুফ্‌লিহুল্ কা-ফিরূন্। ৮৩। তিল্‌কাদ্দা-রুল্ আ-খিরতু নাজ্‌'আলুহা- লিল্লাযীনা

দেখলে তো! কাফেররা কখনো সফল নয়। (৮৩) আমি তাদের জন্যই পরকালের ঘরটি নির্ধারিত করেছি, যারা যমীনে

لَا يُرِيدُونَ عُلُوًّا فِي الْأَرْضِ وَلَا فَسَادًا ۚ وَالْعَاقِبَةُ لِلْمُتَّقِينَ ﴿٨٤﴾ مَنْ جَاءَ

লা-ইয়ুরীদূনা উলুওয়্যান্ ফিল্ আরদ্বি অলা-ফাসা-দা-; অল্'আক্বিবাতু লিল্‌মুত্তাক্বীন্। ৮৪। মান্ জ্বা — য়া

অহংকারী হতে ও বিপর্যয় সৃষ্টি করতে আকাঙ্খী নয়, আর শুভ পরিণাম তো মুত্তাকীদের জন্য।(৮৪) যে ব্যক্তি সৎকর্ম

بِالْحَسَنَةِ فَلَهُ خَيْرٌ مِنْهَا ۖ وَمَنْ جَاءَ بِالسَّيِّئَةِ فَلَا يُجْزَى الَّذِينَ عَمِلُوا

বিল্ হাসানাতি ফালাহূ খইরুম্ মিন্‌হা-অমান্ জ্বা — য়া বিস্‌সাইয়িয়া-তি ফালা- ইয়ুজ্‌যা ল্লাযীনা 'আমিলুস্

করবে, সে তদপেক্ষা উত্তম ফল অর্জন করবে; আর যারা পাপ কাজে লিপ্ত থাকে তারা সে পরিমান ফলই প্রাপ্ত হবে যে

السَّيِّئَاتِ إِلَّا مَا كَانُوا يَعْمَلُونَ ﴿٨٥﴾ إِنَّ الَّذِي فَرَضَ عَلَيْكَ الْقُرْآنَ لَرَادُّكَ إِلَىٰ

সাইয়িয়া-তি ইল্লা-মা কা-নূ ইয়া'মালূন্। ৮৫। ইন্না ল্লাযী ফারাদ্বোয়া 'আলাইকাল্ ক্বু রআ-না লার — দ্দুকা ইলা-

পরিমান তারা করত। (৮৫) যিনি কোরআনকে আপনার জন্য বিধান করলেন তিনি অবশ্যই আপনাকে প্রত্যাবর্তন স্থলে ফিরিয়ে

مَعَادٍ ۚ قُلْ رَبِّي أَعْلَمُ مَنْ جَاءَ بِالْهُدَىٰ وَمَنْ هُوَ فِي ضَلَالٍ مُبِينٍ ﴿٨٦﴾ وَمَا

মা'আ-দ্; ক্বুর্ রব্বী ~ আ'লামু মান্ জ্বা — য়া বিল্‌হুদা-অমান্ হুওয়া ফী দ্বোয়ালা-লিম্ মুবীন্। ৮৬। অমা-

আনবেন। আপনি বলুন, কে সুপথ নিয়ে এসেছে, কে স্পষ্ট বিভ্রান্তিতে আছে, রবই তা ভাল জানেন। (৮৬) আপনি এরূপ

كُنْتَ تَرْجُو أَنْ يُلْقَىٰ إِلَيْكَ الْكِتَابُ إِلَّا رَحْمَةً مِنْ رَبِّكَ ۖ فَلَا تَكُونَنَّ

কুন্‌তা তারজু্ ~ আইঁ ইয়ুল্‌ক্বা ~ ইলাইকাল্ কিতা-বু ইল্লা-রহ্‌মাতাম্ মির্ রব্বিকা ফালা- তাকূনান্না

আশা করেন নি যে, আপনার প্রতি কিতাব অবতীর্ণ করা হবে, এটা তো আপনার রবের রহমত: অতএব আপনি কখনও

ظَهِيرًا لِلْكَافِرِينَ ﴿٨٧﴾ وَلَا يَصُدُّنَّكَ عَنْ آيَاتِ اللَّهِ بَعْدَ إِذْ أُنْزِلَتْ إِلَيْكَ ۖ وَادْعُ

জোয়াহীরল্ লিল্ কা-ফিরীন্।৮৭।অলা-ইয়াছুদ্দুন্নাকা 'আন্ আ-ইয়া-তিল্লা-হি বা'দা ইয্ উন্‌যিলাত্ ইলাইকা ওয়াদ্'উ

কাফেরদের সহায় হবেন না। (৮৭) আপনার প্রতি আল্লাহর আয়াত নাযিলের পর তারা যেন নিবৃত্ত না করে, আপনি

إِلَىٰ رَبِّكَ ۖ وَلَا تَكُونَنَّ مِنَ الْمُشْرِكِينَ ﴿٨٨﴾ وَلَا تَدْعُ مَعَ اللَّهِ إِلَٰهًا آخَرَ ۘ لَا

ইলা-রব্বিকা অলা-তাকূনান্না মিনাল্ মুশ্‌রিকীন্। ৮৮। অলা-তাদ্'উ মা'আল্লা-হি ইলা-হান্ আ-খর্ লা ~

আপনার রবের দিকে আহ্বান করুন, এবং মুশরিক হবেন না। (৮৮) আর আপনি আল্লাহর সঙ্গে অন্য কোন ইলাহকে

إِلَٰهَ إِلَّا هُوَ ۚ كُلُّ شَيْءٍ هَالِكٌ إِلَّا وَجْهَهُ ۚ لَهُ الْحُكْمُ وَإِلَيْهِ تُرْجَعُونَ

ইলা-হা ইল্লা-হুওয়া কুল্লু শাইয়িন্ হা-লিকুন্ ইল্লা -অজ্‌হাহূ; লাহুল্ হুক্‌মু অইলাইহি তুর্‌জ্বা'উন্।

ডাকবেন না, তিনি ছাড়া আর কোন ইলাহ নেই। তাঁর সত্তা ছাড়া সবই ধ্বংসশীল; হুকুম তাঁরই, তাঁর কাছে ফিরতে হবে।

ع ৮ ৯ ১১ রুকু

তিন চতুর্থাংশ ওয়াকফে লাযেম

ع ৬ ৯ ১২ রুকু

সূরা 'আন্‌কাবূত্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৬৯
রুকূ ঃ ৭

الٓمّٓ ۝١ اَحَسِبَ النَّاسُ اَنْ يُّتْرَكُوْٓا اَنْ يَّقُوْلُوْٓا اٰمَنَّا وَهُمْ لَا يُفْتَنُوْنَ ۝٢

১। আলিফ্ লা—ম্ মী—ম্। ২। আহাসিবান্না-সু আইঁ ইয়ুত্‌রকূ ~ আইঁ ইয়াকু লূ ~ আ-মান্না- অহুম্ লা-ইয়ুফ্‌তানূন্।
(১) আলিফ্ লাম্ মীম্ (২) মানুষে কি ধারণা করে যে, তারা পরীক্ষা ছাড়াই ঈমান আনলাম বললেই পার পেয়ে যাবে?

وَلَقَدْ فَتَنَّا الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ فَلَيَعْلَمَنَّ اللّٰهُ الَّذِيْنَ صَدَقُوْا وَلَيَعْلَمَنَّ ۝٣

৩। অলাক্বদ্ ফাতান্নাল্লাযীনা মিন্ ক্বব্‌লিহিম্ ফালাইয়া''লামান্নাল্লা-হুল্ লাযীনা ছোয়াদাক্ব অলাইয়া'লামান্নাল্
(৩) নিশ্চয়ই আমি পূর্ববর্তীদেরকেও পরীক্ষা করেছি; আল্লাহ অবশ্যই প্রকাশ করে দেবেন যারা সত্যবাদী তাদেরকে এবং

الْكٰذِبِيْنَ ۝٣ اَمْ حَسِبَ الَّذِيْنَ يَعْمَلُوْنَ السَّيِّاٰتِ اَنْ يَّسْبِقُوْنَا ۚ سَآءَ مَا

কা-যিবীন্। ৪। আম্ হাসিবাল্লাযীনা ইয়া'মালূনাস্ সাইয়িয়া-তি আইঁ ইয়াস্‌বিক্বূনা-; সা — য়া মা-
যারা মিথ্যাবাদী তাদেরকে। (৪) পাপীরা কি মনে করে যে, তারা আমাকে ত্যাগ করে চলে যাবে? তাদের এ ধরনের সিদ্ধান্ত

يَحْكُمُوْنَ ۝٤ مَنْ كَانَ يَرْجُوْا لِقَآءَ اللّٰهِ فَاِنَّ اَجَلَ اللّٰهِ لَاٰتٍ ۚ وَهُوَ السَّمِيْعُ

ইয়াহ্ কুমূন্ । ৫। মান্ কা-না ইয়ারজু লিক্ব — য়াল্লা-হি ফাইন্না আজ্বালাল্লা-হি লায়া-ত্; অহুওয়াস্ সামী 'উল্
কতই না খারাপ। (৫) যারা আল্লাহ্‌র সাথে সাক্ষাৎকামী তারা জেনে রাখুন, আল্লাহর সেই নির্দিষ্টকাল অবশ্যই আসবে; তিনি সবকিছু

الْعَلِيْمُ ۝٥ وَمَنْ جَاهَدَ فَاِنَّمَا يُجَاهِدُ لِنَفْسِهٖ ۚ اِنَّ اللّٰهَ لَغَنِيٌّ عَنِ الْعٰلَمِيْنَ ۝٦

'আলীম্। ৬। অ মান্ জ্বা-হাদা ফাইন্নামা ইয়ুজ্বা-হিদু লিনাফ্‌সিহ্; ইন্নাল্লা-হা লাগানিইয়ুন্ 'আনিল্ 'আ-লামীন্।
শুনেন, সবকিছু জানেন। (৬) আর যে ব্যক্তি পরিশ্রম করে সে তো নিজের জন্যই পরিশ্রম করে, আল্লাহ্ বিশ্ববাসী হতে অমুখাপেক্ষী।

وَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَنُكَفِّرَنَّ عَنْهُمْ سَيِّاٰتِهِمْ وَلَنَجْزِيَنَّهُمْ اَحْسَنَ ۝٧

৭। অল্লাযীনা আ- মানূ অ'আমিলুছ্ ছোয়া-লিহা-তি লানুকাফ্‌ফিরন্না 'আন্‌হুম্ সাইয়িয়া-তিহিম্ অলানাজ্ যিয়ান্নাহুম্ আহ্‌সানাল্
(৭) আর যারা ঈমান এনেছে এবং সৎ কাজ করেছে তাদের পাপসমূহ অবশ্যই আমি মিটিয়ে দেব আর তাদের কর্মের

الَّذِيْ كَانُوْا يَعْمَلُوْنَ ۝٧ وَوَصَّيْنَا الْاِنْسَانَ بِوَالِدَيْهِ حُسْنًا ۚ وَاِنْ جَاهَدٰكَ

লাযী কা-নূ ইয়া'মালূ ন্। ৮। অ অছ্‌ছোয়াইনাল্ ইন্‌সা-না বিওয়া-লিদাইহি হুস্‌না-; অইন্ জ্বা- হাদা-কা
উত্তম ফল দেব। (৮) আমি মানুষকে তার পিতা-মাতার সঙ্গে সদ্ব্যবহারের নির্দেশ দিয়েছি, তবে তারা যদি শরীক করে,

নামকরণ ঃ আনকাবূত-অর্থ উর্ণনাভ, মাকড়সা। সূরার এ নামকরণের উদ্দেশ্য হল, অবিশ্বাসী ও মুশরীকরা যতই শক্তিশালী ও পরাক্রান্ত হোক না কেন, তাদের ভিত্তিহীন ভ্রান্ত বিশ্বাস মাকড়সা নির্মিত গৃহের ন্যায় অলীক ও ক্ষণস্থায়ী। সত্যের ফুৎকারে মাকড়সার জালের মত তা মুহূর্তের মধ্যেই নিশ্চিহ্ন হয়ে যাবে। কালস্রোত স্বর্গীয় সত্যের দিগন্ত প্রসারী আলোক বর্তীকার সামনে ঐ অন্ধকারের আবর্জনা কখনো টিকে থাকতে পারবে না; কিন্তু সত্যদ্বীনের এ অবশ্যম্ভাবী মহাবিজয়ের পূর্বে মুসলমানদেরকে অতি কঠোর পরীক্ষার মধ্য দিয়ে অগ্রসর হতে হবে। সে পরীক্ষায় উত্তীর্ণ হতে পারলেই তাদের ওপর আল্লাহর করুণা নেমে আসবে। তারা অবিশ্বাসীদের অত্যাচার-অনাচার নির্যাতন নিবারণ করে তাদের ওপর পরাক্রান্ত ও বিজয়ী হবে এবং অবিশ্বাসীদের অলীক ভ্রান্ত-বিশ্বাস ক্ষণস্থায়ী মাকড়সার জালের মত পৃথিবীর বুক থেকে সম্পূর্ণ বিলুপ্ত হয়ে যাবে। সুতরাং উপরোক্ত উদ্দেশ্যের অভিব্যক্তি অনুসারে আলোচ্য সূরার "আনকাবূত" নামকরণ যথার্থ হয়েছে তাতে কোনই সন্দেহ নেই।

لِتُشْرِكَ بِي مَا لَيْسَ لَكَ بِهِ عِلْمٌ فَلَا تُطِعْهُمَا ۚ إِلَيَّ مَرْجِعُكُمْ فَأُنَبِّئُكُمْ بِمَا

লিতুশ্রিকা বী মা-লাইসা লাকা বিহী 'ইল্মুন্ ফালা-তুত্বি'হুমা-; ইলাইয়্যা মার্জ্বিউ'কুম্ ফায়ুনাব্বিয়ুকুম্ বিমা-

বল প্রয়োগ করে, তবে তা আনগত্য করবে না। আমার কাছেই তোমাদের প্রত্যাবর্তন করতে হবে; তোমাদেরকে তোমাদের

كُنْتُمْ تَعْمَلُونَ ﴿٩﴾ وَالَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ لَنُدْخِلَنَّهُمْ فِي الصَّالِحِينَ

কুন্তুম্ তা'মালূন্। ৯। অল্লাযীনা আ-মানূ অ 'আমিলুছ্ছোয়া-লিহা-তি লানুদ্খিলান্নাহুম্ ফিছ্ছোয়া-লিহীন্।

কৃতকর্মের খবর দেয়া হবে। (৯) আর যারা ঈমান আনে ও সৎকর্ম করে আমি অবশ্যই তাদেরকে দলভুক্ত করব পুণ্যবানদের।

﴿١٠﴾ وَمِنَ النَّاسِ مَنْ يَقُولُ آمَنَّا بِاللَّهِ فَإِذَا أُوذِيَ فِي اللَّهِ جَعَلَ فِتْنَةَ

১০। অমিনান্না-সি মাইঁ ইয়াক্বূলু আ-মান্না- বিল্লা-হ্; ফাইযা ~ উযিয়া ফিল্লা-হি জ্বা'আলা ফিত্নাতান

(১০) কতক লোক এমনও আছে যারা বলে, আমরা আল্লাহকে বিশ্বাস করি'; অতঃপর যখন তারা আল্লাহর পথে কষ্ট পায় তখন তারা

النَّاسِ كَعَذَابِ اللَّهِ ۖ وَلَئِنْ جَاءَ نَصْرٌ مِنْ رَبِّكَ لَيَقُولُنَّ إِنَّا كُنَّا مَعَكُمْ ۚ

না-সি কা'আযা-বি ল্লা-হি অলায়িন্ জ্বা — য়া নাছ্রুম্ মির্ রব্বিকা লাইয়াক্বূলুন্না ইন্না-কুন্না-মা'আকুম্

মানুষের পক্ষ থেকে কষ্টকে আল্লাহর শাস্তির মত মনে করে, যখন তাদের রবের সাহায্য আসে তখন বলে, 'আমরা তোমাদের সঙ্গেই

أَوَلَيْسَ اللَّهُ بِأَعْلَمَ بِمَا فِي صُدُورِ الْعَالَمِينَ ﴿١١﴾ وَلَيَعْلَمَنَّ اللَّهُ الَّذِينَ آمَنُوا

আওয়া লাইসাল্লা-হু বি আ'লামা বিমা-ফী ছুদূরিল্ 'আ-লামীন্। ১১। অ লাইয়া'লামান্নাল্লা-হু ল্লাযীনা আ-মানূ

আছে; বিশ্ববাসীর মনের বিষয় কি আল্লাহ অবগত নন? (১১) আর আল্লাহ অবশ্যই অবগত হবেন, যারা ঈমান এনেছে

وَلَيَعْلَمَنَّ الْمُنَافِقِينَ ﴿١٢﴾ وَقَالَ الَّذِينَ كَفَرُوا لِلَّذِينَ آمَنُوا اتَّبِعُوا سَبِيلَنَا

অ লাইয়া'লামান্নাল্ মুনা-ফিক্বীন্। ১২। অক্ব- লাল্লাযীনা কাফারূ লিল্লাযীনা আ-মানু ত্তাবি'উ সাবীলানা-

তাদেরকে এবং যারা মুনাফিক তাদেরকেও। (১২) আর কাফেররা মু'মিনদের বলে, 'আমাদের পথে আগমন কর, আমরা

وَلْنَحْمِلْ خَطَايَاكُمْ وَمَا هُمْ بِحَامِلِينَ مِنْ خَطَايَاهُمْ مِنْ شَيْءٍ ۖ إِنَّهُمْ

অল্ নাহ্মিল্ খাত্বোয়া-ইয়া-কুম্; অমা-হুম্ বিহা-মিলীনা মিন্ খাত্বোয়া-ইয়া-হুম্ মিন্ শাইয়িন ইন্নাহুম্

তোমাদের পাপ বহন করব।' অথচ তারা তাদের নিজেদের পাপের বোঝা বহন করতে সক্ষম হবে না; তারা

لَكَاذِبُونَ ﴿١٣﴾ وَلَيَحْمِلُنَّ أَثْقَالَهُمْ وَأَثْقَالًا مَعَ أَثْقَالِهِمْ ۖ وَلَيُسْأَلُنَّ يَوْمَ

লাকা-যিবূন্। ১৩। অ লাইয়াহ্মিলুন্না আছ্ক্ব-লাহুম্ অআছ্ক্ব-লাম্ মা'আ আছ্ক্ব-লিহিম্ অলাইয়ুসয়ালুন্না ইয়াওমাল্

মিথ্যাবাদী। (১৩) এবং তারা নিজেদের ভারের সঙ্গে আরও ভার বহন করবে, তাদের মিথ্যা সম্পর্কে কেয়ামতের দিন

الْقِيَامَةِ عَمَّا كَانُوا يَفْتَرُونَ ﴿١٤﴾ وَلَقَدْ أَرْسَلْنَا نُوحًا إِلَىٰ قَوْمِهِ فَلَبِثَ فِيهِمْ أَلْفَ

ক্বিয়া-মাতি 'আম্মা- কা-নূ ইয়াফ্তারূন্। ১৪। অ লাক্বদ্ আর্সাল্না- নূহান্ ইলা-ক্বওমিহী ফালাবিছা ফীহিম্ আল্ফা

তাদেরকে নিশ্চয়ই প্রশ্ন করা হবে। (১৪) নূহকে তার কওমের নিকট পাঠিয়েছি, তিনি তাদের মধ্যে পঞ্চাশ কম হাজার

১ ع ৩ ১৩ রুকু

سَنَةٍ اِلَّا خَمۡسِيۡنَ عَامًا ؕ فَاَخَذَهُمُ الطُّوۡفَانُ وَهُمۡ ظٰلِمُوۡنَ ﴿۱۴﴾ فَاَنۡجَيۡنٰهُ

সানাতিন্ ইল্লা-খাম্সীনা আ'মা-; ফাআখযাহুমুত্ ত্বূ ফা- নু অহুম্ জোয়া-লিমূ ন্। ১৫। ফাআন্জ্বাইনা-হু

বছর অবস্থান করেছিলেন। অতঃপর মহাপ্লাবন তাদেরকে গ্রাস করে। তারা বড়ই জালিম ছিল।(১৫) অতঃপর আমি তাকে ও

وَاَصۡحٰبَ السَّفِيۡنَةِ وَجَعَلۡنٰهَاۤ اٰيَةً لِّلۡعٰلَمِيۡنَ ﴿۱۵﴾ وَاِبۡرٰهِيۡمَ اِذۡ قَالَ

অআছ্হা-বাস্ সাফীনাতি অজ্বা'আল্না-হা ~ আ-ইয়াতাল্ লিল্'আ-লামীন্। ১৬। অইব্র-হীমা ইয্ ক্ব-লা

যারা নৌকারোহী ছিল তাদেরকে রক্ষা করেছি; আর বিশ্বের জন্য করেছি নিদর্শন।(১৬) আর স্মরণ কর ইব্রাহীমকেও; যখন তার

لِقَوۡمِهِ اعۡبُدُوا اللّٰهَ وَاتَّقُوۡهُ ؕ ذٰلِكُمۡ خَيۡرٌ لَّكُمۡ اِنۡ كُنۡتُمۡ تَعۡلَمُوۡنَ ﴿۱۶﴾ اِنَّمَا

লিক্বওমিহি' বুদু ল্লা-হা অত্তাক্বূহ্; যা-লিকুম্ খইরুল্লাকুম্ ইন্ কুন্তুম্ তা'লামূন্। ১৭। ইন্নামা-

সম্প্রদায়কে বলল, তোমরা আল্লাহর দাসত্ব কর, তাঁকে ভয় কর এটাই তোমাদের জন্য উত্তম যদি তোমরা বুঝতে।(১৭) নিশ্চয়ই তোমরা

تَعۡبُدُوۡنَ مِنۡ دُوۡنِ اللّٰهِ اَوۡثَانًا وَّتَخۡلُقُوۡنَ اِفۡكًا ؕ اِنَّ الَّذِيۡنَ تَعۡبُدُوۡنَ مِنۡ

তা'বুদূনা মিন্ দূনিল্লা-হি আওছা-নাও অ তাখ্লুক্বূনা ইফ্ক-; ইন্নাল্লাযীনা তা'বুদূনা মিন্

তো আল্লাহ ছাড়া কেবল মূর্তি পূজা করছ, মিথ্যা উদ্ভাবন করছ নিঃসন্দেহে আল্লাহ ছাড়া তোমরা যাদের পূজা কর তারা তোমাদেরকে

دُوۡنِ اللّٰهِ لَا يَمۡلِكُوۡنَ لَكُمۡ رِزۡقًا فَابۡتَغُوۡا عِنۡدَ اللّٰهِ الرِّزۡقَ وَاعۡبُدُوۡهُ

দূ নিল্লা-হি লা-ইয়াম্লিকূনা লাকুম্ রিয্ক্বন্ ফাব্তাগূ 'ইন্দা ল্লা-হির্ রিয্ক্ব ওয়া'বুদূহু

রিযিক দেয়ার ক্ষমতা রাখে না। সুতরাং তোমরা আল্লাহরই নিকট রিযিক প্রার্থনা কর, এবং তাঁরই ইবাদাত কর, এবং তারই

وَاشۡكُرُوۡا لَهٗ ؕ اِلَيۡهِ تُرۡجَعُوۡنَ ﴿۱۷﴾ وَاِنۡ تُكَذِّبُوۡا فَقَدۡ كَذَّبَ اُمَمٌ مِّنۡ

অশ্কুরূ লাহূ; ইলাইহি তুর্জ্বা'ঊন্। ১৮। অ ইন্ তুকায্যিবূ ফাক্বদ্ কায্যাবা উমামুম্ মিন্

প্রতি কৃতজ্ঞ হও। তাঁরই কাছে তোমরা তোমাদের ফিরে যেতে হবে। (১৮) এবং যদি আমাকে মিথ্যাবাদী বল, তবে জেনে রেখ,

قَبۡلِكُمۡ ؕ وَمَا عَلَى الرَّسُوۡلِ اِلَّا الۡبَلٰغُ الۡمُبِيۡنُ ﴿۱۸﴾ اَوَلَمۡ يَرَوۡا كَيۡفَ يُبۡدِئُ اللّٰهُ

ক্ববলিকুম্ অমা-'আলার্ রসূলি ইল্লাল্ বালা-গুল্ মুবীন্। ১৯। আওয়া লাম্ ইয়ারাও কাইফা ইয়ুব্দিয়ুল্লা-হুল্

তোমাদের পূর্ববর্তীরাও মিথ্যাবাদী বলেছে; রাসূলের দায়িত্ব স্পষ্টভাবে পৌঁছে দেয়া।(১৯) তারা কি দেখে না যে, আল্লাহ কিভাবে

الۡخَلۡقَ ثُمَّ يُعِيۡدُهٗ ؕ اِنَّ ذٰلِكَ عَلَى اللّٰهِ يَسِيۡرٌ ﴿۱۹﴾ قُلۡ سِيۡرُوۡا فِى الۡاَرۡضِ

খলক্ব ছুম্মা ইয়ুঈ'দুহ্; ইন্না যা-লিকা 'আলাল্লা-হি ইয়াসীর্। ২০। ক্বুল্ সীরূ ফিল্ আর্দ্বি

প্রথমে সৃষ্টি করে তারপর তাকে পুনঃ সৃষ্টি করেন? অবশ্য এটা আল্লাহর জন্য খুবই সহজ। (২০) আপনি বলুন, তোমরা দুনিয়ায় ভ্রমণ

আয়াত-১৬ ঃ পূর্ববর্তী আয়াতসমূহে কাফেরদের বিরোধীতা ও মুসলমানদের উপর নির্যাতনমূলক অবস্থার বিবরণ দেয়া হয়েছে। এ আয়াতসমূহে নির্যাতনমূলক ঘটনাবলীর পরিপ্রেক্ষিতে রাসূলুল্লাহ (ছঃ) কে সান্ত্বনা দেয়ার জন্য পূর্ববর্তী পয়গাম্বর ও তাঁদের উম্মতের কিছু অবস্থা তুলে ধরা হয়েছে। উদ্দেশ, প্রাচীন কাল হতেই সত্য পন্থীদের উপর কাফেরদের নির্যাতনের ধারা অব্যাহত রয়েছে। কিন্তু এসব উৎপীড়নের কারণে তাঁরা কখনও সাহস হারা হন নি। সুতরাং আপনিও কাফেরদের উৎপীড়নের কোন তোয়াক্কা করবেন না এবং রিসালাতের দায়িত্ব পালনে বলিষ্ঠ ভূমিকা পালন করে যান। এ সূরার শেষে হযরত নূহ, ইব্রাহীম ও লূত (আঃ) সহ আরও কয়েকজন নবীর ঘটনা উল্লেখ করা হয়েছে। এটি রাসূলুল্লাহ (ছঃ) ও তাঁর উম্মতের জন্য এবং তাদেরকে দ্বীনের কাজে সুদৃঢ় রাখার জন্য বর্ণিত হয়েছে। (মাঃ কোঃ)

فَانْظُرُوْا كَيْفَ بَدَاَ الْخَلْقَ ثُمَّ اللّٰهُ يُنْشِئُ النَّشْاَةَ الْاٰخِرَةَ ؕ اِنَّ اللّٰهَ عَلٰى

ফান্‌জুরূ কাইফা বাদায়াল্ খল্‌ক্ব ছুম্মাল্লা-হু ইয়ুন্‌শিয়ুন্ নাশ্‌য়াতাল্ আ-খিরহ্; ইন্নাল্লা-হা 'আলা-
কর, এবং দেখ, কিভাবে তিনি সৃষ্টি আরম্ভ করেছেন? পরে আবার আল্লাহ তা'আলা সৃষ্টি করবেন। নিশ্চয়ই আল্লাহ সর্ব বিষয়ে

كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿٢١﴾ يُعَذِّبُ مَنْ يَّشَاۤءُ وَيَرْحَمُ مَنْ يَّشَاۤءُ ۚ وَاِلَيْهِ تُقْلَبُوْنَ

কুল্লি শাইয়িন্ ক্বদীর্ । ২১ । ইয়ু আয্‌যিবু মাইঁ ইয়াশা — য়ু অইয়ার্‌হামু মাইঁ ইয়াশা — য়ু অইলাইহি তুক্ব্‌লাবূন্ ।
শক্তিমান। (২১) আর যাকে ইচ্ছা তিনি শাস্তি দেন, আর যার প্রতি ইচ্ছা করুণা করেন, তাঁর কাছেই তোমরা প্রত্যাবর্তন করবে।

﴿٢٢﴾ وَمَاۤ اَنْتُمْ بِمُعْجِزِيْنَ فِي الْاَرْضِ وَلَا فِي السَّمَاۤءِ ۫ وَمَا لَكُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ

২২ । অমা ~ আন্‌তুম্ বিমু'জ্বিযীনা ফিল্ আর্‌দ্বি অলা-ফিস্ সামা — য়ি অমা-লাকুম্ মিন্ দূনিল্লা-হি
(২২) তোমরা আল্লাহকে না অক্ষম করতে পারবে, যমীনে; আর না আকাশে, আল্লাহ ছাড়া না তোমাদের বন্ধু আছে,

مِنْ وَّلِيٍّ وَّلَا نَصِيْرٍ ﴿٢٣﴾ وَالَّذِيْنَ كَفَرُوْا بِاٰيٰتِ اللّٰهِ وَلِقَاۤئِهٖۤ اُولٰۤئِكَ

মিওঁ অলিয়্যিঁও অলা-নাছীর্ । ২৩ । অল্লাযীনা কাফারূ বিআ-ইয়া তিল্লা-হি অলিক্বা — য়িহী ~ উলা — য়িকা
আর না আছে কোন সাহায্যকারী। (২৩) এবং যারা আল্লাহর নিদর্শন ও তাঁর সাক্ষাৎকে অস্বীকার করে, তারাই আমার

يَئِسُوْا مِنْ رَّحْمَتِيْ وَاُولٰۤئِكَ لَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿٢٤﴾ فَمَا كَانَ جَوَابَ قَوْمِهٖۤ

ইয়ায়িসূ মির্ রহ্‌মাতী অউলা — য়িকা লাহুম্ 'আযা-বুন্ আলীম্ । ২৪ । ফামা-কা-না জ্বাওয়া-বা ক্বওমিহী ~
দয়া থেকে নিরাশ হয়, তাদের জন্য রয়েছে পীড়াদায়ক শাস্তি। (২৪) তখন তার (ইব্রাহীমের) সম্প্রদায়ের এ ছাড়া আর কোন

اِلَّاۤ اَنْ قَالُوا اقْتُلُوْهُ اَوْ حَرِّقُوْهُ فَاَنْجٰىهُ اللّٰهُ مِنَ النَّارِ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ

ইল্লা ~ আন্ ক্ব-লুক্ব্‌তুলূহু আও হার্‌রিক্ব্‌হু ফাআন্‌জ্বা-হুল্লা-হু মিনা ন্না-র্; ইন্না ফী যা -লিকা
উত্তর ছিল না যে, তারা বলল, 'তাকে হত্যা কর বা জ্বালাও' অতঃপর আল্লাহ তাকে আগুন হতে রক্ষা করলেন, এ ঘটনার মধ্যে

لَاٰيٰتٍ لِّقَوْمٍ يُّؤْمِنُوْنَ ﴿٢٥﴾ وَقَالَ اِنَّمَا اتَّخَذْتُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ اَوْثَانًا ۙ

লাআ-ইয়া-তিল্ লিক্বওমিঁই ইয়ু''মিনূন্ । ২৫ । অ ক্ব-লা ইন্নামা ত্তাখায্‌তুম্ মিন্ দূনিল্লা-হি আওছা-নাম্
অবশ্যই নিদর্শন রয়েছে। মু'মিনদের জন্য। (২৫) এবং (ইব্রাহীম) বলল, তোমরা আল্লাহর পরিবর্তে পারস্পরিক বন্ধুত্বের জন্য

مَّوَدَّةَ بَيْنِكُمْ فِي الْحَيٰوةِ الدُّنْيَا ۚ ثُمَّ يَوْمَ الْقِيٰمَةِ يَكْفُرُ بَعْضُكُمْ بِبَعْضٍ

মাওদ্দাতা বাইনিকুম্ ফিল্ হাইয়া-তিদ্ দুন্‌ইয়া-ছুম্মা ইয়াওমাল্ ক্বিয়া-মাতি ইয়াক্‌ফুরু বা'দ্বুকুম্ বিবা'দ্বিওঁ
তোমরা মূর্তিকে উপাস্য রূপে গ্রহণ করেছে পার্থিব জীবনে, পরে তোমরা কেয়ামতের দিবসে একে অপরকে অস্বীকার করবে,

وَّيَلْعَنُ بَعْضُكُمْ بَعْضًا ۫ وَّمَاْوٰىكُمُ النَّارُ وَمَا لَكُمْ مِّنْ نّٰصِرِيْنَ ﴿٢٦﴾ فَاٰمَنَ

অইয়াল্‌'আনু বা'দুকুম্ বা'দ্বোয়াঁও অমা'ওয়া-কুমুন্না-রু অমা-লাকুম্ মিন্ না- ছিরীন্ । ২৬ । ফাআ-মানা
এবং একজন আরেক জনকে লা'নত দেবে। তোমাদের আবাস অগ্নি, তোমাদের সহায় নেই। (২৬) লূত তাঁকে বিশ্বাস:

২ ع ৯ 14 রুকু

لَهٗ لُوْطٌ ۘ وَقَالَ اِنِّيْ مُهَاجِرٌ اِلٰى رَبِّيْ ؕ اِنَّهٗ هُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿٢٧﴾ وَوَهَبْنَا

লাহূ লূত্ব্। অক্ব-লা ইন্নী মুহা-জ্বিরুন্ ইলা-রব্বী; ইন্নাহূ হুওয়াল্ 'আযীযুল্ হাকীম্। ২৭। অ অহাব্‌না-
করল, ইব্রাহীম বলল, আমার রবের উদ্দেশ্যে আমি হিজরত করছি নিশ্চয়ই তিনি পরাক্রমশালী, বিজ্ঞ। (২৭) আর আমি

لَهٗۤ اِسْحٰقَ وَيَعْقُوْبَ وَجَعَلْنَا فِيْ ذُرِّيَّتِهِ النُّبُوَّةَ وَالْكِتٰبَ وَاٰتَيْنٰهُ اَجْرَهٗ

লাহূ ~ ইস্‌হা-ক্ব অ ইয়া'কূবা অজ্বা'আল্‌না-ফী যুররিয়াতিহিন্ নুবুওয়্যাতা অল্‌কিতা-বা অআ-তাইনা-হু আজ্‌রহূ
ইব্রাহীমকে ইসহাক ও ইয়া'কূব দান করলাম, তার বংশে দিলাম নবুওয়াত ও কিতাব, এবং আমি তাকে দুনিয়ায় পুরস্কার

فِي الدُّنْيَا ۚ وَاِنَّهٗ فِي الْاٰخِرَةِ لَمِنَ الصّٰلِحِيْنَ ﴿٢٨﴾ وَلُوْطًا اِذْ قَالَ لِقَوْمِهٖۤ

ফিদ্দুন্‌ইয়া- অইন্নাহূ ফিল্ আ-খিরতি লামিনাছ্ ছোয়া-লিহীন্ ২৮। অলূত্বোয়ান্ ইয্ ক্ব-লা লিক্বওমিহী ~
প্রদান করলাম; আর আখেরাতেও সে পুণ্যবানদের অন্তর্ভুক্ত হবে। (২৮) আর লূতকেও স্মরণ কর; যখন সে তার সম্প্রদায়কে

اِنَّكُمْ لَتَاْتُوْنَ الْفَاحِشَةَ ۫ مَا سَبَقَكُمْ بِهَا مِنْ اَحَدٍ مِّنَ الْعٰلَمِيْنَ ﴿٢٩﴾ اَئِنَّكُمْ

ইন্নাকুম্ লাতা''তূনাল্ ফা-হিশাতা মা-সাবাক্বাকুম্ বিহা-মিন্ আহাদিম্ মিনাল্ 'আ-লামীন্। ২৯। আয়িন্নাকুম্
বলল, তোমরা অশ্লীল কর্মে লিপ্ত রয়েছে, যা তোমাদের পূর্বে পৃথিবীর বুকে আর কেউ করে নি। (২৯) তোমরা কি

لَتَاْتُوْنَ الرِّجَالَ وَتَقْطَعُوْنَ السَّبِيْلَ ۙ۬ وَتَاْتُوْنَ فِيْ نَادِيْكُمُ الْمُنْكَرَ ؕ فَمَا كَانَ

লাতা''তূনার্ রিজ্বা-লা অতাক্ব্‌ত্বোয়া'উনাস্ সাবীলা অ তা''তূনা ফী না-দীকুমুল্ মুন্‌কার্; ফামা-কা-না
পুরুষের কাছে ছুটে যাও? তোমরা কি সন্ত্রাস কর আর তোমাদের মজলিসে (প্রকাশ্যে) ঘৃণ্যকর্ম করে থাক? উত্তরে

جَوَابَ قَوْمِهٖۤ اِلَّاۤ اَنْ قَالُوا ائْتِنَا بِعَذَابِ اللّٰهِ اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ

জ্বাওয়া-বা ক্বওমিহী ~ ইল্লা ~ আন্ ক্ব-লু'' তিনা-বি'আযা-বিল্লা-হি ইন্ কুন্‌তা মিনাছ্ ছোয়া-দিক্বীন্।
তার সম্প্রদায়ের লোকেরা বলল, যদি তুমি সত্যবাদী হও, তবে আমাদের ওপর আল্লাহ তা'আলার আযান আনয়ন কর।

﴿٣٠﴾ قَالَ رَبِّ انْصُرْنِيْ عَلَى الْقَوْمِ الْمُفْسِدِيْنَ ﴿٣١﴾ وَلَمَّا جَآءَتْ رُسُلُنَاۤ اِبْرٰهِيْمَ

৩০। ক্ব-লা রব্বিন্ ছুর্‌নী 'আ-লাল্ ক্বওমিল্ মুফ্‌সিদীন্।৩১। অ লাম্মা-জ্বা — য়াত্ রুসুলুনা ~ ইব্‌রা-হীমা
(৩০) বলল, হে আমার রব! দুষ্কৃতিকারীদের বিরুদ্ধে আমাকে সাহায্য কর। (৩১) এবং যখন দূতরা ইব্রাহীমের কাছে

بِالْبُشْرٰى ۙ قَالُوْۤا اِنَّا مُهْلِكُوْۤا اَهْلِ هٰذِهِ الْقَرْيَةِ ۚ اِنَّ اَهْلَهَا كَانُوْا ظٰلِمِيْنَ

বিল্ বুশ্‌র-ক্ব-লূ ~ ইন্না-মুহ্‌লিকূ ~ আহ্‌লি হা-যিহিল্ ক্বরইয়াতি ইন্না-আহ্‌লাহা-কা-নূ জোয়া-লিমীন্।
সুখবর নিয়ে উপনীত হল তখন তারা বলল, এ জনপদবাসীকে ধ্বংস করব, নিশ্চয়ই এর অধিবাসীরা জালিম।

আয়াত-২৫ ঃ হযরত লূত (আঃ) ছিলেন হযরত ইব্রাহীম (আঃ) এর ভাগ্নেয়। নমরূদের অগ্নিকুণ্ডে ইব্রাহীম (আঃ) এর মু'জিয়া দেখে সর্বপ্রথম তিনি মুসলমান হন এবং ইব্রাহীম (আঃ) এর সাথে হিজরত করেন। (মাঃ কোঃ) আয়াত-২৬ঃ হযরত ইব্রাহীম (আঃ) প্রথম পয়গাম্বর যাকে দ্বীনের খাতিরে হিজরত করতে হয়েছিল। পঁচাত্তর বছর বয়সে তিনি এই হিজরত করেন। এ হিজরতে তাঁর সারা (আঃ) ও ভাগ্নেয় লূত (আঃ) তাঁর সঙ্গী ছিলেন। (মাঃ কোঃ) আয়াত-২৭ঃ এই আয়াত হতে জানা গেল যে, কোন কোন সৎকর্মের প্রতিদান দুনিয়াতেও পাওয়া যায়। কেননা, আল্লাহ বলেছেন, আমি ইব্রাহীম (আঃ) এর আত্মত্যাগ ও অন্যান্য সৎকর্মের প্রতিদান দুনিয়াতেও দান করেছি। ইহুদী, খৃষ্টান ও মুসলমান সকলেই তাঁর প্রতি সম্মান প্রদর্শন করে এবং নিজেদেরকে তাঁর অনুসারী বলে দাবী করে। (মাঃ কোঃ)

﴿٣٢﴾ قَالَ إِنَّ فِيهَا لُوطًا ۚ قَالُوا نَحْنُ أَعْلَمُ بِمَنْ فِيهَا ۖ لَنُنَجِّيَنَّهُ وَأَهْلَهُ إِلَّا

৩২। ক্ব-লা ইন্না ফীহা- লূত্বোয়া-; ক্ব-লূ নাহ্নু আ'লামু বিমান্ ফীহা-লানুনাজ্জিয়ান্নাহূ অআহ্লাহূ ~ ইল্লাম্

(৩২) বলল, সেখানে তো লূত আছে, তারা বলল, সেখানে কে আছে, আমরা তো জানি। তাকে ও তার পরিবারকে রক্ষা করব,

امْرَأَتَهُ كَانَتْ مِنَ الْغَابِرِينَ ﴿٣٣﴾ وَلَمَّا أَنْ جَاءَتْ رُسُلُنَا لُوطًا سِيءَ بِهِمْ

রায়াতাহূ কা-নাত্ মিনাল্ গ-বিরীন্। ৩৩। অ লাম্মা ~ আন্ জ্বা — য়াত্ রুসুলুনা-লূত্বোয়ান্ সী — য়া বিহিম্

কিন্তু তার স্ত্রীকে নয়। কেননা, সে পশ্চাতী। (৩৩) এবং যখন দূতরা (ফেরেশতারা) লূতের কাছে আসে, তখন সে চিন্তিত হল,

وَضَاقَ بِهِمْ ذَرْعًا وَقَالُوا لَا تَخَفْ وَلَا تَحْزَنْ ۖ إِنَّا مُنَجُّوكَ وَأَهْلَكَ إِلَّا

অ দ্বোয়া-ক্ব বিহিম্ যার্'আঁও অ ক্ব-লূ লা-তাখফ্ অলা-তাহ্যান্ ইন্না- মুনাজ্জূকা অআহ্লাকা ইল্লাম্

তাদের রক্ষায় নিজেকে অক্ষম ভাবল, তারা বলল, ভয় পেয়ো না, আর দুঃখ করো না; তোমার স্ত্রী ছাড়া তোমাকে ও তোমার

امْرَأَتَكَ كَانَتْ مِنَ الْغَابِرِينَ ﴿٣٤﴾ إِنَّا مُنْزِلُونَ عَلَىٰ أَهْلِ هَٰذِهِ الْقَرْيَةِ رِجْزًا مِنَ

রায়াতাকা কা-নাত্ মিনাল্ গা-বিরীন্। ৩৪। ইন্না মুন্‌যিলূনা 'আলা ~ আহ্লি হা-যিহিল্ ক্বর্‌ইয়াতি রিজ্য্ যাম্ মিনাস্

পরিবারকে অবশ্যই রক্ষা করব। কেননা সে, পশ্চাৎবর্তীনী। (৩৪) আর এ জনপদবাসীর ওপর আকাশ থেকে অবশ্যই

السَّمَاءِ بِمَا كَانُوا يَفْسُقُونَ ﴿٣٥﴾ وَلَقَدْ تَرَكْنَا مِنْهَا آيَةً بَيِّنَةً لِقَوْمٍ يَعْقِلُونَ *

সামা ~ য়ি বিমা-কা-নূ ইয়াফ্‌সুকূন্। ৩৫। অলাক্বদ্ তারক্না-মিন্হা ~ আ-ইয়াতাম্ বাইয়িনাতা ল্লিক্বওমিঁই ইয়া'ক্বিলূন্।

শাস্তি প্রেরণ করব, কেননা, তারা পাপী ছিল। (৩৫) এবং যারা জ্ঞানী তাদের জন্য এ জনপদে সুস্পষ্ট নিদর্শন রাখলাম।

﴿٣٦﴾ وَإِلَىٰ مَدْيَنَ أَخَاهُمْ شُعَيْبًا فَقَالَ يَا قَوْمِ اعْبُدُوا اللَّهَ وَارْجُوا الْيَوْمَ الْآخِرَ

৩৬। অ ইলা-মাদ্‌ইয়ানা আখ-হুম্ শু'আইবা-ন্ ফাক্ব-লা ইয়া-ক্বওমি'বুদুল্লা-হা অরজুল্ ইয়াওমাল্ আ-খির

(৩৬) এবং আমি মাদ্‌ইয়ানবাসীদের প্রতি তাদের ভাই শুয়াইবকে পাঠিয়েছি; বলল, হে আমার কওম! আল্লাহর দাসত্ব কর, এবং

وَلَا تَعْثَوْا فِي الْأَرْضِ مُفْسِدِينَ ﴿٣٧﴾ فَكَذَّبُوهُ فَأَخَذَتْهُمُ الرَّجْفَةُ فَأَصْبَحُوا

অলা- তা'ছাও ফিল্ আরদ্বি মুফ্‌সিদীন্। ৩৭। ফাকায্‌যাবূহু ফায়াখযাত্ হুমুর্ রজ্ব্ ফাতু ফায়াছ্‌বাহূ

পরকালের আশা কর, যমীনে দুষ্কর্ম করো না। (৩৭) কিন্তু তারা তাকে মিথ্যা বলেছে; ফলে ভূমিকম্প তাদেরকে পাকড়াও করল, এবং

فِي دَارِهِمْ جَاثِمِينَ ﴿٣٨﴾ وَعَادًا وَثَمُودَ وَقَدْ تَبَيَّنَ لَكُمْ مِنْ مَسَاكِنِهِمْ ۖ وَزَيَّنَ

ফী দা-রিহিম্ জ্বা-ছিমীন্। ৩৮। অ আ'দাঁও অছামূদা অ ক্বদ্ তাবাইয়্যানা লাকুম্ মিম্ মাসা-কিনিহিম্ অ যাইয়্যানা

তারা নিজ নিজ বাড়িতেই নতজানু হয়ে শেষ হল। (৩৮) আর আদ ও ছামূদকেও ধ্বংস করেছি; তাদের আবাসই তোমাদের প্রমাণ।

لَهُمُ الشَّيْطَانُ أَعْمَالَهُمْ فَصَدَّهُمْ عَنِ السَّبِيلِ وَكَانُوا مُسْتَبْصِرِينَ ﴿٣٩﴾ وَقَارُونَ

লাহুমুশ্ শাইত্বোয়া-নু আ'মা-লাহুম্ ফাছোয়াদ্দাহুম্ 'আনিস্ সাবীলি অকা-নূ মুস্‌তাব্‌সিরীন্। ৩৯। অক্ব-রূনা

শয়তান তাদের কর্মকে শোভন করল, আর তাদেরকে সুপথে বাধা দিল, যদিও তারা জ্ঞানী ছিল, (৩৯) এবং আমি কারূন,

وَفِرْعَوْنَ وَهَامَٰنَ ۖ وَلَقَدْ جَآءَهُم مُّوسَىٰ بِٱلْبَيِّنَٰتِ فَٱسْتَكْبَرُوا۟ فِى ٱلْأَرْضِ

অ ফির্‌'আউনা অ হা-মা-না অ লাক্বদ্‌ জ্বা — য়াহুম্‌ মূসা-বিল্‌ বাইয়্যিনা-তি ফাস্‌তাক্‌বারূ ফীল্‌ আর্‌দ্বি

ফেরাউন ও হামানকেও ধ্বংস করলাম; মূসা তাদের কাছে সুস্পষ্ট প্রমাণ নিয়ে আগমন করেছিল, তবুও তারা যমীনে দম্ভ

وَمَا كَانُوا۟ سَٰبِقِينَ ﴿٤٠﴾ فَكُلًّا أَخَذْنَا بِذَنۢبِهِۦ ۖ فَمِنْهُم مَّنْ أَرْسَلْنَا عَلَيْهِ حَاصِبًا

অমা-কা-নূ সা-বিক্বীন্‌। ৪০। ফাকুল্লান্‌ আখয্‌না-বি যাম্‌বিহী ফামিন্‌হুম্‌ মান্‌ আর্‌সাল্‌না-'আলাইহি হা-ছিবান্‌

করে শাস্তি এড়িয়ে থাকতে পারে নি। (৪০)এবং তাদের প্রত্যেককে তাদের অপরাধের জন্য পাকড়াও করেছি, কারও প্রতি

وَمِنْهُم مَّنْ أَخَذَتْهُ ٱلصَّيْحَةُ وَمِنْهُم مَّنْ خَسَفْنَا بِهِ ٱلْأَرْضَ وَمِنْهُم مَّنْ

অ মিন্‌হুম্‌ মান্‌ আখযাত্‌হুছ্‌ ছোয়াইহাতু অ মিন্‌হুম্‌ মান্‌ খসাফ্‌না-বিহিল্‌ আর্‌দ্বোয়া অ মিন্‌হুম্‌ মান্‌

প্রেরণ করেছি বায়ু, কাকেও বিকট ধ্বনি পাকড়াও করেছে, কাউকে আবার প্রোথিত করেছি ভূ-গর্ভে , আবার কাউকেও

أَغْرَقْنَا ۚ وَمَا كَانَ ٱللَّهُ لِيَظْلِمَهُمْ وَلَٰكِن كَانُوٓا۟ أَنفُسَهُمْ يَظْلِمُونَ ﴿٤١﴾ مَثَلُ

আগ্‌রাক্ব্‌না-অমা- কা-না ল্লা-হু লিইয়াজ্‌লিমাহুম্‌ অলা-কিন্‌ কা-নূ ~ আন্‌ফুসাহুম্‌ ইয়াজ্‌লিমূন্‌। ৪১। মাছালুল

নিমজ্জিত করেছিলাম পানিতে, আর আল্লাহ জুলুমকারী নন, তারা নিজেদের প্রতি নিজেরা জুলুম করেছে। (৪১) যারা আল্লাহ্‌কে

ٱلَّذِينَ ٱتَّخَذُوا۟ مِن دُونِ ٱللَّهِ أَوْلِيَآءَ كَمَثَلِ ٱلْعَنكَبُوتِ ٱتَّخَذَتْ

লাযীনাত্‌ তাখাযূ মিন্‌ দূনি ল্লা-হি আউলিয়া — য়া কামাছালিল্‌ 'আন্‌কাবূতিত্‌ তাখাযত্‌

ছাড়া অন্যকে বন্ধুরূপে গ্রহণ করে তাদের দৃষ্টান্ত হল ঐ মাকড়সার ন্যায়, যে নিজের জন্য একটি ঘর তৈরি করেছে, আর

بَيْتًا ۖ وَإِنَّ أَوْهَنَ ٱلْبُيُوتِ لَبَيْتُ ٱلْعَنكَبُوتِ ۖ لَوْ كَانُوا۟ يَعْلَمُونَ ﴿٤٢﴾ إِنَّ ٱللَّهَ

বাইতা-; অ ইন্না আওহানাল্‌ বুয়ূতি লাবাইতুল্‌ 'আন্‌কাবূত্‌; লাও কা-নূ ইয়া'লামূন্‌। ৪২। ইন্নাল্লা-হা

নিঃসন্দেহে সকল ঘর অপেক্ষা দুর্বলতম ঘর হল মাকড়সার ঘর, যদি তারা জানত! (৪২) এবং তারা আল্লাহ ছাড়া যার

يَعْلَمُ مَا يَدْعُونَ مِن دُونِهِۦ مِن شَىْءٍ ۚ وَهُوَ ٱلْعَزِيزُ ٱلْحَكِيمُ ﴿٤٣﴾ وَتِلْكَ

ইয়া'লামু মা ইয়াদ্‌উ'না মিন্‌ দূনিহী মিন্‌ শাইয়িন্‌ অ হুওয়াল্‌ 'আযীযুল্‌ হাকীম্‌। ৪৩। অ তিল্‌কাল্‌

উপাসনা করে, আল্লাহ তা সম্যকভাবে অবগত আছেন; তিনি মহাপরাক্রমশালী, প্রজ্ঞাময়। (৪৩) আর এ সকল দৃষ্টান্ত আমি মানুষের

ٱلْأَمْثَٰلُ نَضْرِبُهَا لِلنَّاسِ ۖ وَمَا يَعْقِلُهَآ إِلَّا ٱلْعَٰلِمُونَ ﴿٤٤﴾ خَلَقَ ٱللَّهُ

আম্‌ছা-লু নাদ্বরিবুহা-লিন্না-সি অমা-ইয়া'ক্বিলুহা ~ ইল্লাল্‌ 'আ-লিমূন্‌'। ৪৪। খলাক্বল্লা-হুস্‌

জন্যই প্রদান করে থাকি, শুধুমাত্র ঐসব লোকেরাই এসব দৃষ্টান্ত উপলব্ধি করতে পারে যারা জ্ঞানী। (৪৪) আল্লাহ সৃষ্টি করেছেন,

ٱلسَّمَٰوَٰتِ وَٱلْأَرْضَ بِٱلْحَقِّ ۚ إِنَّ فِى ذَٰلِكَ لَءَايَةً لِّلْمُؤْمِنِينَ

সামা-ওয়া-তি অল্‌ আর্‌দ্বোয়া বিল্‌ হাক্ব্‌; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়া-তাল্লিল্‌ মু''মিনীন্‌।

আকাশ মন্ডল ও পৃথিবীকে যথাযথভাবে, নিশ্চয়ই এতে যারা ঈমান এনেছে তাদের জন্য নিদর্শন (প্রমান) রয়েছে।

ওয়াক্‌ফে গোফরান

٤٥ اُتْلُ مَآ اُوْحِيَ اِلَيْكَ مِنَ الْكِتٰبِ وَاَقِمِ الصَّلٰوةَ ؕ اِنَّ الصَّلٰوةَ تَنْهٰى عَنِ

৪৫। উত্‌লু মা ~ উ হিয়া ইলাইকা মিনাল্ কিতা-বি অআক্বিমিছ্ ছলা-হ্; ইন্নাছ্ ছলা-তা তান্‌হা-'আনিল্

(৪৫) আপনার প্রতি কিতাব থেকে যা ওহী করা হয়েছে তা পাঠ করুন; নামায কায়েম করুন, নিশ্চয়ই নামায অশ্লীল, মন্দকাজ

الْفَحْشَآءِ وَالْمُنْكَرِ ؕ وَلَذِكْرُ اللّٰهِ اَكْبَرُ ؕ وَاللّٰهُ يَعْلَمُ مَا تَصْنَعُوْنَ ٤٦ وَلَا تُجَادِلُوْٓا

ফাহ্‌শা — য়ি অল্ মুন্‌কার্; অ লাযিক্‌রুল্লা-হি আক্‌বার্; অল্লা-হু ইয়া'লামু মা-তাছ্‌না'উন্। ৪৬। অলা-তুজা-দিলূ ~

হতে বিরত রাখে। এবং আল্লাহর স্মরণই শ্রেষ্ঠ। আল্লাহ তোমাদের কৃতকর্মের খবর রাখেন। (৪৬) তোমরা উত্তম পন্থা

اَهْلَ الْكِتٰبِ اِلَّا بِالَّتِيْ هِيَ اَحْسَنُ ۖ اِلَّا الَّذِيْنَ ظَلَمُوْا مِنْهُمْ وَقُوْلُوْٓا اٰمَنَّا

আহ্‌লাল্ কিতা-বি ইল্লা- বিল্লাতী হিয়া আহ্‌সানু ইল্লাল্লাযীনা জোয়ালামূ মিন্‌হুম্ অক্বূলূ ~ আমান্না-

রাসূলকে কষ্ট দেয়া বা তাঁর মৃত্যুর পর তাঁর পত্নীদেরকে বিয়ে করা তোমাদের জন্য কখনও সংগত নয়। এটা আল্লাহর কাছে অতি

اللّٰهِ عَظِيْمًا ﴿٥٤﴾ اِنْ تُبْدُوْا شَيْـًٔا اَوْ تُخْفُوْهُ فَاِنَّ اللّٰهَ كَانَ بِكُلِّ شَىْءٍ عَلِيْمًا

ল্লা-হি 'আজীমা-। ৫৪। ইন্ তুব্‌দূ শাইয়ান্ আও তুখ্‌ফূহু ফাইনাল্লা-হা কা-না বিকুল্লি শাইয়িন্ 'আলীমা-।

বড় অন্যায়।(৫৪) যদি তোমরা কোন বিষয় প্রকাশ কর বা কোন বিষয় গোপন কর, তবে আল্লাহ তো সবকিছু ভালভাবে জানেন।

﴿٥٥﴾ لَا جُنَاحَ عَلَيْهِنَّ فِىْۤ اٰبَآئِهِنَّ وَلَاۤ اَبْنَآئِهِنَّ وَلَاۤ اِخْوَانِهِنَّ وَلَاۤ اَبْنَآءِ

৫৫। লা-জুনা-হা 'আলাইহিন্না ফী~'আ-বা — য়িহিন্না অলা ~ আব্‌না — য়িহিন্না অলা ~ ইখ্‌ওয়া- নিহিন্না অলা ~ আব্‌না — য়ি

(৫৫) নবী-পত্নীদের জন্য কোন গুনাহ হবে না নিজেদের পিতা, নিজেদের পুত্র, নিজেদের ভাই, নিজেদের ভাতিজা,

اِخْوَانِهِنَّ وَلَاۤ اَبْنَآءِ اَخَوٰتِهِنَّ وَلَا نِسَآئِهِنَّ وَلَا مَا مَلَكَتْ اَيْمَانُهُنَّ ۚ

ইখ্‌ওয়া-নি হিন্না অলা ~ আব্‌না — য়ি আখাওয়া- তিহিন্না অলা-নিসা — য়িহিন্না অলা-মা-মালাকাত্ আইমানুহুন্না

ভগ্নিপুত্রদের, নিজেদের সেবিকা ও তাদের আয়ত্বাধীন দাসীদের ব্যাপারে পর্দা পালন না করায়। (আর হে নবী পত্নিরা!

وَاتَّقِيْنَ اللّٰهَ ؕ اِنَّ اللّٰهَ كَانَ عَلٰى كُلِّ شَىْءٍ شَهِيْدًا ﴿٥٦﴾ اِنَّ اللّٰهَ وَمَلٰٓئِكَتَهٗ

অত্তাক্বীনাল্লা-হ্; ইন্নাল্লা-হা কা-না 'আলা-কুল্লি শাইয়িন্ শাহীদা-। ৫৬। ইন্নাল্লা-হা অমালা — য়িকাতাহূ

তোমরা) আল্লাহকে ভয় করতে থাক; নিঃসন্দেহে আল্লাহ প্রত্যেক বিষয়ের সাক্ষী।(৫৬) নিশ্চয়ই আল্লাহ ও ফেরেশতারা

يُصَلُّوْنَ عَلَى النَّبِىِّ ؕ يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا صَلُّوْا عَلَيْهِ وَسَلِّمُوْا تَسْلِيْمًا ﴿٥٧﴾ اِنَّ

ইুছোয়াল্লূনা 'আলান্নাবিয়্যি ইয়া ~ আইয়ুহাল্লাযীনা আ-মানূ ছল্লূ 'আলাইহি অসাল্লিমূ তাস্‌লীমা-। ৫৭। ইন্নাল্

নবীর ওপর দুরূদ প্রেরণ করেন, হে ঈমানদাররা! তোমরাও তার প্রতি দুরূদ ও সালাম প্রেরণ করতে থাক। (৫৭) নিশ্চয়ই

الَّذِينَ يُؤْذُونَ اللَّهَ وَرَسُولَهُ لَعَنَهُمُ اللَّهُ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ وَأَعَدَّ لَهُمْ

লাযীনা ইয়ু''যূনাল্লা-হা অরসূলাহূ লা'আনাহুমু ল্লা-হু ফিদ্ দুন্‌ইয়া- অল্ আ-খিরতি অআ'আদ্দা লাহুম্

যারা আল্লাহ ও রাসূলকে কষ্ট দেয়, দুনিয়া ও আখিরাতে আল্লাহ তাদেরকে অভিশপ্ত করেন, এবং তাদের জন্য প্রস্তুত করে

عَذَابًا مُّهِينًا ﴿٥٨﴾ وَالَّذِينَ يُؤْذُونَ الْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ بِغَيْرِ مَا اكْتَسَبُوا

'আযা-বাম্ মুহীনা- । ৫৮ । অল্লাযীনা ইয়ু''যূনাল্ মু''মিনীনা অল্ মু''মিনাতি বিগইরি মাক্‌তাসাবূ

রেখেছেন অপমানকর শাস্তি। (৫৮) আর দোষ না করলেও যারা ঈমানদার পুরুষ ও ঈমানদার নারীকে কষ্ট দেয়,

فَقَدِ احْتَمَلُوا بُهْتَانًا وَإِثْمًا مُّبِينًا ﴿٥٩﴾ يَا أَيُّهَا النَّبِيُّ قُل لِّأَزْوَاجِكَ وَبَنَاتِكَ وَ

ফাক্বাদিহ্‌তামালূ বুহ্‌তা-নাঁও অইছ্মাম্ মুবীনা- । ৫৯ । ইয়া ~ আইয়ুহা ন্নাবিয়্যু কুল্ লিআয্‌ওয়া-জ্বিকা অবানা-তিকা অ

তারা স্পষ্ট অপবাদ ও প্রকাশ্য পাপের বোঝা বহন করে। (৫৯) হে নবী! আপনি আপনার স্ত্রীদের ও কন্যাদের এবং যারা ঈমানদার

نِسَاءِ الْمُؤْمِنِينَ يُدْنِينَ عَلَيْهِنَّ مِن جَلَابِيبِهِنَّ ۚ ذَٰلِكَ أَدْنَىٰ أَن يُعْرَفْنَ

নিসা — য়িল্ মু''মিনীনা ইয়ুদ্‌নীনা 'আলাইহিন্না মিন্ জ্বালা-বীবিহিন্; যা-লিকা আদ্‌না ~ আইঁ ইয়ু'রফ্‌না

নারী তাদেরকে বলে দিন, তারা যেন তাদের নিজেদের ওড়নাসমূহ উপরের দিক থেকে টেনে নিচের দিকে ঝুলিয়ে দেয়, তাদেরকে

فَلَا يُؤْذَيْنَ ۗ وَكَانَ اللَّهُ غَفُورًا رَّحِيمًا ﴿٦٠﴾ لَّئِن لَّمْ يَنتَهِ الْمُنَافِقُونَ

ফালা-ইয়ু''যাইন্; অকা-নাল্লা-হু গফূরার্ রহীমা- । ৬০ । লায়িল্লাম্ ইয়ান্‌তাহিল্ মুনা-ফিক্বূনা

চিনতে পারার জন্য এটা উত্তম পন্থা, ফলে তারা উত্যক্ত হবে না, আল্লাহ ক্ষমাশীল, যা দয়ালু।(৬০) যদি বিরত না হয় মুনাফিকরা,

وَالَّذِينَ فِي قُلُوبِهِم مَّرَضٌ وَالْمُرْجِفُونَ فِي الْمَدِينَةِ لَنُغْرِيَنَّكَ بِهِمْ ثُمَّ لَا

অল্লাযীনা ফী কুলূ বিহিম্ মারাদ্বুঁও অল্‌মুরজ্বিফূনা ফিল্ মাদীনাতি লানুগ্‌রিয়ান্নাকা বিহিম্ ছুম্মা লা-

ও ঐ সব লোক যাদের অন্তর-রোগ সম্পন্ন ও নগরে গুজব রটনাকারীরা, তবে আমি তাদের বিরুদ্ধে অবশ্যই আপনাকে প্রবল করব;

يُجَاوِرُونَكَ فِيهَا إِلَّا قَلِيلًا ﴿٦١﴾ مَّلْعُونِينَ ۖ أَيْنَمَا ثُقِفُوا أُخِذُوا وَقُتِّلُوا

ইয়ুজ্বা-ওয়িরূ নাকা ফীহা ~ ইল্লা-ক্বলীলা- । ৬১ । মাল্'উ নীনা আইনামা-ছুক্বিফূ ~ উখিযূ অক্বুত্তিলূ

পরে আপনার পাশে অল্প দিনই থাকবে (৬১) অভিশপ্ত অবস্থায়; যেখানে তাদেরকে পাওয়া যাবে সেখানেই তাদেরকে ধরা হবে; হত্যা করা

تَقْتِيلًا ﴿٦٢﴾ سُنَّةَ اللَّهِ فِي الَّذِينَ خَلَوْا مِن قَبْلُ ۖ وَلَن تَجِدَ لِسُنَّةِ اللَّهِ تَبْدِيلًا

তাক্বতীলা ।- ৬২ । সুন্নাতাল্লা-হি ফিল্লাযীনা খলাও মিন্ ক্বব্‌লু অলান্ তাজ্বিদা লিসুন্নাতিল্লা-হি তাব্‌দীলা- ।

হবে প্রবলভাবে। (৬২) পূর্বের লোকদের ব্যাপারে এটাই ছিল আল্লাহর বিধান; আপনি কখনও আল্লাহর বিধানে পরিবর্তন পাবেন না।

৭ ع ৬ ৪ রুকু

● এক চতুর্থাংশ লো'আনাক্বা-১২

শানেনুযূলঃ আয়াত ৫৯ ঃ তৎকালীন আরব সমাজে বাড়ীর ভেতরে মল-মূত্র ত্যাগের বিশেষ ব্যবস্থা না থাকায় সম্ভ্রান্ত পরিবারের নারীদেরকেও ভোর অন্ধকারে মল-মূত্র ত্যাগের জন্য পার্শ্ববর্তী জঙ্গলে যেতে হত। একদা হযরত ছওদাহ (রাঃ) ও এরূপ মলমূত্র ত্যাগের উদ্দেশ্যে জনপদের বাইরে গমনকালে হযরত ওমর (রাঃ) তাঁকে তাঁর দৈহিক গঠনের পরিচয় জানতে পেরে তাঁকে ওই সময়ে ঘরের বের হওয়ায় তিরস্কার করলেন। হযরত ছওদাহ (রাঃ) ফিরে গেলেন এবং হুযূর (ছঃ)-এর নিকট সমস্ত বৃত্তান্ত খুলে বললেন, তখন এ আয়াত কয়টি নাযিল হয়। আয়াত-৬০ঃ মুনাফিকদের মধ্যে মুসলমানদেরকে যাতনা দেয়ার বদ-অভ্যাস ছিল। যদ্দারা রাসূল (ছঃ) ও অন্যান্য মুসলমানদেরকে নিত্য নৈমিত্তিক দুশ্চিন্তাগ্রস্ত করে রেখেছিল। এ সময় এ আয়াতটি নাযিল হয়।

﴿٦٣﴾ يَسْـَٔلُكَ النَّاسُ عَنِ السَّاعَةِ ۖ قُلْ إِنَّمَا عِلْمُهَا عِندَ اللَّهِ ۚ وَمَا يُدْرِيكَ لَعَلَّ

৬৩। ইয়াস্‌য়ালুকা ন্না-সু 'আনিস্ সা আহ্; ক্বু-ল্ ইন্নামা-'ইল্‌মুহা-'ইন্‌দাল্লা-হ্; অমা-ইয়ুদ্‌রীকা লা'আল্লাস্
(৬৩) মানুষ আপনাকে কেয়ামত সম্বন্ধে প্রশ্ন করে। বলুন, তার জ্ঞান কেবল আল্লাহরই, আপনি কিভাবে জানবেন, হয়ত

السَّاعَةَ تَكُونُ قَرِيبًا ﴿٦٤﴾ إِنَّ اللَّهَ لَعَنَ الْكَافِرِينَ وَأَعَدَّ لَهُمْ سَعِيرًا ﴿٦٥﴾ خَالِدِينَ

সা-'আতা তাকূনূ ক্বারীবা-। ৬৪। ইন্নাল্লা-হা লা'আনাল্ কা-ফিরীনা অআ'আদ্দা লাহুম্ সা'ঈরা-।- ৬৫। খ-লিদীনা
কেয়ামত নিকটবর্তী।(৬৪) আল্লাহ কাফেরদেরকে অভিশম্পাত করেছেন, প্রস্তুত রেখেছেন জ্বলন্ত আগুন। (৬৫) তারা সেথায়

فِيهَا أَبَدًا ۖ لَّا يَجِدُونَ وَلِيًّا وَلَا نَصِيرًا ﴿٦٦﴾ يَوْمَ تُقَلَّبُ وُجُوهُهُمْ فِي النَّارِ

ফীহা ~ আবাদান্ লা-ইয়াজ্বিদূনা অলিয়্যাঁও অলা-নাছীর-। ৬৬। ইয়াওমা তুকাল্লাবু উজ্বূহুহুম্ ফীন্না-রি
অনন্তকাল থাকবে; না তারা কোন বন্ধু পাবে, আর না পাবে কোন সাহায্যকারী।(৬৬) যেদিন তাদের চেহারা বিবর্তিত হবে,

يَقُولُونَ يَا لَيْتَنَا أَطَعْنَا اللَّهَ وَأَطَعْنَا الرَّسُولَا ﴿٦٧﴾ وَقَالُوا رَبَّنَا إِنَّا أَطَعْنَا سَادَتَنَا

ইয়াক্বূলূনা ইয়া-লাইতানা ~ আত্বোয়া'না ল্লা-হা অ আত্বোয়া'নার্ রসূলা-।৬৭।অ ক্বা-লূ রব্বানা ~ ইন্না ~ আত্বোয়া'না-সা-দাতানা-
বলবে, হায়! যদি আল্লাহ ও তাঁর রাসূলকে মানতাম! (৬৭) এবং বলবে হে আমাদের রব! নেতা ও বড় মানুষকে আমরা

وَكُبَرَاءَنَا فَأَضَلُّونَا السَّبِيلَا ﴿٦٨﴾ رَبَّنَا آتِهِمْ ضِعْفَيْنِ مِنَ الْعَذَابِ وَالْعَنْهُمْ

অকুবার — য়ানা- ফাআদ্বোয়াল্লুনাস্ সাবীলা-। ৬৮। রব্বানা ~ আ-তিহিম্ দ্বি'ফাইনি মিনাল্ 'আযা-বি অল্'আন্‌হুম্
মেনেছি, তারা আমাদেরকে পথভ্রষ্ট করেছে। (৬৮) হে আমাদের রব! তাদেরকে দ্বিগুণ শাস্তি দাও, তাদের প্রতি লা'নত

৮ ع ১০ ৫ রুকু

لَعْنًا كَبِيرًا ﴿٦٩﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَكُونُوا كَالَّذِينَ آذَوْا مُوسَىٰ فَبَرَّأَهُ اللَّهُ

লা'নান্ কাবীর-। ৬৯। ইয়া ~ আইইয়ুহাল্লাযীনা আ-মানূ লা-তাকূনূ কাল্লাযীনা আ-যাও মূসা-ফাবার্‌রয়াহুল্লা-হু
বর্ষণ কর বড় লা'নত। (৬৯) হে ঈমানদাররা! যারা মূসাকে কষ্ট দিয়েছে, তাদের মত হয়ো না। আল্লাহ তাকে তাদের

مِمَّا قَالُوا ۚ وَكَانَ عِندَ اللَّهِ وَجِيهًا ﴿٧٠﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ وَقُولُوا

মিম্মা-ক্বা-লূ; অকা-না 'ইন্‌দাল্লা-হি অজ্বীহা- ।৭০। ইয়া ~ আইয়ুহাল্লাযীনা আ-মানুত্তাক্বু ল্লা-হা অক্বূলূ
কথা হতে মুক্তি প্রদান করলেন। সে আল্লাহর কাছে ছিল মর্যাদাশীল। (৭০) হে মু'মিনরা! তোমরা আল্লাহকে ভয় কর,

قَوْلًا سَدِيدًا ﴿٧١﴾ يُصْلِحْ لَكُمْ أَعْمَالَكُمْ وَيَغْفِرْ لَكُمْ ذُنُوبَكُمْ ۗ وَمَن يُطِعِ اللَّهَ

ক্বওলান্ সাদীদা- ।৭১। ইয়ুছ্‌লিহ্ লাকুম্ আ'মা-লাকুম্ অইয়াগ্‌ফির্ লাকুম্ যুনূবাকুম্; অমাইঁ ইয়ুত্বি'ইল্লা-হা
সঠিক কথা বল;(৭১) তবে আল্লাহ তোমাদের কর্মসমূহকে সংশোধন করবেন, তোমাদের পাপ মোচন করবেন, যে আল্লাহ

وَرَسُولَهُ فَقَدْ فَازَ فَوْزًا عَظِيمًا ﴿٧٢﴾ إِنَّا عَرَضْنَا الْأَمَانَةَ عَلَى السَّمَاوَاتِ وَالْأَرْضِ

অ রসূলাহূ ফাক্বদ্ ফা-যা ফাওযান্ 'আজীমা-। ৭২। ইন্না আরদ্বনাল্ আমা-নাতা 'আলাস্ সামা-ওয়া-তি অল্ আর্‌দ্বি
ও তাঁর রাসূলের আনুগত্য করে, সে বড় সফলকাম (৭২) আমি আসমানসমূহ, যমীন ও পাহাড়সমূহের প্রতি এ দায়িত্বভার অর্পন

অল্‌জ্বিবা-লি ফাআ বাইনা আইঁ ইয়াহ্‌মিল্‌নাহা-অ আশ্‌ফাক্বনা মিন্‌হা-অহামালাহাল্ ইন্‌সা-ন্; ইন্নাহূ কা-না
করেছিলাম, কিন্তু তারা সে দায়িত্বভার বহন করতে অস্বীকার করল, ভীত হল কিন্তু মানুষ তা নিজ দায়িত্বে বহন করল, নিশ্চয়ই সে

ظَلُومًا جَهُولًا ﴿٧٣﴾ لِيُعَذِّبَ اللَّهُ الْمُنَافِقِينَ وَالْمُنَافِقَاتِ وَالْمُشْرِكِينَ وَ

জোয়ালূমান জ্বাহূলা- ।৭৩। লিইয়ু'আয্‌যিবা ল্লা-হুল্ মুনা-ফিক্বীনা অল্‌মুনা-ফিক্বতি অল্‌মুশ্‌রিকীনা অল্
বড় অত্যাচারী, বড়ই অজ্ঞ ।(৭৩) যেন পরিণামে আল্লাহ মুনাফিক নর ও মুনাফিক নারী এবং মুশরিক নর ও মুশরিক নারীদেরকে

الْمُشْرِكَاتِ وَيَتُوبَ اللَّهُ عَلَى الْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ ۗ وَكَانَ اللَّهُ غَفُورًا رَحِيمًا

মুশ্‌রিকা-তি অ ইয়াতূবাল্লা-হু 'আলাল্ মু''মিনীনা অল্‌মু''মিনা-ত্; অকা-নাল্লা-হু গফূরার রহীমা- ।
শাস্তি প্রদান করেন এবং ঈমানদার পুরুষ ও ঈমানদার-নারীদেরকে ক্ষমা করেন, আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু ।

৭ ع ৫ ৬ রুকু

সূরা সাবা-
মক্কাবতীর্ণ

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৫৪
রুকূ ঃ ৬

﴿١﴾ الْحَمْدُ لِلَّهِ الَّذِي لَهُ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ وَلَهُ الْحَمْدُ فِي

১। আল্‌হাম্‌দু লিল্লা-হিল্লাযী লাহূ মা-ফিস্ সামা-ওয়া-তি অমা-ফিল্ আরদ্বি অলাহুল্ হাম্‌দু ফিল্
(১) সকল প্রশংসা আল্লাহর, আকাশ মণ্ডল ও ভূ মণ্ডলে যা কিছু আছে সব তাঁরই, আর তাঁরই জন্য সোভনীয় পরকালের

الْآخِرَةِ ۚ وَهُوَ الْحَكِيمُ الْخَبِيرُ ﴿٢﴾ يَعْلَمُ مَا يَلِجُ فِي الْأَرْضِ وَمَا يَخْرُجُ مِنْهَا وَمَا

আ-খিরহ্; অহুওয়াল্ হাকীমুল্ খবীর্ । ২। ইয়া'লামু মা-ইয়ালিজু ফিল্ আরদ্বি অমা-ইয়াখ্‌রুজু মিন্‌হা-অমা-
প্রশংসা। এবং তিনি বিজ্ঞ, জ্ঞানী। (২) তিনি জানেন যা কিছু প্রবেশ করে যমীনে এবং যা কিছু তথা হতে বের হয়, এবং যা

يَنْزِلُ مِنَ السَّمَاءِ وَمَا يَعْرُجُ فِيهَا ۚ وَهُوَ الرَّحِيمُ الْغَفُورُ ﴿٣﴾ وَقَالَ الَّذِينَ

ইয়ান্‌যিলু মিনাস্ সামা — য়ি অমা-ইয়ারুজু ফীহা-; অহুওয়ার রহীমুল্ গফূর্ । ৩। অক্বা-লাল্ লাযীনা
আকাশ হতে পতিত হয় এবং যা কিছু সেখানে উত্থিত হয় তিনি পরম দয়ালু, অত্যন্ত ক্ষমাশীল। (৩) আর কাফেররা বলে,

নামকরণ ঃ আস্‌সাবা-অত্র সূরার পঞ্চদশ আয়াতে উল্লিখিত সাবা নগরীর নামানুসারেই এ সূরার নামকরণ করা হয়েছে। সাবা ইয়ামন প্রদেশের একটি সুন্দর ও সমৃদ্ধিশালী নগরী ছিল এবং উক্ত নগরীর দুপার্শ্বে নানাবিধ সুস্বাদু ফলবান বৃক্ষ পরিপূর্ণ দুটি সুবৃহৎ ও মনোরম বাগানে ছিল। কিন্তু নগরীর অধিবাসীদের অবাধ্যতা, ধর্মদ্রোহিতা ও অতিরিক্ত বিলাসিতায় ডুবে থাকার কারণে তারা আল্লাহ তা'আলার ক্রোধানলে পতিত হয়। ফলে এক ভয়াবহ বন্যায় উক্ত নগরী এবং তার অধিবাসী ও বাগানসমূহ সম্পূর্ণরূপে ধ্বংস হয়ে যায়। তাই আল্লাহপাক উক্ত ধ্বংস-কাহিনী স্মরণ করিয়ে দিয়ে অবাধ্যতা, ধর্মদ্রোহিতা এবং অসঙ্গত ভোগ-বিলাস হতে মুক্ত থাকার জন্য বিশ্বাসী ও অবিশ্বাসী নির্বিশেষে সকলকেই সাবধান করে দিয়েছেন এবং উক্ত ঘটনার সমাবেশ হেতুই আলোচ্য সূরার 'সাবা' নামকরণ করা হয়েছে।

শানেনুযূল ঃ আয়াত -১ ঃ আবু সুফিয়ান ইবনে হারব লাত-ওজ্জার শপথ করে বলল, মুহাম্মদ বারংবার যে কিয়ামতের কথা বলছে তা কখনও হবে না। কেননা, যেসব অঙ্গ প্রত্যঙ্গে দেহ গুনর্গঠনের কথা বলা হয়েছে, তার কোন চিহ্নই তো অবশিষ্ট থাকবে না। কাজেই মুহাম্মদের কথা কেমন করে সত্যে পরিণত হবে। এতে আল্লাহ তা'আলা নিজের সার্বভৌম ক্ষমতা প্রকাশক দুটি আয়াত পটভূমিকা হিসেবে বর্ণনা করে রাসূল (ছঃ)-কে বলেন, আপনিও আপনার রবের কসম করে বলুন, কেয়ামত অবশ্যই হবে।

كَفَرُوْا لَا تَأْتِيْنَا السَّاعَةُ ط قُلْ بَلٰى وَرَبِّىْ لَتَأْتِيَنَّكُمْ لا عٰلِمِ الْغَيْبِ ج لَا

কাফারূ লা-তা''তী নাস্‌সা'আহ্;ক্বুল্ বালা অ রব্বী লাতা''তিয়ান্নাকুম্ 'আ-লিমিল্ গইবি লা-
কেয়ামত আগমন করবে না, আপনি বলুন, তার (কেয়ামতের) আগমন সুনিশ্চিত, আমার রবের শপথ। তিনি অদৃশ্য সম্পর্কে

يَعْزُبُ عَنْهُ مِثْقَالُ ذَرَّةٍ فِى السَّمٰوٰتِ وَلَا فِى الْأَرْضِ وَلَا أَصْغَرُ مِنْ ذٰلِكَ وَلَا

ইয়া'যুবু 'আন্হু মিছ্ক্ব-লু যাররাতিন্ ফিস্ সামা-ওয়া-তি অলা-ফিল্ আর্‌দ্বি অলা ~ আছ্‌গারু মিন্ যা-লিকা অলা ~
সম্যক অবগত তাঁর কাছে না গোপন আছে আসমানের কোন ক্ষুদ্র বস্তু, আর না গোপন আছে যমীনের কোন ক্ষুদ্র বস্তু।

أَكْبَرُ إِلَّا فِىْ كِتٰبٍ مُّبِيْنٍ ۝৪ لِّيَجْزِىَ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ ط

আক্‌বারু ইল্লা-ফী কিতা-বিম্ মুবীন্। ৪। লিইয়াজ্‌যিয়াল্ লাযীনা আ-মানূ অ'আমিলুছ্ ছোয়া-লিহাত্;
ছোট-বড় সব কিছু সুস্পষ্ট কিতাবে লিপীবদ্ধ আছে। (৪) যেন তিনি ঈমানদার ও নেক বান্দাহদেরকে প্রতিদান প্রদান

أُولٰٓئِكَ لَهُمْ مَّغْفِرَةٌ وَّرِزْقٌ كَرِيْمٌ ۝৫ وَالَّذِيْنَ سَعَوْ فِىْٓ اٰيٰتِنَا مُعٰجِزِيْنَ

উলা — য়িকা লাহুম্ মাগ্‌ফিরাতুঁও অ রিয্‌ক্বুন্ কারীম্।৫।অল্লাযীনা সা'আও ফী ~ আ-ইয়া-তিনা মু'আ-জ্বিযীনা
করেন, তাদের জন্য রয়েছে ক্ষমা আর সম্মানজনক রিয্‌ক।(৫) আর যারা আমার আয়াতকে ব্যর্থ করতে চায় তাদের জন্য

أُولٰٓئِكَ لَهُمْ عَذَابٌ مِّنْ رِّجْزٍ أَلِيْمٌ ۝৬ وَيَرَى الَّذِيْنَ أُوْتُوا الْعِلْمَ الَّذِىْٓ

উলা — য়িকা লাহুম্ 'আযা-বুম্ মির্‌রিজ্‌যিন্ আলীম। ৬। অ ইয়ার ল্লাযীনা উতুল্ 'ইলমা ল্লাযী ~
রয়েছে কঠোর পীড়াদায়ক আযাব।(৬) আর যাদেরকে জ্ঞান দান করা হয়েছে তারা দেখছে যে, আপনার প্রতি অবতারিত

أُنْزِلَ إِلَيْكَ مِنْ رَّبِّكَ هُوَ الْحَقَّ لا وَيَهْدِىْٓ إِلٰى صِرَاطِ الْعَزِيْزِ الْحَمِيْدِ ★

উন্‌যিলা ইলাইকা মির্ রব্বিকা হুওয়াল্ হাক্ব্‌ক্বা অ ইয়াহ্‌দী ~ ইলা-ছিরা-ত্বিল্ 'আযীযিল্ হামীদ্।
কিতাব সত্য, আপনার রবের পক্ষ থেকে এটা সত্য এবং বিজয়ী, প্রবল পরাক্রমশালী প্রশংসিত রবের পথ প্রদর্শন করে।

۝৭ وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا هَلْ نَدُلُّكُمْ عَلٰى رَجُلٍ يُّنَبِّئُكُمْ إِذَا مُزِّقْتُمْ كُلَّ مُمَزَّقٍ لا

৭। অ ক্বা-লাল্ লাযীনা কাফারূ হাল্ নাদুল্লুকুম্ 'আলা- রাজুলিইঁ ইয়ুনাব্বিয়ুকুম্ ইযা-মুয্‌যিক্ব্‌তুম্ কুল্লা মুমায্‌যাক্বিন্
(৭) কাফেররা বলে, আমরা কি তোমাদেরকে এমন ব্যক্তির সন্ধান দেব, যে তোমাদের বলবে, যখন তোমরা ছিন্ন-ভিন্ন হয়ে যাবে,

إِنَّكُمْ لَفِىْ خَلْقٍ جَدِيْدٍ ۝৮ أَفْتَرٰى عَلَى اللّٰهِ كَذِبًا أَمْ بِهٖ جِنَّةٌ ط بَلِ الَّذِيْنَ

ইন্নাকুম্ লাফী খল্‌ক্বিন্ জ্বাদীদ্। ৮। আফ্‌তারা- 'আলাল্লা-হি, কাযিবান্ আম্ বিহী জ্বিন্নাহ্; বালিল্লাযীনা
তখন আবার তোমরা নতুনভাবে সৃষ্টিরূপে উত্থিত হবে?(৮) জানিনা, সে কি আল্লাহর প্রতি মিথ্যারোপ করে না উন্মাদ! বরং

لَا يُؤْمِنُوْنَ بِالْاٰخِرَةِ فِى الْعَذَابِ وَالضَّلٰلِ الْبَعِيْدِ ۝৯ أَفَلَمْ يَرَوْا إِلٰى مَا بَيْنَ

লা-ইয়ু'মিনূনা বিল্‌আ-খিরতি ফিল্ 'আযা-বি অদ্দ্বোয়ালা-লিল্ বা'ঈদ্। ৯। আফালাম্ ইয়ারাও ইলা-মা-বাইনা
যারা পরকালে বিশ্বাস করে না, তারাই আযাব ও ঘোর বিভ্রান্তির মধ্যে আছে। (৯) তারা কি তবে তাদের সামনে-পিছে,

أَيْدِيهِمْ وَمَا خَلْفَهُمْ مِنَ السَّمَاءِ وَالْأَرْضِ ۚ إِنْ نَشَأْ نَخْسِفْ بِهِمُ الْأَرْضَ أَوْ

আইদীহিম্ অমা-খল্ফাহুম্ মিনাস্ সামা — য়ি অল্আরদ্ব; ইন্ নাশা" নাখ্সিফ্ বিহিমুল্ আরদ্বোয়া আও
আকাশ মণ্ডল ও ভূ-পৃষ্ঠে যা আছে তার প্রতি দৃষ্টি দেয় না? আমি ইচ্ছা করলে তাদেরকেসহ ভূমি ধ্বসিয়ে দিতে পারি বা

نُسْقِطْ عَلَيْهِمْ كِسَفًا مِنَ السَّمَاءِ ۚ إِنَّ فِي ذَٰلِكَ لَآيَةً لِكُلِّ عَبْدٍ مُنِيبٍ ﴿١٠﴾ وَلَقَدْ

নুস্ক্বিত্ব 'আলাইহিম্ কিসাফাম্ মিনাস্ সামা — য়্; ইন্না ফী যা-লিকা লা আ-ইয়াতাল্ লিকুল্লি 'আব্দিম্ মুনীব্।১০। অ লাক্বদ্
তাদের উপর আকাশ খণ্ড ফেলতে পারি, এতে যারা আল্লাহমুখী তাদের প্রত্যেকের জন্য নিদর্শন আছে।(১০) আর আমি তো

آتَيْنَا دَاوُودَ مِنَّا فَضْلًا ۖ يَا جِبَالُ أَوِّبِي مَعَهُ وَالطَّيْرَ ۖ وَأَلَنَّا لَهُ الْحَدِيدَ

আ-তাইনা- দায়ূদা- মিন্না-ফাদ্বলা-; ইয়া-জ্বিবা-লু আওয়্যিবী মা'আহূ অত্ব্ত্বোয়াইরা অআলান্না-লাহুল্ হাদীদ্।
দাউদকে অনুগ্রহ দিয়েছি; হে পাহাড়! তার সঙ্গে বন্দনা কর, পাখীকেও। আর লোহাকে তার জন্য নরম করে দিয়েছি।

﴿١١﴾ أَنِ اعْمَلْ سَابِغَاتٍ وَقَدِّرْ فِي السَّرْدِ ۖ وَاعْمَلُوا صَالِحًا ۖ إِنِّي بِمَا تَعْمَلُونَ

১১। আনি'মাল্ সা-বিগ-তিঁও অক্বদ্দির্ ফিস্ সারদি ওয়া'মালূ ছোয়া-লিহা-; ইন্নী বিমা-তা'মালূনা
(১১) বলেছিলাম বর্ম তৈরি কর, যখন সংযোগ করবে তখন পরিমাণ ঠিক রেখ, নেক কাজ কর, আমি তোমাদের কর্ম

بَصِيرٌ ﴿١٢﴾ وَلِسُلَيْمَانَ الرِّيحَ غُدُوُّهَا شَهْرٌ وَرَوَاحُهَا شَهْرٌ ۖ وَأَسَلْنَا لَهُ عَيْنَ الْقِطْرِ ۖ

বাছীর্। ১২। অ লিসুলাইমা-নার্ রীহা-গুদুওয়্যুহা-শাহ্রুঁও অ রাওয়া-হুহা- শাহ্রুন্ অ আসাল্না-লাহূ 'আইনাল্ ক্বিত্বরি;
অবলোন করি। (১২) আর আমি সুলাইমানের জন্য বায়ুকে অনুগত করে দিলাম, প্রভাতে এক মাসের পথ, সন্ধ্যায় এক মাসের

وَمِنَ الْجِنِّ مَنْ يَعْمَلُ بَيْنَ يَدَيْهِ بِإِذْنِ رَبِّهِ ۖ وَمَنْ يَزِغْ مِنْهُمْ عَنْ أَمْرِنَا

অ মিনাল্ জ্বিন্নি মাইঁ ইয়া'মালু বাইনা ইয়াদাইহি বিইয্নি রব্বিহ্; অমাইঁ ইয়াযিগ্ মিন্হুম্ 'আন্ আম্রিনা-
পথ চলত। তার জন্য তামার ঝর্ণা প্রদান করেছি, তার রবের নির্দেশে জিনেরা তার সামনে কর্মেরত থাকত। তাদের মধ্য হতে

نُذِقْهُ مِنْ عَذَابِ السَّعِيرِ ﴿١٣﴾ يَعْمَلُونَ لَهُ مَا يَشَاءُ مِنْ مَحَارِيبَ وَتَمَاثِيلَ

নুযিক্ব্হু মিন্ 'আযা-বিস্ সাঈ'র্। ১৩। ইয়া'মালূনা লাহূ মা-ইয়াশা — য়ু মিম্ মাহা-রীবা অ তামা-ছীলা
তাকে আমি জ্বলন্ত অগ্নির শাস্তি আস্বাদন করাব। (১৩) জিনেরা সুলাইমানের ইচ্ছেমত তৈরি করে দিত বড় বড় প্রাসাদ, মূর্তি,

وَجِفَانٍ كَالْجَوَابِ وَقُدُورٍ رَاسِيَاتٍ ۚ اعْمَلُوا آلَ دَاوُودَ شُكْرًا ۚ وَقَلِيلٌ مِنْ

অজ্বিফা-নিন্ কাল্জ্বাও-বি অক্বদূরির্ র-সিয়া-ত্; ই'মালূ ~ আ-লা দা-যূদা শুক্র-; অক্বালীলুম্ মিন্
হাউযের মত বড় বড় পাত্র, এবং চুল্লির উপর স্থাপিত বড় বড় ডেগ; হে দাউদ-পরিবার! আমার কৃতজ্ঞতার সঙ্গে কাজ কর। আর অল্প

আয়াত-১০ ৪ বলা হচ্ছে-দাউদের প্রতি আমি এ মহানুভবতা দেখিয়েছি যে, পাহাড়-পর্বত, কীট-পতঙ্গ পর্যন্ত তাঁর সঙ্গে তসবীহ পাঠে রত হয়ে যেত। অর্থাৎ তিনি এমন নিষ্ঠাবান ছিলেন যে, তাঁর আন্তরিকতা ও নিষ্ঠার প্রভাবে বিহঙ্গকুল ও পর্বতমালার মধ্যে পর্যন্ত একটি ধ্যান মগ্ন অবস্থা সৃষ্টি হয়ে যেত। যা দিয়ে তাঁরাও তাঁর সঙ্গে তসবীহ পাঠে হত, যা তাঁর পূর্ণ নিষ্ঠার পরিচায়ক। তাই তাঁর প্রশংসায় এ ঘটনাটি বর্ণনা করা হয়।
আয়াত-১১ ৪ আমি তাঁর জন্য লোহাকে নরম করে দিলাম যাতে আমি তাঁকে নির্দেশ দিলাম, তুমি সুদীর্ঘ পরিমিত প্রস্থ বিশিষ্ট বর্মসমূহ তৈয়ার কর এবং তার কড়াসমূহ সঠিক পরিমাপে যথাযথভাবে সংযোজন কর, যেন ছোট বড় না হয়। এর বৈশিষ্ট্য হল এই- আমি তাঁকে নবুওয়াত প্রদানের সাথে সমর শক্তিও দিয়েছিলাম। অর্থাৎ তিনি আল্লাহর নবী হওয়ার সাথে সাথে পার্থিব ক্ষমতাবানও ছিলেন।

ই'বা-দিয়াশ্ শাকূর্। ১৪। ফালাম্মা- ক্বাদ্বোয়াইনা- 'আলাইহিল্ মাওতা মা-দাল্লাহুম্ 'আলা- মাওতিহী ~ ইল্লা-দা — ব্বাতুল্
বান্দাহই কৃতজ্ঞ।(১৪) অতঃপর যখন আমি তার (সুলাইমানের) মৃত্যু দিলাম, কেউই মৃত্যু খবর প্রদান করেনি; খবর প্রদান

الْأَرْضِ تَأْكُلُ مِنْسَأَتَهُ ۖ فَلَمَّا خَرَّ تَبَيَّنَتِ الْجِنُّ أَنْ لَوْ كَانُوا يَعْلَمُونَ

আরদ্বি তা''কুলু মিন্সায়াতাহূ ফালাম্মা- খার্র তাবাইয়্যানাতিল্ জ্বিন্ন্ আল্লাও কা-নূ ইয়া'লামূনাল্
করেছে পোকা, যে পোকা তার লাঠি খাচ্ছিল। যখন সে পতিত হল, তখন জিনেরা বুঝতে পারল যে, যদি তারা অদৃশ্য বিষয়

الْغَيْبَ مَا لَبِثُوا فِي الْعَذَابِ الْمُهِينِ ﴿١٥﴾ لَقَدْ كَانَ لِسَبَإٍ فِي مَسْكَنِهِمْ آيَةٌ ۖ

গইবা মালাবিছূ ফিল্ 'আযা বিল্ মুহীন্। ১৫। লাকুদ্ কা-না লিসাবায়িন্ ফী মাস্কানিহিম্ আ-ইয়াতুন্
অবগত থাকত, তবে এ অপমানকর কষ্টের মধ্যে তারা থাকত না।(১৫) 'সবার জন্য তাদের আবাস ভূমিতে নিদর্শন ছিল,

جَنَّتَانِ عَنْ يَمِينٍ وَشِمَالٍ ۖ كُلُوا مِنْ رِزْقِ رَبِّكُمْ وَاشْكُرُوا لَهُ ۚ بَلْدَةٌ طَيِّبَةٌ

জ্বান্নাতা-নি আইঁ ইয়ামীনিঁও অশিমা-লিন্ কুলূ মির্ রিয্ক্বি রব্বিকুম্ অশ্কুরূ লাহূ; বাল্দাতুন্ ত্বোয়াইয়্যিবাতুঁও
ডানে বামে দুটি বাগান ছিল, তোমরা তোমাদের রবের রিযিক আহার কর, এবং তাঁর শোকর আদায় কর; শহরটি উত্তম এবং

وَرَبٌّ غَفُورٌ ﴿١٦﴾ فَأَعْرَضُوا فَأَرْسَلْنَا عَلَيْهِمْ سَيْلَ الْعَرِمِ وَبَدَّلْنَاهُمْ بِجَنَّتَيْهِمْ

অরব্বুন্ গফূর্। ১৬। ফাআ'রদ্বূ ফায়ার্সাল্না- 'আলাইহিম্ সাইলাল্ 'আরিমি অবাদ্দাল্না-হুম্ বিজ্বান্নাতাইহিম্
রবও ক্ষমাশীল। (১৬) পরে তারা অবাধ্য হল, ফলে তাদেরকে বাঁধের বন্যায় প্লাবিত করলাম এবং তাদের উদ্যানদ্বয়কে

جَنَّتَيْنِ ذَوَاتَيْ أُكُلٍ خَمْطٍ وَأَثْلٍ وَشَيْءٍ مِنْ سِدْرٍ قَلِيلٍ ﴿١٧﴾ ذَٰلِكَ جَزَيْنَاهُمْ بِمَا

জ্বান্নাতাইনি যাওয়া-তাই উকুলিন্ খাম্ত্বিঁও অআছ্লিঁও অশাইয়িম্ মিন্ সিদ্রিন্ ক্বালীল্। ১৭। যা-লিকা জ্বাযাইনা-হুম্ বিমা-
এমনভাবে পরিবর্তন করলাম, যাতে আছে বিস্বাদ যুক্ত ফলমূল, ঝাউ গাছ ও কুল গাছ। (১৭) আমি তাদের কুফুরীর জন্য

كَفَرُوا ۖ وَهَلْ نُجَازِي إِلَّا الْكَفُورَ ﴿١٨﴾ وَجَعَلْنَا بَيْنَهُمْ وَبَيْنَ الْقُرَى الَّتِي

কাফারূ; অহাল্ নুজ্বা-যী ~ ইল্লাল্ কাফূর্। ১৮। অজ্বা'আল্না -বাইনাহুম্ অবাইনাল্ কু্রাল্লাতী
তাদেরকে এ শাস্তি দিলাম, আর আমি এমন শাস্তি অকৃতজ্ঞদেরকই দিয়ে থাকি। (১৮) তাদের জনপদ ও বরকতী গ্রামের

بَارَكْنَا فِيهَا قُرًى ظَاهِرَةً وَقَدَّرْنَا فِيهَا السَّيْرَ ۖ سِيرُوا فِيهَا لَيَالِيَ وَأَيَّامًا

বা-রক্না- ফীহা-ক্ব্রান্ জোয়া-হিরাতাঁও অক্বাদ্দার্না- ফীহাস্ সাইর্; সীরূ ফীহা-লাইয়া- লিয়া আইয়্যা-মান্
মধ্যে দৃশ্যমান গ্রাম স্থাপন করেছি। সেসব জনপদে ভ্রমণের যথাযথ ব্যবস্থা করে রেখেছি, যেন নিরাপদে রাতদিন ভ্রমণ

آمِنِينَ ﴿١٩﴾ فَقَالُوا رَبَّنَا بَاعِدْ بَيْنَ أَسْفَارِنَا وَظَلَمُوا أَنْفُسَهُمْ فَجَعَلْنَاهُمْ أَحَادِيثَ

আ-মিনীন্। ১৯। ফাক্বা-লূ রব্বানা-বা-'ইদ্ বাইনা আস্ফা-রিনা-অজোয়ালামূ ~ আন্ফুসাহুম্ ফাজ্বা'আল্না-হুম্ আহা-দীছা
কর। (১৯) তারা বলল, হে আমাদের রব! ভ্রমণ পথ দীর্ঘ করুন। তারা তো জুলুম করল নিজেদের প্রতি। আমি তাদেরকে কাহিনীতে

وَمَزَّقْنٰهُمْ كُلَّ مُمَزَّقٍ ۭ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّكُلِّ صَبَّارٍ شَكُوْرٍ ﴿٢٠﴾ وَلَقَدْ صَدَّقَ

অমাযযাক্ব্‌না-হুম্ কুল্লা মুমাযযাক্ব্; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়া-তিল্লি-কুল্লি ছোয়াব্বা-রিন্ শাকূর্। ২০। অ লাক্বদ্ ছোয়াদ্দাক্বা
পরিণত করলাম, সম্পূর্ণ ছিন্ন-ভিন্ন করে দিলাম; নিশ্চয়ই এতে আছে ধৈর্যশীল কৃতজ্ঞের জন্য নিদর্শন । (২০) ইবলীসের ধারণা

عَلَيْهِمْ اِبْلِيْسُ ظَنَّهٗ فَاتَّبَعُوْهُ اِلَّا فَرِيْقًا مِّنَ الْمُؤْمِنِيْنَ ﴿٢١﴾ وَمَا كَانَ لَهٗ عَلَيْهِمْ

'আলাইহিম্ ইবলীসু জোয়ান্নাহূ ফাত্তাবা'উহু ইল্লা-ফারীক্বম্ মিনাল্ মু''মিনীন্। ২১। অমা-কা-না লাহূ 'আলাইহিম্
তাদের জন্য সত্য হল, অতঃপর ঈমানদারদের এক দল ছাড়া অন্য সবাই তাকে মানল। (২১) আর যারা ঈমানদার তাদের ওপর

مِّنْ سُلْطٰنٍ اِلَّا لِنَعْلَمَ مَنْ يُّؤْمِنُ بِالْاٰخِرَةِ مِمَّنْ هُوَ مِنْهَا فِيْ شَكٍّ ۭ وَرَبُّكَ عَلٰى

মিন্ সুল্‌ত্বোয়া-নিন্ ইল্লা-লিনা'লামা মাইঁ ইয়ু''মিনু বিল্‌আ-খিরা-তি মিম্মান হুওয়া মিন্‌হা-ফী শাক্; অরব্বুকা
তার কোন কর্তৃত্ব ছিল না। তাদের মধ্যে কারা পরকালের প্রতি ঈমান রাখে, আর কারা সন্দেহে আপতিত, তা প্রকাশ করাই

كُلِّ شَيْءٍ حَفِيْظٌ ﴿٢٢﴾ قُلِ ادْعُوا الَّذِيْنَ زَعَمْتُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ ۚ لَا يَمْلِكُوْنَ

ع ২ ১২ ৮ রুকু

'আলা-কুল্লি শাইয়িন্ হাফীজ্। ২২। ক্বুলিদ'উ ল্লাযীনা যা'আম্‌তুম্ মিন্ দূনিল্লা-হি, লা-ইয়াম্‌লিকূনা
আমার উদ্দেশ্য। আমার রবই সব কিছু নিয়ন্ত্রক করে থাকেন। (২২) আপনি বলুন, আল্লাহ ছাড়া তোমাদের ধারণার ইলাহকে

مِثْقَالَ ذَرَّةٍ فِي السَّمٰوٰتِ وَلَا فِي الْاَرْضِ وَمَا لَهُمْ فِيْهِمَا مِنْ شِرْكٍ وَّمَا لَهٗ

মিছ্‌ক্বা-লা যার্‌রতিন্ ফিস্ সামা-ওয়া-তি অলা-ফিল্ আর্‌দ্বি অমা লাহুম্ ফীহিমা-মিন্ শির্‌কিঁও অমা-লাহূ
আহ্বান কর, তারা আসমান ও যমীনের সামান্য কিছুরও মালিক নয়, সামান্য অংশও তাদের নেই, এবং তাদের মধ্যে কেউ

مِنْهُمْ مِّنْ ظَهِيْرٍ ﴿٢٣﴾ وَلَا تَنْفَعُ الشَّفَاعَةُ عِنْدَهٗٓ اِلَّا لِمَنْ اَذِنَ لَهٗ ۭ حَتّٰٓى اِذَا

মিন্‌হুম্ মিন্ জোয়াহীর্। ২৩। অলা-তান্‌ফা'উশ্ শাফা-'আতু 'ইন্‌দাহূ ~ ইল্লা- লিমান্ আযিনা লাহ্; হাত্তা ~ ইযা-
সহায়কও নয়। (২৩) কোন উপকারে আসবে না আল্লাহর কাছে কারো সুপারিশ। তিনি যাকে অনুমতি দেবেন তার সুপারিশ উপকারে

فُزِّعَ عَنْ قُلُوْبِهِمْ قَالُوْا مَاذَا ۙ قَالَ رَبُّكُمْ ۭ قَالُوا الْحَقَّ ۚ وَهُوَ الْعَلِيُّ الْكَبِيْرُ ★

ফুয্‌যি'আ 'আন্ ক্বুলূবিহিম্ ক্বা-লূ মা-যা-ক্বা-লা রব্বুকুম্; ক্বা-লুল্ হাক্ব্ক্ব অ হুওয়াল্ 'আলিয়্যুল্ কাবীর্।
আসবে। যখন মন হতে ভয় দূর হয়, তখন তারা পরস্পর বলে, রব কি বললেন? তারা বলবে, 'সত্য' বলেছেন। তিনি উচ্চ, মহান।

﴿٢٤﴾ قُلْ مَنْ يَّرْزُقُكُمْ مِّنَ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۭ قُلِ اللّٰهُ ۙ وَاِنَّآ اَوْ اِيَّاكُمْ لَعَلٰى

২৪। কুল্ মাইঁয়্যার্ যুক্বুকুম্ মিনাস্ সামা-ওয়া-তি অল্ আর্‌দ্ব; কুলিল্লা-হু অইন্না ~ আও ইয়্যা-কুম্ লা'আলা-
(২৪) আপনি বলুন, কে তোমাদেরকে রিযিক প্রদান করে আসমান ও যমীন থেকে? আপনি বলুন, আল্লাহ। আমরা বা

আয়াত-২১ ঃ শয়তান কাফেরদেরকে জোরপূর্বক কুফুরীর উপর বাধ্য করতে পারে না, শুধু কুফুরীর দিকে আহ্বান করে ও প্ররোচনা দেয়। কিন্তু মানুষকে শয়তান প্ররোচনা দেয় যেন মু'মিন ও কাফেরের মধ্যে পার্থক্য সৃষ্টি হয়। (মুঃ কোঃ)

আয়াত-২৪ ঃ কাফের মুশরিকরাও স্বীকার করে যে, আল্লাহ রিযিকদাতা। কাজেই আল্লাহর নবীকে বলেন-আপনি বলে দিন! আমরা রিযিকদাতা আল্লাহর উপাসনা করি, তোমাদের উপাস্যরা সর্ব বিষয়ে অক্ষম। এ আয়াতে মুসলমান ও মুশরিকের পার্থক্য ইঙ্গিতে সুস্পষ্ট। (ফতঃ বারী) (২) উভয় সম্প্রদায় তো সত্য কথা বলে না। এক সম্প্রদায় তো অবশ্যই সত্যবাদী, আর অপরটি মিথ্যাবাদী। সুতরাং চিন্তা কর এবং সত্যবাদীর কথা ধর। এতে এদেরও উত্তর দেয়া হল, যারা বলে- উভয় সম্প্রদায় পূর্ব হতে চলে আসছে। ঝগড়া করবার কি প্রয়োজন? (মুঃ কোঃ)

هُدًى اَوْ فِىْ ضَلٰلٍ مُّبِيْنٍ ۝٢٥ قُلْ لَّا تُسْـَٔلُوْنَ عَمَّاۤ اَجْرَمْنَا وَلَا نُسْـَٔلُ عَمَّا

হুদান্ আও ফী দ্বোয়ালা-লিম্ মুবীন্। ২৫। ক্বুল্-লা তুস্য়ালূনা 'আম্মা ~ আজ্ব্‌রম্না-অলা-নুস্য়ালু 'আম্মা-

তোমরা সৎপথে অথবা স্পষ্ট ভ্রান্তিতে। (২৫) বলুন, আমাদের পাপের জন্য তোমরা এবং তোমাদের কর্মের জন্য আমরা জিজ্ঞাসিত

تَعْمَلُوْنَ ۝٢٦ قُلْ يَجْمَعُ بَيْنَنَا رَبُّنَا ثُمَّ يَفْتَحُ بَيْنَنَا بِالْحَقِّ ؕ وَهُوَ الْفَتَّاحُ الْعَلِيْمُ ۝

তা'মালূন্। ২৬। ক্বুল্ ইয়াজ্বমা'উ বাইনানা-রব্বুনা-ছুম্মা ইয়াফ্তাহু বাইনান- বিল্ হাক্ব্; অহুওয়াল্ ফাত্তা-হুল্ 'আলীম্।

হব না। (২৬) বলুন, রবই আমাদেরকে সমবেত করবেন, পরে যথার্থ মীমাংসা করবেন, আর তিনিই শ্রেষ্ঠ মীমাংসাকারী, জ্ঞানী।

۝٢٧ قُلْ اَرُوْنِىَ الَّذِيْنَ اَلْحَقْتُمْ بِهٖ شُرَكَآءَ كَلَّا ؕ بَلْ هُوَ اللّٰهُ الْعَزِيْزُ الْحَكِيْمُ ۝

২৭। ক্বুল্ আরূ নিয়াল্ লাযীনা আল্হাক্ব্‌তুম্ বিহী শুরাকা — য়া কাল্লা-বাল্ হুওয়াল্লা-হুল্ 'আযীযুল্ হাকীম্।

(২৭) আপনি বলুন, তোমরা দেখাও সংশ্লিষ্ট শরীকদেরকে ; কখনো তারা শরীক নয়, বরং আল্লাহ পরাক্রমশালী, প্রজ্ঞাময়।

۝٢٨ وَمَاۤ اَرْسَلْنٰكَ اِلَّا كَآفَّةً لِّلنَّاسِ بَشِيْرًا وَّنَذِيْرًا وَّلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا

২৮। অমা ~ আর্সাল্না-কা ইল্লা-কা — ফ্ফাতা লিন্না-সি বাশীরঁও অনাযীরঁও অলা-কিন্না আক্ছারন্না-সি লা-

(২৮) আমি তো আপনাকে সব মানুষের সুসংবাদদাতা ও সতর্ককারীরূপে প্রেরণ করেছি, তবে অনেকেই তা অবগত

يَعْلَمُوْنَ ۝٢٩ وَيَقُوْلُوْنَ مَتٰى هٰذَا الْوَعْدُ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ۝٣٠ قُلْ لَّكُمْ مِّيْعَادُ

ইয়া'লামূন্। ২৯। অ ইয়াক্বূলূনা মাতা-হা-যাল্ ওয়া'দু ইন্ কুনতুম্ ছোয়া-দ্বিক্বীন্। ৩০। ক্বুল্ লাকুম্ মী'আ-দু

নয়। (২৯) তারা বলে, ওই প্রতিশ্রুতি কবে বাস্তবায়িত হবে, যদি তোমরা সত্যবাদী হও? (৩০) আপনি বলুন, নির্ধারিত দিন,

يَوْمٍ لَّا تَسْتَاْخِرُوْنَ عَنْهُ سَاعَةً وَّلَا تَسْتَقْدِمُوْنَ ۝٣١ وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا لَنْ نُّؤْمِنَ

ইয়াওমিল্লা-তাস্তা'খিরূনা 'আন্হু সা-'আতাঁও অলা-তাস্তাক্ব্‌দিমূন্। ৩১। অক্বালাল্ লাযীনা কাফারূ লান্ নু''মিনা

যাতে না বিলম্ব করতে পারবে, আর না তা অগ্রবর্তী করতে পারবে। (৩১) এবং কাফেররা বলে, আমরা ঈমান আনব না এ

بِهٰذَا الْقُرْاٰنِ وَلَا بِالَّذِىْ بَيْنَ يَدَيْهِ ؕ وَلَوْ تَرٰۤى اِذِ الظّٰلِمُوْنَ مَوْقُوْفُوْنَ

বিহা-যাল্ ক্বুরআ-নি অলা-বিল্লাযী বাইনা ইয়াদাইহি; অলাও তারা ~ ইযিজ্ জোয়া-লিমূনা মাওক্বূফূনা

কোরআনের উপর এবং পূর্বের কিতাবসমূহের উপরও আমরা ঈমান আনব না। যদি আপনি দেখতে পারতেন, যখন জালিমরা

عِنْدَ رَبِّهِمْ ۚۖ يَرْجِعُ بَعْضُهُمْ اِلٰى بَعْضِ ۨالْقَوْلَ ۚ يَقُوْلُ الَّذِيْنَ اسْتُضْعِفُوْا

'ইন্দা রব্বিহিম্ ইয়ার্জি'উ বা'দ্বুহুম্ ইলা-বা'দ্বিনিল্ ক্বাওলা ইয়াক্বূলুল্ লাযীনাস্ তুদ্ব'ইফূ

রবের সামনে দণ্ডায়মান হবে, তখন তারা পরস্পর বাদানুবাদ করতে থাকবে; তাদের মধ্যে যারা দুর্বল ছিল তারা শক্তিধরদেরে

لِلَّذِيْنَ اسْتَكْبَرُوْا لَوْلَاۤ اَنْتُمْ لَكُنَّا مُؤْمِنِيْنَ ۝٣٢ قَالَ الَّذِيْنَ اسْتَكْبَرُوْا

লিল্লাযীনাস্ তাক্বারূ লাওলা ~ আন্তুম্ লাকুন্না-মু''মিনীন্। ৩২। ক্ব-লা ল্লাযীনাস্ তাক্বারূ

লক্ষ্য করে বলবে, যদি তোমরা না থাকতে, তবে আমরা ঈমানদার হতে পারতাম হতাম। (৩২) যারা শক্তিধর ছিল তারা

● অর্ধাংশ ৩ ع ৯ রুকু

لِلَّذِينَ اسْتُضْعِفُوا أَنَحْنُ صَدَدْنَاكُمْ عَنِ الْهُدَىٰ بَعْدَ إِذْ جَاءَكُمْ بَلْ كُنْتُمْ

লিল্লাযী নাস্ তুদ্ব'ইফূ ~ আনাহ্নু ছোয়াদাদ্ না-কুম্ 'আনিল্ হুদা-বা'দা ইয্ জ্বা — য়াকুম্ বাল্ কুন্তুম্

দুর্বলদের বলবে, তোমাদের কাছে হেদায়াত আসার পরও আমরা কি তোমাদেরকে নিবৃত্ত রেখেছিলাম? বরং তোমরাই

مُجْرِمِينَ ﴿٣٣﴾ وَقَالَ الَّذِينَ اسْتُضْعِفُوا لِلَّذِينَ اسْتَكْبَرُوا بَلْ مَكْرُ اللَّيْلِ وَ

মুজ্বরিমীন্ । ৩৩ । অক্ব-লাল্ লাযীনাস্ তুদ্ব'ইফূ লিল্লাযীনাস্ তাক্বারূ বাল্ মাক্রুল লাইলি অন

অপরাধী ছিলে ।(৩৩) আর যারা দুর্বল তারা শক্তিধরদেরকে বলবে, তোমরা তো সব সময়ই রাত-দিনের ষড়যন্ত্র দ্বারা আমাদেরকে

النَّهَارِ إِذْ تَأْمُرُونَنَا أَنْ نَكْفُرَ بِاللَّهِ وَنَجْعَلَ لَهُ أَنْدَادًا ۚ وَأَسَرُّوا النَّدَامَةَ

নাহা-রি ইয্ তা''মুরূ নানা ~ আন্ নাক্ফুরা বিল্লা-হি অনাজ্ব্'আলা লাহূ ~ আন্দাদা-; অআসার্রু ন্নাদা-মাতা

আদেশ করতে, যেন আমরা আল্লাহর আনুগত্য না করি, আর (আল্লাহর সাথে) শরীক করি। আর যখন তারা আযাব দেখবে

لَمَّا رَأَوُا الْعَذَابَ ۚ وَجَعَلْنَا الْأَغْلَالَ فِي أَعْنَاقِ الَّذِينَ كَفَرُوا ۚ هَلْ يُجْزَوْنَ إِلَّا

লাম্মা-রায়ায়ুল্ 'আযা-ব্; অজ্বা'আল্নাল্ আগ্লা-লা ফী ~ 'আনা, ক্বি ল্লাযীনা কাফারূ; হাল্ ইয়ুজ্ব্যাওনা ইল্লা-

তখন তারা তাদের অনুতাপ গোপন রাখবে। আর আমি কাফেরদের গলে শৃঙ্খল পরাব। তাদের কর্মফলই তাদেরকে

مَا كَانُوا يَعْمَلُونَ ﴿٣٤﴾ وَمَا أَرْسَلْنَا فِي قَرْيَةٍ مِنْ نَذِيرٍ إِلَّا قَالَ مُتْرَفُوهَا إِنَّا

মা-কা-নূ ইয়া'মালূন্ । ৩৪ । অমা ~ আর্সালনা-ফী-ক্বার্ইয়াতিম্ মিন্নাযীরিন্ ইল্লা-ক্বা-লা মুত্রাফূহা ~ ইন্না-

প্রদান করা হবে।(৩৪) যখনই কোন জনপদে সতর্ককারী প্রেরণ করেছি তখনই সেখানকার বিত্তশালী লোকরা বলত, তোমরা যা নিয়ে

بِمَا أُرْسِلْتُمْ بِهِ كَافِرُونَ ﴿٣٥﴾ وَقَالُوا نَحْنُ أَكْثَرُ أَمْوَالًا وَأَوْلَادًا وَمَا

বিমা ~ উর্সিল্তুম্ বিহী কা-ফিরূন্ । ৩৫ । অ ক্ব-লূ নাহ্নু আক্ছারু আমওয়া- লাঁও অআওলা-দাওঁ অমা-

আগমন করেছ তা আমরা মানি না।(৩৫) তারা আরো বলত, আমরা ধনে-জনে তোমাদের চেয়ে অধিক প্রাচুর্যশীল, আমরা কখনও

نَحْنُ بِمُعَذَّبِينَ ﴿٣٦﴾ قُلْ إِنَّ رَبِّي يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَشَاءُ وَيَقْدِرُ وَلَٰكِنَّ أَكْثَرَ

নাহ্নু বিমু'আয্যাবীন্ । ৩৬ । ক্বুল্ ইন্না রব্বী ইয়াব্সুতুর্ রিয্ক্ব লিমাই ইয়াশা — য়ু অইয়াক্বদিরু অলা-কিন্না আক্ছারন

দণ্ডিত হব না। (৩৬) বলুন, আমার রবই যাকে ইচ্ছা তাকে প্রচুর রিযিক প্রদান করেন, আর যাকে ইচ্ছা রিযিক কমিয়ে দেন, কিন্তু

শানেনুযূলঃ আয়াত–৩৪ঃ দুজন যৌথ ব্যবসায়ী লোকের একজন সওদা নিয়ে সিরিয়া চলে যায়, আর অপরজন অবস্থান করতে থাকে মক্কায়। সিরিয়া গমনকারী লোকটি সেখানে গিয়ে স্বাগ্রহে আসমানী কিতাবসমূহ দেখাশুনা করছিল। তখন মক্কায় রাসূল (ছঃ)-এর নবুওয়াতের ঝলকে পৃথিবীকে আলোকিত করছিল। ঐ লোক সিরিয়া থেকে আপন শরীকদারের নিকট লিখল, নবুওয়াতের দাবিদার ব্যক্তির অবস্থা কি? উত্তরে সে মক্কা হতে লিখল, অধিকাংশ কোরেশী তো তাঁকে অস্বীকার করছে। অবশ্য নিম্ন শ্রেণীর বহু দুর্বল লোক তাঁর অনুসারী হয়েছে। "উত্তর পড়ে লোকটি ব্যবসা গুটিয়ে তৎক্ষণাৎই হুযূর (ছঃ)-এর পবিত্র দরবারে উপস্থিত হল এবং হুযূর (ছঃ)-কে বলল, "আপনার বক্তব্য ও লক্ষ্য কি? রাসূল (ছঃ) বললেন, "আমি এক অদ্বিতীয় লা-শরীক আল্লাহর ইবাদতের দিকে আহ্বান করছি এবং প্রতিমা-পূজা ও আল্লাহর সঙ্গে অংশীদার সাব্যস্ত করা থেকে নিষেধ করছি।" এ লেখা পেয়ে লোকটি ঈমান আনল এবং বলল, চিরাচরিতভাবেই মহান আম্বিয়ায়ে কেরামের অনুসারী এরূপ দুর্বল লোকেরাই হয়ে এসেছে, যাদেরকে সাধারণতঃ নিম্নস্তরের মনে করা হয় এবং অহংকারী নেতা ও প্রতাপশালী লোকেরা সর্বদা কুফুরী ও অহঙ্কার করেই আসছে। তখন আল্লাহপাক এ কথার সত্যায়ণের জন্য এ আয়াতটি অবতীর্ণ করেন।

আয়াত–৩৫ ঃ রাসূল (ছঃ)-এর আহবানে যারা ঈমান এনেছে তাদেরকে লক্ষ্য করে মক্কার কাফেররা বলত, আমরা মুসলমানদের অপেক্ষা ধন-সম্পদে এবং জনে ফরজন্দে অধিক। এতে প্রমাণিত যে, আমরা আল্লাহর নিকট সম্মানিত ও মনোনীত। অন্যথায় আমাদের প্রতি অথবা আমাদর আকীদার প্রতি যদি আল্লাহ নারাজ থাকত, তবে আমাদেরকে ধনবান এবং জন সমৃদ্ধশালী বানাতেন না। এর জবাবে আয়াতটি নাযিল হয়।

৪ ع ৬ ১০ রুকু

النَّاسِ لَا يَعْلَمُونَ ﴿٣٧﴾ وَمَآ أَمْوَالُكُمْ وَلَآ أَوْلَادُكُم بِالَّتِي تُقَرِّبُكُمْ عِندَنَا

না-সি লা-ইয়া'লামূন্। ৩৭। অমা ~ আম্ওয়া- লুকুম্ অলা ~ আওলা-দুকুম্ বিল্লাতী তুক্বররিবুকুম্ 'ইন্দানা-
অধিকাংশ মানুষ তা অবগত নয়।(৩৭) আর তোমাদের ধন সম্পদ ও সন্তান-সন্ততি এমন বস্তু নয় যে, যা তোমাদেরকে মর্যাদায়

زُلْفَىٰ إِلَّا مَنْ آمَنَ وَعَمِلَ صَالِحًا فَأُولَٰئِكَ لَهُمْ جَزَاءُ الضِّعْفِ بِمَا عَمِلُوا

যুল্ফা ~ ইল্লা-মান্ আ-মানা অ'আমিলা ছোয়া-লিহান্ ফাউলা — য়িকা লাহুম্ জ্বাযা — য়ুদ্ব দ্বি'ফি বিমা-আ'মিলূ
আমার নিকটতর করে দেবে, তবে যারা ঈমানদার এবং যারা পুণ্যবান তারা তাদের কর্মের জন্য বহু গুণ পুরস্কার পাবে, তারা

وَهُمْ فِي الْغُرُفَاتِ آمِنُونَ ﴿٣٨﴾ وَالَّذِينَ يَسْعَوْنَ فِي آيَاتِنَا مُعَاجِزِينَ أُولَٰئِكَ

অহুম্ ফিল্ গুরুফা-তি আ-মিনূন্। ৩৮। অল্লাযীনা ইয়াস্'আওনা ফী ~ আ-ইয়াতিনা- 'মুআ-জ্বিযীনা উলা — য়িকা
বেহেশতের প্রাসাদসমূহে আরামে থাকবে। (৩৮) আর যারা আমার আয়াতসমূহকে ব্যর্থ করার উদ্দেশে চেষ্টা করবে, তারা

فِي الْعَذَابِ مُحْضَرُونَ ﴿٣٩﴾ قُلْ إِنَّ رَبِّي يَبْسُطُ الرِّزْقَ لِمَن يَشَاءُ مِنْ عِبَادِهِ

ফিল্ 'আযা-বি মুহ্দ্বোয়ারূন্।৩৯।কু্ল্ ইন্না রব্বী ইয়াব্সুতুর্ রিয্কা লিমাইঁ ইয়াশা — য়ু মিন্ 'ইবাদিহী
আযাব ভোগ করবে। (৩৯) আপনি বলুন, নিশ্চয়ই আমার রব ইচ্ছামত বান্দার রিযিক বৃদ্ধি করেন এবং ইচ্ছামত সীমিত

وَيَقْدِرُ لَهُ ۚ وَمَآ أَنفَقْتُم مِّن شَيْءٍ فَهُوَ يُخْلِفُهُ ۖ وَهُوَ خَيْرُ الرَّازِقِينَ ﴿٤٠﴾ وَيَوْمَ

অইয়াক্ব্দিরু লাহ্; অমা ~ আন্ফাক্বতুম্ মিন্ শাইয়িন্ ফাহুওয়া ইয়ুখ্লিফুহূ অহুওয়া খাইরুর্ র-যিক্বীন্। ৪০। অইয়াওমা
করে দেন; আর তোমরা যা ব্যয় করবে, তিনি তোমাদের ব্যয়ের প্রতিদান দেবেন, তিনিই উত্তম রিযিকদাতা। (৪০) আর যেদিন

يَحْشُرُهُمْ جَمِيعًا ثُمَّ يَقُولُ لِلْمَلَائِكَةِ أَهَٰؤُلَاءِ إِيَّاكُمْ كَانُوا يَعْبُدُونَ ﴿٤١﴾ قَالُوا

ইয়াহ্শুরুহুম্ জ্বামী'আন্ ছুম্মা ইয়াকূলু লিল্মালা — য়িকাতি আ হা ~ যুলা — য়ি ইয়্যা-কুম্ কা-নূ ইয়া'বুদূন্। ৪১। ক্বা-লূ
তিনি সবাইকে একত্র করবেন, তারা পরে ফেরেশতাদেরকে বলবেন, এরাই কি তোমাদের উপাসনা করত? (৪১) তারা বলবে,

سُبْحَانَكَ أَنتَ وَلِيُّنَا مِن دُونِهِم ۖ بَلْ كَانُوا يَعْبُدُونَ الْجِنَّ ۖ أَكْثَرُهُم بِهِم

সুব্হা-নাকা আন্তা অলিয়্যুনা-মিন্ দূনিহিম্, বাল্ কা-নূ ইয়া'বুদূনাল্ জ্বিন্না আক্ছারুহুম্ বিহিম্
তোমার পবিত্রতা! তুমিই আমাদের বন্ধু, তারা ছাড়া; তারা তো জিনের উপাসনা করত, তাদের মধ্যে অধিকাংশ লোকই ছিল

مُّؤْمِنُونَ ﴿٤٢﴾ فَالْيَوْمَ لَا يَمْلِكُ بَعْضُكُمْ لِبَعْضٍ نَّفْعًا وَلَا ضَرًّا وَنَقُولُ لِلَّذِينَ

মু"মিনূন্। ৪২। ফাল্ইয়াওমা লা-ইয়াম্লিকু বা'দুকুম্ লিবা'দ্বিন্ নাফ্আঁও অলা-দ্বোয়ার্‌রা-; অনাকূ্লু লিল্লাযীনা
জিনদের প্রতিবিশ্বাসী। (৪২) আজ তোমাদের কেউ কারও উপকার করার বা ক্ষতি করার ক্ষমতা নেই। আর আমি

ظَلَمُوا ذُوقُوا عَذَابَ النَّارِ الَّتِي كُنتُم بِهَا تُكَذِّبُونَ ﴿٤٣﴾ وَإِذَا تُتْلَىٰ عَلَيْهِمْ

জোয়ালামূ যূক্বূ 'আযা-বা ন্না-রিল্ লাতী কুন্তুম্ বিহা-তুকায্যিবূন্। ৪৩। অইযা-তুত্লা-'আলাইহিম্
তখন জালিমদেরকে বলব, তোমরা জাহান্নামের যে শাস্তিকে অস্বীকার করতে তা এখন ভোগ কর। (৪৩) আর যখন তাদেরকে

آيَاتُنَا بَيِّنَاتٍ قَالُوا مَا هَٰذَا إِلَّا رَجُلٌ يُرِيدُ أَن يَصُدَّكُمْ عَمَّا كَانَ يَعْبُدُ

আ-ইয়া-তুনা বাইয়্যিনা-তিন্ ক্বা-লূ-মা-হা-যা ~ ইল্লা-রাজু্লুইঁ ইয়ুরীদু আইঁ ইয়াছুদ্দাকুম্ 'আম্মা কা-না ইয়া'বুদু
আমার আয়াত শুনান হয়, তখন তারা (নবীর সম্বন্ধে) বলে, এ ব্যক্তি কেবল এমন একজন লোক যে পূর্ব পুরুষদের মা'বুদ হতে

آبَاؤُكُمْ ۚ وَقَالُوا مَا هَٰذَا إِلَّا إِفْكٌ مُّفْتَرًى ۚ وَقَالَ الَّذِينَ كَفَرُوا لِلْحَقِّ

আ-বা — য়ুকুম্ অক্বা-লূ মা-হা-যা ~ ইল্লা ~ ইফ্‌কুম্ মুফ্‌তারা ; অক্বা-লাল্ লাযীনা কাফারূ লিল্‌হাক্বক্বি
তোমাদের বাধা দিতে চায়। তারা আরও বলে, এটা তো নিচক মিথ্যাই। আর যখন হক আসে তখন কাফেররা বলে, এটা তো

لَمَّا جَاءَهُمْ إِنْ هَٰذَا إِلَّا سِحْرٌ مُّبِينٌ ﴿٤٤﴾ وَمَا آتَيْنَاهُم مِّن كُتُبٍ يَدْرُسُونَهَا

লাম্মা-জ্বা — য়াহুম্ ইন্ হা-যা ~ ইল্লা-সিহ্‌রুম্ মুবীন্। ৪৪। অমা ~ আ-তাইনা-হুম্ মিন্ কুতুবিঁই ইয়াদ্‌রুসূনাহা-
কেবল একটি প্রকাশ্য যাদু। (৪৪) আর আমি এদেরকে কোন কিতাব দেই নি যা তারা অধ্যয়ন করত, আর আপনার পূর্বে

وَمَا أَرْسَلْنَا إِلَيْهِمْ قَبْلَكَ مِن نَّذِيرٍ ﴿٤٥﴾ وَكَذَّبَ الَّذِينَ مِن قَبْلِهِمْ وَمَا بَلَغُوا

অমা ~ আর্‌সাল্‌না ~ ইলাইহিম্ ক্বব্‌লাকা মিন্ নাযীর। ৪৫। অকায্‌যা বাল্লাযীনা মিন্ ক্বব্‌লিহিম্ অমা-বালাগূ
তাদের কাছে সতর্ককারীও প্রেরণ করেনি। (৪৫) আর এদের পূর্ববর্তীরাও মিথ্যারোপ করেছিল, তাদেরকে যা দিয়েছি এরা তার

৫ ع ৯ ১১ রুকু

مِعْشَارَ مَا آتَيْنَاهُمْ فَكَذَّبُوا رُسُلِي ۖ فَكَيْفَ كَانَ نَكِيرِ ﴿٤٦﴾ قُلْ إِنَّمَا أَعِظُكُم

মি'শা-র মা ~ আ-তাইনা-হুম্ ফাকায্‌যাবূ রুসুলী ফাকাইফা কা-না নাকীর্। ৪৬। ক্বু-ল্ ইন্নামা ~ আ'ইজুকুম্
দশমাংশও পায়নি, তবুও রাসূলকে তারা মান্য করেনি, কতই না ভয়ংকর হয়েছিল আমার শাস্তি। (৪৬) আপনি বলুন, আমি

بِوَاحِدَةٍ ۖ أَن تَقُومُوا لِلَّهِ مَثْنَىٰ وَفُرَادَىٰ ثُمَّ تَتَفَكَّرُوا ۚ مَا بِصَاحِبِكُم مِّن جِنَّةٍ ۚ

বিওয়া-হিদাতিন্ আন্ তাকুমূ লিল্লা-হি মাছ্‌না-অফুর-দা ছুম্মা তাতাফাক্কারূ মা-বিছোয়া-হিবিকুম্ মিন্ জিন্নাহ্;
কেবল একটি উপদেশ দিচ্ছি, আল্লাহর জন্য দু' দু'জন অথবা এক একজন করে দাঁড়াও, তার পর চিন্তা কর, দেখবে, তোমাদের

إِنْ هُوَ إِلَّا نَذِيرٌ لَّكُم بَيْنَ يَدَيْ عَذَابٍ شَدِيدٍ ﴿٤٧﴾ قُلْ مَا سَأَلْتُكُم مِّنْ

ইন্ হুওয়া ইল্লা-নাযীরুল্লাকুম্ বাইনা ইয়াদাই 'আযা-বিন্ শাদীদ্। ৪৭। ক্বু-ল্ মা-সায়াল্‌তুকুম্ মিন্
সাথী উন্মাদ নয়; তিনি তো আসন্ন শাস্তির ব্যাপারে একজন ভয় প্রদর্শনকারী। (৪৭) বলুন, তোমাদের কাছে প্রতিদান

أَجْرٍ فَهُوَ لَكُمْ ۖ إِنْ أَجْرِيَ إِلَّا عَلَى اللَّهِ ۖ وَهُوَ عَلَىٰ كُلِّ شَيْءٍ شَهِيدٌ ﴿٤٨﴾ قُلْ

আজ্‌রিন্ ফাহুওয়া লাকুম্; ইন্ আজ্‌রিয়া ইল্লা-'আলাল্লা-হি অহুওয়া 'আলা- কুল্লি শাইয়িন্ শাহীদ্। ৪৮। ক্বু-ল্
চাইলে তা তোমাদেরই জন্য। আমার প্রতিদান তো কেবল আল্লাহর কাছে। তিনি সর্ববিষয়ে সাক্ষী। (৪৮) আপনি বলুন,

আয়াত-৪৫ ঃ পূর্ববর্তীদের ধনৈশ্বর্য, শাসন ক্ষমতা, সুদীর্ঘ বয়স, স্বাস্থ্য ও শক্তি সামর্থ ইত্যাদি কাছে মক্কাবাসীরা তার এক দশমাংশ নয় বরং সহস্র ভাগের একভাগও পায় নি। মক্কার কাফেরদের প্রতি এ নবী ও এ কোরআন সম্পূর্ণ নতুন। বনি ইসরাঈলীদের ন্যায় এদের উপর পূর্বে কোন কিতাবও অবতীর্ণ হয় নি। আর কোন নবীরও আগমন ঘটে নি। রাসূলুল্লাহ (ছঃ) এর আবির্ভাবের পূর্বে তারা আকাঙ্খা করত এবং বলত আমাদের প্রতি যদি কোন নবী আসে এবং আমাদের নিকট কোন কিতাব আসে, তবে আমরা অন্যের চেয়ে বেশি হেদায়েত গ্রহণ করব। আল্লাহ অনুগ্রহণ করে নবী ও কিতাব প্রেরণ করলেন, কিন্তু তারা মিথ্যারোপ করল, মানিলনা এবং শত্রুতা করতে লাগল। (ইবঃ কাঃ, মাঃ কোঃ)

إِنَّ رَبِّي يَقْذِفُ بِالْحَقِّ عَلَّامُ الْغُيُوبِ ﴿٤٩﴾ قُلْ جَاءَ الْحَقُّ وَمَا يُبْدِئُ

ইন্না রব্বী ইয়াক্ব্যিফু বিল্হাক্ব্ক্বি 'আল্লা- মুল্গুইয়ূব্। ৪৯। ক্বুল্ জ্বা — য়াল্ হাক্ব্ক্বু অমা-ইয়ুব্দিয়ুল্

নিশ্চয় আমার রব তো সত্য বিস্তার করেন, তিনি অদৃশ্য সকল বিষয় জানেন। (৪৯) আপনি বলুন, সত্য এসে পড়েছে; এবং

الْبَاطِلُ وَمَا يُعِيدُ ﴿٥٠﴾ قُلْ إِنْ ضَلَلْتُ فَإِنَّمَا أَضِلُّ عَلَىٰ نَفْسِي ۖ وَإِنِ

বা-ত্বিলু অমা-ইয়ু'ঈদ্। ৫০। ক্বুল্ ইন্ দ্বোয়ালাল্তু ফাইন্নামা ~ আদিল্লু 'আলা- নাফ্সী অ ইনিহ্

মিথ্যা না নতুন কিছু সৃষ্টি করতে পারে, আর না পুনঃ আসবে। (৫০) আপনি বলুন, আমি যদি বিভ্রান্ত হই তবে বিভ্রান্তির পরিণতি

اهْتَدَيْتُ فَبِمَا يُوحِي إِلَيَّ رَبِّي ۚ إِنَّهُ سَمِيعٌ قَرِيبٌ ﴿٥١﴾ وَلَوْ تَرَىٰ

তাদাইতু ফাবিমা-ইয়ূহী ~ ইলাইয়্যা রব্বী-; ইন্নাহূ সামীউ'ন্ ক্বরীব্। ৫১। অলাও তারা ~

আমারই, আর সৎপথে থাকলে তা আমার রবের অহীর কারণেই। নিশ্চয়ই তিনি সবকিছু শুনেন, অতি নিকটে আছেন। (৫১) আর যদি

إِذْ فَزِعُوا فَلَا فَوْتَ وَأُخِذُوا مِنْ مَكَانٍ قَرِيبٍ ﴿٥٢﴾ وَقَالُوا آمَنَّا بِهِ

ইয্ ফাযি'উ ফালা-ফাওতা অউখিযূ মিম্ মাকা-নিন্ ক্বরীব্। ৫২। অক্বা-লূ ~ আ-মান্না-বিহী

দেখতেন; যখন তারা ভীত হয়ে পড়বে তখন পালনোর পথও পাবে না, নিকট হতেই তারা ধৃত হবে। (৫২) তখন তারা বলবে,

وَأَنَّىٰ لَهُمُ التَّنَاوُشُ مِنْ مَكَانٍ بَعِيدٍ ﴿٥٣﴾ وَقَدْ كَفَرُوا بِهِ مِنْ قَبْلُ ۖ وَ

অ আন্না-লাহুমুত্তানা-য়ুশু মিম্ মাকা-নিম্ বাঈ'দ্। ৫৩। অক্বদ্ কাফারূ বিহী মিন্ ক্বব্লু, অ

'তার উপর বিশ্বাস স্থাপন করেছি। এত দূর হতে নাগাল পাবে কি? (৫৩) অথচ তারা পূর্বে তাকে প্রত্যাখ্যান করেছিল,

يَقْذِفُونَ بِالْغَيْبِ مِنْ مَكَانٍ بَعِيدٍ ﴿٥٤﴾ وَحِيلَ بَيْنَهُمْ وَبَيْنَ مَا

ইয়াক্ব্যিফূনা বিল্গইবি মিম্ মাকা-নিম্ বা'ঈদ্। ৫৪। অহীলা বাইনাহুম্ অবাইনা মা-

এবং দূর হতে অদৃশ্য বিষয়ের উপর মন্তব্য করত। (৫৪) আর তাদের মধ্যে ও তাদের কাংক্ষিত বস্তুর মধ্যে অন্তরায়

يَشْتَهُونَ كَمَا فُعِلَ بِأَشْيَاعِهِمْ مِنْ قَبْلُ ۚ إِنَّهُمْ كَانُوا فِي شَكٍّ مُرِيبٍ

ع ৬ ৯ ১২ রুকু

ইয়াশ্তাহূনা কামা ফু'ইলা বিআশ্ইয়া-'ইহিম্ মিন্ ক্বব্ল্; ইন্নাহুম্ কা-নূ ফী শাক্কিম্ মুরীব্।

সৃষ্টি করা হয়েছে, যেমন তাদের পূর্বে সমপন্থীদের সঙ্গে এরূপ আচরণ করা হয়েছিল, যা তাদেরকে বিভ্রান্তিতে ফেলে রেখেছিল।

﴿١﴾ الْحَمْدُ لِلَّهِ فَاطِرِ السَّمَاوَاتِ وَالْأَرْضِ جَاعِلِ الْمَلَائِكَةِ رُسُلًا أُولِي

১। আলহাম্দু লিল্লা-হি ফা-ত্বিরিস্ সামা-ওয়া-তি অল্ আরদ্বি জ্বা-'ইলিল্ মালা — য়িকাতি রুসুলান্ উলী ~

(১) আর আকাশ মণ্ডল ও ভূমণ্ডলের সৃষ্টিকর্তা আল্লাহরই জন্য সকল প্রশংসা, যিনি ফেরেশ্তাদেরকে রাসূল (বাণী বাহক)

أَجْنِحَةٍ مَّثْنَىٰ وَثُلَٰثَ وَرُبَٰعَ ۚ يَزِيدُ فِى ٱلْخَلْقِ مَا يَشَآءُ ۚ إِنَّ ٱللَّهَ عَلَىٰ كُلِّ شَىْءٍ

আজ্ নিহাতিম্ মাছ্না-অছুলা-ছা অরুবা -'আ; ইয়াযীদু ফিল্ খল্‌ক্বি মা-ইয়াশা — য়্; ইন্নাল্লা-হা 'আলা-কুল্লি শাইয়িন
নিযুক্ত করেন, যারা দু'ই দু'ই, তিন তিন এবং চার চার পক্ষ বিশিষ্ট। তিনি তাঁর সৃষ্টির মধ্যে ইচ্ছেমত বৃদ্ধি করেন আল্লাহ

قَدِيرٌ ۝٢ مَّا يَفْتَحِ ٱللَّهُ لِلنَّاسِ مِن رَّحْمَةٍ فَلَا مُمْسِكَ لَهَا ۖ وَمَا يُمْسِكْ فَلَا

ক্বদীর্। ২। মা-ইয়াফ্‌তাহিল্লা-হু লিন্না-সি মির্ রহমাতিন্ ফালা-মুম্‌সিকা লাহা-অমা-ইয়ুম্‌সিক্ ফালা-
সর্বশক্তিমান। (২) আল্লাহ মানুষকে রহম করলে তা কেউই প্রতিরোধ করতে পারে না। তিনি বারণ করলে তা ছাড়বারও

مُرْسِلَ لَهُۥ مِنۢ بَعْدِهِۦ ۚ وَهُوَ ٱلْعَزِيزُ ٱلْحَكِيمُ ۝٣ يَٰٓأَيُّهَا ٱلنَّاسُ ٱذْكُرُوا۟ نِعْمَتَ ٱللَّهِ

মুর্‌সিলা লাহূ মিম্ বা'দিহ্; অহুওয়াল্ 'আযীযুল্ হাকীম্। ৩। ইয়া ~ আইয়ুহান্না-সুয্ কুরূ নি'মাতাল্লা-হি
কেউ নেই। তিনি পরাক্রমশালী, বিজ্ঞ। (৩) হে মানুষ! তোমাদের উপর আল্লাহর যেসব নেয়ামত রয়েছে তা স্মরণ কর। আল্লাহ

عَلَيْكُمْ ۚ هَلْ مِنْ خَٰلِقٍ غَيْرُ ٱللَّهِ يَرْزُقُكُم مِّنَ ٱلسَّمَآءِ وَٱلْأَرْضِ ۚ لَآ إِلَٰهَ إِلَّا

'আলাইকুম্; হাল্ মিন্ খ-লিক্বিন্ গাইরুল্লা-হি ইয়ার্‌যুকু কুম্ মিনাস্ সামা ~ য়ি অল্‌আর্‌দ্বি; লা ~ ইলা-হা ইল্লা-
ছাড়া এমন কোন স্রষ্টা আছে, কি? যে তোমাদেরকে আসমান-যমীন হতে রিযিক্ প্রদান করে থাকে, তিনি ছাড়া আর কোন ইলাহ্

هُوَ ۖ فَأَنَّىٰ تُؤْفَكُونَ ۝٤ وَإِن يُكَذِّبُوكَ فَقَدْ كُذِّبَتْ رُسُلٌ مِّن قَبْلِكَ ۚ

হুওয়া ফাআন্না-তু''ফাকূ্ন। ৪। অইঁ ইয়ুকায্‌যিবূকা ফাক্বদ্ কুয্‌যিবাত্ রুসুলুম্ মিন্ ক্ববলিক্;
নেই। কোথায় ভ্রান্ত হয়ে যাও। (৪) আর এরা যদি অস্বীকার করে, তবে আপনার পূর্বেও এরা রাসূলদেরকে অস্বীকার

وَإِلَى ٱللَّهِ تُرْجَعُ ٱلْأُمُورُ ۝٥ يَٰٓأَيُّهَا ٱلنَّاسُ إِنَّ وَعْدَ ٱللَّهِ حَقٌّ ۖ فَلَا تَغُرَّنَّكُمُ

অইলাল্লা-হি তুর্‌জা'উল্ উমূর্। ৫। ইয়া ~ আইয়ুহান্না-সু ইন্না ওয়া'দা ল্লা-হি হাক্বকু্ন্ ফালা- তাগুর্‌রন্নাকুমুল্
করেছে, আল্লাহর কাছেই সব প্রত্যাবর্তীত হবে। (৫) হে মানুষ! আল্লাহর ওয়াদা সত্য। পার্থিব জীবন যেন কিছুতেই

ٱلْحَيَوٰةُ ٱلدُّنْيَا ۖ وَلَا يَغُرَّنَّكُم بِٱللَّهِ ٱلْغَرُورُ ۝٦ إِنَّ ٱلشَّيْطَٰنَ لَكُمْ عَدُوٌّ فَٱتَّخِذُوهُ

হাইয়া-তুদ্দুন্‌ইয়া-অলা-ইয়াগুর্‌রন্নাকুম্ বিল্লা-হিল্ গরূর্। ৬। ইন্নাশ্ শাইত্বোয়ানা লাকুম্ 'আদুওয়্যুম্ ফাত্তাখিযূহু
তোমাদেরকে ধোঁকা প্রদান না করে, প্রবঞ্চক যেন তোমাদেরকে আল্লাহ সম্পর্কে ধোঁকায় না ফেলে। (৬) শয়তান তোমাদের

عَدُوًّا ۚ إِنَّمَا يَدْعُوا۟ حِزْبَهُۥ لِيَكُونُوا۟ مِنْ أَصْحَٰبِ ٱلسَّعِيرِ ۝٧ ٱلَّذِينَ كَفَرُوا۟ لَهُمْ

'আদুওঅ-; ইন্নামা-ইয়াদ্'উ হিয্‌বাহূ লিইয়াকূনূ মিন্ আছ্‌হা-বিস্ সা'ঈর্। ৭। আল্লাযীনা কাফারূ লাহুম্
শত্রু, কাজেই তাকে শত্রুই ভাব; সে দলকে তো কেবল এজন্য ডাকে যেন জাহান্নামী হয়।(৭) আর যারা কাফেরদের তাদের

আয়াত-৩ ঃ আল্লাহ্ তা'আলা স্বীয় ক্ষমতার কথা বর্ণনার পর এখানে তাঁর পরিপূর্ণ অনুগ্রহসমূহের বর্ণনা করছেন। বলা হয়েছে, তোমরা আল্লাহর অনুগ্রহসমূহ স্মরণ কর এবং তার কৃতজ্ঞতা স্বীকার কর। আর সেই কৃতজ্ঞতা হল একত্ববাদী হওয়া এবং শিরক বর্জন করা। অতঃপর তিনি এখানে দুইটি অনুগ্রহের কথা স্মরণ করায়ে দিচ্ছেন। বলা হচ্ছে তিনিই তোমাদের ইলাহ, স্রষ্টা ও প্রথম সৃজনকারী। এই বৈশিষ্ট্য একমাত্র তাঁরই বিশেষত্ব। এটি বর্ণিত প্রথম অনুগ্রহ। দ্বিতীয় অনুগ্রহ হল, তোমাদের সৃষ্টির পর তোমাদেরকে বর্তমান রাখার জন্য আসমান যমীন হতে জীবিকা দান করা। এ ব্যবস্থাও তিনিই করেন, যা দিয়ে তিনি তোমাদেরকে বর্তমান রেখেছেন। সুতরাং, এতবড় নিয়ামতের মালিক যখন আল্লাহ্ তখন এ ফলাফলই বেরিয়ে আসে যে, আল্লাহ্ ছাড়া কেউই ইবাদতের যোগ্য নয়। সুতরাং তোমরা তাঁর শরীক সাব্যস্ত করে বিপরীত দিকে কোথায় যাচ্ছ?

১ ع ৭ ১৩ রুকু

عَذَابٌ شَدِيدٌ ۖ وَالَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ لَهُمْ مَغْفِرَةٌ وَأَجْرٌ كَبِيرٌ

'আযা-বুন্ শাদীদ্; অল্লাযীনা আ-মানূ অ'আমিলুছ্ ছোয়া-লি- হাতি লাহুম্ মাগ্‌ফিরতুঁও অআজ্‌রুন্ কাবীর্।

জন্য রয়েছে কঠিন শাস্তি; যারা ঈমান এনেছে ও নেক কাজ করেছে তাদের জন্য রয়েছে ক্ষমা ও বিরাট পুরস্কার।

٨ أَفَمَنْ زُيِّنَ لَهُ سُوءُ عَمَلِهِ فَرَآهُ حَسَنًا ۖ فَإِنَّ اللَّهَ يُضِلُّ مَنْ يَشَاءُ وَيَهْدِي

৮। আফামান্ যুইয়্যিনা লাহূ সূ — য়ু 'আমালিহী ফারয়া-হু হাসানা-; ফাইন্নাল্লা-হা ইয়ুদ্বিল্লু মাইঁ ইয়াশা — য়ু অইয়াহ্দী

(৮) যদি কাকেও তার কুকর্ম মনোরম করে দেখান হয়, তবে সে তা ভাল দেখে। অতঃপর নিশ্চয়ই আল্লাহ ইচ্ছামত বিভ্রান্ত

مَنْ يَشَاءُ ۖ فَلَا تَذْهَبْ نَفْسُكَ عَلَيْهِمْ حَسَرَاتٍ ۚ إِنَّ اللَّهَ عَلِيمٌ بِمَا يَصْنَعُونَ

মাইঁ ইয়্যাশা — য়ু ফালা-তায্‌হাব্ নাফ্‌সুকা 'আলাইহিম্ হাসার-ত্; ইন্নাল্লা-হা 'আলীমুম বিমা-ইয়াছ্‌না'উন্।

করেন ও ইচ্ছামত পথ দেখান। আপনার মন যেন তাদের জন্য আফসোস না করে। তাদের কৃত কর্ম আল্লাহ জানেন।

٩ وَاللَّهُ الَّذِي أَرْسَلَ الرِّيَاحَ فَتُثِيرُ سَحَابًا فَسُقْنَاهُ إِلَىٰ بَلَدٍ مَيِّتٍ فَأَحْيَيْنَا بِهِ

৯। অল্লা-হুল্লাযী ~ আর্‌সালার্ রিয়াহা ফাতুছীরু সাহা-বান্ ফাসুক্ব্না-হু ইলা-বালাদিম্ মাইয়্যিতিন্ ফাআহ্‌ইয়াইনা-বিহিল্

(৯) নিশ্চয়ই আল্লাহ বায়ু প্রেরণ করেন, তার পর তা মেঘ সঞ্চালিত করে, আমিই তাকে পরিচালিত করি মৃত ভূমির দিকে,

الْأَرْضَ بَعْدَ مَوْتِهَا ۚ كَذَٰلِكَ النُّشُورُ ١٠ مَنْ كَانَ يُرِيدُ الْعِزَّةَ فَلِلَّهِ الْعِزَّةُ

আর্‌দ্বোয়া বা'দা মাওতিহা-; কাযা-লিকান্ নুশূর্। ১০। মান্ কা-না ইয়ুরীদুল্ 'ইয্‌যাতা ফালিল্লা-হিল্ 'ইয্‌যাতু

তারপর তার পানি দ্বারা আমি মৃত ভূমিকে জীবন্ত করি। এভাবেই মানুষ কেয়ামত দিবসে পুনরুত্থান হবে। (১০) কেউ যদি মর্যাদা

جَمِيعًا ۚ إِلَيْهِ يَصْعَدُ الْكَلِمُ الطَّيِّبُ وَالْعَمَلُ الصَّالِحُ يَرْفَعُهُ ۚ وَالَّذِينَ

জ্বামী'আ-; ইলাইহি ইয়াছ্'আদুল্ কালিমুত্ব্‌ত্বোয়াইয়িবু অল্ 'আমালুছ্ ছোয়া-লিহু ইয়ারফা'উহ্ ;অল্লাযীনা

চায় তবে সে জেনে রাখুক, সমস্ত মর্যাদা তো কেবল আল্লাহর। পবিত্রবাণী তার কাছেই ওঠে। নেক কাজ তাঁকে তুলে দেয়।

يَمْكُرُونَ السَّيِّئَاتِ لَهُمْ عَذَابٌ شَدِيدٌ ۖ وَمَكْرُ أُولَٰئِكَ هُوَ يَبُورُ ١١ وَاللَّهُ

ইয়াম্‌কুরূনাস্ সাইয়িয়া-তি লাহুম্ 'আযা-বুন্ শাদীদ্; অমাক্‌রু উলা — য়িকা হুওয়া ইয়াবূর্। ১১। অল্লা-হু

মন্দ কাজে ষড়যন্ত্রে লিপ্ত ব্যক্তিদের জন্য রয়েছে কঠিন শাস্তি। তাদের ষড়যন্ত্র ব্যর্থ হবেই। (১১) আল্লাহ তোমাদেরকে

خَلَقَكُمْ مِنْ تُرَابٍ ثُمَّ مِنْ نُطْفَةٍ ثُمَّ جَعَلَكُمْ أَزْوَاجًا ۚ وَمَا تَحْمِلُ مِنْ أُنْثَىٰ

খলাক্বকুম্ মিন্ তুর-বিন্ ছুম্মা মিন্ নুত্ব্‌ফাতিন্ ছুম্মা জ্বা'আলাকুম্ আয্‌ওয়া জ্বা-; অমা-তাহ্‌মিলু মিন্ উন্‌ছা-

মাটি হতে সৃষ্টি করেছেন, পরে শুক্রবিন্দু হতে; পরে তোমাদেরকে যুগল করলেন, আর তাঁর অজ্ঞাতসারে কোন নারী গর্ভধারণ

وَلَا تَضَعُ إِلَّا بِعِلْمِهِ ۚ وَمَا يُعَمَّرُ مِنْ مُعَمَّرٍ وَلَا يُنْقَصُ مِنْ عُمُرِهِ إِلَّا فِي كِتَابٍ ۚ

অলা- তাদ্বোয়া'উ ইল্লা-বি'ইল্‌মিহ্; অমা-ইয়ু'আম্মারু মিম্ মু'আম্মারিও অলা-ইয়ুন্‌ক্বছু মিন্ 'উমুরিহী ~ ইল্লা-ফী কিতা-ব্;

করে না এবং সন্তান প্রসব করে না। আর এভাবে কারো হায়াত না বৃদ্ধি করা হয় আর না কমানও হয়, তা নির্ধারিত আছে।

৮/১

إن ذلك على الله يسير ﴿١٢﴾ وما يستوي البحرن هذا عذب فرات سائغ

ইন্না যা-লিকা 'আলাল্লা-হি ইয়াসীর্। ১২। অমা-ইয়াস্তাওয়িল্ বাহ্‌র-নি হাযা-'আয্‌বুন্ ফুরা-তুন্ সা — য়িগুন্

নিশ্চয়ই একাজ আল্লাহর কাছে অতিব সহজ। (১২) আর দু নদী সমান নয়, একটির পানি সুমিষ্ট, পিপাসা নিবারণকারী,

شرابه وهذا ملح اجاج ومن كل تاكلون لحما طريا وتستخرجون

শার-বুহূ অহা-যা-মিল্‌হুন্ উজা-জ্; অমিন্ কুল্লিন্ তা''কুলূনা লাহ্‌মান্ ত্বোয়ারিয়্যাঁও অতাস্‌তাখ্‌রিজূনা

আর অপরটি লোনা, খর। তোমরা প্রত্যেকটি হতে তাজা মাছ আহরণ কর, তোমরা তোমাদের পরিধেয় অলংকার বের কর;

حلية تلبسونها وترى الفلك فيه مواخر لتبتغوا من فضله ولعلكم تشكرون

হিল্‌ইয়াতান্ তাল্‌বাসূনাহা-অতারাল্ ফুল্‌কা-ফীহি মাওয়া-খির লিতাব্‌তাগূ মিন্ ফাদ্বলিহী অলা'আল্লাকুম্ তাশ্‌কুরূন্।

দেখছেন যে, নৌযান কিভাবে তার বুক চিরে চলে, যেন তোমরা অনুগ্রহ তালাশ কর। আর যাতে তেমারা কৃতজ্ঞ হও।

﴿١٣﴾ يولج اليل في النهار ويولج النهار في اليل وسخر الشمس والقمر

১৩। ইয়ূলিজুল্লাইলা ফিন্ নাহা-রি অ ইয়ূলিজুন্নাহা-র ফি ল্লাইলি অসাখ্‌খরশ্ শাম্‌সা অল্ ক্বামার

(১৩) তিনি রাতকে দিবসের মধ্যে, দিবসকে রাতের মধ্যে প্রবিষ্ট করান, আর তিনি সূর্য ও চন্দ্রকে নিয়ন্ত্রিত করেছেন। প্রত্যেকে

كل يجري لاجل مسمى ذلكم الله ربكم له الملك والذين تدعون من

কুল্লুই ইয়াজ্‌রী লিআজ্বালিম্ মুসাম্মা; যা-লিকুমুল্লা-হু রব্বুকুম্ লাহুল্ মুল্‌ক্; অল্লাযীনা তাদ্‌'উনা মিন্

নির্দিষ্ট কাল চলে। তিনিই আল্লাহ, তোমাদের রব তাঁরই জন্য সার্বভৌমত্ব। তাঁকে ছাড়া যাকে তোমরা আহ্বান কর, তারা তো

دونه ما يملكون من قطمير ﴿١٤﴾ ان تدعوهم لا يسمعوا دعاءكم ولو سمعوا

দূনিহী মা- ইয়াম্‌লিকূনা মিন্ ক্বিত্‌মীর্। ১৪। ইন্ তাদ্'উহুম্ লা-ইয়াস্‌মা'ঊ দুআ' — য়াকুম্ অলাও সামি'ঊ

খেজুরের আটির মালিকও নয়। (১৪) যদি তোমরা তাদেরকে আহ্বান কর তবুও তোমাদের আহ্বান তারা শুনবে না,

ما استجابوا لكم ويوم القيمة يكفرون بشرككم ولا ينبئك مثل

মাস্‌তাজা-বূ লাকুম্; অইয়াওমাল্ ক্বিয়া-মাতি ইয়াকফুরূনা বিশির্‌কিকুম্; অলাইয়ুনাব্বিয়ুকা মিছ্‌লু

শুনলেও সাড়া দেবে না; কেয়ামতের দিন তারা তোমাদের শিরক্ সাব্যস্ত করাকে প্রত্যাখ্যান করবে। অভিজ্ঞ আল্লাহর ন্যায়

خبير ﴿١٥﴾ يايها الناس انتم الفقراء الى الله والله هو الغني الحميد

খবীর্। ১৫। ইয়া ~ আইয়ুহান্না-সু আন্‌তুমুল্ ফুক্বার — যু ইলাল্লা-হি অল্লা-হু হুওয়াল্ গানিয়্যুল্ হামীদ্।

কেউই আপনাকে খবর দেবে না। (১৫) হে মানুষ! তোমরা আল্লাহর মুখাপেক্ষী; আর আল্লাহ অভাবমুক্ত, প্রশংসিত।

ع ২ • তিন চতুর্থাংশ ৯ ১৪ রুকু

আয়াত-১২ ঃ অর্থাৎ কুফর আর ইসলাম সমান নয়। আল্লাহ্ কুফরকে পরাভূত করবেনই। যদিও তোমরা উভয় হতে উপকৃত হবে। মুসলমানদের থেকে দ্বীনের শক্তি, আর কাফের হতে জিযিয়া, খাজনা ইত্যাদি দ্বারা। গোশ্‌ত, অর্থাৎ মিষ্টি মাছ ও লবণাক্ত উভয় প্রকার সমুদ্র হতে পাওয়া যায়। আর অলঙ্কার অর্থাৎ মুক্তা, মুগা ও মণি ইত্যাদি অধিকক্ষেত্রে লবণাক্ত আর কখনও কখনও মিষ্টি সমুদ্রেও পাওয়া যায়। (মুঃ কোঃ)

আয়াত-১৩ঃ সব কিছুর মালিক আল্লাহ, তাঁর রাজত্বে কারও কোন মালিকানা নেই। কিয়ামত দিবসে মুশারিকরা তাদের উপাস্যদের নিকটস্থ হলে তারা রেগে বলবে- তোমরা মিথ্যাবাদী। আমরা কি তোমাদেরকে সাহায্য চাইতে বলেছিলামঃ আমাদের তো অক্ষমই ছিলাম। যাও যেমন করেছে তেমন ভুগবে। এভাবে আল্লাহ্ মুশরিকদের বিশ্বাসের মূল কর্তন করে দিলেন। (ইমামুল হিন্দ)

(١٦) إِنْ يَشَأْ يُذْهِبْكُمْ وَيَأْتِ بِخَلْقٍ جَدِيدٍ (١٧) وَمَا ذَٰلِكَ عَلَى اللَّهِ بِعَزِيزٍ *

১৬। ইঁইয়্যাশা" ইয়ুয্হিব্কুম্ অইয়া"তি বিখল্ক্বিন্ জ্বাদীদ্। ১৭। অমা-যা-লিকা 'আলা ল্লা-হি বি'আযীয্।

(১৬) তিনি ইচ্ছা করলে তোমাদেরকে উচ্ছেদ করে নতুন সৃষ্টি আনতে পারেন। (১৭) আর এরূপ করা আল্লাহর জন্য কঠিন নয়।

(١٨) وَلَا تَزِرُ وَازِرَةٌ وِزْرَ أُخْرَىٰ ۚ وَإِنْ تَدْعُ مُثْقَلَةٌ إِلَىٰ حِمْلِهَا لَا يُحْمَلْ مِنْهُ

১৮। অলা-তাযিরু অ-যিরাতুঁও ওয়িয্র- উখ্র-;অইন্ তাদ্'উ মুছ্ক্বলাতুন্ ইলা-হিম্লিহা লা- ইয়ুহ্মাল্ মিন্হু

(১৮) কোন বোঝার বহনকারী অপরের কোন বোঝা বহন করবে না, ভারগ্রস্ত তার ভার বইতে কাকেও ডাকলে কেউই

شَيْءٌ وَلَوْ كَانَ ذَا قُرْبَىٰ ۗ إِنَّمَا تُنْذِرُ الَّذِينَ يَخْشَوْنَ رَبَّهُمْ بِالْغَيْبِ وَأَقَامُوا

শাইয়ুঁও অলাও কা-না যা-ক্বুর্বা-; ইন্নামা-তুন্যিরুল্ লাযীনা ইয়াখ্শাওনা রব্বাহুম্ বিল্গইবি অআক্ব-মুছ্

বহন করবে না, যদিও নিকট আত্মীয় হয়। আপনি সতর্ক করুন,কেবল তাদেরকে যারা না দেখে রবকে ডরায় ও নামায

الصَّلَاةَ ۚ وَمَنْ تَزَكَّىٰ فَإِنَّمَا يَتَزَكَّىٰ لِنَفْسِهِ ۚ وَإِلَى اللَّهِ الْمَصِيرُ (١٩) وَمَا يَسْتَوِي

ছলাহ্; অমান্ তাযাক্কা- ফাইন্নামা-ইয়াতযাক্কা- লিনাফ্সিহ্; অইলাল্লা- হিল্ মাছীর্। ১৯। অমা- ইয়াস্তাওয়িল্

প্রতিষ্ঠা করে। যে নিজেকে সংশোধন করে, সে নিজের জন্যই করে। আল্লাহর কাছেই সকলের প্রত্যাবর্তন। (১৯) সমান নয়,

الْأَعْمَىٰ وَالْبَصِيرُ (٢٠) وَلَا الظُّلُمَاتُ وَلَا النُّورُ (٢١) وَلَا الظِّلُّ وَلَا الْحَرُورُ (٢٢) وَمَا

আ'মা- অল্বাছীর্। ২০। অলাজ্জুলুমাতু অলা-ন্নূর্। ২১। অলাজ্জিল্লু অলাল্ হারূর্। ২২। অমা-

অন্ধ আর চক্ষুষ্মান। (২০) আর সমান নয় অন্ধকার আর আলো। (২১) আর না সমান ছায়া ও রৌদ্র। (২২) আর

يَسْتَوِي الْأَحْيَاءُ وَلَا الْأَمْوَاتُ ۚ إِنَّ اللَّهَ يُسْمِعُ مَنْ يَشَاءُ ۖ وَمَا أَنْتَ بِمُسْمِعٍ

ইয়াস্ তাওয়িল্ আহ্ইয়া — য়ু অলাল্ আম্ওয়া-ত্; ইন্নাল্লা -হা ইয়ুস্মি'উ মাইঁ ইয়াশা — য়ু অমা ~ আন্তা বিমুস্মি'ইম্

জীবিত আর মৃত এক নয়; আল্লাহ যাকে ইচ্ছা শ্রবণ করিয়ে থাকেন। আর আপনি তাদেরকে শ্রবণ করাতে সক্ষম নন,

مَنْ فِي الْقُبُورِ (٢٣) إِنْ أَنْتَ إِلَّا نَذِيرٌ (٢٤) إِنَّا أَرْسَلْنَاكَ بِالْحَقِّ بَشِيرًا وَنَذِيرًا ۚ

মান্ ফিল্ ক্বুবূর্। ২৩। ইন্ আন্তা ইল্লা-নাযীর্। ২৪। ইন্না ~ আর্সাল্না- কা বিল্হাক্ব্ক্বি বাশীরাঁও অনাযীর-;

যারা কবরবাসী। (২৩) আপনি সাবধানকারী মাত্র। (২৪) নিশ্চয়ই আমি আপনাকে সত্য দিয়ে পাঠিয়েছি সুসংবাদদাতা

وَإِنْ مِنْ أُمَّةٍ إِلَّا خَلَا فِيهَا نَذِيرٌ (٢٥) وَإِنْ يُكَذِّبُوكَ فَقَدْ كَذَّبَ الَّذِينَ مِنْ

অইম্মিন্ উম্মাতিন্ ইল্লা-খলা-ফীহা-নাযীর্। ২৫। অইঁ ইয়ুকায্যিবূকা ফাক্বদ্ কায্যাবাল্ লাযীনা মিন্

ও সতর্ককারীরূপে; প্রত্যেক জাতির কাছে সতর্ককারী এসেছে।(২৫) এরা যদি আপনাকে মিথ্যা বলে তবে, পূর্ববর্তীদেরকেও

قَبْلِهِمْ جَاءَتْهُمْ رُسُلُهُمْ بِالْبَيِّنَاتِ وَبِالزُّبُرِ وَبِالْكِتَابِ الْمُنِيرِ (٢٦) ثُمَّ أَخَذْتُ

ক্বব্লিহিম্ জ্বা — য়াত্হুম্ রুসুলুহুম্ বিল্বাইয়িনা-তি অবিয্যুবুরি অবিল্ কিতা-বিল্ মুনীর্। ২৬। ছুম্মা আখায্ তুল্

এরা মিথ্যা বলেছে, তাদের কাছে রাসূলরা নিদর্শন, স্মারক ও উজ্জ্বল কিতাব নিয়ে এসেছেন। (২৬) পরে কাফেরদেরকে

ع ١٢ ١٥ রুকু

الَّذِيْنَ كَفَرُوْا فَكَيْفَ كَانَ نَكِيْرِ ﴿٢٧﴾ اَلَمْ تَرَ اَنَّ اللّٰهَ اَنْزَلَ مِنَ السَّمَآءِ مَآءً ۚ

লাযীনা কাফারূ ফাকাইফা কা-না নাকীর্। ২৭। আলাম্ তারা আন্নাল্লা-হা আন্‌যালা মিনাস্ সামা — য়ি মা — য়ান্

দুর্যোগের দিনে প্রচণ্ড ঝটিকা বায়ু প্রেরণ করেছিলাম। (২০) সেই বায়ু মানুষকে এমনভাবে নির্মূল করেছিল যেন উৎপাটিত

مُّنْقَعِرٍ (২১) فَكَيْفَ كَانَ عَذَابِىْ وَنُذُرِ (২২) وَلَقَدْ يَسَّرْنَا الْقُرْاٰنَ لِلذِّكْرِ فَهَلْ مِنْ

মুন্ক্বাই'র্। ২১। ফাকাইফা কা-না 'আযা-বী অনুযুর্। ২২। অলাক্বদ্ ইয়াস্সারনাল্ কু্রআ-না লিয্যিক্রি ফাহাল্ মিম্

খেজুর বৃক্ষ। (২১) অতঃপর আমার শাস্তি ও ভীতি কেমন ছিল? (২২) আর সহজ করেছি, কোরআনকে উপদেশার্থে কে আছে তা

مُّدَّكِرٍ (২৩) كَذَّبَتْ ثَمُوْدُ بِالنُّذُرِ (২৪) فَقَالُوْٓا اَبَشَرًا مِّنَّا وَاحِدًا نَّتَّبِعُهٗ ۙ اِنَّآ اِذًا لَّفِىْ

মুদ্দাকির্। ২৩। কায্যাবাত্ ছামূদু বিন্নুযুর্। ২৪। ফাক্বা-লূ ~ আবাশারাম্ মিন্না-ওয়া-হিদান্ নাত্তাবিউ'হূ ~ ইন্না ~ ইযাল্ লাফী

গ্রহণের? (২৩) ছামূদ সতর্ককারীদেরকে প্রত্যাখ্যান করল। (২৪) বলল, আমাদেরই একজনকে কি মানব? যাতে বিভ্রান্ত

ع রুকু ১/২২/৮

ضَلٰلٍ وَّسُعُرٍ (২৫) ءَاُلْقِىَ الذِّكْرُ عَلَيْهِ مِنْ بَيْنِنَا بَلْ هُوَ كَذَّابٌ اَشِرٌ (২৬) سَيَعْلَمُوْنَ

দ্বোয়ালা-লিঁও অসু'উর্। ২৫। আ উল্ক্বিয়ায্ যিক্রু 'আলাইহি মিম্ বাইনিনা-বাল্ হুওয়া কায্যা-বুন্ আশির্। ২৬। সাইয়া'লামূনা

ও উন্মাদ গণ্য হব। (২৫) তার প্রতিই কি ওহী নাযিল হল, বরং সে তো একজন মিথ্যাবাদী দাম্ভিক। (২৬) কাল জানবে,

غَدًا مَّنِ الْكَذَّابُ الْاَشِرُ (২৭) اِنَّا مُرْسِلُوا النَّاقَةِ فِتْنَةً لَّهُمْ فَارْتَقِبْهُمْ وَاصْطَبِرْ

গদাম্ মানিল্ কায্যা-বুল্ আশির্। ২৭। ইন্না- মুরসিলুন্না-ক্বতি ফিত্নাতাল্ লাহুম্ ফার্তাকিব্ হুম্ অছত্বোয়াবির্।

কে মিথ্যাবাদী দাম্ভিক। (২৭) নিশ্চয়ই এক উষ্ট্রী পাঠাব, তাদের পরীক্ষার জন্য, অতএব আপনি লক্ষ্য করুন ও ধৈর্য ধরুন।

(২৮) وَنَبِّئْهُمْ اَنَّ الْمَآءَ قِسْمَةٌ بَيْنَهُمْ ۚ كُلُّ شِرْبٍ مُّحْتَضَرٌ (২৯) فَنَادَوْا صَاحِبَهُمْ

২৮। অনাবিব'হুম্ আন্নাল্ মা — য়া ক্বিস্মাতুম্ বাইনাহুম্ কুল্লু শিরবিম্ মুহ্তাদ্বোয়ার্। ২৯। ফানা-দাও ছোয়া-হিবাহুম্

(২৮) আর পানি বন্টন নীতি জানিয়ে দিন ও তাদের প্রত্যেকেই পালাক্রমে আসবে। (২৯) তারা সঙ্গীকে আহ্বান করল,

فَتَعَاطَىٰ فَعَقَرَ ﴿٣٠﴾ فَكَيْفَ كَانَ عَذَابِي وَنُذُرِ ﴿٣١﴾ إِنَّا أَرْسَلْنَا عَلَيْهِمْ صَيْحَةً

ফাতা'আত্বোয়া- ফা'আক্বার্। ৩০। ফাকাইফা কা-না 'আযা-বী অনুযুর্। ৩১। ইন্না ~ আর্সাল্না-'আলাইহিম্ ছোয়াইহাতাঁও

সে তাকে হত্যা করল। (৩০) কত কঠোর ছিল আমার শাস্তি ও ভীতি? (৩১) নিঃসন্দেহে আমি বিকট শব্দ প্রেরণ করলাম,

وَاحِدَةً فَكَانُوا كَهَشِيمِ الْمُحْتَظِرِ ﴿٣٢﴾ وَلَقَدْ يَسَّرْنَا الْقُرْآنَ لِلذِّكْرِ فَهَلْ مِنْ

ওয়া-হিদাতান্ ফাকা-নূ কাহাশীমিল্ মুহতাজির্। ৩২। অলাক্বদ্ ইয়াস্সার্নাল্ ক্বুর্আ-না লিয্যিক্রি ফাহাল্ মিম্

অতঃপর তারা খোয়াড়ের তৃণ খণ্ডের ন্যায় হয়ে গেল, (৩২) আর আমি সহজ করেছি কোরআনকে, উপদেশ গ্রহণের কে

مُدَّكِرٍ ﴿٣٣﴾ كَذَّبَتْ قَوْمُ لُوطٍ بِالنُّذُرِ ﴿٣٤﴾ إِنَّا أَرْسَلْنَا عَلَيْهِمْ حَاصِبًا إِلَّا آلَ لُوطٍ

মুদ্দাকির্। ৩৩। কায্যাবাত্ ক্বওমু লূত্বিম্ বিন্নুযুর্ । ৩৪। ইন্না ~ আর্সাল্না- 'আলাইহিম্ হা-ছিবান্ ইল্লা ~ আ-লা লূত্ব্;

আছে? (৩৩) লূত সম্প্রদায়ও সতর্ককারীদের মিথ্যা বলেছিল। (৩৪) তাদের ওপর পাথর বর্ষণ করলাম, লূত পরিবারকে

نَجَّيْنَاهُمْ بِسَحَرٍ ﴿٣٥﴾ نِعْمَةً مِنْ عِنْدِنَا كَذَٰلِكَ نَجْزِي مَنْ شَكَرَ ﴿٣٦﴾ وَلَقَدْ أَنْذَرَهُمْ

নাজ্জাইনা-হুম্ বিসাহার্। ৩৫। নি'মাতাম্ মিন্ ই'ন্দিনা-; কাযা-লিকা নাজ্যী; মান শাকার্। ৩৬। অলাক্বদ্ আন্যারাহুম্

রাতের শেষভাগে রক্ষা করলাম। (৩৫) আমার অনুগ্রহে কৃতজ্ঞদের প্রতিদান এভাবেই দিই। (৩৬) আযাবের ভয় দেখালে

بَطْشَتَنَا فَتَمَارَوْا بِالنُّذُرِ ﴿٣٧﴾ وَلَقَدْ رَاوَدُوهُ عَنْ ضَيْفِهِ فَطَمَسْنَا أَعْيُنَهُمْ

বাত্ব্শাতানা- ফাতামা-রও বিন্নুযুর্। ৩৭। অলাক্বদ্ রা-ওয়াদূহু 'আন্ দ্বোয়াইফিহী ফাত্বোয়ামাস্না ~ আ'ইয়ুনাহুম্

তারা পরস্পর ঝগড়া শুরু করে দিল। (৩৭) তারা মেহমানদেরকে নিয়ে যেতে চাইল, তাই আমি তাদের দৃষ্টিশক্তি হরণ করলাম।

فَذُوقُوا عَذَابِي وَنُذُرِ ﴿٣٨﴾ وَلَقَدْ صَبَّحَهُمْ بُكْرَةً عَذَابٌ مُسْتَقِرٌّ ﴿٣٩﴾ فَذُوقُوا

ফাযূক্বূ 'আযা-বী অনুযুর্। ৩৮। অলাক্বদ্ ছোয়াব্বাহাহুম্ বুক্রাতান্ 'আযা-বুম্ মুস্তাক্বির্। ৩৯। ফাযূক্বূ

এখন তোমরা শাস্তি ও ভীতির স্বাদ আস্বাদন কর। (৩৮) আমি অতি প্রত্যুষেই তাদের উপর অবিরাম শাস্তি আঘাত হানল। (৩৯) অতঃপর শাস্তি

عَذَابِي وَنُذُرِ ﴿٤٠﴾ وَلَقَدْ يَسَّرْنَا الْقُرْآنَ لِلذِّكْرِ فَهَلْ مِنْ مُدَّكِرٍ ﴿٤١﴾ وَلَقَدْ جَاءَ

'আযা-বী অনুযুর্। ৪০। অলাক্বদ্ ইয়াস্সার্নাল্ ক্বুর্আ-না লিয্যিক্রি ফাহাল্ মিম্ মুদ্দাকির্। ৪১। অলাক্বদ্ জ্বা — য়া

ও ভীতির স্বাদ আস্বাদন কর। (৪০) আর আমি কোরআনকে সহজ করেছি, উপদেশ গ্রহণের কে আছে?(৪১) আর ফেরাউনীদের

আ ২ / ১৮ / ৯ রুকু

آلَ فِرْعَوْنَ النُّذُرُ ﴿٤٢﴾ كَذَّبُوا بِآيَاتِنَا كُلِّهَا فَأَخَذْنَاهُمْ أَخْذَ عَزِيزٍ مُقْتَدِرٍ *

আ-লা ফির্'আউনান্ নুযুর্। ৪২। কায্যাবূ বিআ-ইয়া- তিনা-কুল্লিহা-ফাআখায্না-হুম্ আখ্যা 'আযীযিম্ মুক্বতাদির্।

কাছেও সতর্ককারী আগমন করেছিল। (৪২) কিন্তু তারা যখন নিদর্শনাবলি অস্বীকার করল, তখন আমি কঠিন হাতে ধরলাম,

আয়াত-৩৯ ঃ বিভিন্ন সূরায় লূত জাতির অপকর্মের কাহিনী বর্ণনা করা হয়েছে যে, তারা সুন্দর ছেলেদের সাথে অপকর্মে লিপ্ত হওয়ায় অভ্যাস্ত ছিল। হযরত লূত (আঃ) তাদেরকে দীর্ঘকাল বুঝালেন কিন্তু কেউই সৎ পথে আসল না। অতঃপর একদিন হযরত জিব্রাঈল, মীকাঈল ইস্রাফীল ফেরেশতা সুন্দর ছেলেদের আকৃতিতে হযরত লূত (আঃ) এর ঘরে মেহমানস্বরূপ আগমন করলে তারা খবর পেয়ে রাতারাতি এসে দরজা ভেঙ্গে ঘরে ঢুকার চেষ্টা করলে জিব্রাঈল (আঃ) তাদের চক্ষু অন্ধ করে দিলেন। সকাল হতে না হতেই উল্লেখিত ফেরেশতা তাদের বস্তিটি উল্টিয়ে দিল এবং প্রস্তর বৃষ্টি বর্ষণে তাদের সবাইকে ধ্বংস করে দিল। (ইবঃ কাঃ)

أَكُفَّارُكُمْ خَيْرٌ مِّنْ أُولَٰئِكُمْ أَمْ لَكُم بَرَاءَةٌ فِي الزُّبُرِ ﴿٤٣﴾ أَمْ يَقُولُونَ نَحْنُ

৪৩। আকুফ্‌ফা-রুকুম্ খইরুম্ মিন্ উলা — য়িকুম্ আম্ লাকুম্ বার — য়াতুন্ ফিয্‌যুবুর্। ৪৪। আম্ ইয়াকু্লূনা নাহ্‌নু

(৪৩) তোমাদের যুগের কাফেররা কি তাদের চেয়ে শ্রেষ্ঠ, না কি গ্রন্থে মুক্তি লেখা আছে? (১) (৪৪) না কি তারা বলে,

جَمِيعٌ مُّنتَصِرٌ ﴿٤٤﴾ سَيُهْزَمُ الْجَمْعُ وَيُوَلُّونَ الدُّبُرَ ﴿٤٥﴾ بَلِ السَّاعَةُ مَوْعِدُهُمْ

জ্বামীউ'ম্ মুন্‌তাছির্। ৪৫। সাইয়ুহ্ যামুল্ জ্বাম্‌উ' অ ইয়ুওয়াল্লূ নাদ্ দুবুর্। ৪৬। বালিস্ সা- 'আতু মাও ই'দুহুম্

আমরা দুর্ধর্ষ অপরাজেয়? (৪৫) শীঘ্রই এ দলটি পরাজিত হবে এবং পালায়ন করবে। (৪৬) বরং কেয়ামত তাদের

وَالسَّاعَةُ أَدْهَىٰ وَأَمَرُّ ﴿٤٦﴾ إِنَّ الْمُجْرِمِينَ فِي ضَلَالٍ وَسُعُرٍ ﴿٤٧﴾ يَوْمَ يُسْحَبُونَ

অস্ সা-'আতু আদ্‌হা-ওয়া আমার্। ৪৭। ইন্নাল্ মুজ্ রিমীনা ফী দ্বোয়ালা-লিঁও অসুউ'র্। ৪৮। ইয়াওমা ইয়ুস্‌হাবূনা

আযাবের প্রতিশ্রুতি, তা কতই না ভয়াবহ, আর তিক্ত। (৪৭) নিশ্চয়ই অপরাধীরা বিভ্রান্ত ও নির্বোধ। (৪৮) ওই দিন তাদেরকে

فِي النَّارِ عَلَىٰ وُجُوهِهِمْ ذُوقُوا مَسَّ سَقَرَ ﴿٤٨﴾ إِنَّا كُلَّ شَيْءٍ خَلَقْنَاهُ بِقَدَرٍ

ফিন্না-রি 'আলা-উজ্বূহিহিম্; যূক্বূ মাস্‌সা সাক্বর্। ৪৯। ইন্না-কুল্লা শাইয়িন্ খলাক্ব্‌না-হু বিক্বদার্।

উপুড় করে হেঁচড়ে আগুনে নিক্ষেপ করা হবে জাহান্নামের মজা ভোগ কর, (৪৯) আমি সব কিছু সৃষ্টি করেছি নির্দিষ্ট মাপে।

﴿٤٩﴾ وَمَا أَمْرُنَا إِلَّا وَاحِدَةٌ كَلَمْحٍ بِالْبَصَرِ ﴿٥٠﴾ وَلَقَدْ أَهْلَكْنَا أَشْيَاعَكُمْ فَهَلْ مِن

৫০। অমা~ আম্‌রুনা ~ ইল্লা-ওয়া-হিদাতুন্ কালাম্‌হিম্ বিল্‌বাছোয়ার্। ৫১। অলাক্বদ্ আহ্‌লাক্‌না ~ আশ্‌ইয়া- 'আকুম্ ফাহাল্ মিম্

(৫০) আমার নির্দেশ চোখের পলকেই কার্যকর হয়। (৫১) নিঃসন্দেহে আমি ধ্বংস করেছি তোমাদের সমপন্থী দলকে,

مُّدَّكِرٍ ﴿٥١﴾ وَكُلُّ شَيْءٍ فَعَلُوهُ فِي الزُّبُرِ ﴿٥٢﴾ وَكُلُّ صَغِيرٍ وَكَبِيرٍ مُّسْتَطَرٌ

মুদ্দাকির্। ৫২। অ কুল্লু শাইয়িন্ ফা'আলূহু ফিয্ যুবুর্। ৫৩। অকুল্লু ছোয়াগীরিঁও অকাবীরিম্ মুস্‌তাত্বোয়ার্।

তোমরা উপদেশ গ্রহণ করবে কি? (৫২) আর তাদের সকল কার্য আমলনামায় আছে। (৫৩) তাতে ছোট-বড় সব কিছুই আছে,

﴿٥٣﴾ إِنَّ الْمُتَّقِينَ فِي جَنَّاتٍ وَنَهَرٍ ﴿٥٤﴾ فِي مَقْعَدِ صِدْقٍ عِندَ مَلِيكٍ مُّقْتَدِرٍ

৫৪। ইন্নাল্ মুত্তাক্বীনা ফী জ্বান্না- তিঁও অনাহার্। ৫৫। ফী মাক্ব্'আদি ছিদ্‌ক্বিন্ ই'নদা মালীকিম্ মুক্ব্‌তাদির্।

(৫৪) নিঃসন্দেহে মুত্তাকীরা জান্নাতে ও ঝর্ণাসমূহের পাশে থাকবে। (৫৫) সত্য নিকেতনে, মহাশক্তিধর রবের সমীপে।

সূরা আর রাহ্‌মান্
মদীনাবতীর্ণ

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৭৮
রুকূ ঃ ৩

الرَّحْمَٰنُ ﴿١﴾ عَلَّمَ الْقُرْآنَ ﴿٢﴾ خَلَقَ الْإِنسَانَ ﴿٣﴾ عَلَّمَهُ الْبَيَانَ ﴿٤﴾ الشَّمْسُ وَالْقَمَرُ

১। আর্‌রহ্‌মা-নু ২। 'আল্লামাল্ কু্রআ-ন্ । ৩। খলাক্বল্ ইন্‌সা-না ৪। 'আল্লামাহুল বাইয়া-ন্। ৫। আশ্‌শাম্‌সু অল্‌ক্বমারু

(১) করুণাময়। (২) শিক্ষা দিলেন কুরআন। (৩) সৃষ্টি করলেন মানুষ। (৪) শিক্ষা দিলেন কথা বলতে। (৫) সূর্য ও চন্দ্র

ওয়াক্‌ফে লাযেম

৩ ع ১৫ ১০ রুকু

بِحُسْبَانٍ ۝ وَالنَّجْمُ وَالشَّجَرُ يَسْجُدٰنِ ۝ وَالسَّمَاءَ رَفَعَهَا وَوَضَعَ

বিহুস্‌বা-নিঁও। ৬। অন্নাজ্‌মু অশ্‌শাজ্বারু ইয়াস্‌জুদা-ন্। ৭। অস্‌সামা — য়া রফা'আহা-অওয়াদ্বোয়া'আল্

হিসাব অনুযায়ী কক্ষপথে আবর্তন করছে। (৬) তারকারাজি ও গাছসমূহ তাঁর অনুগত। (৭) আর আকাশসমূহকে সমুন্নত ও

الْمِيزَانَ ۝ أَلَّا تَطْغَوْا فِي الْمِيزَانِ ۝ وَأَقِيمُوا الْوَزْنَ بِالْقِسْطِ وَلَا تُخْسِرُوا

মীযা-ন্। ৮। আল্লা-তাত্ব্‌গও ফিল্ মীযা-ন্। ৯। অআক্বীমুল্ অয্‌না বিল্‌ক্বিস্‌ত্বি অলা-তুখ্‌সিরুল্

তুলাদণ্ডকে স্থাপন করেছেন। (৮) যেন মাপ দেয়ার সময় সীমাতিক্রম না কর। (৯) যেন যথাযথভাবে ওজন কর, ওযনে কম বেশি

الْمِيزَانَ ۝ وَالْأَرْضَ وَضَعَهَا لِلْأَنَامِ ۝ فِيهَا فَاكِهَةٌ وَالنَّخْلُ ذَاتُ

মীযা-ন্। ১০। অল্ আর্‌দ্বোয়া অদ্বোয়া'আহা-লিল্‌আনা-ম্। ১১। ফীহা- ফা-কিহাতুঁও অ-ন্নাখ্‌লু যা-তুল্

না কর। (১০) আর আমিই যমীনকে মানুষের জন্য সৃষ্টি করলাম। (১১) এতে রয়েছে ফলসমূহও খোশাযুক্ত খেজুর বৃক্ষ

الْأَكْمَامِ ۝ وَالْحَبُّ ذُو الْعَصْفِ وَالرَّيْحَانُ ۝ فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا تُكَذِّبَانِ *

আক্‌মা-ম্। ১২। অল্ হাব্বু যুল্‌আছফি অর্‌রইহা-ন্। ১৩। ফাবিআইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা-তুকায্‌যিবা-ন্।

রয়েছে। (১২) আর রয়েছে খোশাযুক্ত বীজ ও সুগন্ধ ফল। (১৩) উভয়ে রবের কোন্ কোন্ নিয়ামত অস্বীকার করবে?

۝ خَلَقَ الْإِنْسَانَ مِنْ صَلْصَالٍ كَالْفَخَّارِ ۝ وَخَلَقَ الْجَانَّ مِنْ مَارِجٍ مِنْ

১৪। খলাক্বল্ ইন্‌সা-না মিন্ ছোয়াল্‌ছোয়া-লিন্ কাল্‌ফাখ্‌খ-রি। ১৫। অখলাক্বল্ জ্বা — ন্না মিম্ মা-রিজিম্ মিন্

(১৪) তিনি পোড়ামাটির অনুরূপ মাটি দিয়ে মানুষ সৃষ্টি করলেন। (১৫) আর তিনিই সৃষ্টি করলেন জ্বিনকে খাঁটি আগুন

نَارٍ ۝ فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا تُكَذِّبَانِ ۝ رَبُّ الْمَشْرِقَيْنِ وَرَبُّ الْمَغْرِبَيْنِ *

না-র্। ১৬। ফাবিআইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা- তুকায্‌যিবা-ন্। ১৭। রব্বুল্ মাশ্‌রিক্বইনি অরব্বুল্ মাগ্‌রিবাইন্।

দিয়ে। (১৬) উভয়ে রবের কোন্ কোন্ দান অস্বীকার করবে? (১৭) তিনি দুই পূর্ব ও দুই পশ্চিমের রব।

۝ فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا تُكَذِّبَانِ ۝ مَرَجَ الْبَحْرَيْنِ يَلْتَقِيَانِ ۝ بَيْنَهُمَا بَرْزَخٌ

১৮। ফাবিআইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা- তুকায্‌যিবান্। ১৯। মারজ্বাল্ বাহ্‌রাইনি ইয়াল্‌তাক্বিয়া-ন্। ২০। বাইনাহুমা-বার্‌যাখুল্

(১৮) উভয়ে রবের কোন্ কোন্ দান অস্বীকার করবে? (১৯) মিলিত দুই সমুদ্র প্রবাহিত করেছেন। (২০) উভয়ের মধ্যে

لَا يَبْغِيَانِ ۝ فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا تُكَذِّبَانِ ۝ يَخْرُجُ مِنْهُمَا اللُّؤْلُؤُ وَالْمَرْجَانُ *

লা-ইয়াবৃগিয়া-ন্। ২১। ফাবি আইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা- তুকায্‌যিবা-ন্। ২২। ইয়াখ্‌রুজু মিন্‌হুমাল্ লু'লুয়ু অল্ মারজ্বা-ন্।

আছে পর্দা, যা অনতিক্রম্য (২১) উভয়ে রবের কোন্ কোন্ দান অস্বীকার করবে? (২২) তা হতে মুক্তা ও প্রবাল বের হয়।

আয়াত-৫ ঃ সূর্য ও চন্দ্র এজন্য নেয়ামত যে, তাদের চলাচলের উপর দিন-রাত, শীত-গ্রীষ্ম এবং মাসের গণনা নির্ভর করে। এ সমুদয় বস্তু নেয়ামত। আর বৃক্ষের সেজদা করার অর্থ বাধ্যতামূলক আনুগত্য। অর্থাৎ যাকে যেজন্য সৃষ্টি করেছেন তা পালন করা। এটিও নেয়ামত। (বঃ কোঃ) আয়াত-৭ ঃ হযরত কাতাদাহ (রঃ) মীযান শব্দের তাফসীর করেছেন ন্যায় বিচার। কেননা, মীযান তথা দাঁড়িপাল্লার মূল লক্ষ্য ন্যায় বিচার। এখানে মীযানের অর্থে এমন যন্ত্র দাখিল আছে, যা দ্বারা কোন বস্তুর পরিমাণ পরিমাপ করা হয়; তা দু পাল্লা বিশিষ্ট হোক কিংবা কোন আধুনিক পরিমাপক যন্ত্র বিশেষ হোক। (মাঃ কোঃ)

فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٢٣﴾ وَلَهُ الْجَوَارِ الْمُنْشَئٰتُ فِى الْبَحْرِ كَالْاَعْلَامِ ﴿٢٤﴾

২৩। ফাবিআইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা-তুকায্যিবা-ন্। ২৪। অলাহুল্ জ্বাওয়া-রিল্ মুন্শা য়া-তু ফিল্বাহ্‌রি কাল্‌আ'লা-ম্।
(২৩) উভয়ে রবের কোন কোন্ দান অস্বীকার করবে? (২৪) তাঁরই আয়ত্তাধীন সমুদ্রে পর্বতসম জাহাজসমূহ।

فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٢٥﴾ كُلُّ مَنْ عَلَيْهَا فَانٍ ﴿٢٦﴾ وَّيَبْقٰى وَجْهُ رَبِّكَ

২৫। ফাবিআইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা-তুকায্যিবা-ন্। ২৬। কুল্লু মান্ 'আলাইহা-ফা-ন্। ২৭। অ ইয়াব্‌ক্বা-অজ্হু রব্বিকা
(২৫) উভয়ে রবের কোন্ কোন দান অস্বীকার করবে? (২৬) ভূপৃষ্ঠের সবই ধ্বংসশীল। (২৭) থাকবে শুধু রবের সত্তা

ذُو الْجَلٰلِ وَالْاِكْرَامِ ﴿٢٧﴾ فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٢٨﴾ يَسْـَٔلُهٗ مَنْ فِى السَّمٰوٰتِ

যুল্ জ্বালা-লি অল্‌ইক্‌র-ম্। ২৮। ফাবিআইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা -তুকায্যিবা-ন্। ২৯। ইয়াস্‌য়ালুহূ মান্ ফিস্ সামা-ওয়া-তি
যিনি সম্মানিত, মর্যাদাবান। (২৮) উভয়ে রবের কোন্ কোন্ দান অস্বীকার করবে? (২৯) আসমান-যমীনের সকলেই

وَالْاَرْضِ ؕ كُلَّ يَوْمٍ هُوَ فِىْ شَاْنٍ ﴿٢٩﴾ فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٣٠﴾ سَنَفْرُغُ

অল্‌আরদ্বি; কুল্লা ইয়াওমিন্ হুওয়া ফী শা"ন্। ৩০। ফাবিআইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা-তুকায্যিবা-ন্। ৩১। সানাফ্‌রুগু
তাঁর কাছে চায়, তিনি সর্বদা কর্মেরত। (৩০) উভয়ে রবের কোন্ কোন্ দান অস্বীকার করবে? (৩১) হে সম্প্রদায়দ্বয়,

لَكُمْ اَيُّهَ الثَّقَلٰنِ ﴿٣١﴾ فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٣٢﴾ يٰمَعْشَرَ الْجِنِّ وَالْاِنْسِ اِنِ

লাকুম্ আইয়ুহাছ্ ছাক্বলা-ন্। ৩২। ফাবিআইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা-তুকায্যিবা-ন্। ৩৩। ইয়া মা'শারল্ জ্বিন্নি অল্ ইন্‌সি ইনিস্
তোমাদের প্রতি মনোনিবেশ করব। (৩২) উভয়ে রবের কোন্ কোন্ দান অস্বীকার করবে? (৩৩) হে জিন ও মানুষ,

اسْتَطَعْتُمْ اَنْ تَنْفُذُوْا مِنْ اَقْطَارِ السَّمٰوٰتِ وَالْاَرْضِ فَانْفُذُوْا ؕ لَا تَنْفُذُوْنَ

তাত্বোয়া'তুম্ আন্ তান্‌ফুযূ মিন্ আক্ব্ত্বোয়া-রিস্ সামা-ওয়া-তি অল্‌আরদ্বি ফান্‌ফুযূ; লা-তান্‌ফুযূনা
তোমরা যদি আসমানসমূহের-যমীনের সীমা হতে কোথাও বের হয়ে যেতে পার তবে যাও; শক্তি ছাড়া তোমরা বের হয়ে

اِلَّا بِسُلْطٰنٍ ﴿٣٣﴾ فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٣٤﴾ يُرْسَلُ عَلَيْكُمَا شُوَاظٌ مِّنْ نَّارٍ ۙ

ইল্লা-বিসুল্‌ত্বোয়া-ন্। ৩৪। ফাবিআইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা-তুকায্যিবা-ন্ ৩৫। ইয়ুর্‌সালু 'আলাইকুমা-শুওয়া-জুম্ মিন্ না-রিঁও
যেতে তো পারবে না। (৩৪) উভয়ে রবের কোন্ কোন্ দান অস্বীকার করবে? (৩৫) তোমাদের উভয়ের উপর শিখা ও ধুঁয়া

وَّنُحَاسٌ فَلَا تَنْتَصِرٰنِ ﴿٣٥﴾ فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٣٦﴾ فَاِذَا انْشَقَّتِ السَّمَآءُ

অনুহা-সুন্ ফালা-তান্‌তাছির-ন্। ৩৬। ফাবিআইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা-তুকায্যিবা-ন্। ৩৭। ফাইযান্ শাক্ব্ক্বাতিস্ সামা — য়ু
আসবে, প্রতিরোধ করতে পারবে না। (৩৬) উভয়ে রবের কোন্ কোন্ দান অস্বীকার করবে? (৩৭) যখন আকাশ বিদীর্ণ হবে,

فَكَانَتْ وَرْدَةً كَالدِّهَانِ ﴿٣٧﴾ فَبِاَيِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٣٨﴾ فَيَوْمَئِذٍ لَّا يُسْـَٔلُ

ফাকা-নাত্ অর্‌দাতান্ কাদ্দিহা-ন্। ৩৮। ফাবিআইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা-তুকায্যিবা-ন্। ৩৯। ফাইয়াওমাইযিল্লা-ইয়ুস্‌য়ালু
রক্তাক্ত চামড়ার ন্যায় লাল হবে।(৩৮) উভয়ে রবের কোন্ কোন্ দান অস্বীকার করবে? (৩৯) সেদিন না মানুষ পাপ সম্পর্কে

عَنْ ذَنْۢبِهٖۤ اِنْسٌ وَّلَا جَآنٌّ ﴿٤٠﴾ فَبِاَیِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٤١﴾ یُعْرَفُ الْمُجْرِمُوْنَ

'আন্ যাম্বিহী ~ ইন্সুঁও অলা-জ্বা — ন্। ৪০। ফাবিআইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা-তুকায্যিবা-ন্। ৪১। ইয়ু'রফুল্ মুজ্ব্ রিমূনা

জিজ্ঞাসিত হবে, আর না জিন্। (৪০) উভয়ে রবের কোন্ দান অস্বীকার করবে? (৪১) পাপীরা তাদের আকৃতি দ্বারাই

بِسِیْمٰهُمْ فَیُؤْخَذُ بِالنَّوَاصِیْ وَالْاَقْدَامِ ﴿٤٢﴾ فَبِاَیِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٤٣﴾ هٰذِهٖ

বিসীমা-হুম্ ফাইয়ু"খাযু বিন্নাওয়া-ছী অল্ আক্ব্ দা-ম্। ৪২। ফাবিআইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা-তুকায্যিবা-ন্। ৪৩। হা-যিহী

চিহ্নিত হবে, কপাল ও পা ধরে টেনে নেয়া হবে। (৪২) উভয়ে রবের কোন্ কোন্ দান অস্বীকার করবে? (৪৩) এটাই

جَهَنَّمُ الَّتِیْ یُكَذِّبُ بِهَا الْمُجْرِمُوْنَ ﴿٤٤﴾ یَطُوْفُوْنَ بَیْنَهَا وَبَیْنَ حَمِیْمٍ اٰنٍ ﴿٤٥﴾

জ্বাহান্নামু ল্লাতী ইয়ুকায্যিবু বিহাল্ মুজ্ব্ রিমূন্। ৪৪। ইয়াত্বূ ফূনা বাইনাহা-অবাইনা হামীমিন্ আ-ন্।

সেই জাহান্নাম যার ব্যাপারে পাপীরা অবিশ্বাস করত। (৪৪) তারা দোযখের চতুর্দিকে ফুটন্ত পানিতে ছুটাছুটি করবে?

فَبِاَیِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٤٥﴾ وَلِمَنْ خَافَ مَقَامَ رَبِّهٖ جَنَّتٰنِ ﴿٤٦﴾ فَبِاَیِّ

৪৫। ফাবি আইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা-তুকায্যিবা-ন্। ৪৬। অ লিমান্ খ-ফা মাক্ব-মা রব্বিহী জ্বান্নাতা-ন্। ৪৭। ফাবিআইয়্যি

(৪৫) উভয়ে রবের কোন্ কোন্ দান অস্বীকার করবে? (৪৬) যে রবের সামনে উপস্থিত হওয়ার ভয় করে তার দুটি জান্নাত, (৪৭) উভয়ে

اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٤٧﴾ ذَوَاتَاۤ اَفْنَانٍ ﴿٤٨﴾ فَبِاَیِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٤٩﴾ فِیْهِمَا

আ-লা — য়ি রব্বিকুমা - তুকায্যিবা-ন। ৪৮। যাওয়াতা ~ আফ্না-ন্। ৪৯। ফাবিআইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা-তুকায্যিবা-ন্। ৫০। ফীহিমা-

রবের কোন্ কোন্ দান অস্বীকার করবে? (৪৮) উভয়টি শাখা সমৃদ্ধ। (৪৯) উভয়ে রবের কোন্ কোন্ দান অস্বীকার করবে? (৫০)উদ্যানদ্বয়ে

عَیْنٰنِ تَجْرِیٰنِ ﴿٥٠﴾ فَبِاَیِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٥١﴾ فِیْهِمَا مِنْ كُلِّ فَاكِهَةٍ زَوْجٰنِ ﴿٥٢﴾

'আইনা-নি তাজ্ব্ রিয়া-ন্। ৫১। ফাবি আইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা-তুকায্যিবা-ন্। ৫২। ফীহিমা-মিন্ কুল্লি ফা-কিহাতিন্ যাওজ্বা-ন্।

প্রবাহিত দুই প্রস্রবণ; (৫১) উভয়ে রবের কোন্ কোন্ দান অস্বীকার করবে? (৫২) উদ্যানদ্বয়ে প্রত্যেক ফল দু'রকমের;

فَبِاَیِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٥٣﴾ مُتَّكِئِیْنَ عَلٰی فُرُشٍۭ بَطَآئِنُهَا مِنْ اِسْتَبْرَقٍ

৫৩। ফাবি আইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা- তুকায্যিবা-ন্। ৫৪। মুত্তাকিয়ীনা 'আলা ফুরুশিম্ বাত্বোয়া — য়িনুহা-মিন্ ইস্তাব্রাক্ব্;

(৫৩) উভয়ে রবের কোন্ কোন্ দান অস্বীকার করবে? (৫৪) তারা রেশমী বস্ত্রযুক্ত বিছানায় হেলান দিয়ে বসবে, জান্নাতের

وَجَنَا الْجَنَّتَیْنِ دَانٍ ﴿٥٥﴾ فَبِاَیِّ اٰلَآءِ رَبِّكُمَا تُكَذِّبٰنِ ﴿٥٦﴾ فِیْهِنَّ قٰصِرٰتُ

অজ্বানাল্ জ্বান্নাতাইনি দা-ন্। ৫৫। ফাবিআইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা-তুকায্যিবা-ন্। ৫৬। ফীহিন্না ক্বছিরা-তুত্ব্

ফল নিকটে ঝুলে থাকবে। (৫৫) উভয়ে রবের কোন্ কোন্ দান অস্বীকার করবে? (৫৬) সেথায় আছে বহু আনতনয়না

ওয়াক্ফে গোফরান ২ ع (২০) ১২ রুকু

আয়াত-৩৯ ঃ এটি এমন এক স্থান যেখানে তাদেরকে তাদের অপরাধ সম্বন্ধে জিজ্ঞাসা করা হবে না। তবে পরে জিজ্ঞাসা করা হবে। অথবা এ অর্থ যে, অবগতির জন্য জিজ্ঞাসা করা হবে না; বরং ধমক দেয়া হিসাবে জিজ্ঞাসা করা হবে। অথবা অর্থ এ যে, যখন তাদেরকে জাহান্নামের দিকে হাঁকিয়ে নিয়ে যাওয়ার আদেশ দেয়া হবে, তখন তাদের অপরাধ সম্বন্ধে জিজ্ঞাসা করা হবে না। (জাঃ বয়াঃ) শানেনুযূল ঃ আয়াত-৪৬ ঃ একদা হযরত আবু বকর সিদ্দীক (রাঃ) হাশরের দিনের এবং হিসাব নিকাশের ও মিযানের এবং জান্নাত-জাহান্নামের কথা স্মরণ করলেন। অতঃপর যে শাস্তির জন্য ও দৃষ্টান্তমূলক শাস্তি তাদের জন্য তৈরি রয়েছে তার কথা ভেবে তিনি ভিত হয়ে বলতে লাগলেন, "হায়, আমি যদি ঘাস হতাম, পশু আমাকে চরে খেত!" তখন এ আয়াতটি অবতীর্ণ হয়।

الطَّرْفِ لَمْ يَطْمِثْهُنَّ إِنْسٌ قَبْلَهُمْ وَلَا جَانٌّ ﴿٥٦﴾ فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا تُكَذِّبَانِ

ত্বোয়ারফি লাম্ ইয়াত্বমিছ্হুন্না ইন্সুন্ ক্ববলাহুম্ অলা-জ্বা — ন্। ৫৭। ফাবিআইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা- তুকায্যিবা-ন্।
(রমনী) যাদেরকে কোন মানুষ ও জিন কখনও স্পর্শ করে নি, (৫৭) উভয়ে রবের কোন্ কোন্ দান অস্বীকার করবে?

﴿٥٨﴾ كَأَنَّهُنَّ الْيَاقُوتُ وَالْمَرْجَانُ ﴿٥٩﴾ فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا تُكَذِّبَانِ ﴿٦٠﴾ هَلْ جَزَاءُ

৫৮। কাআন্নাহুন্নাল্ ইয়া-ক্বূতু অল্মারজ্বা-ন্ । ৫৯। ফাবিআইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা-তুকায্যিবা-ন্। ৬০। হাল্ জ্বাযা — যুল্
(৫৮) তা যেন ইয়াকূত ও প্রবাল রত্ন। (৫৯) উভয়ে রবের কোন্ কোন্ দান অস্বীকার করবে? (৬০) নেক কাজের পুরস্কার

الْإِحْسَانِ إِلَّا الْإِحْسَانُ ﴿٦١﴾ فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا تُكَذِّبَانِ ﴿٦٢﴾ وَمِنْ دُونِهِمَا جَنَّتَانِ

ইহ্সা-নি ইল্লাল্ ইহ্সা-ন্। ৬১। ফাবিআইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা-তুকায্যিবা-ন্। ৬২। অমিন দূনিহিমা- জ্বান্নাতা-ন্।
উত্তমই হয়। (৬১) উভয়ে রবের কোন্ কোন্ দান অস্বীকার করবে? (৬২) ওই দুটি ছাড়াও আরও দুটি বাগান রয়েছে।

﴿٦٣﴾ فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا تُكَذِّبَانِ ﴿٦٤﴾ مُدْهَامَّتَانِ ﴿٦٥﴾ فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا تُكَذِّبَانِ

৬৩। ফাবিআইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা-তুকাযযিবান। ৬৪। মুদ্হা — ম্মাতা-ন্। ৬৫। ফাবিআইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা-তুকায্যিবা-ন্।
(৬৩) উভয়ে রবের কোন্ কোন্ দান অস্বীকার করবে?(৬৪) উভয়টি সবুজ। (৬৫) উভয়ে রবের কোন্ কোন্ দান অস্বীকার করবে?

﴿٦٦﴾ فِيهِمَا عَيْنَانِ نَضَّاخَتَانِ ﴿٦٧﴾ فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا تُكَذِّبَانِ ﴿٦٨﴾ فِيهِمَا فَاكِهَةٌ وَنَخْلٌ

৬৬। ফীহিমা-আ'ইনা-নি নাদ্দোয়া-খতা-ন্ । ৬৭। ফাবিআইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা-তুকায্যিবা-ন্। ৬৮। ফীহিমা ফা-কিহাতুঁও অনাখ্লুঁও
(৬৬) আরও রয়েছে দু'উথলিত ঝর্ণা। (৬৭) উভয়ে রবের কোন্ কোন্ দান অস্বীকার করবে? (৬৮) আছে ফল, খেজুর

وَرُمَّانٌ ﴿٦٩﴾ فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا تُكَذِّبَانِ ﴿٧٠﴾ فِيهِنَّ خَيْرَاتٌ حِسَانٌ ﴿٧١﴾ فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا

অরুম্মা-ন্। ৬৯। ফাবি আইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা-তুকায্যিবা-ন্। ৭০। ফীহিন্না খইর-তুন্ হিসা-ন্।৭১। ফাবিআইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা-
ও আনার। (৬৯) উভয়ে রবের কোন্ কোন্ দান অস্বীকার করবে?(৭০) সেখানে রয়েছে উত্তম চরিত্রের রূপসীরা (৭১) উভয়ে রবের

تُكَذِّبَانِ ﴿٧٢﴾ حُورٌ مَقْصُورَاتٌ فِي الْخِيَامِ ﴿٧٣﴾ فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا تُكَذِّبَانِ

তুকায্যিবা-ন্। ৭২। হূরুম্ মাক্বছূর তুন্ ফিল্ খিয়া-ম্।৭৩। ফাবিআইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা- তুকায্যিবা-ন্।
কোন্ কোন্ দান অস্বীকার করবে?(৭২) তাঁবুতে সুরক্ষিত হূর।(৭৩) উভয়ে রবের কোন্ কোন্ দান অস্বীকার করবে?

﴿٧٤﴾ لَمْ يَطْمِثْهُنَّ إِنْسٌ قَبْلَهُمْ وَلَا جَانٌّ ﴿٧٥﴾ فَبِأَيِّ آلَاءِ رَبِّكُمَا

৭৪। লাম্ ইয়াত্বমিছ্হুন্না ইন্সুন্ ক্ববলাহুম্ অলা-জ্বা — ন্। ৭৫। ফাবি আইয়্যি আ-লা — য়ি রব্বিকুমা-
(৭৪) তাদেরকে কোন মানুষ কখনও স্পর্শ করেনি এবং কোন জিন কখনও স্পর্শ করেনি। (৭৫) উভয়ে রবের কোন্ কোন্ দান

تُكَذِّبَانِ ﴿٧٦﴾ مُتَّكِئِينَ عَلَىٰ رَفْرَفٍ خُضْرٍ وَعَبْقَرِيٍّ حِسَانٍ ﴿٧٧﴾ فَبِأَيِّ

তুকায্যিবা-ন্। ৭৬। মুত্তাকিয়ীনা 'আলা-রফ্রফিন্ খুদ্বরিঁও অ'আব্ক্বারিয়্যিন্ হিসা-ন্। ৭৭। ফাবিআইয়্যি
অস্বীকার করবে? (৭৬) তারা সবুজ গালিচা ও সুন্দর বিছানায় হেলান দিয়ে অবস্থান করবে (৭৭) উভয়ে রবের কোন্ কোন্

আ-লা — য়ি রব্বিকুমা তুকায্যিবা-ন্। ৭৮। তাবা-রকাস্মু রব্বিকা যিল্ জ্বালা-লি অল্ইক্রা-ম্।
দান অস্বীকার করবে? (৭৮) কতই না বরকতময় তোমার রবের নাম যিনি মহত্ত্বের ও মহানুভবতার অধিপতি।

সূরা ওয়া-ক্বিয়াহ্
মক্কাবতীর্ণ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৯৬
রুকূ ঃ ৩

১। ইযা-অক্বা'আতিল্ ওয়া-ক্বি'আতু। ২। লাইসা লিঅক্ব্'আতিহা-কা-যিবাহ্। ৩। খ-ফি দ্বোয়াতুর্ র-ফি'আহ্। ৪। ইযা-
(১) যখন কিয়ামত সংঘটিত হবে, (২) যাতে মিথ্যার কোন অবকাশ নেই, (৩) তা পতন ও উত্থানকারী। (৪) যখন

রুজ্জাতিল্ আর্দ্বু রজ্জান্। ৫। অবুস্সাতিল্ জ্বিবা-লু বাস্সা-। ৬। ফাকা-নাত্ হাবা — য়াম্ মুম্বাছ্ছাঁও। ৭। অকুন্তুম্
যমীন ভীষণভাবে প্রকম্পিত হবে, (৫) পাহাড়সমূহ চূর্ণ-বিচূর্ণ হবে, (৬) অতঃপর বিক্ষিপ্ত ধূলিকণা হবে, (৭) আর তোমরা

আয্ওয়া-জ্বান্ ছালা-ছাহ্। ৮। ফাআছ্হা-বুল্ মাইমানাতি মা ~ আছ্হা-বুল্ মাইমানাহ্। ৯। অআছ্হা-বুল্
তিনদলে বিভক্ত হবে, (৮) অনন্তর যারা ডানের দল, কতই না ভাগ্যবান তারা! (৯) আর যারা বামের

মাশ্য়ামাতি মা ~ আছ্হা-বুল্ মাশ্য়ামাহ্। ১০। অস্সা-বিক্বূ নাস্ সা-বিক্বূন। ১১। উলা — য়িকাল্ মুক্বর্রাবূন্।
দল, কতইনা নিকৃষ্ট তারা! (১০) অগ্রগামীরাই অগ্রগণ্য। (১১) তারাই আল্লাহর নিকটতম;

১২। ফী জ্বান্না-তিন্ না'ঈম্। ১৩। ছুল্লাতুম্ মিনাল্ আউয়্যালীন। ১৪। অক্বালীলুম্ মিনাল্ আ-খিরীন্। ১৫। 'আলা- সুরুরিম্
(১২) তারা অবস্থান করবে নিয়ামত পূর্ণ জান্নাতে; (১৩) পূর্ববর্তীদের বহুসংখ্যক, (১৪) আর পরবর্তীদের অল্পসংখ্যক; (১৫) আর

মাওদ্বূনাতিম্। ১৬। মুত্তাকিয়ীনা 'আলাইহা-মুতাক্ব-বিলীন্। ১৭। ইয়াত্বূফু 'আলাইহিম্ ওয়িল্দা-নুম্ মুখাল্লাদূন্।
স্বর্ণখচিত পালঙ্ক থাকবে; (১৬) তারা মুখোমুখি এলিয়ে বসবে; (১৭) চিরকিশোররা তাদের চর্তুপার্শ্বে ঘোরাফেরা করবে।

নামকরণ ঃ ওয়াক্বি'আ-সংঘটনীয় মহাঘটনা; অবশ্যম্ভাবী মহাপ্রলয় ও পুনরুত্থান। এ সূরার প্রথম আয়াতের 'ওয়া-ক্বি'আ শব্দ হতেই এর নামকরণ করা হয়েছে।
এ সূরার সর্বপ্রথম প্রতিপাদ্য বিষয় হল, এ বিশাল বিশ্বজগৎ ও নশ্বর পৃথিবী একদিন নিশ্চয়ই ধ্বংসপ্রাপ্ত হয়ে নতুন সৃষ্টিতে চিরস্থায়ী পরলোক প্রকাশিত হবে এবং যেদিন ঐ মহাঘটনা সংঘটিত হবে, সেদিন আল্লাহ তা'আলার অনন্ত মহিমার শ্রেষ্ঠতম নিদর্শন স্বরূপ, পুনরুত্থান, মহাবিচার, কর্মফল ও জান্নাত-জাহান্নাম প্রভৃতি অবশ্যই সুপ্রকাশিত হবে।

۝١٨ بِأَكْوَابٍ وَأَبَارِيقَ ۙ وَكَأْسٍ مِّن مَّعِينٍ ۝١٩ لَّا يُصَدَّعُونَ عَنْهَا وَلَا

১৮। বিআক্ওয়া-বিঁও অআবা-রীক্বা অকা''সিম্ মিম্ মা'ঈনিল্। ১৯। লা-ইয়ুছোয়াদ্দা'উনা 'আন্হা-অলা-
(১৮)পানপাত্র ও সুরাপূর্ণ পাত্র হাতে নিয়ে, (১৯) তাতে (সে পানীয়তে) না হবে তাদের মাথা পীড়া, আর না তারা অজ্ঞান

يُنزِفُونَ ۝٢٠ وَفَاكِهَةٍ مِّمَّا يَتَخَيَّرُونَ ۝٢١ وَلَحْمِ طَيْرٍ مِّمَّا يَشْتَهُونَ ۝٢٢ وَحُورٌ عِينٌ

ইয়ুন্যিফূন।২০। অফা-কিহাতিম্ মিম্মা-ইয়াতাখাইয়্যারূন। ২১। অলাহ্মি ত্বোয়াইরিম্ মিম্মা-ইয়াশ্তাহূন।২২। অহূরুন্ 'ঈনুন্।
হবে, (২০) আর পছন্দময় নানা জাতীয় ফল থাকবে, (২১) আর পছন্দমত পাখির গোশ্ত, (২২) আর আনতনয়না হূর,

۝٢٣ كَأَمْثَالِ اللُّؤْلُؤِ الْمَكْنُونِ ۝٢٤ جَزَاءً بِمَا كَانُوا يَعْمَلُونَ ۝٢٥ لَا يَسْمَعُونَ فِيهَا لَغْوًا

২৩। কাআম্ছা-লিল্ লু''লুয়িল্ মাক্নূন্ । ২৪। জ্বাযা — য়াম্ বিমা-কা-নূ ইয়া'মালূন্। ২৫। লা-ইয়াস্মাউ'না ফীহা-লাগ্ওয়াঁও
(২৩) আচরণে সযত্নে রক্ষিত মুক্তার ন্যায়, (২৪) তাদের কাজের বিনিময় হিসেবে। (২৫) সেখানে না শুনতে পাবে কোন অসার

وَلَا تَأْثِيمًا ۝٢٦ إِلَّا قِيلًا سَلَامًا سَلَامًا ۝٢٧ وَأَصْحَابُ الْيَمِينِ ۙ مَا أَصْحَابُ الْيَمِينِ

অলা-তা''ছীমান্। ২৬। ইল্লা-ক্বীলান্ সালা-মান্ সালা-মা-। ২৭। অআছ্হা-বুল্ ইয়ামীনি মা ~ আছ্হা-বুল্ ইয়ামীন্।
বাক্য, আর না কোন অশালীন বাক্য, (২৬) বরং শুনবে 'সালাম' আওয়াজ, (২৭) আর যারা ডানের দল, তারা কতই না! ভাগ্যবান

۝٢٨ فِي سِدْرٍ مَّخْضُودٍ ۝٢٩ وَطَلْحٍ مَّنضُودٍ ۝٣٠ وَظِلٍّ مَّمْدُودٍ ۝٣١ وَمَاءٍ مَّسْكُوبٍ

২৮। ফী সিদ্রিম্ মাখ্দ্বূদিঁও। ২৯। অত্বোয়াল্হিম্ মান্দ্বূদিঁও। ৩০। অজিল্লিম্ মামদূদিঁও। ৩১। অমা — য়িম্ মাস্কূবিঁও।
(২৮) তারা থাকবে কাঁটাহীন কুল বৃক্ষের, (২৯) সারিবদ্ধ কলা গাছের, (৩০) বিস্তৃত ছায়ায়, (৩১) সদা প্রবাহিত পানিতে,

۝٣٢ وَفَاكِهَةٍ كَثِيرَةٍ ۝٣٣ لَّا مَقْطُوعَةٍ وَلَا مَمْنُوعَةٍ ۝٣٤ وَفُرُشٍ مَّرْفُوعَةٍ ۝٣٥ إِنَّا

৩২। অ ফা- কিহাতিন্ কাছীরাতিল্। ৩৩। লা-মাক্ব্ত্বূ'আতিঁও অলা-মাম্নূ'আতিঁও । ৩৪। অফুরুশিম্ মারফূ'আহ্। ৩৫। ইন্না ~
(৩২) প্রচুর ফলমূলে,(৩৩) অশেষ ও অনিষিদ্ধ,(৩৪) আর থাকবে উচ্চ শয্যাদি, (৩৫) নিশ্চয়ই আমি হূরকে বিশেষভাবে

أَنشَأْنَاهُنَّ إِنشَاءً ۝٣٦ فَجَعَلْنَاهُنَّ أَبْكَارًا ۝٣٧ عُرُبًا أَتْرَابًا ۝٣٨ لِّأَصْحَابِ الْيَمِينِ ۝٣٩ ثُلَّةٌ

১ ع ৩৮ ১৪ রুকু

আন্শা''না-হুন্না ইন্শা — য়ান্। ৩৬। ফাজ্বা'আল্না-হুন্না আব্কা-রন্। ৩৭। উ'রুবান্ আত্র-বাল্ ৩৮। লিআছ্হা-বিল্ ইয়ামীন্। ৩৯। ছুল্লাতুম্
সৃষ্টি করেছি, (৩৬) তাদেরকে করেছি কুমারী, (৩৭) মনমাতানো, সমবয়স্কা, (৩৮) ডানের লোকদের জন্য। (৩৯) বহু

مِّنَ الْأَوَّلِينَ ۝٤٠ وَثُلَّةٌ مِّنَ الْآخِرِينَ ۝٤١ وَأَصْحَابُ الشِّمَالِ ۙ مَا أَصْحَابُ

মিনাল্ আউয়্যালীনা। ৪০। অছুল্লাতুম্ মিনাল্ আ-খিরীন্। ৪১। অআছ্হা-বুশ্ শিমা- লি মা ~ আছ্হা-বুশ্
সংখ্যক থাকবে পূর্ববর্তীদের থেকে, (৪০) আর বহু সংখ্যক থাকবে পরবর্তীদের মধ্য থেকে, (৪১) আর যারা বামের দল,

الشِّمَالِ ۝٤٢ فِي سَمُومٍ وَحَمِيمٍ ۝٤٣ وَظِلٍّ مِّن يَحْمُومٍ ۝٤٤ لَّا بَارِدٍ وَلَا كَرِيمٍ

শিমা-ল্। ৪২। ফী সামূমিঁও অহামীমিঁও। ৪৩। অজিল্লিম্ মিঁ ইয়াহ্মূমিল্ ।৪৪। লা-বা-রিদিঁও অলা-কারীম্।
তারা কতই না হতভাগ্য, (৪২) তারা থাকবে গরম ও ফুটন্ত পানিতে, (৪৩) কালো ধূঁয়ার ছায়ায়, (৪৪) না ঠাণ্ডা, আর না আরাম,

﴿٤٤﴾ إِنَّهُمْ كَانُوا قَبْلَ ذَٰلِكَ مُتْرَفِينَ ﴿٤٥﴾ وَكَانُوا يُصِرُّونَ عَلَى الْحِنثِ الْعَظِيمِ ﴿٤٦﴾ وَ

৪৫। ইন্নাহুম্ ক্বা-নূ ক্বব্লা যা-লিকা মুত্রাফীন্। ৪৬। অকা-নূ ইয়ুছিররূ-না 'আলাল্ হিন্ছিল্ 'আজীম্। ৪৭। অ

(৪৫) নিঃসন্দেহে তারা ইতোপূর্বে ভোগ বিলাসে ডুবে ছিল, (৪৬) আর সর্বদা তারা বড় পাপে লিপ্ত ছিল। (৪৭) আর আমাদের

كَانُوا يَقُولُونَ أَئِذَا مِتْنَا وَكُنَّا تُرَابًا وَعِظَامًا أَإِنَّا لَمَبْعُوثُونَ ﴿٤٧﴾ أَوَآبَاؤُنَا

কা-নূ ইয়াকু লূনা আইযা-মিত্না-অকুন্না-তুরা-বাঁও অই'জোয়া-মান্ য়াইন্না-লামাব্উছূনা। ৪৮। আ ওয়া আ-বা — য়ু নাল্

এরূপ বলত যে যখন, আমরা মরে যাব এবং মাটি ও হাড়ে পরিণত হয়ে যাব, (এর পরও কি) আমরা পুনরায় উত্থিত হব কি? (৪৮) আর আমাদের পূর্ব

الْأَوَّلُونَ ﴿٤٨﴾ قُلْ إِنَّ الْأَوَّلِينَ وَالْآخِرِينَ ﴿٤٩﴾ لَمَجْمُوعُونَ إِلَىٰ مِيقَاتِ يَوْمٍ

আওয়ালূন্। ৪৯। ক্বূল্ ইন্নাল্ আউয়্যালীনা অল্আ-খিরীনা ৫০। লামাজ্ মূ'উ না ইলা-মীক্ব-তি ইয়াওমিম্

পুরুষদেরও কি ? (৪৯) আপনি বলে দিন, নিশ্চয়ই পূর্ববর্তী ও পরবর্তীরাও, (৫০) সকলেই সমবেত হবে এক নির্দিষ্ট

مَعْلُومٍ ﴿٥٠﴾ ثُمَّ إِنَّكُمْ أَيُّهَا الضَّالُّونَ الْمُكَذِّبُونَ ﴿٥١﴾ لَآكِلُونَ مِن شَجَرٍ مِّن

মা'লূম্। ৫১। ছুম্মা ইন্নাকুম্ আইয়ুহাদ্দোয়া — লুনাল্ মুকায্যিবূন্। ৫২। লাআ-কিলূনা মিন্ শাজ্বারিম্ মিন্

সময়ে। (৫১) তারপর নিশ্চয়ই তোমাদেরকে (বলা হবে) হে বিভ্রান্ত মিথ্যাবাদীর দল! (৫২) তোমরা অবশ্যই আহার করবে যাক্কুম

زَقُّومٍ ﴿٥٢﴾ فَمَالِئُونَ مِنْهَا الْبُطُونَ ﴿٥٣﴾ فَشَارِبُونَ عَلَيْهِ مِنَ الْحَمِيمِ ﴿٥٤﴾ فَشَارِبُونَ

যাক্ব্ক্বূমিন্ ৫৩। ফামা-লিয়ূনা মিন্হাল্ বুতূন্। ৫৪। ফাশা-রিবূনা 'আলাইহি মিনাল্ হামীম্। ৫৫। ফাশা-রিবূনা

গাছের ফল। (৫৩) অনন্তর তা দিয়েই তোমাদের পেট পূর্ণ করতে হবে, (৫৪) ফুটন্ত পানি পান করবে, (৫৫) পিপাসার্ত উটের

شُرْبَ الْهِيمِ ﴿٥٥﴾ هَٰذَا نُزُلُهُمْ يَوْمَ الدِّينِ ﴿٥٦﴾ نَحْنُ خَلَقْنَاكُمْ فَلَوْلَا تُصَدِّقُونَ

শুর্বাল্ হীম্। ৫৬। হা-যা-নুযুলুহুম্ ইয়াওমাদ্দীন্। ৫৭। নাহ্নু খলাক্ব্ না-কুম্ ফালাওলা তুছোয়াদ্দিকূন্।

ন্যায় তোমরা পান করবে, (৫৬) বিচার দিনে এটাই আপ্যায়ন।(৫৭) তোমাদেরকে সৃষ্টি করলাম, বিশ্বাস কর না কেন ?

﴿٥٧﴾ أَفَرَأَيْتُم مَّا تُمْنُونَ ﴿٥٨﴾ أَأَنتُمْ تَخْلُقُونَهُ أَمْ نَحْنُ الْخَالِقُونَ ﴿٥٩﴾ نَحْنُ قَدَّرْنَا

৫৮। আফারায়াইতুম্ মা তুম্নূন্। ৫৯। আআন্তুম্ তাখ্লুক্বূ নাহূ ~ আম্ নাহ্নুল্ 'খ-লিক্বূন্ । ৬০। নাহ্নু ক্বাদ্দার্না-

(৫৮) বীর্যপাত সম্পর্কে তোমরা কি ভেবেছ? (৫৯) তা কি তোমরা সৃষ্টি করেছ, না কি আমি সৃষ্টি করেছি? (৬০) আমিই তোমাদের মধ্যে

بَيْنَكُمُ الْمَوْتَ وَمَا نَحْنُ بِمَسْبُوقِينَ ﴿٦٠﴾ عَلَىٰ أَن نُّبَدِّلَ أَمْثَالَكُمْ وَنُنشِئَكُمْ

বাইনাকুমুল্ মাওতা অমা-নাহ্নু বিমাস্বূক্বীন। ৬১। 'আলা ~ আন্ নুবাদ্দিলা আম্ছা-লাকুম্ অনুন্শিয়াকুম্ আম্ছা-লাকুম্ অনুন্শিয়াকুম্

মৃত্যু নির্ধারণ করেছি, আর আমি এ ব্যাপারে অক্ষম নই (৬১) যে, তোমাদের আকৃতি পরিবর্তন করে এমন আকৃতি দিতে পারি

আয়াত-৫৪ ঃ অর্থাৎ জাহান্নামীরা যখন খুব ক্ষুধাবোধ করবে তখন তাদেরকে যাক্কুম গাছের ফল আহার করতে দেয়া হবে। ক্ষুধার যন্ত্রণায় তারা এটি পেট ভরে খাবে, এতে তাদের পিপাসা অত্যাধিক বেড়ে যাবে। ফুটন্ত পানি সম্মুখে উপস্থিত করা হলে পিপাসার্ত উটের ন্যায় পান করে ফেলবে। কিন্তু পিপাসা নিবৃত্তি হবে না। (বঃ কোঃ) আয়াত-৫৯ ঃ এ আয়াতে আল্লাহ তাদেরকে একটা সহজ উপমা দিয়ে বুঝিয়েছেন যে, প্রথমে তোমাদের কোন অস্তিত্বই ছিল না। আমি তোমাদেরকে সৃষ্টি করে অস্তিত্বে এনেছি। তোমরা এ কথাটি কেন বুঝছ না যে, মৃত্যুর পর তোমরা যখন অস্তিত্বহীন হয়ে পড়বে, তখন পুনরায় তোমাদেরকে অস্তিত্ব দেয়া অতি সহজ। (ইবঃ কাঃ)

فِي مَا لَا تَعْلَمُونَ ﴿٦٢﴾ وَلَقَدْ عَلِمْتُمُ النَّشْأَةَ الْأُولَىٰ فَلَوْلَا تَذَكَّرُونَ ﴿٦٣﴾ أَفَرَءَيْتُم

ফীমা-লা-তা'লামূন্। ৬২। অলাক্বদ্ 'আলিমতুমুন্ নাশ্য়াতাল্ ঊলা-ফালাওলা- তাযাক্কারূন্। ৬৩। আফারায়াইতুম্

যা তোমরা অবগত নও। (৬২) আর প্রথম সৃষ্টি সম্পর্কে তো তোমরা জান, তবে কেন তোমরা চিন্তা কর না?(৬৩) বপন করা বীজ

مَا تَحْرُثُونَ ﴿٦٤﴾ ءَأَنتُمْ تَزْرَعُونَهُ أَمْ نَحْنُ الزَّارِعُونَ ﴿٦٥﴾ لَوْ نَشَاءُ لَجَعَلْنَاهُ حُطَامًا

মা-তাহ্রুছূন্। ৬৪। আআন্তুম্ তায্রউ'নাহূ ~ আম্ নাহ্নুয্ যা-রিউ'ন্। ৬৫। লাও নাশা — য়ু লাজ্বা'আল্না-হু হুত্বোয়া-মান্

সম্পর্কে ভেবেছ কি?(৬৪) তা কি তোমরা অঙ্কুরিত কর, না আমি তার উৎপন্নকারী?(৬৫) তাকে চূর্ণ করতে পারি, তখন

فَظَلْتُمْ تَفَكَّهُونَ ﴿٦٦﴾ إِنَّا لَمُغْرَمُونَ ﴿٦٧﴾ بَلْ نَحْنُ مَحْرُومُونَ ﴿٦٨﴾ أَفَرَءَيْتُمُ الْمَاءَ

ফাজোয়াল্তুম্ তাফাক্কাহূন্। ৬৬। ইন্না-লামুগ্রমূন্। ৬৭। বাল্ নাহ্নু মাহ্রূমূন্। ৬৮। আফারয়াইতুমুল্ মা — য়াল্

তোমরা হতবুদ্ধি হয়ে পড়বে। (৬৬) আমরাই সর্বহারা (৬৭) বরং আমরাই হতভাগা। (৬৮) পানী সম্পর্কে কি তোমরা

الَّذِي تَشْرَبُونَ ﴿٦٩﴾ ءَأَنتُمْ أَنزَلْتُمُوهُ مِنَ الْمُزْنِ أَمْ نَحْنُ الْمُنزِلُونَ ﴿٧٠﴾ لَوْ

লাযী তাশ্রবূন্। ৬৯। আআন্তুম্ আন্ যাল্তুমূহু মিনাল্ মুয্নি আম্ নাহ্নুল্ মুন্যিলূন্। ৭০। লাও

ভেবেছ যে পানি তোমরা পান করে থাক? (৬৯) তোমরাই কি তা মেঘ হতে বর্ষণ করাও, না আমি বর্ষণ করাই? (৭০) আমি

نَشَاءُ جَعَلْنَاهُ أُجَاجًا فَلَوْلَا تَشْكُرُونَ ﴿٧١﴾ أَفَرَءَيْتُمُ النَّارَ الَّتِي تُورُونَ ☆

নাশা — য়ু জ্বা'আল্না-হু উজ্বা-জ্বান্ ফালাওলা- তাশ্কুরূ ন্।৭১। আফারয়াইতুমু ন্না-র ল্লাতী তূরূন্।

ইচ্ছা করলে লবণাক্ত করতে পারি, তবুও কেন শুকর কর না? (৭১) তোমরা যে আগুন জ্বালাও সে সম্পর্কে ভেবেছ কি?

﴿٧٢﴾ ءَأَنتُمْ أَنشَأْتُمْ شَجَرَتَهَا أَمْ نَحْنُ الْمُنشِئُونَ ﴿٧٣﴾ نَحْنُ جَعَلْنَاهَا تَذْكِرَةً

৭২। আ-আন্তুম্ আন্শা''তুম্ শাজ্বারতাহা ~ আম্ নাহ্নুল্ মুন্শিয়ূন্। ৭৩। নাহ্নু জ্বা'আল্না-হা তায্কিরতাঁও

(৭২) তোমরা কি তার গাছ সৃষ্টি কর, না কি আমি সৃষ্টি করি? (৭৩) তাকে স্মরণীয় এবং মরুচারীদের জন্য ভোগের

وَمَتَاعًا لِّلْمُقْوِينَ ﴿٧٤﴾ فَسَبِّحْ بِاسْمِ رَبِّكَ الْعَظِيمِ ﴿٧٥﴾ فَلَا أُقْسِمُ بِمَوَاقِعِ النُّجُومِ ☆

অমাতা-'আল্ লিল্মুক্ব্ ওয়ীন্।৭৪। ফাসাব্বিহ্ বিস্মি রব্বিকাল্ 'আজীম্।৭৫। ফালা ~ উক্বসিমু বিমাওয়া-ক্বি'ইন্ নুজূ মি।

উপকরণ আমিই করেছি। (৭৪) সুতরাং মহান রবের মহিমা ঘোষণা করুণ। (৭৫) আমি তারকার অস্তের কসম করছি,

﴿٧٦﴾ وَإِنَّهُ لَقَسَمٌ لَّوْ تَعْلَمُونَ عَظِيمٌ ﴿٧٧﴾ إِنَّهُ لَقُرْآنٌ كَرِيمٌ ﴿٧٨﴾ فِي كِتَابٍ مَّكْنُونٍ ☆

৭৬। অইন্নাহূ লাক্বাসামু ল্লাও তা'লামূনা 'আজীম। ৭৭। ইন্নাহূ লা কুর্ আ-নুন্ কারীমুন্। ৭৮। ফী কিতা-বিম্ মাক্নূনিল্।

(৭৬) যদি বুঝ, এটা এক বিরাট শপথ, যদি তোমরা জানতে, (৭৭) এটা সম্মানিত কুরআন, (৭৮) যা রক্ষিত গ্রন্থে,

﴿٧٩﴾ لَّا يَمَسُّهُ إِلَّا الْمُطَهَّرُونَ ﴿٨٠﴾ تَنزِيلٌ مِّن رَّبِّ الْعَالَمِينَ ﴿٨١﴾ أَفَبِهَٰذَا الْحَدِيثِ

৭৯। লা ইয়ামাস্সুহূ ~ ইল্লাল্ মুত্বোয়াহ্ হারূন্। ৮০। তান্যীলুম্ মির্ রব্বিল্ 'আ-লামী ন্। ৮১। আফাবিহা-যাল্ হাদীছি

(৭৯) পবিত্ররা (ফেরেশতারা) ছাড়া কেউ তা স্পর্শ করবে না,(৮০) বিশ্ব রবের পক্ষ হতে নাযিলকৃত (৮১) তবু কি একে

রুকু ১৫

أَنْتُمْ مُدْهِنُونَ ﴿٨٢﴾ وَتَجْعَلُونَ رِزْقَكُمْ أَنَّكُمْ تُكَذِّبُونَ ﴿٨٣﴾ فَلَوْلَا إِذَا بَلَغَتِ

আন্তুম্ মুদ্হিনূনা। ৮২। অতাজ্ব্'আলূনা রিয্ক্বকুম্ আন্নাকুম্ তুকায্যিবূন্। ৮৩। ফালাওলা ~ ইযা-বালাগতিল্
তোমরা তুচ্ছ ভাববে? (৮২) আর তোমরা ঠিক করেছ যে, মিথ্যা বলবে, (৮৩) প্রাণ কণ্ঠাগত হলে রোধ কর না

الْحُلْقُومَ ﴿٨٤﴾ وَأَنْتُمْ حِينَئِذٍ تَنْظُرُونَ ﴿٨٥﴾ وَنَحْنُ أَقْرَبُ إِلَيْهِ مِنْكُمْ وَلَٰكِنْ لَا

হুল্কূ্ম্। ৮৪। অআন্তুম্ হীনায়িযিন্ তান্জুরূনা। ৮৫। অনাহ্নু আক্ব্রাবু ইলাইহি মিন্কুম্ অলা-কিল্লা-
কেন?(৮৪) আর তোমরা তো তখন তাকিয়ে থাক, (৮৫) আমিই তোমাদের চেয়ে তার অধিকতর নিকটতর, কিন্তু তোমরা

تُبْصِرُونَ ﴿٨٥﴾ فَلَوْلَا إِنْ كُنْتُمْ غَيْرَ مَدِينِينَ ﴿٨٦﴾ تَرْجِعُونَهَا إِنْ كُنْتُمْ صَادِقِينَ ﴿٨٧﴾

তুব্ছিরূন্। ৮৬। ফালাওলা ~ ইন্ কুন্তুম্ গইর মাদীনীন। ৮৭। তার্জ্বি'ঊনাহা ~ ইন্ কুন্তুম্ ছোয়া-দিক্বীন্।
তা দেখ না; (৮৬) সুতরাং যদি হিসাব না হবারই হয় তবে ফিরাও না কেন?(৮৭) সত্যবাদী হলে ফিরিয়ে আন না কেন?

فَأَمَّا إِنْ كَانَ مِنَ الْمُقَرَّبِينَ ﴿٨٨﴾ فَرَوْحٌ وَرَيْحَانٌ وَجَنَّتُ نَعِيمٍ ﴿٨٩﴾

৮৮। ফা আম্মা ~ ইন্ কা-না মিনাল্ মুক্বার্‌রবীন। ৮৯। ফারওহুঁও অরইহা-নুঁও অজ্বান্নাতু না'ঈম্।
(৮৮) অতঃপর যদি সে নৈকট্য প্রাপ্তদের মধ্যে একজন হয়,(৮৯) তাকে বলা হবে আরাম, সুখ ও সুখ তো জান্নাতে আছে।

وَأَمَّا إِنْ كَانَ مِنْ أَصْحَٰبِ الْيَمِينِ ﴿٩٠﴾ فَسَلَٰمٌ لَكَ مِنْ أَصْحَٰبِ الْيَمِينِ ﴿٩١﴾

৯০। অ আম্মা ~ ইন্ কা-না মিন্ আছ্হা-বিল্ ইয়ামীন। ৯১। ফাসালা-মুল্ লাকা মিন্ আছ্হা-বিল্ ইয়ামীন্।
(৯০) কিন্তু যদি সে ডান দলের একজন হয়,(৯১) তাকে (বলা হবে) তোমার জন্য শান্তি ও নিরাপত্তা রয়েছে, হে ডান পন্থী!

وَأَمَّا إِنْ كَانَ مِنَ الْمُكَذِّبِينَ الضَّالِّينَ ﴿٩٢﴾ فَنُزُلٌ مِنْ حَمِيمٍ ﴿٩٣﴾ وَتَصْلِيَةُ

৯২। অ আম্মা ~ ইন্ কা-না মিনাল্ মুকায্যিবীনাদ্ব্ দ্বোয়া — ল্লীন। ৯৩। ফা নুযুলুম্ মিন্ হামীমিঁও। ৯৪। অ তাছ্লিয়াতু
(৯২) যদি সে প্রত্যাখ্যানকারী, পথভ্রষ্ট হয়, (৯৩) তবে তার আপ্যায়ন হবে তপ্ত পানি, (৯৪) এবং জাহান্নামের

جَحِيمٍ ﴿٩٤﴾ إِنَّ هَٰذَا لَهُوَ حَقُّ الْيَقِينِ ﴿٩٥﴾ فَسَبِّحْ بِاسْمِ رَبِّكَ الْعَظِيمِ ﴿٩٦﴾

জ্বাহীম্। ৯৫। ইন্না হা-যা-লাহুওয়া হাক্ব্ক্বুল্ ইয়াক্বীন্। ৯৬। ফাসাব্বিহ্ বিস্মি রব্বিকাল্ 'আজীম্।
দহন দিয়ে, (৯৫) নিঃসন্দেহে এটা তো স্বতঃসিদ্ধ। (৯৬) অতএব আপনি মহান রবের নামের মহিমা ঘোষণা করুন।

৩ ع ২২ ১৬ রুকূ

সূরা হাদীদ্
মদীনাবতীর্ণ

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ২৯
রুকূ ঃ ৪

سَبَّحَ لِلَّهِ مَا فِي السَّمَٰوَٰتِ وَالْأَرْضِ ۖ وَهُوَ الْعَزِيزُ الْحَكِيمُ ﴿١﴾ لَهُ مُلْكُ

১। সাব্বাহা-লিল্লা-হি মা-ফিস্ সামা-ওয়া-তি অল্ আরদ্বি অহুওয়াল্ 'আযীযুল্ হাকীম্। ২। লাহু মুল্কুস্
(১) আসমান-যমীনের সবকিছু আল্লাহর পবিত্রতা বর্ণনা করছে, তিনি মহাপরাক্রান্ত, মহাবিজ্ঞ। (২) আসমানসমূহ ও

السموت والارض يحي ويميت وهو على كل شيء قدير ○ هو

সামা- ওয়া-তি অল্ আর্দ্বি ইয়ুহ্য়ী অ ইয়ুমীতু অ হুওয়া 'আলা-কুল্লি শাইয়িন্ ক্বদীর্। ৩। হুওয়াল্
যমীনের মালিকানা তাঁর, তিনিই জীবন দান করেন, আর তিনিই মৃত্যু দান করেন, আর তিনিই সর্বশক্তিমান। (৩) তিনিই

الاول والاخر والظاهر والباطن وهو بكل شيء عليم ○ هو الذي

আউয়্যালু অল্ আ-খিরু অজ্‌জোয়া-হিরু অল্‌বা-ত্বিনু অহুওয়া বিকুল্লি শাইয়িন্ 'আলীম্। ৪। হুওয়া ল্লাযী
সব সৃষ্ট জীবের প্রথমে আছেন, তিনি পরেও থাকবেন, প্রকাশ্য ও গুপ্ত; আর তিনিই সর্ববিষয়ে পরিজ্ঞাত। (৪) তিনিই

خلق السموت والارض في ستة ايام ثم استوى على العرش

খলাক্বস্ সামা-ওয়া-তি অল্ আর্‌দ্বোয়া ফী সিত্তাতি আইয়্যা-মিন্ ছুম্মাস্ তাওয়া -'আলাল্ 'আরশ্;
ছয়দিনে আকাশ মণ্ডল ও পৃথিবী সৃষ্টি করেছেন, অতঃপর আরশের উপর সমাসীন হলেন; তিনি সব কিছুই অবগত আছেন,

يعلم ما يلج في الارض وما يخرج منها وما ينزل من السماء وما يعرج

ইয়া'লামু মা ইয়ালিজু ফিল্ আর্দ্বি অমা-ইয়াখ্‌রুজু মিন্‌হা-অমা-ইয়ান্‌যিলু মিনাস্ সামা — য়ি অমা-ইয়া'রুজু
যা যমীনে প্রবেশ করে আর যা যমীন থেকে বহির্গত হয়, আর যা আকাশ হতে অবতীর্ণ হয় আর যা যমীন থেকে ওঠে;

فيها وهو معكم اين ما كنتم والله بما تعملون بصير ○ له ملك السموت

ফীহা-; অহুওয়া মা'আকুম্ আইনা মা-কুন্‌তুম্; অল্লা-হু বিমা-তা'মালুনা বাছীর্। ৫। লাহূ মুল্‌কুস্ সামা-ওয়া-তি
তিনি সঙ্গে থাকেন তোমরা যেখানেই অবস্থান কর না কেন তিনি তোমাদের কর্ম দেখেন, (৫) আকাশ ও পৃথিবীর মালিকানা

والارض والى الله ترجع الامور ○ يولج اليل في النهار ويولج النهار

অল্ আর্দ্ব; অ ইলাল্লা-হি তুর্‌জ্বাউ'ল্ উমূর্। ৬। ইয়ূলিজু ল্লাইলা ফিন্নাহা-রি অইয়ূ লিজুন্ নাহা-রা
একমাত্র তাঁর, আর আল্লাহর দিকে সব বিষয় প্রত্যাবর্তন করবে। (৬) তিনিই রাতকে দিনের মধ্যে প্রবেশ করান এবং দিনকে

في اليل وهو عليم بذات الصدور ○ امنوا بالله ورسوله وانفقوا

ফিল্ লাইল্; অহুওয়া 'আলীমুম্ বিযা-তিছ্ ছুদূর্।৭। আ-মিনূ বিল্লা-হি অরাসূলিহী অ আন্‌ফিকূ
রাতে প্রবেশ করান, তিনি অন্তর্যামী। (৭) তোমরা ঈমান আন আল্লাহ ও তাঁর রাসূলের প্রতি, আর যার উত্তরাধিকারী তিনি

مما جعلكم مستخلفين فيه فالذين امنوا منكم وانفقوا لهم اجر كبير *

মিম্মা-জ্বা'আলাকুম্ মুস্‌তাখ্‌লাফীনা ফীহ্; ফাল্লাযীনা আ-মানূ মিন্‌কুম্ অআন্‌ফাকূ, লাহুম্ আজ্‌রুন্ কাবীর্।
তোমাদের বানালেন তা হতে তোমরা ব্যয় কর, তোমাদের মধ্যে যারা বিশ্বাসী ও ব্যয়কারী তাদের জন্য রয়েছে মহা-প্রতিদান,

শানেনুযূল ঃ আয়াত-৭ঃ এ আয়াতটি তাবুকের যুদ্ধের শানে অবতীর্ণ হয়। কেননা, এ যুদ্ধ ছিল একটি সুদীর্ঘ পথের যাত্রা এবং যুদ্ধের সাজ সরঞ্জামও মুসলমানদের নিকট ছিল সামান্য; ফলে একে কষ্টসাধ্য যুদ্ধও বলা হত। এ কারণে বিত্তবান মুসলমানদেরকে এ জিহাদে চাঁদা দিতে উৎসাহিত করে এবং দুঃস্থ ও সরঞ্জামহীন মুসলমানদেরকে সাহায্য করার আদেশ দিয়ে এ আয়াতটি নাযিল করা হয়। আর হযরত ওছমান গণী (রাঃ) যেহেতু এ যুদ্ধে আর্থিক সহায়তায় পুরুভাগ গ্রহণ করেছিলেন তাই তার ফযীলত বর্ণনা পূর্বক এ আয়াতটি অবতীর্ণ হয়।

وَمَا لَكُمْ لَا تُؤْمِنُونَ بِاللّٰهِ ۚ وَالرَّسُولُ يَدْعُوكُمْ لِتُؤْمِنُوا بِرَبِّكُمْ وَقَدْ

৮। অমা-লাকুম্ লা-তু''মিনূনা বিল্লা-হি অর্ রাসূলু ইয়াদ্'উকুম্ লিতু''মিনূ বিরব্বিকুম্ অক্বদ্

(৮) কি হল যে, তোমরা আল্লাহকে বিশ্বাস কর না? রাসূল তো রবকে বিশ্বাস করতে তোমাদেরকে ডাকেন, তিনি তো

أَخَذَ مِيثَاقَكُمْ إِنْ كُنْتُمْ مُؤْمِنِينَ ﴿٨﴾ هُوَ الَّذِي يُنَزِّلُ عَلَىٰ عَبْدِهِ آيَاتٍ

আখাযা মীছা-ক্বকুম্ ইন্ কুন্তুম্ মু''মিনীন্। ৯। হুওয়াল্লাযী ইয়ুনায্যিলু 'আলা-আব্দিহী ~ আ-ইয়া-তিম্

তোমাদের নিকট থেকে ওয়াদাও নিয়েছেন, যদি তোমরা বিশ্বাসী হও।(৯) তিনি স্বীয় বান্দাহর প্রতি আয়াত অবতীর্ণ করেন,

بَيِّنَاتٍ لِيُخْرِجَكُمْ مِنَ الظُّلُمَاتِ إِلَى النُّورِ ۚ وَإِنَّ اللّٰهَ بِكُمْ لَرَءُوفٌ رَحِيمٌ

বাইয়িনা-তিল্ লিইয়ুখ্রিজাকুম্ মিনাজ্ জুলুমা-তি ইলান্নূর্; অইন্নাল্লা-হা বিকুম্ লারয়ূফুর রহীম্।

যেন তিনি তোমাদেরকে বের করে আনেন আধার হতে আলোতে ; নিশ্চয়ই আল্লাহ তোমাদের প্রতি সদাশয়, দয়ালু।

﴿١٠﴾ وَمَا لَكُمْ أَلَّا تُنْفِقُوا فِي سَبِيلِ اللّٰهِ وَلِلّٰهِ مِيرَاثُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ ۚ

১০। অমা-লাকুম্ আল্লা-তুন্ফিক্বূ ফী সাবীলিল্লা-হি অলিল্লা-হি মীরাছুস্ সামা-ওয়া-তি অল্ আর্দ্বি;

(১০) তোমরা কেন ব্যয় করবে না আল্লাহর পথে? আর আকাশসমূহ ও পৃথিবীর মালিকানা তো আল্লাহরই। তোমাদের

لَا يَسْتَوِي مِنْكُمْ مَنْ أَنْفَقَ مِنْ قَبْلِ الْفَتْحِ وَقَاتَلَ ۚ أُولَٰئِكَ أَعْظَمُ دَرَجَةً

লা-ইয়াস্ তাওয়ী মিন্কুম্ মান্ আন্ফাক্বা মিন্ ক্বব্লিল্ ফাত্হি অক্বা- তাল্; উলা — য়িকা আ'জোয়ামু দারাজ্বাতাম্

মধ্যে যারা (মক্কা) বিজয় পূর্বে আল্লাহর পথ ব্যয় করেছে ও সংগ্রাম করেছে তারা সমান নয়, বরং তারা মর্যাদায় তাদের থেকে

مِنَ الَّذِينَ أَنْفَقُوا مِنْ بَعْدُ وَقَاتَلُوا ۚ وَكُلًّا وَعَدَ اللّٰهُ الْحُسْنَىٰ ۚ وَاللّٰهُ

মিনাল্ লাযীনা আন্ফাক্বূ মিম্ বা'দু অক্বা-তালূ; অকুল্লাওঁ অআ'দাল্লা-হুল্ হুস্না-; অল্লা-হু

শ্রেষ্ঠ, তাদের অপেক্ষা যারা মক্কা বিজয়ের পরে ব্যয় ও সংগ্রাম করেছে। আল্লাহ উভয়কে কল্যাণের ওয়াদা প্রদান করেছেন।

১
ع
১০
১৭
রুকু

بِمَا تَعْمَلُونَ خَبِيرٌ ﴿١١﴾ مَنْ ذَا الَّذِي يُقْرِضُ اللّٰهَ قَرْضًا حَسَنًا فَيُضَاعِفَهُ لَهُ وَلَهُ

বিমা-তা'মালূনা খবীর্। ১১। মান যাল্লাযী ইয়ুক্বরিদ্বুল্লা-হা ক্বর্দ্বোয়ান্ হাসানান্ ফাইয়ুদ্বোয়া-ই'ফাহূ লাহূ অলাহূ —

আর আল্লাহ তোমাদের কর্মের খবর রাখেন, (১১) আল্লাহকে কে উত্তম ঋণ দেবে? পরে তিনি তা বহুগুণ প্রদান করবেন এবং

أَجْرٌ كَرِيمٌ ﴿١٢﴾ يَوْمَ تَرَى الْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ يَسْعَىٰ نُورُهُمْ بَيْنَ أَيْدِيهِمْ

আজ্বরুন্ কারীম্ ১২। ইয়াওমা তারাল্ মু''মিনীনা অল্মু'মিনা-তি ইয়াস্'আ- নূরুহুম্ বাইনা আইদীহিম্

তজ্জন্য মহা পুরস্কার রয়েছে। (১২) আপনি দেখতে পাবেন মু'মিন-নর-নারীকে, তাদের নূর ছুটাছুটি করছে তাদের সম্মুখ দিকে

وَبِأَيْمَانِهِمْ بُشْرَاكُمُ الْيَوْمَ جَنَّاتٌ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا ۚ

অবিআইমা-নিহিম্ বুশ্র-কুমুল্ ইয়াওমা জ্বান্না-তুন্ তাজ্ব্রী মিন্ তাহ্তিহাল্ আন্হা-রু খ-লিদীনা ফীহা-;

ও তাদের ডান দিকে। আজ স্থায়ীভাবে তোমাদের জন্য সুসংবাদ জান্নাতের, যার পাশ দিয়ে নহরসমূহ প্রবাহিত থাকবে।

ذٰلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيْمُ ﴿١٢﴾ يَوْمَ يَقُوْلُ الْمُنٰفِقُوْنَ وَالْمُنٰفِقٰتُ لِلَّذِيْنَ اٰمَنُوا

যা-লিকা হুওয়াল্ ফাওযুল্ 'আজীম্। ১৩। ইয়াওমা ইয়াকূ লুল্ মুনা-ফিকূনা অল্ মুনা-ফিক্বা-তু লিল্লাযীনা আ-মানুন্

এটাই বড় সফলতা। (১৩) সে দিন মুনাফিক পুরুষ- মুনাফিক নারী মু'মিনদেরকে বলবে, আমাদের জন্য একটু অপেক্ষা

انْظُرُوْنَا نَقْتَبِسْ مِنْ نُّوْرِكُمْ ۚ قِيْلَ ارْجِعُوْا وَرَآءَكُمْ فَالْتَمِسُوْا نُوْرًا ؕ فَضُرِبَ

জুরূনা- নাক্ব্তাবিস্ মিন্ নূরিকুম্ ক্বী লার্জ্বি'ঊ অর — য়াকুম্ ফাল্তামিসূ নূরা-; ফাদ্বুরিবা

কর, যেন আমরাও তোমাদের আলো হতে আলো পাই; জবাবে বলা হবে, তোমরা তোমাদের পেছনে ফিরে যাও, তারপর আলো

بَيْنَهُمْ بِسُوْرٍ لَّهٗ بَابٌ ؕ بَاطِنُهٗ فِيْهِ الرَّحْمَةُ وَظَاهِرُهٗ مِنْ قِبَلِهِ الْعَذَابُ ٭

বাইনাহুম্ বিসূরিল্লাহূ বা-ব্; বা-ত্বিনুহূ ফীহির্ রহ্মাতু অজোয়া-হিরুহূ মিন্ ক্বিবালিহিল্ 'আযা-ব্।

তালাশ কর অতঃপর এক দরজাযুক্ত প্রাচীর হবে তাদের উভয়ের মাঝে। ভিতরে থাকবে রহমত, বাইরের দিকে আযাব থাকবে।

﴿١٣﴾ يُنَادُوْنَهُمْ اَلَمْ نَكُنْ مَّعَكُمْ ؕ قَالُوْا بَلٰى وَلٰكِنَّكُمْ فَتَنْتُمْ اَنْفُسَكُمْ وَ

১৪। ইয়ুনা-দূনাহুম্ আলাম্ নাকুম্ মা'আকুম্; ক্ব-লূ বালা-অলা- কিন্নাকুম্ ফাতান্তুম্ আন্ফুসাকুম্ অ

(১৪) তারা বলবে, তোমাদের সঙ্গে কি আমরা ছিলাম না? বলবে, হাঁ। তবে তোমরা নিজেরাই নিজদেরকে বিপদাপন্ন করলে।

تَرَبَّصْتُمْ وَارْتَبْتُمْ وَغَرَّتْكُمُ الْاَمَانِيُّ حَتّٰى جَآءَ اَمْرُ اللّٰهِ وَغَرَّكُمْ بِاللّٰهِ

তারব্বাছ্তুম্ অর্তাব্তুম্ অগর্রত্কুমুল্ আমা-নিয়্যু হাত্তা-জ্বা — য়া আমরুল্লা-হি অগর্রকুম্ বিল্লা-হিল্

তোমরা প্রতীক্ষা ও সন্দেহ করলে; দুরাশা তোমাদেরকে মোহাচ্ছন্ন করল, আল্লাহর নির্দেশ পর্যন্ত। এ সব আল্লাহ্ সম্পর্কে

الْغَرُوْرُ ﴿١٤﴾ فَالْيَوْمَ لَا يُؤْخَذُ مِنْكُمْ فِدْيَةٌ وَّلَا مِنَ الَّذِيْنَ كَفَرُوْا ؕ مَاْوٰىكُمُ

গরূর্।১৫। ফাল্ইয়াওমা লা- ইয়ু''খাযু মিন্কুম্ ফিদ্ইয়াতুঁও অলা-মিনাল্লাযীনা কাফারূ; মা''ওয়া-কুমুন্

তোমাদেরকে প্রতারিত করেছে। (১৫) আজ তোমাদের থেকে না মুক্তিপণ গ্রহণ করা হবে আর না কাফেরদের থেকে,

النَّارُ ؕ هِيَ مَوْلٰىكُمْ ؕ وَبِئْسَ الْمَصِيْرُ ﴿١٥﴾ اَلَمْ يَاْنِ لِلَّذِيْنَ اٰمَنُوْا اَنْ تَخْشَعَ

না-র্; হিয়া মাওলা-কুম্; অবি''সাল্ মাছীর্। ১৬। আলাম্ ইয়া''নি লিল্লাযীনা আ-মানূ ~ আন্ তাখ্শা'আ

আগুনই হবে তোমাদের বাসস্থান ও বন্ধু; তা কতই না নিকৃষ্টস্থান। (১৬) যারা মু'মিন তাদের অন্তর আল্লাহর স্মরণে ও যে সত্য

قُلُوْبُهُمْ لِذِكْرِ اللّٰهِ وَمَا نَزَلَ مِنَ الْحَقِّ ۙ وَلَا يَكُوْنُوْا كَالَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ

ক্বূলূবুহুম্ লিযিক্রিল্লা-হি অমা-নাযালা মিনাল্ হাক্ব্ক্বি অলা-ইয়াকূনূ কাল্লাযীনা উতুল্ কিতা-বা

দ্বীন আল্লাহর পক্ষ থেকে অবতীর্ণ হয়েছে সে বিষয়ে বিগলিত হবার সময় কি আসে নি? তারা যেন পূর্বের কিতাবীদের মত

مِنْ قَبْلُ فَطَالَ عَلَيْهِمُ الْاَمَدُ فَقَسَتْ قُلُوْبُهُمْ ؕ وَكَثِيْرٌ مِّنْهُمْ فٰسِقُوْنَ ﴿١٦﴾ اِعْلَمُوْا

মিন্ ক্বব্লু ফাত্বোয়া-লা 'আলাইহিমুল্ আমাদু ফাক্বসাত্ কুলূ বুহুম্; অকাছীরুম্ মিন্হুম্ ফা-সিকূ ন্। ১৭। ই'লামূ ~

না হয়, বহুকাল অতীত হওয়ায় তাদের অন্তর কঠিন হয়ে গিয়েছে। তাদের অনেকেই ফাসেক। (১৭) তোমরা অবগত

أَنَّ اللَّهَ يُحْيِ الْأَرْضَ بَعْدَ مَوْتِهَا ۚ قَدْ بَيَّنَّا لَكُمُ الْآيَاتِ لَعَلَّكُمْ تَعْقِلُونَ

আন্নাল্লা-হা ইয়ুহ্য়িল্ আর্দ্বোয়া বা'দা মাওতিহা-; ক্বদ্ বাইইয়ান্না-লাকুমুল্ আ-ইয়া-তি লা'আল্লাকুম্ তা'ক্বিলূন্।

আছে যে, আল্লাহই যমীনকে মৃত্যুর পর জীবিত করেন। আমি তো তোমাদের নিকট এর বহু দৃষ্টান্ত বর্ণনা করলাম, যাতে তোমরা বুঝ।

⑱ إِنَّ الْمُصَّدِّقِينَ وَالْمُصَّدِّقَاتِ وَأَقْرَضُوا اللَّهَ قَرْضًا حَسَنًا يُضَاعَفُ لَهُمْ

১৮। ইন্নাল্ মুছ্ছোয়াদ্দিক্বীনা অল্মুছ্ছোয়াদ্দিক্বা-তি অআক্ব্রদ্বু ল্লা-হা ক্বর্দ্বোয়ান্ হাসানাই ইয়ুদ্বোয়া-'আফু লাহুম্

(১৮) নিশ্চয়ই যারা দানশীল নর-নারী এবং যারা আল্লাহকে উত্তম ঋণ প্রদান করবে তাদেরকে বহুগুণ দেয়া হবে, আর

وَلَهُمْ أَجْرٌ كَرِيمٌ ⑲ وَالَّذِينَ آمَنُوا بِاللَّهِ وَرُسُلِهِ أُولَٰئِكَ هُمُ الصِّدِّيقُونَ ۖ

অলাহুম্ আজ্ রুন্ কারীম্। ৯। অল্লাযীনা আ-মানূ বিল্লা-হি অরুসুলিহী ~ উলা — য়িকা হুমছ্ ছিদ্দীক্বূনা

মহা পুরস্কার। (১৯) আর যারা বিশ্বাস স্থাপন করে আল্লাহ ও তাঁর রাসুলের প্রতি এরূপ লোকই তাদের রবের নিকট সত্যবাদী ও

وَالشُّهَدَاءُ عِنْدَ رَبِّهِمْ لَهُمْ أَجْرُهُمْ وَنُورُهُمْ ۖ وَالَّذِينَ كَفَرُوا وَكَذَّبُوا

অশ্ শুহাদা — য়্যু 'ইন্দা রব্বিহিম্; লাহুম্ আজ্ রুহুম্ অনূরুহুম্; অল্লাযীনা কাফারূ অকায্যাবূ

শহীদ। তাদের জন্য (বেহেশত) তাদের বিশেষ পুরস্কার এবং (পুলসিরাতের উপর) বিশেষ আলো হবে। আর যারা কুফরী করেছে ও

بِآيَاتِنَا أُولَٰئِكَ أَصْحَابُ الْجَحِيمِ ⑳ اعْلَمُوا أَنَّمَا الْحَيَاةُ الدُّنْيَا لَعِبٌ وَلَهْوٌ

২ ع ৯ ১৮ রুকু

বিআ-ইয়া-তিনা ~ উলা — য়িকা আছ্হা- বুল্ জ্বাহীম্। ২০। ই'লামূ ~ আন্নামাল্ হা ইয়া-তুদ্দুন্ইয়া- লা'ইবুঁও অলাহ্বুঁও

আমার আয়াতকে অস্বীকার করেছে তারাই জাহান্নামী হবে। (২০) তোমরা ভালভাবে জেনে রাখ, পার্থিব জীবন তো কেবল

وَزِينَةٌ وَتَفَاخُرٌ بَيْنَكُمْ وَتَكَاثُرٌ فِي الْأَمْوَالِ وَالْأَوْلَادِ ۖ كَمَثَلِ غَيْثٍ

অযীনাতুঁও অতাফা-খুরুম্ বাইনাকুম্ অতাকা-ছুরুন্ ফিল্ আম্ওয়া-লি অল্আওলাদ্; কামাছালি গইছিন্

খেল-তামাশা, এটা বাহ্যিক সৌন্দর্য, পরস্পর দম্ভ এবং ধন ও সন্তানের প্রতিযোগিতা মাত্র। যেমন বৃষ্টি, যার দ্বারা উৎপাদিত

أَعْجَبَ الْكُفَّارَ نَبَاتُهُ ثُمَّ يَهِيجُ فَتَرَاهُ مُصْفَرًّا ثُمَّ يَكُونُ حُطَامًا ۖ وَفِي

আ'জ্বাবাল্ কুফ্ফা-রা নাবা-তুহূ ছুম্মা ইয়াহীজু ফাতার-হু মুছ্ফার্রন্ ছুম্মা ইয়াকূনু হুত্বোয়া-মা-; অফিল্

ফসল কৃষকদেরকে আনন্দ প্রদান করে, অতঃপর তা শুকিয়ে যায় এবং হলুদ হয়ে গিয়ে তা পরিণত হয় খড়ে। আর

الْآخِرَةِ عَذَابٌ شَدِيدٌ وَمَغْفِرَةٌ مِنَ اللَّهِ وَرِضْوَانٌ ۚ وَمَا الْحَيَاةُ الدُّنْيَا

আ-খিরতি 'আযা-বুন্ শাদীদুঁও অমাগ্ফিরতুম্ মিনাল্লা-হি অরিদ্বওয়া-ন্; অমাল্ হা ইয়া-তুদ্ দুন্ইয়া ~

পরকালে কঠিন শাস্তি রয়েছে, আর আল্লাহর পক্ষ হতে ক্ষমা ও সন্তোষ রয়েছে। আর পার্থিব জীবন তো নিচক ছলনাময় ও ভোগের

إِلَّا مَتَاعُ الْغُرُورِ ㉑ سَابِقُوا إِلَىٰ مَغْفِرَةٍ مِنْ رَبِّكُمْ وَجَنَّةٍ عَرْضُهَا كَعَرْضِ

ইল্লা-মাতা-উ'ল্ গুরুর্। ২১। সা-বিকূ ~ ইলা- মাগ্ফিরতিম্ মির্ রব্বিকুম্ অজান্নাতিন্ 'আর্দুহা-কা'আর্দিস্

সামগ্রী ছাড়া আর কিছুই নয়; (২১) তোমরা ধাবিত হও তোমাদের রবের ক্ষমা ও জান্নাতের প্রতি, যার প্রশস্ততা আসমান ও

السَّمَاۤءِ وَالْاَرْضِ ۙ اُعِدَّتْ لِلَّذِيْنَ اٰمَنُوْا بِاللّٰهِ وَرُسُلِهٖ ؕ ذٰلِكَ فَضْلُ اللّٰهِ

সামা — য়ি অল্‌আরদ্বি উই'দ্দাত্ লিল্লাযীনা আ-মানূ বিল্লা-হি অরুসুলিহ্; যা-লিকা ফাদ্বলু ল্লা-হি
যমীনের সমান, আর যারা আল্লাহ ও তাঁর রাসূলে বিশ্বাসী তাদের জন্য তা তৈরি করে রাখা হয়েছে, এটা আল্লাহর দান,

يُؤْتِيْهِ مَنْ يَّشَاۤءُ ؕ وَاللّٰهُ ذُو الْفَضْلِ الْعَظِيْمِ ﴿٢١﴾ مَاۤ اَصَابَ مِنْ مُّصِيْبَةٍ فِى

ইয়ু"তীহি মাইঁ ইয়াশা — য়ু অল্লা-হু যুল্‌ফাদ্বলিল্ 'আজীম্। ২২। মা ~ আছোয়া-বা মিম্ মুছীবাতিন্ ফিল্
তিনি স্বীয় অনুগ্রহ যাকে ইচ্ছা দান করেন আল্লাহ মহা অনুগ্রহশীল। (২২) পৃথিবীতে বা ব্যক্তিগতভাবে তোমাদের ওপর

الْاَرْضِ وَلَا فِىْۤ اَنْفُسِكُمْ اِلَّا فِىْ كِتٰبٍ مِّنْ قَبْلِ اَنْ نَّبْرَاَهَا ؕ اِنَّ ذٰلِكَ

আরদ্বি অলা-ফী ~ আন্‌ফুসিকুম্ ইল্লা-ফী কিতা-বিম্ মিন্ ক্বব্‌লি আন্ নাব্‌রয়াহা-; ইন্না যা-লিকা
যে বিপর্যয় অবতীর্ণ হয় তা আমি সংঘটিত করার পূর্বেই কিতাবে লিপিবদ্ধ করে রেখেছি। নিশ্চয়ই এটা খুবই সহজ

عَلَى اللّٰهِ يَسِيْرٌ ﴿٢٢﴾ لِّكَيْلَا تَاْسَوْا عَلٰى مَا فَاتَكُمْ وَلَا تَفْرَحُوْا بِمَاۤ اٰتٰىكُمْ ؕ وَاللّٰهُ

'আলাল্লা-হি ইয়াসীর। ২৩। লিকাইলা-তা"সাও 'আলা-মা-ফা-তাকুম্ অলা-তাফ্‌রহূ বিমা ~ আ-তা-কুম্; অল্লা-হু
আল্লাহর পক্ষে।(২৩) যেন যা হারিয়েছ তাতে তোমরা বিমর্ষ না হও আর যা পেয়েছ তাতে তোমরা আনন্দ না কর। আর

لَا يُحِبُّ كُلَّ مُخْتَالٍ فَخُوْرِ ۙ ﴿٢٣﴾ الَّذِيْنَ يَبْخَلُوْنَ وَيَاْمُرُوْنَ النَّاسَ

লা-ইয়ুহিব্বু কুল্লা-মুখ্‌তা-লিন্ ফাখূরি। ২৪। নিল্লাযীনা ইয়াব্‌খালূনা অইয়া"মুরূনান্ না-সা
আল্লাহ দাম্ভিক, গর্বিত ও ঔদ্ধত্য লোককে ভাল বাসেন না। (২৪) যারা কৃপণ ও অন্য মানুষকে কৃপণতার নির্দেশ দেয়,

بِالْبُخْلِ ؕ وَمَنْ يَّتَوَلَّ فَاِنَّ اللّٰهَ هُوَ الْغَنِىُّ الْحَمِيْدُ ﴿٢٤﴾ لَقَدْ اَرْسَلْنَا رُسُلَنَا

বিল্‌বুখ্‌ল্; অ মাইঁ ইয়াতাওয়াল্লা ফাইন্নাল্লা-হা হুওয়াল্ গনিয়্যুল্ হামীদ্। ২৫। লাক্বদ্ আরসাল্‌না রুসুলানা-
আর যে ব্যক্তি সত্য দ্বীন থেকে মুখ ফিরিয়ে নেয় তার জানা উচিত যে; আল্লাহ অমুখাপেক্ষী, প্রশংসিত। (২৫) নিশ্চয়ই আমি আমার

بِالْبَيِّنٰتِ وَاَنْزَلْنَا مَعَهُمُ الْكِتٰبَ وَالْمِيْزَانَ لِيَقُوْمَ النَّاسُ بِالْقِسْطِ ۚ وَ

বিল্‌বাইয়্যিনা-তি অআন্‌যাল্‌না- মাআ'হুমুল্ কিতা-বা অল্‌মীযা-না লিইয়াক্বূমা ন্না-সু বিল্ ক্বিস্‌ত্বি অ
রাসূলদের প্রেরণ করেছি, প্রমাণসহ এবং তাদের সাথে দিয়েছি কিতাব ও তুলাদণ্ড, যেন মানুষ ইনসাফের উপর প্রতিষ্ঠিত থাকে

اَنْزَلْنَا الْحَدِيْدَ فِيْهِ بَاْسٌ شَدِيْدٌ وَّمَنَافِعُ لِلنَّاسِ وَلِيَعْلَمَ اللّٰهُ مَنْ يَّنْصُرُهٗ

আন্‌যাল্‌নাল্ হাদীদা ফীহি বা"সুন্ শাদীদুঁও অমানা-ফি'উ লিন্না-সি অলিইয়া'লামা ল্লা-হু মাইঁ ইয়ান্ ছুরুহূ
আর আমি লোহাও দিয়েছি, যাতে আছে মানুষের জন্য মহাশক্তি ও বহুকল্যাণ; এটা এ জন্য যে, প্রকাশ করে দিবেন যেন কে না দেখে

وَرُسُلَهٗ بِالْغَيْبِ ؕ اِنَّ اللّٰهَ قَوِىٌّ عَزِيْزٌ ﴿٢٥﴾ وَلَقَدْ اَرْسَلْنَا نُوْحًا وَّاِبْرٰهِيْمَ

অরুসুলাহূ বিল্‌গইব্; ইন্নাল্লা-হা ক্বাওওয়িয়ুন্ 'আযীয্। ২৬। অলাক্বদ্ আরসাল্‌না-নূহাঁও অইব্‌রা-হীমা
আল্লাহ ও তাঁর রাসূলকে সাহায্য করে, আল্লাহ শক্তিমান,পরাক্রমশীল। (২৬) আর আমি নূহ ও ইব্রাহীমকে রাসূলরূপে

ع ৩ ৬ ১৯ রুকু

وَجَعَلْنَا فِىْ ذُرِّيَّتِهِمَا النُّبُوَّةَ وَالْكِتٰبَ فَمِنْهُمْ مُّهْتَدٍ ج وَكَثِيْرٌ مِّنْهُمْ

অজ্বা 'আল্না-ফী যুর্‌রিয়্যাতিহিমান্ নুবুওয়্যাতা অল্ কিতা-বা ফামিন্হুম্ মুহ্তাদিন্ অকাছীরুম্ মিন্হুম্

পাঠিয়েছি, তাদের বংশধরে নবুওয়াত ও কিতাব দিয়েছি। কিছু পথপ্রাপ্ত, অনেকেই পাপাচারী

فٰسِقُوْنَ ﴿٢٦﴾ ثُمَّ قَفَّيْنَا عَلٰٓى اٰثَارِهِمْ بِرُسُلِنَا وَقَفَّيْنَا بِعِيْسَى ابْنِ مَرْيَمَ

ফা-সিক্বূন্। ২৭। ছুম্মা ক্বাফ্‌ফাইনা 'আলা ~ আ-ছা-রিহিম্ বিরুসুলিনা-অক্বাফ্‌ফাইনা-বিঈ'সাব্নি মারইয়ামা

হয়েছে। (২৭) অতঃপর তাদের পিছনে ক্রমান্বয়ে রাসূল প্রেরণ করলাম, ঈসা ইবনে মরিয়মকেও দিলাম, আর তাকে ইঞ্জীল

وَاٰتَيْنٰهُ الْاِنْجِيْلَ ۵ وَجَعَلْنَا فِىْ قُلُوْبِ الَّذِيْنَ اتَّبَعُوْهُ رَاْفَةً وَّرَحْمَةً ط

অআ-তাইনা-হুল্ ইন্জ্বীল অ জ্বা'আল্না-ফী ক্বু-লূ বিল্লাযীনা ত্তাবা'উহু রা"ফাতাঁও অরহ্মাহ্;

প্রদান করলাম, তার অনুসারীর অন্তরে সৃষ্টি করে দিলাম, দয়া ও অনুগ্রহ; আর সন্ন্যাসবাদ তারা নিজেরাই আবিষ্কার করেছে,

وَّرَهْبَانِيَّةَ ابْتَدَعُوْهَا مَا كَتَبْنٰهَا عَلَيْهِمْ اِلَّا ابْتِغَآءَ رِضْوَانِ اللّٰهِ فَمَا رَعَوْهَا

অরহ্বা নিয়্যাতানিব্ তাদা'উ হা- মা- কাতাব্না-হা-'আলাইহিম্ ইল্লাব্ তিগা — য়া রিদ্বওয়া-নিল্লা-হি ফামা-র'আওহা-

আমি তাদেরকে এ বিধান প্রদান করি নি। আর এটাও তারা যথাযথভাবে রক্ষা করে চলে নি। আর তাদের মধ্যে যারা

حَقَّ رِعَايَتِهَا ج فَاٰتَيْنَا الَّذِيْنَ اٰمَنُوْا مِنْهُمْ اَجْرَهُمْ ج وَكَثِيْرٌ مِّنْهُمْ فٰسِقُوْنَ ٭

হাক্ব্ক্বা রি'আ-ইয়াতিহা-ফা'আ-তাইনাল্ লাযীনা আ-মানূ মিন্হুম্ আজ্ব্রহুম্ অকাছীরুম্ মিন্হুম্ ফা-সিক্বূন্।

ঈমান এনেছে আমি তাদেরকে তাদের (ওয়াকৃত) পুরস্কার প্রদান করেছি। আর তাদের মধ্যে অনেকেই ছিল পাপাচারী।

﴿٢٧﴾ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اتَّقُوا اللّٰهَ وَاٰمِنُوْا بِرَسُوْلِهٖ يُؤْتِكُمْ كِفْلَيْنِ

২৮। ইয়া ~ আইয়্যুহাল্ লাযীনা আ-মানুত্ তাক্বুল্লা-হা অআ-মিনূ বিরসূলিহী ইয়ু"তিকুম্ কিফ্লাইনি

(২৮) হে ঈমানদারেরা! তোমরা আল্লাহকে ভয় কর এবং তাঁর রাসূলের প্রতি ঈমান আন, তিনি স্বীয় দয়ায় দ্বিগুণ পুরস্কার প্রদান

مِنْ رَّحْمَتِهٖ وَيَجْعَلْ لَّكُمْ نُوْرًا تَمْشُوْنَ بِهٖ وَيَغْفِرْ لَكُمْ ط وَاللّٰهُ غَفُوْرٌ

মির্ রহমাতিহী অইয়াজ্ব্'আল্ লাকুম্ নূরান্ তাম্শূনা বিহী অইয়াগ্ফির্লাকুম্; অল্লা-হু গাফূরুর্

করবেন এবং আলো প্রদান করবেন যা দিয়ে চলবে; আর তিনি তোমাদেরকে ক্ষমা করে দিবেন। আল্লাহ পরম ক্ষমাশীল,

رَّحِيْمٌ ﴿٢٨﴾ لِّئَلَّا يَعْلَمَ اَهْلُ الْكِتٰبِ اَلَّا يَقْدِرُوْنَ عَلٰى شَيْءٍ مِّنْ فَضْلِ اللّٰهِ

রহীমুল্। ২৯। লিয়াল্লা-ইয়া'লামা আহ্লুল্ কিতা-বি আল্লা-ইয়াক্ব্দিরূনা 'আলা-শাইয়িম্ মিন্ ফাদ্বলিল্লা-হি

দয়ালু। (২৯) এটা এজন্য যে, যেন যারা কিতাবের অনুসারী তারা উপলব্ধি করতে পারে আল্লাহর কোন অনুগ্রহের উপর

وَاَنَّ الْفَضْلَ بِيَدِ اللّٰهِ يُؤْتِيْهِ مَنْ يَّشَآءُ ط وَاللّٰهُ ذُو الْفَضْلِ الْعَظِيْمِ ٭

অআন্নাল্ ফাদ্ব্লা বিয়াদি ল্লা-হি ইয়ু"তীহি মাইঁ ইয়াশা — য়্; অল্লা -হু যুল্ ফাদ্বলিল্ 'আজীম্।

তাদের অধিকার নেই, আর এও (জানতে পারে) যে, অনুগ্রহ আল্লাহর হাতেই। তিনি যাকে ইচ্ছা দান করেন। আল্লাহ মহা অনুগ্রহশীল।

৪ ع ৪ ২০ রুকু

পারা ২৮

সূরা মুজা-দালাহ্
মদীনাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ২২
রুকূ ঃ ৩

قَدْ سَمِعَ اللّٰهُ قَوْلَ الَّتِىْ تُجَادِلُكَ فِىْ زَوْجِهَا وَتَشْتَكِىْٓ اِلَى اللّٰهِ ﴿١﴾

১। ক্বদ্ সামি'আল্লা-হু ক্বওলাল্লাতী তুজ্বা-দিলুকা ফী যাওজ্বিহা- অতাশ্‌তাকী ~ ইলাল্লা-হি

(১) নিশ্চয়ই আল্লাহ সেই স্ত্রীলোকটির কথা শুনেছেন, যে আপনার সঙ্গে তার স্বামীর ব্যাপারে বাদানুবাদ করেছিল, ও স্বীয় ব্যাথা-বেদনার

وَاللّٰهُ يَسْمَعُ تَحَاوُرَكُمَا ۭ اِنَّ اللّٰهَ سَمِيْعٌۢ بَصِيْرٌ ﴿٢﴾ اَلَّذِيْنَ يُظٰهِرُوْنَ مِنْكُمْ

'অল্লা-হু ইয়াস্‌মা'উ তাহা- য়ুরাকুমা-; ইন্নাল্লা-হা সামী'উম্ বাছীর্ ২। আল্লাযীনা ইয়ুজোয়া-হিরূনা মিন্‌কুম্

ফরিয়াদ করছিল আল্লাহর কাছে। আর আল্লাহ তাদের উভয়ের কথা শ্রবণ করেন। তিনি সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা।(২) তোমাদের মধ্যে

مِّنْ نِّسَاۗىِٕهِمْ مَّا هُنَّ اُمَّهٰتِهِمْ ۭ اِنْ اُمَّهٰتُهُمْ اِلَّا الّٰۗـِٔيْ وَلَدْنَهُمْ ۭ وَاِنَّهُمْ

মিন্ নিসা — য়িহিম্ মা-হুন্না উম্মাহা-তিহিম্; ইন্ উম্মাহা-তুহুম্ ইল্লা ল্লা — য়ী অলাদ্‌নাহুম্; অইন্নাহুম্

যারা স্ত্রীদের সঙ্গে যিহার করে, তারা জেনে রাখুক, তারা তাদের মাতা নয়; কেবল তারাই তাদের মাতা যারা তাদের প্রসবকারিণী,

لَيَقُوْلُوْنَ مُنْكَرًا مِّنَ الْقَوْلِ وَزُوْرًا ۭ وَاِنَّ اللّٰهَ لَعَفُوٌّ غَفُوْرٌ ﴿٣﴾ وَالَّذِيْنَ

লাইয়াকু্লূনা মুন্‌কারাম্ মিনাল্ ক্বওলি অযূর-; অইন্নাল্লা-হা লা 'আফুওয়্যুন্ গফূর্। ৩। অল্লাযীনা

আর নিশ্চয়ই তারা তো অসংগত ও ভিত্তিহীন কথাই বলে। আর নিশ্চয়ই আল্লাহ মার্জনাকারী, পরম ক্ষমাশীল,(৩) আর যারা স্ত্রীর

يُظٰهِرُوْنَ مِنْ نِّسَاۗىِٕهِمْ ثُمَّ يَعُوْدُوْنَ لِمَا قَالُوْا فَتَحْرِيْرُ رَقَبَةٍ مِّنْ قَبْلِ اَنْ

ইয়ুজোয়া-হিরূনা মিন্ নিসা — য়িহিম্ ছুম্মা ইয়া'উদূনা লিমা- ক্ব-লূ ফাতাহ্‌রীরু রক্ববাতিম্ মিন্ ক্ববলি আইঁ

সঙ্গে যিহার করে এবং পরে তা প্রত্যাহার করে, তারা উভয়ে পরস্পর মিলিত হওয়ার পূর্বে একটি দাস বা দাসী মুক্ত করবে।

يَّتَمَاۗسَّا ۭ ذٰلِكُمْ تُوْعَظُوْنَ بِهٖ ۭ وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ خَبِيْرٌ ﴿٤﴾ فَمَنْ لَّمْ يَجِدْ

ইয়াতামা — স্ সা-; যা-লিকুম্ তূ'আজূনা বিহ্; অল্লা-হু বিমা-তা'মালূনা খাবীর্। ৪। ফামাল্লাম্ ইয়াজ্বিদ্

এ নির্দেশ থেকে তোমরা উপদেশ গ্রহণ করবে। আর আল্লাহ তোমাদের কৃতকর্মের সকল খবর রাখেন। (৪) অনন্তর যে এটা করতে

فَصِيَامُ شَهْرَيْنِ مُتَتَابِعَيْنِ مِنْ قَبْلِ اَنْ يَّتَمَاۗسَّا ۚ فَمَنْ لَّمْ يَسْتَطِعْ فَاِطْعَامُ

ফাছিয়া-মু শাহ্‌রাইনি মুতাতা- বি'আইনি মিন্ ক্ববলি আইঁ ইয়াতামা — স্ সা-ফামাল্লাম্ ইয়াস্‌তাত্বি' ফাইত্বা-'আ-মু

পারবে না, সে পরস্পর মিলিত হওয়ার পূর্বে একাধারে দু'মাস রোযা রাখবে; কিন্তু যার এরও সমর্থ থাকবে না সে ষাটজন

শানেনুযূল ঃ আয়াত-১ ঃ তৎকালীন আরব দেশে কেউ যদি আপন স্ত্রীকে এরূপ বলত যে, "তুমি আমার মাতার স্থলে অথবা তোমার পিঠ আমার মাতা বা বোনের সমতুল্য।" এমতাবস্থায় সে স্বামী-স্ত্রীর মধ্যে চিরতরের জন্য বিচ্ছেদের সূচনা হয়ে যেত। একে ইসলামী পরিভাষায় 'যিহার' বলা হয়। একদা হযরত আউছ ইবনে ছামেত (রাঃ) তার পত্নী খাওয়ালাহ্ বিনতে ছালাবাহ্‌কে বলেছিলেন, "আমার মাতার পিঠ যেমন আমার ওপর হারাম তুমিও আমার বেলায় তেমন।" এ কথা বলার পর তাদের উভয়ের মধ্যে অনুশোচনা হল। হযরত খাওয়ালাহ্ (রাঃ) এ ব্যাপারে নবী কারীম (ছঃ)-এর নিকট ফতোয়া জানতে আসলেন। কারণ তখনও এরূপ উক্তির বেলায় আল্লাহর কোন আদেশ নাযীল হয়নি। এতে নবী কারীম (ছঃ)

سِتِّيْنَ مِسْكِيْنًاؕ ذٰلِكَ لِتُؤْمِنُوْا بِاللّٰهِ وَرَسُوْلِهٖؕ وَتِلْكَ حُدُوْدُ اللّٰهِؕ وَ

সিত্তীনা মিস্‌কীনা-; যা-লিকা লিতু''মিনূ বিল্লা-হি অরাসূলিহ্; অতিল্‌কা হুদূ'দুল্লা-হি অ

মিসকীন্ খাওয়াবে; এ নির্দেশ এ জন্য যে, তোমরা যেন আল্লাহ ও তাঁর রাসূলের প্রতি ঈমান রাখ; এটা আল্লাহর বিধান।

لِلْكٰفِرِيْنَ عَذَابٌ اَلِيْمٌ ۝٥ اِنَّ الَّذِيْنَ يُحَآدُّوْنَ اللّٰهَ وَرَسُوْلَهٗ كُبِتُوْا كَمَا كُبِتَ

লিল্‌কা-ফিরীনা 'আযা-বুন্ আলীম্। ৫। ইন্নাল্লাযীনা ইয়ুহা — দ্দূ নাল্লা-হা অরসূলাহূ কুবিতূ কামা-কুবিতাল্

কাফেরদের জন্য রয়েছে মর্মন্তুদ শাস্তি। (৫) নিশ্চয়ই যারা আল্লাহ ও রাসূলের বিরোধিতা করে, তারা এরূপ লাঞ্ছিত হবে যেমন

الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ وَقَدْ اَنْزَلْنَاۤ اٰيٰتٍۭ بَيِّنٰتٍؕ وَلِلْكٰفِرِيْنَ عَذَابٌ مُّهِيْنٌ ۚ

লাযীনা মিন্ ক্বব্‌লিহিম্ অক্বদ্ আন্‌যাল্‌না ~ আ-ইয়া-তিম্ বাইয়্যিনা-ত্; অলিল্‌কা-ফিরীনা 'আযা-বুম্ মুহীন্।

হয়েছিল তাদের পূর্ববর্তীরা। কেননা, আমি তো স্পষ্টভাবে আয়াত অবতীর্ণ করেছি। কাফেরদের জন্য রয়েছে অপমাননাকর শাস্তি।

يَوْمَ يَبْعَثُهُمُ اللّٰهُ جَمِيْعًا فَيُنَبِّئُهُمْ بِمَا عَمِلُوْاؕ اَحْصٰىهُ اللّٰهُ وَنَسُوْهُؕ وَاللّٰهُ عَلٰى ۝٦

৬। ইয়াওমা ইয়াব্‌'আ ছুহুমু ল্লা-হু জ্বামী 'আন্ ফাইয়ুনাব্বিয়ুহুম্ বিমা-'আমিলূ; আহ্‌ছোয়া-হুল্লা-হু অনাসূহ্; অল্লা-হু 'আলা-

(৬) সেদিন আল্লাহ তাদেরকে পুনর্জীবিত করে তাদের কৃতকর্ম জানাবেন, আল্লাহ তার হিসেব রেখেছেন; যা তারা ভুলেছে,

১ ع ৬ ১ রুকু

كُلِّ شَيْءٍ شَهِيْدٌ ۝٧ اَلَمْ تَرَ اَنَّ اللّٰهَ يَعْلَمُ مَا فِى السَّمٰوٰتِ وَمَا فِى الْاَرْضِؕ مَا

কুল্লি শাইয়িন্ শাহীদ্। ৭। আলাম্ তারা আন্নাল্লা-হা ইয়া'লামু মা-ফিস্ সামা-ওয়া-তি অমা-ফিল্ আর্‌দ্ব; মা-

আল্লাহ সব কিছুই দেখেন।(৭) আপনি কি লক্ষ্য করেননি, যা কিছু আসমানে আছে আর যা কিছু যমীনে আছে তার সবই আল্লাহপাক

يَكُوْنُ مِنْ نَّجْوٰى ثَلٰثَةٍ اِلَّا هُوَ رَابِعُهُمْ وَلَا خَمْسَةٍ اِلَّا هُوَ سَادِسُهُمْ وَلَاۤ اَدْنٰى

ইয়াকূনু মিন্ নাজ্‌ওয়া-ছালা-ছাতিন্ ইল্লা-হুওয়া রা-বি'উহুম্ অলা-খম্‌সাতিন্ ইল্লা-হুওয়া সা-দিসুহুম্ অলা ~ আদ্‌না-

জানেন, তিনজনের এমন কোন গোপন আলোচনা হয় না যেখানে তিনি (আল্লাহ) চতুর্থ না হন; আর না পাঁচজনের গোপন আলোচনা

مِنْ ذٰلِكَ وَلَاۤ اَكْثَرَ اِلَّا هُوَ مَعَهُمْ اَيْنَ مَا كَانُوْاۚ ثُمَّ يُنَبِّئُهُمْ بِمَا عَمِلُوْا يَوْمَ

মিন্ যা-লিকা অলা ~ আক্‌ছার ইল্লা-হুওয়া মা'আহুম্ আইনা মা-কা-নূ ছুম্মা ইয়ুনাব্বিয়ুহুম্ বিমা- 'আমিলূ ইয়াওমাল্

হয় যার ষষ্ঠ তিনি নন; কম হোক বা বেশি হোক, তিনি সেখানে থাকেন। তারা যা করে, তা তিনি তাদেরকে পরকালে অবহিত

الْقِيٰمَةِؕ اِنَّ اللّٰهَ بِكُلِّ شَيْءٍ عَلِيْمٌ ۝٨ اَلَمْ تَرَ اِلَى الَّذِيْنَ نُهُوْا عَنِ النَّجْوٰى ثُمَّ

ক্বিয়া-মাহ্; ইন্নাল্লা-হা বিকুল্লি শাইয়িন্ 'আলীম্। ৮। আলাম্ তারা ইলাল্ লাযীনা নুহূ 'আনিন্ নাজ্‌ওয়া ছুম্মা

করবেন। আল্লাহ সর্বজ্ঞাতা। (৮) যাদেরকে গোপন পরামর্শ করতে নিষেধ করা হয়েছিল, আপনি কি তাদের প্রতি লক্ষ্য করেছেন?

বললেন, "আমার ধারণা মতে, আপাতত তোমাদের উভয়ের মধ্যকার সম্মিলন ও সম্ভোগের কোন উপায় নেই।" এতে হযরত খাওয়ালাহ্ (রাঃ) স্বামীর বিরুদ্ধে অভিযোগ এনে দুঃখ প্রকাশ করে বললেন যে, ঘর বরবাদ হবে, সন্তান-সন্তুতিরা অসহায় অবস্থায় ঘুরা ফিরা করবে, তাদের না কেউ কুশলী হবে আর না থাকবে কোন অভিভাবক, মনে হয়, আমি বৃদ্ধা হয়ে অকেজো হতে চলেছি, তাই আমার বর আমাকে ছুটি দেবার এই পন্থাই উদ্ভাবন করছেন। তখন এ আয়াতে কারীমা নাযীল হয়। শানেনযূল ঃ আয়াত-৮ ঃ নবী কারীমের (ছঃ) মজলিসে এসে ইহুদীরা কানে কানে কথা বলত। মুসলিমদের প্রতি ব্যঙ্গ করত। এতে তারা মনে কষ্ট পেতেন। "আস্‌সামু আলাইকুম" (তোমার মৃত্যু হোক) বলে নবী কারীম (ছঃ)কে অভিবাদন করত। এ প্রেক্ষিতে উক্ত আয়াত অবতীর্ণ হয়।

يَعُودُونَ لِمَا نُهُوا عَنْهُ وَيَتَنَاجَوْنَ بِالْإِثْمِ وَالْعُدْوَانِ وَمَعْصِيَتِ الرَّسُولِ ز

ইয়া'উদূনা লিমা-নুহূ 'আন্‌হু অইয়াতানা-জ্বাওনা বিল্‌ইছ্‌মি অল্‌'উদ্‌ওয়া-নি অমা'ছিয়াতির্ রসূলি

তারা তাতে লিপ্ত হচ্ছে এবং পাপ, সীমালংঘণ ও রাসূলের বিরোধিতার গোপন পরামর্শ করে থাকে। আর তারা

وَإِذَا جَاءُوكَ حَيَّوْكَ بِمَا لَمْ يُحَيِّكَ بِهِ اللَّهُ لا وَيَقُولُونَ فِي أَنْفُسِهِمْ لَوْلَا

অইযা- জ্বা — য়ূকা হাইইয়াওকা বিমা-লাম্ ইয়ুহাইয়্যিকা বিহিল্লা-হু অইয়াক্বূলূনা ফী ~ আন্‌ফুসিহিম্ লাওলা

আপনার কাছে এসে এমন অভিবাদন করে যা দিয়ে আল্লাহ করেন নি। আর তারা মনে মনে বলে, আমাদের কথায় কেন

يُعَذِّبُنَا اللَّهُ بِمَا نَقُولُ ط حَسْبُهُمْ جَهَنَّمُ ج يَصْلَوْنَهَا ج فَبِئْسَ الْمَصِيرُ ﴿٩﴾ يَا أَيُّهَا

ইয়ু'আয্‌যিবুনাল্লা-হু বিমা- নাক্বূল; হাস্‌বুহুম্ জ্বাহান্নামু ইয়াছ্‌লাওনাহা-ফাবি'সাল্ মাছীর্। ৯। ইয়া ~ আইয়ুহাল

আল্লাহ আমাদেরকে শাস্তি প্রদান করেন না? জাহান্নামই তাদের জন্য যথেষ্ট। তা কতই না নিকৃষ্ট আবাস। (৯) হে লোকেরা

الَّذِينَ آمَنُوا إِذَا تَنَاجَيْتُمْ فَلَا تَتَنَاجَوْا بِالْإِثْمِ وَالْعُدْوَانِ وَمَعْصِيَتِ الرَّسُولِ

লাযীনা আ-মানূ ~ ইযা-তানা জ্বাইতুম্ ফালা-তাতানা-জ্বাও বিল্‌ইছ্‌মি অল্‌'উদ্‌ওয়া-নি অমা'ছিয়াতির্ রসূলি

তোমরা যারা মু'মিন! তোমরা যখন গোপন কথা বল তখন পাপ কার্য, সীমালংঘণ ও রাসূলের বিরোধিতায় কানাকানি

وَتَنَاجَوْا بِالْبِرِّ وَالتَّقْوَىٰ ط وَاتَّقُوا اللَّهَ الَّذِي إِلَيْهِ تُحْشَرُونَ ﴿١٠﴾ إِنَّمَا

অতানা-জ্বাও বিল্‌বির্‌রি অত্তাক্ব্‌ওয়া-; অত্তাক্বুল্লা-হাল্‌লাযী ~ ইলাইহি তুহ্‌শারূন্। ১০। ইন্নামান্

করো না। কল্যাণ ও তাক্‌ওয়ার পরামর্শ করবে। আল্লাহকে ভয় কর, যার কাছে তোমরা যাবে। (১০) নিশ্চয়ই গোপন

النَّجْوَىٰ مِنَ الشَّيْطَانِ لِيَحْزُنَ الَّذِينَ آمَنُوا وَلَيْسَ بِضَارِّهِمْ شَيْئًا إِلَّا

নাজ্ব্‌ওয়া-মিনাশ্ শাইত্বোয়া-নি লিইয়াহ্‌যুনাল্ লাযীনা আ-মানূ অলাইসা বিদ্বোয়া — র্‌রিহিম্ শাইয়ান্ ইল্লা-

কথা শয়তানের পক্ষ থেকেই হয়ে থাকে, তা মু'মিনদেরকে বিপদে ফেলে। আল্লাহর ইচ্ছা ছাড়া তারা তোমাদের কোন ক্ষতি

بِإِذْنِ اللَّهِ ط وَعَلَى اللَّهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُونَ ﴿١١﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا قِيلَ

বিইয্‌নিল্লা-হ্ অ'আলাল্লা-হি ফাল্‌ইয়াতাওয়াক্কালিল্ মু'মিনূন্। ১১। ইয়া ~ আইয়্যুহা ল্লাযীনা আ-মানূ ~ ইযা-ক্বীলা

করতে পারবে না, একমাত্র আল্লাহর ওপরই সর্ব ব্যাপারে মু'মিনরা নির্ভর করবে। (১১) হে মুমিনরা! যখন তোমাদেরকে বলা হয়

لَكُمْ تَفَسَّحُوا فِي الْمَجَالِسِ فَافْسَحُوا يَفْسَحِ اللَّهُ لَكُمْ ج وَإِذَا قِيلَ انْشُزُوا فَانْشُزُوا

লাকুম্ তাফাস্‌সাহূ ফিল্ মাজ্বা-লিসি ফাফ্‌সাহূ ইয়াফ্‌সাহিল্লা-হু লাকুম্ অইযা-ক্বীলান্ শুযূ ফান্‌শুযূ

মজলিসে জায়গা প্রশস্ত করে দাও; তখন তোমরা স্থান প্রশস্ত করে দিও. আল্লাহ স্থান প্রশস্ত করবেন তোমাদের জন্য। আর যখন

يَرْفَعِ اللَّهُ الَّذِينَ آمَنُوا مِنْكُمْ لا وَالَّذِينَ أُوتُوا الْعِلْمَ دَرَجَاتٍ ط وَاللَّهُ بِمَا

ইয়ারফাই' ল্লা-হুল্ লাযীনা আ-মানূ মিন্‌কুম্, অল্লাযীনা উতুল্ 'ইল্‌মা দারাজ্বা-ত; অল্লা-হু বিমা-

বলা হয়, উঠে যাও, তখন তোমরা উঠে যেয়ো; তোমাদের মধ্যে যারা মু'মিন ও জ্ঞান প্রাপ্ত আল্লাহ তাদের মর্যাদা বৃদ্ধি করে দিবেন।

تعملون خبير ﴿١١﴾ يٰٓأيها الذين ءامنوا إذا نٰجيتم الرسول فقدموا بين

তা'মালূনা খবীর্। ১২। ইয়া ~ আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ ~ ইযা -না- জ্বাইতুমুর্ রাসূলা ফাক্বাদ্দিমূ বাইনা

আল্লাহ তোমাদের কৃতকর্ম জানেন। (১২) হে মু'মিনরা! তোমরা যখন রাসূলের সঙ্গে গোপনে কথা বলার মনস্থ করবে

يدى نجوىٰكم صدقة ذٰلك خير لكم وأطهر فإن لم تجدوا فإن الله

ইয়াদাই নাজ্ব্ ওয়া-কুম্ ছদাক্বাহ্; যা-লিকা খইরুল্লাকুম্ অ আত্ব্ হার্; ফাইল্লাম্ তাজ্বিদূ ফাইন্নাল্লা-হা

তখন তার পূর্বে ছাদ্কা করে নেবে । এটা তোমাদেরই কল্যাণ ও পবিত্র থাকার পরিশোধক। তোমরা অক্ষম হলে আল্লাহ

غفور رحيم ﴿١٢﴾ ءأشفقتم أن تقدموا بين يدى نجوىٰكم صدقٰت فإذ لم

গফূরুর্ রহীম্। ১৩। আ আশ্ফাক্ব্ তুম্ আন্ তুক্বাদ্দিমূ বাইনা ইয়াদাই নাজ্ব্ ওয়া- কুম্ ছদাক্ব-ত্; ফাইয্ লাম্

অতীব ক্ষমাশীল, পরম দয়ালু। (১৩) তোমরা কি কষ্ট পাও গোপন কথার পূর্বে কি ছাদ্কাকে ? যখন পারনি, আর

تفعلوا وتاب الله عليكم فأقيموا الصلوٰة وءاتوا الزكوٰة وأطيعوا الله و

তাফ্'আলূ অতা-বাল্লা-হু 'আলাইকুম্ ফাআক্বীমুছ্ ছলা-তা অআ-তুয্ যাকা-তা অআত্বী 'উল্লা-হা অ

আল্লাহ তোমাদেরকে ক্ষমা করলেন, তখন কায়েম কর নামায আর যাকাত প্রদান কর; আর আল্লাহ ও রাসূলের আনুগত্য কর।

২ ع ৭ ২ রুকু

رسوله والله خبير بما تعملون ﴿١٣﴾ ألم تر إلى الذين تولوا قوما غضب

রাসূলাহ্; অল্লা-হু খবীরুম্ বিমা-তা'মালূন্। ১৪। আলাম্ তারা ইলাল্ লাযীনা তাওয়াল্লাও ক্বওমান্ গদ্বিবাল্

আর আল্লাহ তোমাদের সব কর্ম সম্যক অবগত। (১৪) যারা আল্লাহর অভিশপ্ত তাদের সঙ্গে যারা বন্ধুত্ব করেছে তাদরকে কি

الله عليهم ما هم منكم ولا منهم ويحلفون على الكذب وهم يعلمون

লা-হু 'আলাইহিম্; মা-হুম্ মিন্কুম্ অলা-মিন্হুম্ অইয়াহ্লিফূনা 'আলাল্ কাযিবি অহুম্ ইয়া'লামূন্।

দেখেননি? তারা না পূর্ণভাবে আপনাদের দলভুক্ত, আর না তাদের দলভুক্ত। তারা জেনে শুনে মিথ্যা কথার উপর কসম করে ফেলে।

﴿١٥﴾ أعد الله لهم عذابا شديدا إنهم ساء ما كانوا يعملون ﴿١٦﴾ اتخذوا

১৫। আ'আদ্দা ল্লা-হু লাহুম্ 'আযা-বান্ শাদীদা-; ইন্নাহুম্ সা — য়া মা-কা-নূ ইয়া'মালূন। ১৬। ইত্তাখাযূ ~

(১৫) আল্লাহ এসব লোকদের জন্য কঠোর শাস্তি তৈরি করে রেখেছেন। নিশ্চয়ই তাদের কর্মসমূহ মন্দ। (১৬) তারা তাদের

শানেনুযূলঃ আয়াত-১২ ঃ কতিপয় লোক বিনা প্রয়োজনে নবী কারীম (ছঃ)-এর নিকট অবান্তর বিষয়ে প্রশ্ন করছিল। কপটচারীরা বহুবার মুসলমানদের ওপর নিজেদের সম্মান বৃদ্ধি এবং নবী কারীম ((ছঃ)-এর সাথে নৈকট্য প্রদর্শনের উদ্দেশে তাঁর নিকট এসে কানে কানে কথা বানিয়ে বলত। নবী কারীম (ছঃ) অধিক প্রশ্ন ও অনর্থক গল্প গুজবে অতিষ্ঠ হয়ে উঠেছিলেন। এছাড়া রসূলুল্লাহ (ছঃ) -এর দরবারে তাদের এ হেন কার্যকলাপ বে-আদবী ও অশিষ্টাচারেরই পরিচায়ক ছিল। এ প্রেক্ষিতে অত্র আয়াতটি অবতীর্ণ হয়।

আয়াত-১৩ ঃ উপরের আয়াতটি নাযীল হওয়ার পর অসমর্থ লোকদের দুর্ভোগ বেড়ে গেল। অপরদিকে ছদকা প্রদানের আদেশের উদ্দেশ্যও পূর্ণ হয়েছিল। তাই এ আদেশ রহিত করে এ আয়াতটি নাযীল হল।

আয়াত-১৪ ঃ কপটাচারণকারীদের কার্য-কলাপ প্রকাশ করার উদ্দেশ্যে আলোচ্য আয়াতটি নাযীল হয়। তারা ইহুদীদের নিকট গিয়ে মুসলমানদের গোপন কথা প্রকাশ করে দিত এবং তা যখন প্রকাশ পেত তখন তাদের নিকট জিজ্ঞাসাবাদ করা হলে, তারা নিজেদের মুসলমান হওয়ার ওপর শত সহস্র মিথ্যা শপথ করত। তাদের এ নেক্কারজনক উদ্দেশ্য ফাঁস করার জন্য এ আয়াতটি নাযীল হয়।

أَيْمَانَهُمْ جُنَّةً فَصَدُّوا عَن سَبِيلِ اللَّهِ فَلَهُمْ عَذَابٌ مُّهِينٌ ﴿١٧﴾ لَّن تُغْنِيَ عَنْهُمْ

আইমা-নাহুম্ জুন্নাতান্ ফাছোয়াদ্দূ 'আন্ সাবীলিল্লা -হি ফালাহুম্ 'আযা-বুম্ মুহীন্। ১৭। লান্ তুগ্নিয়া 'আন্হুম্

শপথকে ঢাল বানায়। এভাবে তারা আল্লাহর পথে বাধা দেয়। তাদের জন্য অপমানকর আযাব। (১৭) আল্লাহর সামনে

أَمْوَالُهُمْ وَلَا أَوْلَادُهُم مِّنَ اللَّهِ شَيْئًا ۚ أُولَٰئِكَ أَصْحَابُ النَّارِ ۖ هُمْ فِيهَا

আম্ওয়া-লুহুম্ অলা ~ আওলাদুহুম্ মিনাল্লা-হি শাইয়া-; উলা — য়িকা আছ্হা-বুন্ না-র্; হুম্ ফীহা-

তাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি তাদেরকে বিন্দুমাত্রও রক্ষা করতে পারবে না, তারা জাহান্নামের অধিবাসী। সেথায় তারা

خَالِدُونَ ﴿١٨﴾ يَوْمَ يَبْعَثُهُمُ اللَّهُ جَمِيعًا فَيَحْلِفُونَ لَهُ كَمَا يَحْلِفُونَ لَكُمْ

খ-লিদূন্। ১৮। ইয়াওমা ইয়াব্'আছুহুমু ল্লা-হু জ্বামী'আন্ ফাইয়াহ্লিফূনা লাহূ কামা-ইয়াহ্লিফূনা লাকুম্

অনন্তকাল অবস্থান করবে। (১৮) যেদিন আল্লাহ তাদের সবাইকে দ্বিতীয়বার জীবিত করবেন, অনন্তর সেদিন তারা সকলের সামনে মিথ্যা শপথ করবে,

وَيَحْسَبُونَ أَنَّهُمْ عَلَىٰ شَيْءٍ ۚ أَلَا إِنَّهُمْ هُمُ الْكَاذِبُونَ ﴿١٩﴾ اسْتَحْوَذَ عَلَيْهِمُ

অইয়াহসাবূনা আন্নাহুম্ 'আলা শাইয়িন্ আলা ~ ইন্নাহুম্ হুমুল্ কা-যিবূন্ ১৯। ইস্তাহ্ওয়াযা 'আলাইহিমুশ্

যেমন এখন তোমাদের সমানে করে, তারা এরূপ ধারণা করবে যে, কিছু পাবে। সাবধান! তারা মিথ্যাবাদী। (১৯) শয়তান

الشَّيْطَانُ فَأَنسَاهُمْ ذِكْرَ اللَّهِ ۚ أُولَٰئِكَ حِزْبُ الشَّيْطَانِ ۚ أَلَا إِنَّ حِزْبَ

শাইত্বোয়া-নু ফাআন্সা-হুম্ যিক্রল্লা-হ্; উলা — য়িকা হিয্বুশ্ শাইত্বোয়া-ন্; 'আলা ~ ইন্না হিয্বাশ্

তাদের ওপর পূর্ণ প্রাধান্য বিস্তার করেছে। অনন্তর সে তাদেরকে আল্লাহর স্মরণ ভুলিয়ে দিয়েছে। তারা শয়তানের দল, ভালভাবে

الشَّيْطَانِ هُمُ الْخَاسِرُونَ ﴿٢٠﴾ إِنَّ الَّذِينَ يُحَادُّونَ اللَّهَ وَرَسُولَهُ أُولَٰئِكَ

শাইত্বোয়া-নি হুমুল্ খা-সিরূন্। ২০। ইন্নাল্লাযীনা ইয়ুহা — দ্দূনাল্লা-হা অরসূলাহূ ~ উলা — য়িকা

জেনে রেখ শয়তানের দলই ক্ষতিগ্রস্ত হবে। (২০) নিশ্চয়ই যারা বিরোধিতা করে আল্লাহ ও তাঁর রাসূলের, তারা অত্যন্ত লাঞ্ছিত

فِي الْأَذَلِّينَ ﴿٢١﴾ كَتَبَ اللَّهُ لَأَغْلِبَنَّ أَنَا وَرُسُلِي ۚ إِنَّ اللَّهَ قَوِيٌّ عَزِيزٌ *

ফিল্ আযাল্লীন্। ২১। কাতাবাল্লা-হু লাআগ্লিবান্না আনা অরুসুলী; ইন্নাল্লা-হা ক্বাও ওয়িইয়ুন্ 'আযীয্।

লোকদের অন্তর্ভুক্ত। (২১) আর আল্লাহ সিদ্ধান্ত লিখেরেখেছেন যে, আমি ও আমার রাসূল জয়ী হব। নিশ্চয়ই আল্লাহ শক্তিমান, পরাক্রান্ত।

﴿٢٢﴾ لَّا تَجِدُ قَوْمًا يُؤْمِنُونَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ يُوَادُّونَ مَنْ حَادَّ اللَّهَ

২২। লা-তাজিদু ক্বওমাই ইয়ু"মিনূনা বিল্লা-হি অল্ইয়াওমিল্ আ-খিরি ইয়ুওয়া — দ্দূনা মান্ হা — দ্দাল্লা-হা

(২২) যারা আল্লাহ ও পরকালে বিশ্বাসী তাদেরকে এমন লোকদের সঙ্গে বন্ধুত্বশীল দেখবেন না। যারা আল্লাহ ও তাঁর

শানেনুযূল ঃ আয়াত-২২ ঃ বদরযুদ্ধে একদিকে মুসলমানদের সেনাবাহিনীর মধ্যে ছিলেন হযরত আবূ ওবাইদাহ, অপরদিকে কাফেরদের সেনা বাহিনীর মধ্যে ছিল তাঁর মুশরিক পিতা জররাহ। সে আপন পুত্র নিধনের চক্রান্তে লিপ্ত ছিল। হযরত আবূ ওবাইদাহ্ তা টের পেয়ে সুযোগ পাওয়া মাত্র পিতাকে হত্যা করে দিলেন। তখন এ আয়াতটি নাযীল হয়।

অপর বর্ণনায় আছে –একদা হযরত আবূ বকর সিদ্দীক (রাঃ)-এর পিতা আবু কাহাফাহ্ তার কুফরী অবস্থায় নবী কারীম ((ছঃ)-এর প্রতি মানহানিকর উক্তি করল আবূ বকর (রাঃ) তার মুখে চপেটাঘাত করলেন। নবী কারীম (ছঃ) কারণ জিজ্ঞাসা করলে তিনি বলেন, তখন আমার হাতে তলওয়ার থাকলে এ অশ্লীল উক্তির জন্য তার মস্তক ছিন্ন করে দিতাম। তখন তাঁর প্রশংসায় আয়াতটি নাযীল হয়।

وَرَسُولَهُۥ وَلَوْ كَانُوٓا۟ ءَابَآءَهُمْ أَوْ أَبْنَآءَهُمْ أَوْ إِخْوَٰنَهُمْ أَوْ عَشِيرَتَهُمْ ۚ

অরাসূলাহূ অলাও কা-নূ ~ আ-বা — য়াহুম্ আও আব্‌না — য়াহুম্ আও ইখ্‌ওয়া-নাহুম্ আও আশীরতাহুম্;

রাসূলের বিরুদ্ধাচারণকারীদেরকে ভালবাসেন না, যদিও তারা তাদের পিতা অথবা তাদের সন্তান বা তাদের ভাই বা তাদের

أُو۟لَٰٓئِكَ كَتَبَ فِى قُلُوبِهِمُ ٱلْإِيمَٰنَ وَأَيَّدَهُم بِرُوحٍ مِّنْهُ ۖ وَيُدْخِلُهُمْ

উলা — য়িকা কাতাবা ফী কু্লূ বিহিমুল্ ঈমা-না অ আইয়্যাদাহুম্ বিরূহিম্ মিন্‌হু অ ইয়ুদ্‌খিলুহুম্

পরিবারের লোক হয়। এসব লোকদের অন্তরে আল্লাহ ঈমান দৃঢ় করে দিয়েছেন। এবং তাদেরকে স্বীয় রূহ দ্বারা শক্তিশালী

جَنَّٰتٍ تَجْرِى مِن تَحْتِهَا ٱلْأَنْهَٰرُ خَٰلِدِينَ فِيهَا ۚ رَضِىَ ٱللَّهُ عَنْهُمْ وَ

জান্না-তিন্ তাজ্‌রী মিন্ তাহ্‌তিহাল্ আন্‌হা-রু খ-লিদীনা ফীহা-; রদ্বিয়াল্লা-হু আ'ন্‌হুম্ অ

করে দিয়েছেন। আর তিনি তাদেরকে এমন বেহেশ্‌তে দাখিল করবেন যার নিচ দিয়ে ঝর্ণাধারা প্রবাহিত, সেখানে তারা অনন্তকাল

رَضُوا۟ عَنْهُ ۚ أُو۟لَٰٓئِكَ حِزْبُ ٱللَّهِ ۚ أَلَآ إِنَّ حِزْبَ ٱللَّهِ هُمُ ٱلْمُفْلِحُونَ

রাদ্বূ 'আন্‌হু উলা — য়িকা হিয্‌বুল্লা-হ্; আলা ~ ইন্না হিয্‌বাল্লা-হি হুমুল্ মুফ্‌লিহূন্

অবস্থান করবে আল্লাহ তাদের প্রতি সন্তুষ্ট, তারাও (আল্লাহ) তাঁর প্রতি সন্তুষ্ট থাকবে, তারা আল্লাহর দল। জেনে রেখ নিঃসন্দেহে আল্লাহর দলই সফলকাম।

ع ৩ ৯ ৩ রুকু

সূরা হাশ্‌র
মদীনাবতীর্ণ

بِسْمِ ٱللَّهِ ٱلرَّحْمَٰنِ ٱلرَّحِيمِ

বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ২৪
রুকূ ঃ ৩

سَبَّحَ لِلَّهِ مَا فِى ٱلسَّمَٰوَٰتِ وَمَا فِى ٱلْأَرْضِ ۖ وَهُوَ ٱلْعَزِيزُ ٱلْحَكِيمُ ① هُوَ

১। সাব্বাহা-লিল্লা-হি মা-ফিস্ সামা-ওয়া-তি অমা-ফিল্ আরদ্বি অহুওয়াল্ 'আযীযুল্ হাকীম্। ২। হুওয়াল্

(১) আকাশসমূহ ও পৃথিবীর সবকিছুই আল্লাহর মহিমা ঘোষণা করছে। আর তিনি মহাপরাক্রান্ত, প্রজ্ঞাময়। (২) তিনিই

ٱلَّذِىٓ أَخْرَجَ ٱلَّذِينَ كَفَرُوا۟ مِنْ أَهْلِ ٱلْكِتَٰبِ مِن دِيَٰرِهِمْ لِأَوَّلِ ٱلْحَشْرِ ۚ

লাযী ~ আখ্ রজাল্লাযীনা কাফারূ মিন্ আহ্‌লিল্ কিতা-বি মিন্ দিয়া-রিহিম্ লিআওয়্যালিল্ হাশ্‌র;

সেই আল্লাহ যিনি কিতাবী কাফেরদেরকে প্রথম সমাবেশেই আবাস হতে বহিষ্কার করে দিলেন। তোমরা কল্পনাও কর নি যে, তারা

ওয়াক্‌ফুন্নবী (সাঃ)

مَا ظَنَنتُمْ أَن يَخْرُجُوا۟ ۖ وَظَنُّوٓا۟ أَنَّهُم مَّانِعَتُهُمْ حُصُونُهُم مِّنَ ٱللَّهِ فَأَتَىٰهُمُ ٱللَّهُ

মা-জোয়ানান্‌তুম্ আইঁ ইয়াখ্‌রুজূ অজোয়ান্নূ ~ আন্নাহুম্ মা-নি'আতুহুম্ হুছূনুহুম্ মিনাল্লা-হি ফাআতা-হুমুল্লা-হু

বহিস্কৃত হবে। আর তারা ধারণা করে রেখেছিল যে, দুর্গসমূহ তাদেরকে আল্লাহ থেকে বাঁচাবে। ধারণাতীতভাবেই তাদের উপর

مِنْ حَيْثُ لَمْ يَحْتَسِبُوا۟ ۖ وَقَذَفَ فِى قُلُوبِهِمُ ٱلرُّعْبَ ۚ يُخْرِبُونَ بُيُوتَهُم

মিন্ হাইছু লাম্ ইয়াহ্‌তাসিবূ অক্বযাফা ফী কু্লূ বিহিমুর্ রু'বা ইয়ুখ্‌রিবূনা বুইয়ূতাহুম্

আল্লাহর শাস্তি অবতীর্ণ হল। আর তাদের অন্তরে ভীতির সঞ্চার হল। তারা নিজ হাতেই নিজেদের বাড়ি-ঘর ধ্বংস করল

بِاَيْدِيْهِمْ وَاَيْدِى الْمُؤْمِنِيْنَ ۚ فَاعْتَبِرُوْا يٰۤاُولِى الْاَبْصَارِ ۝٣ وَلَوْلَآ اَنْ

বিআইদীহিম্ অ আইদিল্ মু"মিনীনা ফা'তাবিরূ ইয়া ~ উলিল্ আব্‌ছোয়া-র্। ৩। অলাওলা ~ আন্
আর মু'মিনদের হাতেও উজাড় করে দিচ্ছিল। হে চক্ষুষ্মানরা! উপদেশ গ্রহণ কর। (৩) আর আল্লাহ তাদের ভাগ্যে নির্বাসনের

كَتَبَ اللّٰهُ عَلَيْهِمُ الْجَلَآءَ لَعَذَّبَهُمْ فِى الدُّنْيَا ۖ وَلَهُمْ فِى الْاٰخِرَةِ عَذَابُ النَّارِ

কাতাবা ল্লা-হু 'আলাইহিমুল্ জ্বালা — য়া লা'আয্‌যাবাহুম্ ফিদ্দুনইয়া-; অলাহুম্ ফিল্ 'আ-খিরতি 'আযা-বুন্‌না-র্।
সিদ্ধান্ত যদি লিখে না রাখতেন, তবে যমীনেই তাদেরকে শাস্তি প্রদান করতেন। আর তাদের জন্য পরকালে আগুনের শাস্তি তো আছেই।

ذٰلِكَ بِاَنَّهُمْ شَآقُّوا اللّٰهَ وَرَسُوْلَهٗ ۚ وَمَنْ يُّشَآقِّ اللّٰهَ فَاِنَّ اللّٰهَ شَدِيْدُ الْعِقَابِ ۝٤

৪। যা-লিকা বিআন্নাহুম্ শা — ক্বক্বুল্লা-হা অরসূলাহূ অমাই ইয়ুশা — ক্বক্বি ল্লা-হা ফাইন্নাল্লা-হা শাদীদুল্ ই'ক্বা-ব্।
(৪) কেননা, তারা আল্লাহ ও তাঁর রাসূলের বিরোধিতা করেছে; আর যে আল্লাহর বিরোধী হবে, তবে আল্লাহর শাস্তি কঠিন।

مَا قَطَعْتُمْ مِّنْ لِّيْنَةٍ اَوْ تَرَكْتُمُوْهَا قَآئِمَةً عَلٰۤى اُصُوْلِهَا فَبِاِذْنِ اللّٰهِ وَلِيُخْزِىَ ۝٥

৫। মা-ক্বাত্বোয়া'তুম্ মিল্লীনাতিন্ আওতারক্‌তুমূহা-ক্ব — য়িমাতান্ 'আলা ~ উছূ লিহা-ফাবিইয্‌নিল্লা-হি অ লিইয়ুখ্‌যিয়াল্
(৫) যে খেজুর বৃক্ষ তোমরা কেটেফেলেছ বা তাদের কাণ্ডের ওপর রেখেছ, তা তো আল্লাহর নির্দেশেই হয়েছে, যেন তিনি

الْفٰسِقِيْنَ ۝٥ وَمَآ اَفَآءَ اللّٰهُ عَلٰى رَسُوْلِهٖ مِنْهُمْ فَمَآ اَوْجَفْتُمْ عَلَيْهِ مِنْ خَيْلٍ وَّلَا

ফা-সিক্বীন্। ৬। অমা ~ আফা — য়াল্লা-হু 'আলা-রসূলিহী মিনহুম্ ফামা ~ আওজ্বাফ্‌তুম্ 'আলাইহি মিন্ খাইলিঁও অলা-
পাপীদেরকে লাঞ্ছিত করেন। (৬) আল্লাহ তাদের নিকট থেকে তাঁর রাসূলকে যে গনিমত দিয়েছেন, তা অর্জন করার জন্য তোমরা

رِكَابٍ وَّلٰكِنَّ اللّٰهَ يُسَلِّطُ رُسُلَهٗ عَلٰى مَنْ يَّشَآءُ ۚ وَاللّٰهُ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرٌ ۝٦ مَآ

রিকা-বিঁও অলা-কিন্নাল্লা-হা ইয়ুসাল্লিত্বু রুসুলাহূ 'আলা-মাই ইয়াশা — য়্; অল্লা-হু 'আলা-কুল্লি শাইয়িন্ ক্বদীর্। ৭। মা ~
না অশ্ব না উষ্ট্র লাগিয়েছ। তবে আল্লাহ তাঁর রাসূলকে যার উপর ইচ্ছা বিজয়ী করে দেন। আল্লাহ সর্ব শক্তিমান। (৭) গ্রামবাসীদের

اَفَآءَ اللّٰهُ عَلٰى رَسُوْلِهٖ مِنْ اَهْلِ الْقُرٰى فَلِلّٰهِ وَلِلرَّسُوْلِ وَلِذِى الْقُرْبٰى وَ

আফা — য়াল্লা-হু 'আলা- রসূলিহী মিন্ আহ্‌লিল্ ক্বু রা-ফালিল্লা-হি অলির্‌রসূলি অলিযিল্ ক্বুর্‌বা- অল্
নিকট থেকে আল্লাহ তাঁর রাসূলকে যা দিয়েছেন তা আল্লাহর, তাঁর রাসূলের, রাসূলের নিকট আত্মীয়দের,

শানেনুযূলঃ সূরা হাশর ঃ মদীনা শরীফ হতে পাঁচ-ছয় ক্রোশ দূরে বনী নযীর নামক একটি গোত্রের বাসস্থান ছিল। মুসলমানদের সাথে তাদের সন্ধি চুক্তি হয়েছিল। কিন্তু তারা গোপনে কাফেরদের সাথে চক্রান্তে লিপ্ত ছিল। এমনকি একবার নবী করীম (ছঃ) একটি প্রাচীরের পাশে বসে আলাপ করতে ছিলেন, তারা প্রাচীরের উপর থেকে পাথর ফেলে তাঁকে হত্যা করার ইচ্ছাও করেছিল। সন্ধির বরখেলাফ কার্যে লিপ্ত থাকায় নবী কারীম (ছঃ) বদর যুদ্ধের ষষ্ঠ মাসে তাদের বিরুদ্ধে সৈন্য সমাবেশ করলেন। বনী নযির বহু মিনতি করাতে অবশেষে সিদ্ধান্ত হল যে, অস্ত্র ব্যতীত মাল-পত্রের মধ্যে যা উটের পিঠে বহন করতে পারে তা নিয়ে সিরিয়াতে গিয়ে বসবাস করবে। তারা বাধ্য হয়েই তা করল। এদের সম্বন্ধেই এ সূরাটি নাযীল হয়। অপর বর্ণনায় আছে- নবী কারীম (ছঃ) তাদের গৃহ ঘেরাও করলে তারা ভীত হয়ে পড়ে। অগত্যা, তারা আশ্রয় প্রার্থনা করলে হুযূর (ছঃ) তাদের প্রাণ ভিক্ষা দেন এবং মাল-পত্র যা সঙ্গে নিয়ে যেতে পারে তা নিতে অনুমতি দেন। মুসলমানরা তাদের ঘর-বাড়ি ক্ষেত খামার সমস্ত কিছু করায়ত্ব করে নিলেন। আল্লাহ্ তা'আলা তাদের ভূখণ্ড গণীমতের ন্যায় ভাগ করালেন না। নবী কারীম (ছঃ)এর ওপরই তার স্বাধিকার দিয়ে দিলেন। তাই নবী কারীম ((ছঃ) তার অধিকাংশ মুহাজিরদের মধ্যে বণ্টন করলেন। এ সূরায় এ ঘটণারই বর্ণনা রয়েছে।

الْيَتٰمٰى وَالْمَسٰكِيْنِ وَابْنِ السَّبِيْلِ ۙ كَيْ لَا يَكُوْنَ دُوْلَةًۢ بَيْنَ الْاَغْنِيَآءِ مِنْكُمْ ؕ

ইয়াতা-মা-অল্‌ মাসা-কীনি অব্‌নিস্‌ সাবীলি কাই লা-ইয়াকূনা দূলাতাম্‌ বাইনাল্‌ আগ্‌নিয়া — য়ি মিন্‌কুম্‌;

এতীমদের, মিস্‌কীনদের ও মুসাফিরদের; যেন তা কেবল তোমাদের মধ্যে যারা ধনশালী তাদের কবলিত না হয়। আর রাসূল

وَمَآ اٰتٰىكُمُ الرَّسُوْلُ فَخُذُوْهُ ۚ وَمَا نَهٰىكُمْ عَنْهُ فَانْتَهُوْا ۚ وَاتَّقُوا اللّٰهَ ؕ اِنَّ اللّٰهَ

অমা ~ আ-তা-কুমুর্‌ রসূলু ফাখুযূহু অমা-নাহা-কুম্‌ 'আন্‌হু ফান্‌তাহূ অত্তাকু্‌ল্লা-হ্‌; ইন্না ল্লা-হা

তোমাদেরকে যা প্রদান করেন তা গ্রহণ কর; এবং যা থেকে তোমাদেরকে নিষেধ করেন, তা বর্জন কর। আর আল্লাহকে ভয়কর।

شَدِيْدُ الْعِقَابِ ﴿٨﴾ لِلْفُقَرَآءِ الْمُهٰجِرِيْنَ الَّذِيْنَ اُخْرِجُوْا مِنْ دِيَارِهِمْ وَ

শাদীদুল্‌ 'ইক্ব-ব্‌। ৮। লিল্‌ ফুক্বারা — য়িল্‌ মুহাজ্বিরীনাল্‌ লাযীনা উখ্‌রিজূ্‌ মিন্‌ দিয়া- রিহিম্‌ অ

নিশ্চয়ই আল্লাহ শাস্তিদানে বড়ই কঠিন। (৮) এ সম্পদে হক রয়েছে সেই মুহাজিরদের, যাদেরকে তাদের নিজেদের ঘর-বাড়ি ও

اَمْوَالِهِمْ يَبْتَغُوْنَ فَضْلًا مِّنَ اللّٰهِ وَرِضْوَانًا وَّيَنْصُرُوْنَ اللّٰهَ وَرَسُوْلَهٗ ؕ اُولٰٓئِكَ

আম্‌ওয়া-লিহিম্‌ ইয়াব্‌তাগূনা ফাদ্বলাম্‌ মিনাল্লা-হি অ রিদ্বওয়া-নাওঁ অ ইয়ান্‌ ছুরূনা ল্লা-হা অ রসূলাহু; উলা — য়িকা

ধন সম্পদ হতে বহিষ্কার করা হয়েছে, তারা আল্লাহর দয়া ও সন্তুষ্টি অন্বেষণকারী এবং আল্লাহ ও তাঁর রাসূলকে সাহায্য করে।

هُمُ الصّٰدِقُوْنَ ﴿٩﴾ وَالَّذِيْنَ تَبَوَّءُو الدَّارَ وَالْاِيْمَانَ مِنْ قَبْلِهِمْ يُحِبُّوْنَ مَنْ

হুমুছ্‌ ছোয়া-দিক্বূ্‌ন্‌। ৯। অল্লাযীনা তাবাওয়্যায়ুদ্‌ দা-রা অল্‌ঈমা-না মিন্‌ ক্বব্‌লিহিম্‌ ইয়ুহিব্বূনা মান্‌

তারাই সত্যবাদী।(৯) আর সেই সব লোকদেরও হক রয়েছে যারা পূর্ব থেকেই মদীনায় অবস্থান করছে ও ঈমান গ্রহণ করেছে, যারা

هَاجَرَ اِلَيْهِمْ وَلَا يَجِدُوْنَ فِيْ صُدُوْرِهِمْ حَاجَةً مِّمَّآ اُوْتُوْا وَيُؤْثِرُوْنَ عَلٰٓى

হা-জ্বারা ইলাইহিম্‌ অলা-ইয়াজ্বিদূনা ফী ছুদূরিহিম্‌ হা-জ্বাতাম্‌ মিম্মা ~ উতূ অইয়ু"ছিরূনা 'আলা ~

তাদের নিকট হিজরত করে আসে তাদেরকে ভালবাসে, মুহাজিরদেরকে যা প্রদান করা হয় তাতে তারা অন্তরে কোন ঈর্ষা পোষণ

اَنْفُسِهِمْ وَلَوْ كَانَ بِهِمْ خَصَاصَةٌ ؕ وَمَنْ يُّوْقَ شُحَّ نَفْسِهٖ فَاُولٰٓئِكَ هُمُ

আন্‌ফুসিহিম্‌ অ লাও কা-না বিহিম্‌ খাছোয়া-ছোয়াহ্‌; অমাইঁইয়ূক্বা শুহ্‌হা নাফসিহী ফাউলা — য়িকা হুমুল্‌

করে না; অভাবী হলেও তারা মুহাজিরকে অগ্রাধিকার প্রদান করে থাকে। আর যারা কৃপণতা থেকে নিজদেরকে মুক্ত রেখেছে, এরাই

الْمُفْلِحُوْنَ ﴿١٠﴾ وَالَّذِيْنَ جَآءُوْ مِنْۢ بَعْدِهِمْ يَقُوْلُوْنَ رَبَّنَا اغْفِرْ لَنَا وَلِاِخْوَانِنَا

মুফ্‌লিহূন্‌ ।১০। অল্লাযীনা জ্বা — উ মিম্‌ বা'দিহিম্‌ ইয়াকূ্‌লূনা রব্বানাগ্‌ ফিরলানা-অলিইখ্‌ওয়া-নিনাল

প্রকৃত সফলতা লাভ করবে। (১০) আর যারা পরে এসেছে তারা বলে, হে আমাদের রব! আমাদেরকে ক্ষমা করুন ও আমাদের সেই

الَّذِيْنَ سَبَقُوْنَا بِالْاِيْمَانِ وَلَا تَجْعَلْ فِيْ قُلُوْبِنَا غِلًّا لِّلَّذِيْنَ اٰمَنُوْا رَبَّنَآ اِنَّكَ

লাযীনা সাবাকূ্‌না বিল্‌ ঈমা-নি অলা- তাজ্‌'আল্‌ ফী কু্‌লূবিনা-গিল্লাল্লিল্লাযীনা আ-মানূ রব্বানা ~ ইন্নাকা

ভাইদেরকেও ক্ষমা করুন, যারা আমাদের পূর্বে ঈমান এনেছে। আমাদের অন্তরে মু'মিনদের জন্য হিংসা রেখো না। হে আমাদের রব!

১ ع ১০ ৪ রুকু ● এক চতুর্থাংশ

رَءُوفٌ رَّحِيمٌ ﴿١١﴾ أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ نَافَقُوا يَقُولُونَ لِإِخْوَانِهِمُ الَّذِينَ كَفَرُوا

রায়ূফুর রহীম্ ১১। আলাম্ তারা ইলাল্লাযীনা না-ফাক্বূ ইয়াক্বূলূনা লিইখ্‌ওয়া-নিহিমুল্লাযীনা কাফারূ

আপনি দয়াবান, করুণাময়। (১১) আপনি কি সেই মুনাফেকদের অবস্থা দেখেন নি? যারা কিতাবের অনুসারী, তারা তাদের কাফের

مِنْ أَهْلِ الْكِتَابِ لَئِنْ أُخْرِجْتُمْ لَنَخْرُجَنَّ مَعَكُمْ وَلَا نُطِيعُ فِيكُمْ أَحَدًا أَبَدًا لا

মিন্ আহ্‌লিল্ কিতা-বি লায়িন্ উখ্‌রিজ্‌তুম্ লানাখ্‌রুজান্না মা'আকুম্ অলা-নুত্বী'উ ফীকুম্ আহাদান্ আবাদাওঁ

ভাইদের বলত, তোমরা যদি বহিস্কৃত হও, তবে আমরাও তোমাদের সঙ্গে বের হব। তোমাদের ব্যাপারে কখনও কারো কথা মান্য করব না,

وَإِنْ قُوتِلْتُمْ لَنَنْصُرَنَّكُمْ ط وَاللَّهُ يَشْهَدُ إِنَّهُمْ لَكَاذِبُونَ ﴿١٢﴾ لَئِنْ أُخْرِجُوا لَا

অইন্ ক্বূতিল্‌তুম্ লানান্ ছুরন্নাকুম্; অল্লা-হু ইয়াশ্‌হাদু ইন্নাহুম্ লাকা-যিবূন্। ১২। লায়িন্ উখ্‌রিজূ লা-

তোমরা যদি আক্রান্ত হও তবে আমরা তোমাদেরকে সাহায্য করব। আর আল্লাহ সাক্ষ্য দেন যে, তারা একেবারেই মিথ্যাবাদী। (১২) যদি তারা বহিস্কৃত হয়,

يَخْرُجُونَ مَعَهُمْ ج وَلَئِنْ قُوتِلُوا لَا يَنْصُرُونَهُمْ ج وَلَئِنْ نَصَرُوهُمْ لَيُوَلُّنَّ

ইয়াখ্‌রুজূনা মা'আহুম্ অলায়িন্ ক্বূতিলূ লা-ইয়ান্ ছুরূনাহুম্ অলায়িন্ নাছোয়ারূ হুম্ লাইয়ুওয়াল্লুন্নাল্

তবে এরা তাদের সাথে কখনও বের হবে না, আর যদি আক্রান্ত হয়, তবে তাদেরকে সাহায্যও করবে না, আর যদি সাহায্য

الْأَدْبَارَ تف ثُمَّ لَا يُنْصَرُونَ ﴿١٣﴾ لَأَنْتُمْ أَشَدُّ رَهْبَةً فِي صُدُورِهِمْ مِنَ اللَّهِ ط

আদ্‌বা-রা ছুম্মা লা-ইয়ুন্‌ছোয়ারূন্। ১৩। লা আন্‌তুম্ আশাদ্দু রহ্‌বাতান্ ফী ছুদূরিহিম্ মিনা ল্লা-হ্;

করতে যায়ও তবে তারা পৃষ্ঠ প্রদর্শন করবে। পরে তারা আর কোন সাহায্য পাবে না। (১৩) আল্লাহ অপেক্ষা তোমরাই তাদের

ذَٰلِكَ بِأَنَّهُمْ قَوْمٌ لَا يَفْقَهُونَ ﴿١٤﴾ لَا يُقَاتِلُونَكُمْ جَمِيعًا إِلَّا فِي قُرًى مُحَصَّنَةٍ

যা-লিকা বিআন্নাহুম্ ক্বওমুল্ লা-ইয়াফ্‌ক্বহূন্। ১৪। লা-ইয়ুক্বা-তিলূনাকুম্ জ্বামী'আন্ ইল্লা-ফী ক্বুরম্ মুহাছ্‌ছনাতিন্

অধিক ভয়ের কারণ, তা এজন্য যে, তারা নির্বোধ। (১৪) একত্রে তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করবে না, করলেও সুরক্ষিত গ্রামে

أَوْ مِنْ وَرَاءِ جُدُرٍ ط بَأْسُهُمْ بَيْنَهُمْ شَدِيدٌ ط تَحْسَبُهُمْ جَمِيعًا وَقُلُوبُهُمْ شَتَّىٰ ط

আও মিওঁ অর — য়ি জুদুর; বা"সুহুম্ বাইনাহুম্ শাদীদ্; তাহ্‌সাবুহুম্ জ্বামীয়াঁও অ ক্বুলূবুহুম্ শাত্তা-;

বা দূর্গের মধ্যে অবস্থান করবে। তাদের মধ্যকার যুদ্ধই ভয়ানক। তাদের দেখে মনে হবে তারা সংঘবদ্ধ, কিন্তু আসলে তারা

ذَٰلِكَ بِأَنَّهُمْ قَوْمٌ لَا يَعْقِلُونَ ﴿١٥﴾ كَمَثَلِ الَّذِينَ مِنْ قَبْلِهِمْ قَرِيبًا ذَاقُوا وَ

যা-লিকা বিআন্নাহুম্ ক্বওমুল্লা-ইয়া'ক্বিলূন্। ১৫। কামাছালিল্ লাযীনা মিন্ ক্বব্‌লিহিম্ ক্বরীবান্ যা-ক্বূ অ

বিভিন্ন মনের। কেননা, এরা সেই সব লোক যারা নির্বোধ। (১৫) এরা সাজাপ্রাপ্ত পূর্ববর্তী সেইসব লোকদের ন্যায়ই, আর তাদের

আয়াত-১১ ঃ অত্র আয়াতে বনী নযীরদের বহিস্কৃত হওয়া ও বিনা যুদ্ধে প্রাপ্ত সম্পদে রাসূলুল্লাহ (ছঃ) এর অধিকার সম্বন্ধে বর্ণিত হয়েছে। হুযুর (ছঃ) আল্লাহ্‌র নির্দেশানুযায়ী তা ব্যয় করবেন। পরবর্তী খলীফাদ্বয়ও তাঁর পদাঙ্ক অনুসরণ করে চলেন। (ইবঃ কাঃ)

আয়াত-১৩ ঃ অর্থাৎ হে মুসলমানরা! মুনাফিক, ইহুদী ও কাফিরদের মনে আল্লাহ্‌র ভয় অপেক্ষা তোমাদের ভয় অধিক। এটি তাদের হীনবুদ্ধিতা। তাদের বুদ্ধি থাকলে বুঝত, আল্লাহই মুসলমানদেরকে আমার উপর বিজয়ী করেছেন। অতএব, তাঁকেই ভয় করা উচিত। (ফতঃ বয়াঃ)

আয়াত-১৪ঃ অর্থাৎ বনী নযীর গোত্র তাদের অযোগ্যতার কারণেই এমন শাস্তি পেয়েছে। মুজাহিদ (রঃ) বলেন, তারা মক্কার মুশরিকরা যারা বনী নযীর গোত্রের পূর্বে বদর যুদ্ধে নিহত ও বন্দী হয়েছিল। ইবনে আব্বাস (রাঃ) এর মতে বনী কাইনুকা উদ্দেশ্য। (তাফঃ হক্কানী)

بَالَ اَمْرِهِمْ ۚ وَلَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿١٦﴾ كَمَثَلِ الشَّيْطٰنِ اِذْ قَالَ لِلْاِنْسَانِ اكْفُرْ ۚ

বা- লা আম্‌রিহিম্ অলাহুম্ 'আযা-বুন্ আলীম্। ১৬। কামাছালিশ্ শাইত্বোয়া-নি ইয্ ক্ব-লা লিল্‌ইন্‌সা-নিক্ ফুর্
জন্য রয়েছে যন্ত্রণাদায়ক আযাব। (১৬) (মুনাফেকদের) দৃষ্টান্ত শয়তানের মতই, যে মানুষকে বলে, কুফরী কর।

فَلَمَّا كَفَرَ قَالَ اِنِّىْ بَرِىْٓءٌ مِّنْكَ اِنِّىْٓ اَخَافُ اللّٰهَ رَبَّ الْعٰلَمِيْنَ ﴿١٧﴾ فَكَانَ

ফালাম্মা-কাফারা ক্ব-লা ইন্নী বারী — য়ুম্ মিন্‌কা ইন্নী ~ আখ-ফুল্লা-হা রব্বাল্ 'আ-লামীন্। ১৭। ফাকা-না
যদি কুফরী করে তবে বলে, আমি তোমা হতে সম্পর্ক মুক্ত। আমি বিশ্ব রব মহান আল্লাহকে ভয় করি। (১৭) অনন্তর উভয়ের

عَاقِبَتَهُمَآ اَنَّهُمَا فِى النَّارِ خَالِدَيْنِ فِيْهَا ۗ وَذٰلِكَ جَزٰٓؤُا الظّٰلِمِيْنَ ﴿١٨﴾ يٰٓاَيُّهَا

২
ع
৫
রুকু

'আক্বিবাতাহুমা ~ আন্নাহুমা-ফিন্না-রি খা-লিদাইনি ফীহা-; অযা-লিকা জ্বাযা — যুজ্ জোয়া-লিমীন্। ১৮। ইয়া ~ আইয়্যুহাল্
পরিণাম চিরকাল অবস্থিতির স্থান জাহান্নাম। আর এটাই হল জালিমদের প্রাপ্য। (১৮) হে লোকেরা তোমরা যারা ঈমান এনেছ!

الَّذِيْنَ اٰمَنُوا اتَّقُوا اللّٰهَ وَلْتَنْظُرْ نَفْسٌ مَّا قَدَّمَتْ لِغَدٍ ۚ وَاتَّقُوا اللّٰهَ ۗ اِنَّ اللّٰهَ

লাযীনা আ-মানুত্তাক্বু-ল্লা-হা অল্ তান্‌জুর্ নাফ্‌সুম্ মা-ক্বাদ্দামাত্ লিগাদিন্ অত্তা ক্বু-ল্লা-হ্; ইন্নাল্লা-হা
তোমরা আল্লাহকে ভয় কর। প্রত্যেকে দেখুক, ভবিষ্যতের জন্য সে কি করেছে? আর আল্লাহকে ভয়কর। নিশ্চয়ই আল্লাহ

خَبِيْرٌ بِمَا تَعْمَلُوْنَ ﴿١٩﴾ وَلَا تَكُوْنُوْا كَالَّذِيْنَ نَسُوا اللّٰهَ فَاَنْسٰىهُمْ اَنْفُسَهُمْ ۗ

খাবীরুম্ বিমা-তা'মালূন্। ১৯। অলা-তাকূনূ কাল্লাযীনা নাসুল্লা-হা ফাআন্‌সা-হুম্ আন্‌ফুসাহুম্;
তোমাদের কার্যাবলী সম্পর্কে পূর্ণ অবগত। (১৯) আর তোমরা তাদের ন্যায় হয়ো না, যারা আল্লাহ হতে উদাসীন হয়ে গিয়েছে

اُولٰٓئِكَ هُمُ الْفٰسِقُوْنَ ﴿٢٠﴾ لَا يَسْتَوِىْٓ اَصْحٰبُ النَّارِ وَاَصْحٰبُ الْجَنَّةِ ۗ

উলা — য়িকা হুমুল্ ফা-সিক্বূ-ন্। ২০। লা-ইয়াস্‌তাওয়ী ~ আছ্‌হা-বুন্না-রি অ আছ্‌হা-বুল্ জ্বান্নাহ্;
তিনি তাদেরকে নিজেদের ব্যাপারেই উদাসীন করে দিলেন। তারাই পাপাচারী। (২০) দোযখের অধিবাসী আর জান্নাতের অধিবাসী

اَصْحٰبُ الْجَنَّةِ هُمُ الْفَآئِزُوْنَ ﴿٢١﴾ لَوْ اَنْزَلْنَا هٰذَا الْقُرْاٰنَ عَلٰى جَبَلٍ لَّرَاَيْتَهٗ

আছ্‌হা-কুল্ জ্বান্না-তি হুমুল্ ফা — য়িযূন্। ২১। লাও আন্‌যালনা- হা-যাল্ কু্রআ-না 'আলা- জ্বাবালিল্ লারয়াইতাহূ
পরস্পর সমান নয়। যারা জান্নাতের অধিবাসী তারাই সফলকাম। (২১) এ কোরআনকে যদি আমি কোন পাহাড়ের ওপর নাযীল

خَاشِعًا مُّتَصَدِّعًا مِّنْ خَشْيَةِ اللّٰهِ ۗ وَتِلْكَ الْاَمْثَالُ نَضْرِبُهَا لِلنَّاسِ لَعَلَّهُمْ

খ-শি'আম্ মুতাছোয়াদ্দি'আম্ মিন্ খশ্‌ইয়াতি ল্লা-হ্; অতিল্‌কাল্ আম্‌ছা-লু নাদ্বরিবুহা-লিন্না-সি লা'আল্লাহুম্
করতাম, তবে দেখতেন যে, তা আল্লাহর ভয়ে বিনীত ও খণ্ড-বিখণ্ড হয়ে গিয়েছে। মানুষের জন্যই এসব বিস্ময়কর দৃষ্টান্ত প্রদান

يَتَفَكَّرُوْنَ ﴿٢٢﴾ هُوَ اللّٰهُ الَّذِىْ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۚ عٰلِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ ۚ

ইয়াতাফাক্কারূন্। ২২। হুওয়াল্লা-হু ল্লাযী লা ~ ইলা-হা ইল্লা হুওয়া 'আ-লিমুল্ গইবি অশ্‌শাহা-দাতি
করে থাকি, যেন তারা গভীরভাবে চিন্তা করে। (২২) তিনিই আল্লাহ, তিনি ছাড়া আর কোন ইলাহ্ নেই। গুপ্ত ও প্রকাশ্য সবই তিনি

هُوَ الرَّحْمٰنُ الرَّحِيْمُ ﴿٢٣﴾ هُوَ اللّٰهُ الَّذِيْ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۚ اَلْمَلِكُ الْقُدُّوْسُ

হুওয়ার্‌ রহ্‌মা-নুর্‌ রহীম্‌ ।২৩। হুওয়াল্লা-হুল্‌ লাযী লা ~ ইলা-হা ইল্লা-হুওয়া আল্‌ মালিকুল্‌ কুদ্দূসুস্‌

জানেন। তিনি পরম দয়ালু, পরম করুণাময়। (২৩) তিনিই আল্লাহ,তিনি ছাড়া আর কোন ইলাহ নেই। তিনিই মালিক, তিনি পবিত্র,

السَّلٰمُ الْمُؤْمِنُ الْمُهَيْمِنُ الْعَزِيْزُ الْجَبَّارُ الْمُتَكَبِّرُ ۗ سُبْحٰنَ اللّٰهِ عَمَّا

সালা-মুল্‌ মু''মিনুল্‌ মুহাইমিনুল্‌ 'আযীযুল্‌ জ্বাব্বা-রুল্‌ মুতাকাব্বির; সুবহা-নাল্লা-হি 'আম্মা-

তিনিই শান্তি, তিনিই নিরাপত্তাদাতা, তিনিই রক্ষক, তিনিই পরাক্রান্ত, তিনিই প্রবল, তিনিই মহান, আল্লাহই সর্ব প্রকার শিরক্‌ হতে

يُشْرِكُوْنَ ﴿٢٤﴾ هُوَ اللّٰهُ الْخَالِقُ الْبَارِئُ الْمُصَوِّرُ لَهُ الْاَسْمَآءُ الْحُسْنٰى ۗ

ইয়ুশ্‌রিকূন্‌।২৪। হুওয়া ল্লা-হুল্‌ খ-লিক্বুল্‌ বা-রিয়ুল্‌ মুছোয়াওয়িরু লাহুল্‌ আস্‌মা — য়ুল হুস্‌না-;

পবিত্র মহান। (২৪) তিনি আল্লাহই, তিনিই স্রষ্টা, তিনিই উদ্ভাবনকারী, তিনিই আকৃতিদাতা, আর তাঁরই জন্য উত্তম নামসমূহ রয়েছে;

يُسَبِّحُ لَهٗ مَا فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۚ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ۞

ইয়ুসাব্বিহু লাহূ মা-ফিস্‌ সামা-ওয়া-তি অল্‌ আর্‌দ্বি অহুওয়াল্‌ 'আযীযুল্‌ হাকীম্‌।

আসমান মণ্ডলী ও যমীনে যা কিছু রয়েছে তার সবই তাঁর পবিত্রতা ও মহিমা বর্ণনা করছে। তিনি মহা পরাক্রান্ত, প্রজ্ঞাময়।

সূরা মুম্‌তাহিনাহ্‌
মদীনাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ১৩
রুকূ ঃ ২

﴿١﴾ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَتَّخِذُوْا عَدُوِّيْ وَعَدُوَّكُمْ اَوْلِيَآءَ تُلْقُوْنَ

১। ইয়া ~ আইয়্যুহাল্‌ লাযীনা আ-মানূ লা-তাত্তাখিযূ 'আদুওওয়ি অ 'আদুওয়্যাকুম্‌ আওলিয়া — য়া তুল্‌কূ্না

(১) হে মু'মিনরা! তোমরা আমার ও তোমাদের শত্রুকে নিজেদের বন্ধুরূপে গ্রহণ করো না। তোমরা তো তাদের সাথে মিত্রতা কর,

اِلَيْهِمْ بِالْمَوَدَّةِ وَقَدْ كَفَرُوْا بِمَا جَآءَكُمْ مِّنَ الْحَقِّ ۚ يُخْرِجُوْنَ الرَّسُوْلَ

ইলাইহিম্‌ বিল্‌মাওয়াদ্দাতি অক্বদ্‌ কাফারূ বিমা- জ্বা — য়াকুম্‌ মিনাল্‌ হাক্ব্‌ক্বি ইয়ুখ্‌রিজূ্নার্‌ রসূলা

কিন্তু তারা তোমাদের কাছে যে সত্য এসেছে তা গোপন করে। তারা রাসূলকে ও তোমাদেরকে নির্বাসিত করেছে এ কারণে যে,

وَاِيَّاكُمْ اَنْ تُؤْمِنُوْا بِاللّٰهِ رَبِّكُمْ ۗ اِنْ كُنْتُمْ خَرَجْتُمْ جِهَادًا فِيْ سَبِيْلِيْ وَابْتِغَآءَ

অইয়্যা-কুম্‌ আন্‌ তু''মিনূ বিল্লা-হি রব্বিকুম্‌; ইন্‌ কুন্‌তুম্‌ খারজ্‌তুম্‌ জ্বিহা-দান্‌ ফী সাবীলী অবতিগ — য়া

তোমরা তোমাদের রবের প্রতি ঈমান আনয়ন করেছ। যদি তোমরা বের হয়ে থাকে,আমার পথে জিহাদ করার জন্য, আমার

مَرْضَاتِيْ ۖ تُسِرُّوْنَ اِلَيْهِمْ بِالْمَوَدَّةِ ۖ وَاَنَا اَعْلَمُ بِمَآ اَخْفَيْتُمْ وَمَآ اَعْلَنْتُمْ ۗ

মারদ্বোয়া-তী তুসিররূনা ইলাইহিম্‌ বিল্‌ মাওয়াদ্দাতি অআনা আ'লামু বিমা ~ আখ্‌ফাইতুম্‌ অমা ~ আ'লান্‌তুম্‌;

সন্তুষ্টি লাভের জন্য তবে কেন তাদেরকে তোমাদের বন্ধু বানাবে? আর তোমারা যা গোপন কর আর যা প্রকাশ্য কর তার সবই

وَمَنْ يَفْعَلْهُ مِنْكُمْ فَقَدْ ضَلَّ سَوَاءَ السَّبِيلِ ۝١ إِنْ يَثْقَفُوكُمْ يَكُونُوا لَكُمْ

অমাই ইয়াফ্'আল্হু মিন্কুম্ ফাক্বদ্ দ্বোয়াল্লা সাওয়া — য়াস্ সাবীল্ । ২ । ইঁইয়াছ্‌ক্বফূকুম্ ইয়াকূনূ লাকুম্

আমি-ই অবগত আছি। যে এরূপ করবে, সে সরল পথ হতে বিচ্যুত হবে। (২) যদি তোমাদের দুর্বল পায় তবে তারা

أَعْدَاءً وَيَبْسُطُوا إِلَيْكُمْ أَيْدِيَهُمْ وَأَلْسِنَتَهُمْ بِالسُّوءِ وَوَدُّوا لَوْ تَكْفُرُونَ

আ'দা — য়াঁও অইয়াব্সুত্বূ ~ ইলাইকুম্ আইদিয়াহুম্ অআল্সিনাতাহুম্ বিস্ সূ — য়ি অওয়াদ্দূ লাও তাক্ফুরূন্।

তোমাদের শত্রুতে পরিণত হবে। তাদের হাত ও রসনা দিয়ে তোমাদের ক্ষতি করবে। তারা চাইবে যে, তোমরাও কুফরী কর।

لَنْ تَنْفَعَكُمْ أَرْحَامُكُمْ وَلَا أَوْلَادُكُمْ ۚ يَوْمَ الْقِيَامَةِ يَفْصِلُ بَيْنَكُمْ ۚ وَاللَّهُ ۝٣

৩। লান্ তান্ফা'আকুম্ আর্হা-মুকুম্ অলা ~ আওলাদুকুম্ ইয়াওমাল্ ক্বিয়া-মাতি ইয়াফ্ছিলু বাইনাকুম্; অল্লা-হু

(৩) তোমাদের আত্মীয় স্বজন ও সন্তান কেয়ামতে দিবসে তোমাদের কোন উপকারে আসবে না। তিনি ফয়সালা করে দিবেন।

بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ ۝٤ قَدْ كَانَتْ لَكُمْ أُسْوَةٌ حَسَنَةٌ فِي إِبْرَاهِيمَ وَالَّذِينَ مَعَهُ ۚ

বিমা-তা'মালূনা বাছীর্। ৪। ক্বদ্ কা-নাত্ লাকুম্ উস্ওয়াতুন্ হাসানাতুন্ ফী ~ ইব্রা-হীমা অল্লাযীনা মা'আহূ

আর আল্লাহ তোমাদের কার্যাবলী ভালভাবে দেখেন। (৪) ইব্রাহীম ও তার সাথীদের মধ্যে তোমাদের জন্য এক উত্তম

إِذْ قَالُوا لِقَوْمِهِمْ إِنَّا بُرَآءُ مِنْكُمْ وَمِمَّا تَعْبُدُونَ مِنْ دُونِ اللَّهِ كَفَرْنَا بِكُمْ

ইয্ ক্ব-লূ লিক্বওমিহিম্ ইন্না বুরয়া — য়ু মিন্কুম্ অমিম্মা-তা'বুদূনা মিন্ দূনিল্লা-হি কাফার্না-বিকুম্

আদর্শ রয়েছে। যখন সে তার সম্প্রদায়কে বলল, আমরা তোমাদের ও আল্লাহ ছাড়া উপাস্য হতে মুক্ত। আমরা তোমাদেরকে

وَبَدَا بَيْنَنَا وَبَيْنَكُمُ الْعَدَاوَةُ وَالْبَغْضَاءُ أَبَدًا حَتَّى تُؤْمِنُوا بِاللَّهِ وَحْدَهُ

অবাদা বাইনানা- অবাইনাকুমুল্ 'আদা-ওয়াতু অল্ বাগ্দ্বোয়া — য়ু আবাদান্ হাত্তা- তু'মিনূ বিল্লা-হি অহ্দাহূ ~

মানি না, চিরদিন আমাদের ও তোমাদের মাঝে শত্রুতা থাকবে। যতক্ষণ না তোমরা এক আল্লাহকে বিশ্বাস করবে। তবে

إِلَّا قَوْلَ إِبْرَاهِيمَ لِأَبِيهِ لَأَسْتَغْفِرَنَّ لَكَ وَمَا أَمْلِكُ لَكَ مِنَ اللَّهِ مِنْ شَيْءٍ ۖ

ইল্লা- ক্বওলা ইব্র-হীমা লিআবীহি লাআস্ তাগ্ফিরন্না লাকা অমা ~ আম্লিকু লাকা মিনাল্লা-হি মিন্ শাইয়িন্;

তার বাপের জন্য ইব্রাহীমের উক্তি ছিল– আপনার জন্য ক্ষমা চাইব। এছাড়া আর কোন ক্ষমতা আমার নেই। হে আমাদের

رَبَّنَا عَلَيْكَ تَوَكَّلْنَا وَإِلَيْكَ أَنَبْنَا وَإِلَيْكَ الْمَصِيرُ ۝٥ رَبَّنَا لَا تَجْعَلْنَا

রব্বানা-'আলাইকা তাওয়াক্কাল্না-অইলাইকা আনাব্না-অইলাইকাল্ মাছীর্। ৫। রব্বানা- লা- তাজ্‌ 'আল্না-

রব! আপনার উপরই ভরসা, আপনার দিকেই প্রত্যাবর্তন ও আবাসস্থল। (৫) হে আমাদের রব! আমাদেরকে পীড়ন-

শানেনুযূল ঃ আয়াতঙ ১ ঃ কাফেরদের পক্ষ থেকে একের পর এক হুদায়বিয়ার সন্ধি চুক্তি ভঙ্গ হতে থাকলে নবী কারীম (ছঃ) ৮ম হিজরীতে মক্কা আক্রমণের সিদ্ধান্ত নিলেন। কিন্তু এ বিষয় তিনি যুক্তিসঙ্গত কারণে সম্পূর্ণ গোপন রাখলেন। বদরী সাহাবী, মুহাজির হযরত হাতেম ইবনে আবী বালতাআহ্ (রাঃ)-এর পরিবার-পরিজন মক্কায় অবস্থান করছিলেন। তাই তিনি নবীজী (ছঃ)-এর এ সিদ্ধান্ত কাফেরদেরকে অবগত করানোর উদ্দেশ্যে সারাহ্ নামনী এক কাফের মহিলার মাধ্যমে কাফের সরদারের নিকট এ চিন্তা করে পত্র পাঠালেন যে, এর ফলে হয়ত তার পরিজনের উপর কাফেররা অত্যাচার করবে না। এ প্রেক্ষিতে এ আয়াত নাযিল হয়।

فتنة للذين كفروا واغفر لنا ربنا ۚ إنك أنت العزيز الحكيم ٦ لقد كان

ফিত্‌নাতাল্ লিল্লাযীনা কাফারূ অগ্‌ফির্‌লানা-রব্বানা -ইন্নাকা আন্‌তাল্ 'আযীযুল্ হাকীম্। ৬। লাক্বদ্ কা-না

পাত্র করবেন না কাফেরদের; হে আমাদের রব! আমাদেরকে মাপ করুন; আপনিই পরাক্রান্ত, প্রজ্ঞাময়। (৬) নিশ্চয়ই তাদের

لكم فيهم أسوة حسنة لمن كان يرجوا الله واليوم الآخر ۚ ومن يتول

লাকুম্ ফী হিম্ উস্‌ওয়াতুন্ হাসানাতুল্ লিমান্ কা-না ইয়ারজুল্লা-হা অল্ ইয়াওমাল্ আ-খির্; অমাইঁ ইয়াতাওয়াল্লা-

মধ্যেই রয়েছে তোমাদের জন্য উত্তম আদর্শ, যে আল্লাহ ও পরকালের আকাঙ্খী। আর যে মুখ ফিরিয়ে নেয়, সে জেনে

فإن الله هو الغني الحميد ٧ عسى الله أن يجعل بينكم وبين الذين

ফাইন্নাল্লা-হা হুওয়াল্ গানিইয়ুল্ হামীদ্। ৭। 'আসাল্লা-হু আইঁ ইয়াজ্'আলা বাইনাকুম্ অবাইনাল্ লাযীনা

রাখুক আল্লাহ্ই অভাবমুক্ত, প্রশংসিত। (৭) হয়ত আল্লাহ তোমাদের ও শত্রুদের মাঝে তোমাদের বন্ধুত্ব কায়েম করে দেবেন।

১ ع ৬ ৭ রুকু

عاديتم منهم مودة ۚ والله قدير ۚ والله غفور رحيم ٨ لا ينهكم الله عن

'আদাইতুম্ মিন্‌হুম্ মাওয়াদ্দাহ্; অল্লা-হু ক্বাদীর্; অল্লা-হু গফূরুর্ রহীম্। ৮। লা-ইয়ান্‌হা-কুমুল্লা-হু 'আনিল্

আল্লাহ মহা শক্তিমান, আল্লাহ মহা ক্ষমাশীল, পরম দয়ালু। (৮) আল্লাহ সেই সব লোকদের সঙ্গে সদাচরণ ও সুবিচার

الذين لم يقتلوكم في الدين ولم يخرجوكم من ديركم أن تبروهم

লাযীনা লাম্ ইয়ুক্বা-তিলূকুম্ ফিদ্দীনি অলাম্ ইয়ুখরিজূকুম্ মিন্ দিয়া-রিকুম্ আন্ তাবার্‌রূহুম্

করতে নিষেধ করেন না, যারা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করেনি ও তোমাদেরকে ঘর থেকে বহিষ্কারও করে দেয় নি।

وتقسطوا إليهم ۚ إن الله يحب المقسطين ٩ إنما ينهكم الله عن الذين

অতুক্ব্‌সিত্বূ ~ ইলাইহিম্; ইন্নাল্লা-হা ইয়ুহিব্বুল্ মুক্ব্‌সিত্বীন্। ৯। ইন্নামা-ইয়ান্‌হা-কুমুল্লা-হু 'আনিল্ লাযীনা

যারা সুবিচারক আল্লাহ তাদেরকে ভালবাসেন। (৯) আল্লাহ তোমাদেরকে বন্ধুত্ব করতে বারণ করেন কেবল ঐসব লোকদের

قتلوكم في الدين وأخرجوكم من ديركم وظهروا على إخراجكم أن

ক্বা-তালূকুম্ ফিদ্দীনি অ আখ্‌রাজূকুম্ মিন্ দিয়া-রিকুম্ অজোয়া- হারূ 'আলা ~ ইখ্‌র-জিকুম্ আন্

সাথে যারা তোমাদের সাথে যুদ্ধ করেছে এবং দ্বীনের ব্যাপারে তোমাদেরকে ঘর-বাড়ি থেকে বহিষ্কার করে দিয়েছে আর

تولوهم ۚ ومن يتولهم فأولئك هم الظلمون ١٠ يأيها الذين آمنوا

তাওয়াল্লাওহুম্ অমাইঁ ইয়া তাওয়াল্লাহুম্ ফাউলা — য়িকা হুমুজ জোয়া-লিমূন্। ১০। ইয়া ~ আইয়ুহাল্ লাযীনা আ-মানূ ~

বহিষ্কার করতে কাফের সাহায্য করেছে। আর যে এমন লোকদের সঙ্গে বন্ধুত্ব করবে সে-ই প্রকৃত জালিম। (১০) হে ঈমানদাররা!

إذا جاءكم المؤمنت مهجرت فامتحنوهن ۖ الله أعلم بإيمانهن ۖ فإن

ইযা-জা — য়াকুমুল্ মু''মিনা-তু মুহা-জির-তিন্ ফাম্‌তাহিনূহুন্ন; আল্লা-হু আ'লামু বিঈমা-নিহিন্না ফাইন্

যখন তোমাদের কাছে মু'মিন নারীরা দেশ ছেড়ে আসে তখন পরীক্ষা করো, আল্লাহ তাদের ঈমান সম্বন্ধে সম্যক অবগত।

عَلِمْتُمُوهُنَّ مُؤْمِنَٰتٍ فَلَا تَرْجِعُوهُنَّ إِلَى ٱلْكُفَّارِ ۖ لَا هُنَّ حِلٌّ لَّهُمْ وَلَا هُمْ

'আলিম্ তুমূহুন্না মু''মিনা-তিন্ ফালা-তারজ্বি'উ হুন্না ইলাল্ কুফ্‌ফা-র; লা-হুন্না হিল্লুল্লাহুম্ অলা-হুম্

যদি তোমরা বুঝ– যে তারা মু'মিনা, তবে কাফেরদের নিকট প্রেরণ করো না। না, এই নারীগণ ঐ কাফেরদের জন্য হালাল, আর না ঐ

يَحِلُّونَ لَهُنَّ ۖ وَءَاتُوهُم مَّآ أَنفَقُوا۟ ۚ وَلَا جُنَاحَ عَلَيْكُمْ أَن تَنكِحُوهُنَّ

ইয়াহিল্লুনা লাহুন্; অআ-তূহুম্ মা ~ আন্‌ফাকূ; অলা-জু্না-হা 'আলাইকুম্ আন্ তান্‌কিহূহুন্না

'কাফেররা এই নারীদের জন্য হালাল। তারা যা দিয়েছে তা ফেরত প্রদান কর। মোহর দিয়ে তাদেরকে যদি তোমরা বিয়ে কর, তবে তোমাদের

إِذَآ ءَاتَيْتُمُوهُنَّ أُجُورَهُنَّ ۚ وَلَا تُمْسِكُوا۟ بِعِصَمِ ٱلْكَوَافِرِ وَسْـَٔلُوا۟ مَآ أَنفَقْتُمْ

ইযা ~ আ-তাইতুমূ হুন্না উজ্বূরহুন্না; অলা-তুম্‌সিকূ বিই'ছোয়ামিল্ কাওয়া-ফিরি অস্‌য়ালূ মা ~ আন্‌ফাক্বতুম্

কোন দোষ নেই। কাফের নারীদেরকে দাম্পত্য জীবনে রেখো না। তোমারা যা ব্যয় করেছ তা তারা ফেরত নেবো আর

وَلْيَسْـَٔلُوا۟ مَآ أَنفَقُوا۟ ۚ ذَٰلِكُمْ حُكْمُ ٱللَّهِ ۖ يَحْكُمُ بَيْنَكُمْ ۚ وَٱللَّهُ عَلِيمٌ حَكِيمٌ

অল্ ইয়াস্‌য়ালূ মা ~ আন্‌ফাকূ; যা-লিকুম্ হুকমুল্লা-হ্ ইয়াহ্‌কুমু বাইনাকুম্; অল্লা-হু 'আলীমুন্ হাকীম্।

কাফেররাও ফেরত নেবে তারা যা ব্যয় করেছে। এটাই আল্লাহর নিয়ম, তিনিই ফয়সালা করেন। তিনি সর্বজ্ঞ প্রজ্ঞাময়।

﴿١٠﴾ وَإِن فَاتَكُمْ شَىْءٌ مِّنْ أَزْوَٰجِكُمْ إِلَى ٱلْكُفَّارِ فَعَاقَبْتُمْ فَـَٔاتُوا۟ ٱلَّذِينَ ذَهَبَتْ

১১। অইন্ ফা-তাকুম্ শাইয়ুম্ মিন্ আয্‌ওয়া-জ্বিকুম্ ইলাল্ কুফ্‌ফা-রি ফা'আ-ক্ববতুম্ ফা'আ- তুল্লাযীনা যাহাবাত্

(১১) যদি তোমাদের কোন স্ত্রী কাফেরের কাছে চলে যায়, আর তোমাদেরও সুযোগ আসে, তবে যার স্ত্রীহাত ছাড়া হয়ে গিয়েছে

أَزْوَٰجُهُم مِّثْلَ مَآ أَنفَقُوا۟ ۚ وَٱتَّقُوا۟ ٱللَّهَ ٱلَّذِىٓ أَنتُم بِهِۦ مُؤْمِنُونَ ﴿١١﴾ يَٰٓأَيُّهَا

আয্‌ওয়া-জুহুম্ মিছ্‌লা মা ~ আন্‌ফাকূ; অত্তাকুল্লা হাল্লাযী ~ আন্‌তুম্ বিহী মু'মিনূন্। ১২। ইয়া ~ আইয়্যুহান্

তাকেও সে পরিমাণ প্রদান কর যে পরিমাণ সে তার জন্য ব্যয় করেছে। আল্লাহকে ভয় কর, যার প্রতি তোমরা ঈমান রাখ। (১২) হে

ٱلنَّبِىُّ إِذَا جَآءَكَ ٱلْمُؤْمِنَٰتُ يُبَايِعْنَكَ عَلَىٰٓ أَن لَّا يُشْرِكْنَ بِٱللَّهِ شَيْـًٔا وَلَا

নাবিয়্যু ইযা-জ্বা — য়াকাল্ মু''মিনা-তু ইয়ুবা-ইয়ি'নাকা 'আলা ~ আল্লা-ইয়ুশ্‌রিক্‌না বিল্লা-হি শাইয়াঁও অলা-

নবী! মু'মিন নারীরা যখন আপনার নিকট বাইয়াত গ্রহণ করতে আসে যে, আল্লাহর সাথে তারা শরীক করবে না এবং চুরি

يَسْرِقْنَ وَلَا يَزْنِينَ وَلَا يَقْتُلْنَ أَوْلَٰدَهُنَّ وَلَا يَأْتِينَ بِبُهْتَٰنٍ يَفْتَرِينَهُۥ

ইয়াস্‌রিক্ব্‌না অলা ইয়ায্‌নীনা অলা-ইয়াক্ব্‌তুল্‌না আওলা-দাহুন্না অলা-ইয়া''তীনা বিবুহ্‌তা-নি ইয়াফ্‌তারীনাহূ

করবে না, ব্যভিচারে লিপ্ত হবে না, নিজেদের সন্তানদেরকে হত্যা করবে না, আর জেনে শুনে কোন অপবাদ রচনা করে

بَيْنَ أَيْدِيهِنَّ وَأَرْجُلِهِنَّ وَلَا يَعْصِينَكَ فِى مَعْرُوفٍ ۙ فَبَايِعْهُنَّ وَٱسْتَغْفِرْ لَهُنَّ

বাইনা আইদীহিন্না অ আরজু্লিহিন্না অলা- ইয়া'ছীনাকা ফী মা'রূফিন্ ফাবা-য়িয়ি'হুন্না অস্‌তাগ্‌ফির্ লাহুন্নাল্

রটাবে না, আর সৎকাজে আপনার অবাধ্য হবে না, তখন তাদের আনুগত্যের শপথ গ্রহণ করুন। আল্লাহর কাছে তাদের

اللّٰهَ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١٢﴾ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَتَوَلَّوْا قَوْمًا غَضِبَ

লা-হ্ ; ইন্নাল্লা-হা গাফূরুর্ রহীম্ । ১৩ । ইয়া ~ আইয়্যুহাল্লাযীনা আ-মানূ লা-তাতাঅল্লাও ক্বওমান্ গাদ্বিবাল্
জন্য ক্ষমা ভিক্ষা করুন। আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু। (১৩) হে মু'মিনরা! তোমরা ওই সম্প্রদায়কে তোমাদের বন্ধু বানিও না যারা

اللّٰهُ عَلَيْهِمْ قَدْ يَئِسُوْا مِنَ الْاٰخِرَةِ كَمَا يَئِسَ الْكُفَّارُ مِنْ اَصْحٰبِ الْقُبُوْرِ

লাহু 'আলাইহিম্ ক্বদ্ ইয়ায়িসূ মিনাল্ আ-খিরতি কামা-ইয়ায়িসাল্ কুফ্ফা-রু মিন্ আছ্হা-বিল্ ক্বু-বূ র্।
অভিশপ্ত আল্লাহর। তারা তো পরকাল সম্পর্কে নিরাশ হয়ে গিয়েছে যেমন কাফেররা কবরবাসীদের সম্পর্কে নিরাশ হয়ে রয়েছে।

রুকু

সূরা ছোয়াফ্
মদীনাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ১৪
রুকূ ঃ ২

سَبَّحَ لِلّٰهِ مَا فِى السَّمٰوٰتِ وَمَا فِى الْاَرْضِ ۚ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿١﴾ يٰٓاَيُّهَا

১। সাব্বাহা লিল্লা-হি মা-ফিস্ সামা-ওয়া-তি অমা-ফিল্ আরদ্বি অহুওয়াল্ 'আযীযুল্ হাকীম্। ২। ইয়া ~ আইয়্যুহাল্
(১) আকাশসমূহে যা আছে এবং পৃথিবীতে যা আছে তার সব কিছুই আল্লাহর মহিমা বর্ণনা করে, তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়। (২) হে

الَّذِيْنَ اٰمَنُوْا لِمَ تَقُوْلُوْنَ مَا لَا تَفْعَلُوْنَ ﴿٢﴾ كَبُرَ مَقْتًا عِنْدَ اللّٰهِ اَنْ تَقُوْلُوْا

লাযীনা আ-মানূ লিমা-তাক্বূ-লূনা মা-লা-তাফ্'আলূন্। ৩। কাবুরা মাক্ব্তান্ ই'ন্দাল্লা-হি আন্ তাক্বূ-লূ
মু'মিনরা! যা তোমরা করছ না, এমন কথা কেন বলছ? (৩) আল্লাহর কাছে এটা অত্যন্ত ঘৃণিত ব্যাপার যে, তোমাদের এমন

مَا لَا تَفْعَلُوْنَ ﴿٣﴾ اِنَّ اللّٰهَ يُحِبُّ الَّذِيْنَ يُقَاتِلُوْنَ فِىْ سَبِيْلِهٖ صَفًّا كَاَنَّهُمْ

মা-লা- তাফ্'আলূন্। ৪। ইন্নাল্লা-হা ইয়ুহিব্বুল্ লাযীনা ইয়ুক্ব-তিলূনা ফী সাবীলিহী ছোয়াফ্ফান্ কাআন্নাহুম্
কথা বলা যা তোমরা কর না। (৪) নিশ্চয়ই আল্লাহ সেই সব লোকদেরকে ভালবাসেন যারা আল্লাহর পথে সারিবদ্ধভাবে যুদ্ধ করে

بُنْيَانٌ مَّرْصُوْصٌ ﴿٤﴾ وَاِذْ قَالَ مُوْسٰى لِقَوْمِهٖ يٰقَوْمِ لِمَ تُؤْذُوْنَنِىْ وَقَدْ تَّعْلَمُوْنَ

বুন্ইয়া-নুম্ মারছূছ্। ৫। অইয্ ক্ব-লা মূসা- লিক্বওমিহী ইয়া-ক্বওমি লিমা-তু''যূনানী অক্বত্ তা'লামূনা
সুদৃঢ় সীসা ঢালা প্রাচীরের ন্যায়। (৫) মূসা তার কাওমকে বলল, হে আমার কওম! তোমরা আমাকে কেন কষ্ট দিচ্ছ, তোমরা তো

اَنِّىْ رَسُوْلُ اللّٰهِ اِلَيْكُمْ ۖ فَلَمَّا زَاغُوْٓا اَزَاغَ اللّٰهُ قُلُوْبَهُمْ ۖ وَاللّٰهُ لَا يَهْدِى

আন্নী রাসূলুল্লা-হি ইলাইকুম্; ফালাম্মা-যা-গূ ~ আযা-গল্লা-হু ক্বু-লূবাহুম্; অল্লা-হু লা-ইয়াহ্দিল্
জান, আমি তোমাদের প্রতি প্রেরিত আল্লাহর রাসূল? যখন বাঁকা হল, আল্লাহও তাদের অন্তরকে বাঁকা করলেন। আর আল্লাহ এরূপ

শানেনুযূল ঃ আয়াত-১ ঃ যুদ্ধে আসার পূর্বে কিছু কিছু লোক যুদ্ধের আকাঙ্খা প্রকাশ করত। কিন্তু যখনই যুদ্ধের আদেশ নাযিল হল, তখন ভীত-সন্ত্রস্ত হতে লাগল। তখন আল্লাহ বলেন, এ কথায় আল্লাহ অত্যন্ত অসন্তুষ্ট যে, কেউ মুখে যা প্রতিশ্রুতি দেয় সে অনুসারে কাজ করে না। ছহীহ্ বোখারী ও মুসলিমের হাদীসে বর্ণিত রয়েছে যে, মুখে প্রতিশ্রুতি দিয়ে তদানুসারে আ'মল না করা, দৈনন্দিনের কথা-বার্তায় মিথ্যা বলা এবং আমানতে খেয়ানত করা এগুলো খাঁটি মুসলমানের চিহ্ন নয়। (ইবঃ কাঃ) আয়াত-৪ঃ যে অট্টালিকার প্রাচীর সীসা ঢালা সে অট্টালিকা যেমন অপ্রতিরোধ্য তেমনি আল্লাহর পথে যিহাদকারীরা শত্রুর মোকাবেলায় তেমনি মজবুতভাবে দাঁড়িয়ে থাকে। পশ্চাদপদ হয় না।

الْقَوْمَ الْفٰسِقِينَ ۝٦ وَإِذْ قَالَ عِيسَى ابْنُ مَرْيَمَ يٰبَنِىٓ إِسْرٰٓءِيلَ إِنِّى رَسُولُ

ক্বওমাল্ ফা-সিক্বীন্। ৬। অইয্ ক্ব-লা 'ঈসাব্নু মার্‌ইয়ামা ইয়াবানী ~ ইস্‌র — ঈলা ইন্নী রসূলুল্

পাপীদের হেদায়েতের পথ দেখান না। (৬) আর স্মরণ কর, যখন মরিয়ম পুত্র ঈসা বলল, হে বনী ইস্রাঈল! নিশ্চয়ই আমি আল্লাহর

اللّٰهِ إِلَيْكُمْ مُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَىَّ مِنَ التَّوْرٰىةِ وَمُبَشِّرًا بِرَسُولٍ يَأْتِى

লা-হি ইলাইকুম্ মুছোয়াদ্দিক্বাল্লিমা-বাইনা ইয়াদাইয়্যা মিনাত তাওর-তি অমুবাশ্‌শিরম্ বিরাসূলিঁই ইয়া''তী

প্রেরিত রাসূল হিসাবে তোমাদের নিকট এসেছি, আর আমার পূর্বে প্রেরিত তাওরাতের সমর্থক এবং আমি সুসংবাদ দাতা এমন একজন রাসূলের যিনি

مِنْ بَعْدِى اسْمُهُۥٓ أَحْمَدُ ۖ فَلَمَّا جَآءَهُم بِالْبَيِّنٰتِ قَالُوا هٰذَا سِحْرٌ مُّبِينٌ ۝٧ وَ

মিম্ বা'দিস্‌মুহূ ~ আহ্‌মদ্; ফালাম্মা-জ্বা — য়াহুম্ বিল্ বাইয়্যিনা-তি ক্ব-লূ হা-যা সিহ্‌রুম্ মুবীন্।৭। অ

আমার পরে আসবেন, এবং যাঁর নাম আহ্‌মাদ। অনন্তর যখন প্রমাণসহ আসল, বলল, এটা প্রকাশ্য যাদু। (৭) আর যে

مَنْ أَظْلَمُ مِمَّنِ افْتَرٰى عَلَى اللّٰهِ الْكَذِبَ وَهُوَ يُدْعٰىٓ إِلَى الْإِسْلٰمِ ۚ وَاللّٰهُ

মান্ আজ্‌লামু মিম্মানিফ্‌তার- 'আলাল্লা-হিল্ কাযিবা অহুওয়া ইয়ুদ্'আ ~ ইলাল্ ইস্‌লা-ম্; অল্লা-হু

ইসলামের প্রতি আহ্বানের পরও যে আল্লাহ সম্বন্ধে মিথ্যা রচনা করে তার চেয়ে বড় জালিম আর কে আছে ? আর আল্লাহ

لَا يَهْدِى الْقَوْمَ الظّٰلِمِينَ ۝٨ يُرِيدُونَ لِيُطْفِـُٔوا نُورَ اللّٰهِ بِأَفْوٰهِهِمْ وَاللّٰهُ

লা-ইয়াহ্‌দিল্ ক্বওমাজ্ জোয়া-লিমীন্। ৮। ইয়ুরীদূনা লিইয়ুত্বফিয়ূ নূরল্লা-হি বিআফ্‌ওয়া-হিহিম্ অল্লাহু

অক্বীলা-। ১০। ওয়াছ্বির্ 'আলা-মা-ইয়াক্বূলূনা ওয়াহ্জুর্ হুম্ হাযরন্ জ্বামীলা-। ১১। অযার্নী অল্মুকায্যিবীনা

কর কার্য বিধায়করূপে, (১০)লোকের কথায় সবর করুন, সুন্দর ভাবে তাদেরকে পরিহার করুন, (১১) আর আমাকে ও

اُولِى النَّعْمَةِ وَمَهِّلْهُمْ قَلِيْلًا ۝১২ اِنَّ لَدَيْنَآ اَنْكَالًا وَّجَحِيْمًا ۝১৩ وَّطَعَامًا ذَا غُصَّةٍ

উলিন্ না'মাতি অমাহ্হিল্হুম্ ক্বলীলা-। ১২। ইন্না-লাদাইনা ~ আন্কা-লাঁও অজ্বাহীমাঁ- ।১৩। অত্বোয়া'আ-মান্ যা-গুছ্ছোয়াতিঁও

বিলাসী মিথ্যাবাদীদেরকে ছেড়ে দিন ও একটু অবকাশ দিন। (১২) আমার কাছে শিকল ও আগুন আছে। (১৩) কণ্ঠরোধক

وَّعَذَابًا اَلِيْمًا ۝১৪ يَوْمَ تَرْجُفُ الْاَرْضُ وَالْجِبَالُ وَكَانَتِ الْجِبَالُ كَثِيْبًا مَّهِيْلًا ★

অ'আযা-বান্ আলীমা-। ১৪। ইয়াওমা তার্জুফুল্ আর্দ্বু অল্জ্বিবা-লু অকা-নাতিল্ জ্বিবা-লু কাছীবাম্ মাহীলা-।

খাদ্য ও যন্ত্রনাদায়ক আযাব। (১৪) সেদিন যমীন ও পাহাড় প্রকম্পিত হবে, পাহাড়গুলো বহমান বালুকাস্তূপের হবে।

۝১৫ اِنَّآ اَرْسَلْنَآ اِلَيْكُمْ رَسُوْلًا ۙ شَاهِدًا عَلَيْكُمْ كَمَآ اَرْسَلْنَآ اِلٰى فِرْعَوْنَ رَسُوْلًا ★

১৫। ইন্না ~ আর্সাল্ না ~ ইলাইকুম্ রসূলান্ শা-হিদান্ 'আলাইকুম্ কামা ~ আর্সাল্না ~ ইলা- ফির্'আ'উনা রসূলা-।

(১৫) নিঃসন্দেহে আমি তোমাদের নিকট রাসূল প্রেরণ করেছি সাক্ষীরূপে, যেমন প্রেরণ করেছিলাম ফেরাউনের কাছে

۝১৬ فَعَصٰى فِرْعَوْنُ الرَّسُوْلَ فَاَخَذْنٰهُ اَخْذًا وَّبِيْلًا ۝১৭ فَكَيْفَ تَتَّقُوْنَ اِنْ كَفَرْتُمْ

১৬। ফা'আছোয়া- ফির্'আউনুর্ রসূলা ফাআখয্না-হু আখ্যাঁও অবীলা-।১৭। ফাকাইফা তাত্তাকূনা ইন্ কাফারতুম্

(১৬) ফেরাউন রাসূলের আনুগত্য করে নি, তাকে কঠোরভাবে ধরলাম। (১৭) তোমরা সে দিন কিভাবে বাঁচবে, যদি

يَوْمًا يَّجْعَلُ الْوِلْدَانَ شِيْبًا ۝১৮ السَّمَآءُ مُنْفَطِرٌۢ بِهٖ ۚ كَانَ وَعْدُهٗ مَفْعُوْلًا ۝১৯ اِنَّ

ইয়াওমাই ইয়াজ্ব 'আলুল্ ওয়িল্দা-না শীবা-। ১৮। নিস্ সামা — য়ু মুন্ফাত্বিরুম্ বিহ্; কা-না ওয়া'দুহূ মাফ্'উলা-। ১৯। ইন্না

কুফ্রী কর, যেদিন বালককে বৃদ্ধ করে দেবে, (১৮) যেদিন আকাশ বিদীর্ণ হবে, তাঁর প্রতিশ্রুতি কার্যকরী। (১৯) এটা

১ ع ١٩ ১৩ রুকু

هٰذِهٖ تَذْكِرَةٌ ۚ فَمَنْ شَآءَ اتَّخَذَ اِلٰى رَبِّهٖ سَبِيْلًا ﴿٢٠﴾ اِنَّ رَبَّكَ يَعْلَمُ اَنَّكَ تَقُوْمُ

হা-যিহী তায্ কিরতুন্ ফামান্ শা — য়া ত্তাখাযা ইলা-রব্বিহী সাবীলা-। ২০। ইন্না রব্বাকা ইয়া'লামু আন্নাকা তাকুমু
উপদেশ, সুতরাং যার ইচ্ছা সে তার রবের পথ ধরুক। (২০) নিশ্চয়ই আপনার রব জানেন, নিশ্চয়ই আপনি রাতের প্রায় দু' তৃতীয়াংশ,

اَدْنٰى مِنْ ثُلُثَيِ الَّيْلِ وَنِصْفَهٗ وَثُلُثَهٗ وَطَآئِفَةٌ مِّنَ الَّذِيْنَ مَعَكَ ؕ وَاللّٰهُ يُقَدِّرُ

আদ্না-মিন্ ছুলুছায়িল্লাইলি অনিছ্ফাহূ অ ছুলুছাহূ অত্বোয়া — য়িফাতুম্ মিনাল্লাযীনা মা'আক্; অল্লা-হু ইয়ুকুদ্দিরুল্
অর্ধেক ও এক তৃতীয়াংশ জাগরণ করেন, আপনার সঙ্গীদের একদলও, আর আল্লাহই দিন ও রাতেরপরিমাণ নির্ধারণ করেন;

الَّيْلَ وَالنَّهَارَ ؕ عَلِمَ اَنْ لَّنْ تُحْصُوْهُ فَتَابَ عَلَيْكُمْ فَاقْرَءُوْا مَا تَيَسَّرَ مِنَ الْقُرْاٰنِ ؕ

লাইলা অন্নাহা-র; 'আলিমা আল্লান্ তুহ্ছুহু ফাতা-বা 'আলাইকুম্ ফাক্বরায়ূ মা-তাইয়াস্সারা মিনাল্ কুরআ-ন্;
তিনি জানেন যে, তোমরা এর সঠিক হিসাব রাখতে সক্ষম নয় তাই তোমাদেরকে ক্ষমা করলেন, কোরআন থেকে যা সহজ

عَلِمَ اَنْ سَيَكُوْنُ مِنْكُمْ مَّرْضٰى ۙ وَاٰخَرُوْنَ يَضْرِبُوْنَ فِى الْاَرْضِ يَبْتَغُوْنَ مِنْ

'আলিমা আন্ সাইয়াকূনু মিন্কুম্ মারদ্বোয়া অআ-খরূনা ইয়াদ্বরিবূনা ফিল্ আরদ্বি ইয়াব্তাগূনা মিন্
তা পড়, তিনি জানেন তোমাদের মধ্যে কেউ কেউ অসুস্থ হবে, আর কেউ কেউ আল্লাহ প্রদত্ত রিযিকের তালাশে যমীনে ভ্রমণ

فَضْلِ اللّٰهِ ۙ وَاٰخَرُوْنَ يُقَاتِلُوْنَ فِيْ سَبِيْلِ اللّٰهِ ۗ فَاقْرَءُوْا مَا تَيَسَّرَ مِنْهُ ۙ وَاَقِيْمُوا

ফাদ্বলিল্লা-হি অআ-খরূনা ইয়ুক্বা-তিলূনা ফী সাবীলিল্লা-হি ফাক্বরায়ূ মা-তাইয়াস্সার মিন্হু অআক্বীমুছ্
করবে, কেউ কেউ আল্লাহর রাস্তায় জিহাদ করে, অতএব কোরআনের যতটুকু পাঠ করা সহজ হয়, ততটুকু পাঠ কর; (ফরয)

الصَّلٰوةَ وَاٰتُوا الزَّكٰوةَ وَاَقْرِضُوا اللّٰهَ قَرْضًا حَسَنًا ؕ وَمَا تُقَدِّمُوْا لِاَنْفُسِكُمْ مِّنْ

ছলা-তা অআ-তুয্ যাকা-তা অআক্বরিদ্বুল্লা-হা কারদ্বোয়ান্ হাসানা-; অমা-তুক্বাদ্দিমূ লিআন্ফুসিকুম্ মিন্
নামায কায়েম কর, আর যাকাত প্রদান কর এবং আল্লাহকে কর্জে হাছানা প্রদান কর; আর নিজেদের কল্যাণের জন্য যাই করবে

২ ع ١ ১৪ রুকু

خَيْرٍ تَجِدُوْهُ عِنْدَ اللّٰهِ هُوَ خَيْرًا وَّاَعْظَمَ اَجْرًا ؕ وَاسْتَغْفِرُوا اللّٰهَ ؕ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ٭

খইরিন্ তাজিদূহু 'ইন্দাল্লা-হি হুওয়া খইরাঁও অআ'জোয়ামা আজ্বর-; অস্তাগ্ফিরুল্লা-হ্; ইন্নাল্লা-হা গফূরুর্ রহীম্।
আল্লাহর নিকট পাবে, এটাই উত্তম ও মহা পুরস্কার; অতএব আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা কর; আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু।

সূরা মুদ্দাচ্ছির
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৫৬
রুকূ ঃ ২

يٰۤاَيُّهَا الْمُدَّثِّرُ ﴿١﴾ قُمْ فَاَنْذِرْ ﴿٢﴾ وَرَبَّكَ فَكَبِّرْ ﴿٣﴾ وَثِيَابَكَ فَطَهِّرْ ﴿٤﴾ وَالرُّجْزَ

১। ইয়া ~ আইয়ুহাল্ মুদ্দাছ্ছিরু। ২। কুম্ ফাআন্যির্। ৩। অরব্বাকা ফা কাব্বির্ ৪। অছিয়া-বাকা ফাত্বোয়াহ্হির্। ৫। অররুজ্য যা-
(১) হে বস্ত্রাবৃত! (২) উঠুন, সাবধান করুন, (৩) রবের শ্রেষ্ঠত্ব ঘোষণা করুন, (৪) বস্ত্র পাক রাখুন, (৫) নাপাক হতে দূরে

فَاهْجُرْ ۝ وَلَا تَمْنُنْ تَسْتَكْثِرُ ۝ وَلِرَبِّكَ فَاصْبِرْ ۝ فَإِذَا نُقِرَ فِي النَّاقُورِ ۝ فَذَٰلِكَ

ফাহ্জুর্।৬। অলা- তাম্নুন্ তাস্তাক্ছিরু।৭। অলিরব্বিকা ফাছ্বির্।৮। ফাইযা-নুক্বির ফিন্না-কূরি।৯। ফাযা-লিকা
থাকুন, (৬) বেশির আশায় দান করবেন না; (৭) রবের জন্য সবর করুন। (৮) যেদিন শিংগায় ফুঁ হবে, (৯) অনন্তর

يَوْمَئِذٍ يَوْمٌ عَسِيرٌ ۝ عَلَى الْكَافِرِينَ غَيْرُ يَسِيرٍ ۝ ذَرْنِي وَمَنْ خَلَقْتُ وَحِيدًا ۝

ইয়াওমায়িযিই ইয়াওমুন্ 'আসীরুন্।১০। 'আলাল্ কা-ফিরীনা গইরু ইয়াসীর্।১১। যার্নী অমান্ খলাক্বতু অহীদাঁও।
সে দিবসটি এক কঠিন দিন, (১০) কাফেরদের জন্য মোটেও সহজ নয়, (১১) ছেড়ে দাও আমাকে ও আমার সৃষ্টিকে :

۝ وَجَعَلْتُ لَهُ مَالًا مَمْدُودًا ۝ وَبَنِينَ شُهُودًا ۝ وَمَهَّدْتُ لَهُ تَمْهِيدًا ۝ ثُمَّ

১২। অজ্বা'আল্তু লাহূ মা-লাম্ মাম্দূদাঁও।১৩। অবানীনা শুহূদাঁও ১৪। অমাহ্হাত্তু লাহূ তাম্হীদান্।১৫। ছুম্মা
(১২) আর তাকে বহু ধনসম্পদ দিয়েছি, (১৩) আরও দিয়েছি নিকটতম পুত্র, (১৪) তাকে জীবনোপকরণ দিয়েছি; (১৫) এরপরও

يَطْمَعُ أَنْ أَزِيدَ ۝ كَلَّا إِنَّهُ كَانَ لِآيَاتِنَا عَنِيدًا ۝ سَأُرْهِقُهُ صَعُودًا ۝ إِنَّهُ فَكَّرَ وَقَدَّرَ ۝

ইয়াত্বমা'উ আন্ আযীদা ১৬। কাল্লা-; ইন্নাহূ কা-না লিআ-ইয়া-তিনা- 'আনীদা-।১৭। সাউরহিকুহূ ছোয়া'উদা-।১৮। ইন্নাহূ ফাক্কার অক্বদ্দার।
চায় যেন আরও বাড়াই; (১৬) না, সে তো আয়াতের বিরোধী, (১৭) তাকে ক্রম শাস্তি দিব। (১৮) সে চিন্তা ও স্থির করল,

۝ فَقُتِلَ كَيْفَ قَدَّرَ ۝ ثُمَّ قُتِلَ كَيْفَ قَدَّرَ ۝ ثُمَّ نَظَرَ ۝ ثُمَّ عَبَسَ وَبَسَرَ ۝

১৯। ফাক্বুতিলা কাইফা ক্বাদ্দার্।২০। ছুম্মা ক্বুতিলা কাইফা ক্বাদ্দার্।২১। ছুম্মা নাজোয়ার্ ২২। ছুম্মা 'আবাসা ওয়াবাসার।
(১৯) ধ্বংস হোক! কিরূপে স্থির করল? (২০) আরও ধ্বংস, কিরূপে স্থির করল? (২১) আবার চাইল। (২২) কপাল কুঁচকিয়ে মুখ বাঁকা করল,

۝ ثُمَّ أَدْبَرَ وَاسْتَكْبَرَ ۝ فَقَالَ إِنْ هَٰذَا إِلَّا سِحْرٌ يُؤْثَرُ ۝ إِنْ هَٰذَا إِلَّا قَوْلُ الْبَشَرِ ۝

২৩। ছুম্মা আদ্বার ওয়াস্তাক্বার।২৪। ফাক্বা-লা ইন্ হা-যা ~ ইল্লা-সিহ্রুঁই ইয়ু"ছার্।২৫। ইন্ হা-যা ~ ইল্লা-ক্বওলুল্ বাশার্।
(২৩) পরে মুখ ফিরিয়ে নিল এবং অহংকার করল। (২৪) অতঃপর বলল, এটা তো প্রাপ্ত যাদুই। (২৫) এতো মানুষেরই কথা।

۝ سَأُصْلِيهِ سَقَرَ ۝ وَمَا أَدْرَاكَ مَا سَقَرُ ۝ لَا تُبْقِي وَلَا تَذَرُ ۝ لَوَّاحَةٌ لِلْبَشَرِ ۝

২৬। সাউছ্লীহি সাক্বার্।২৭। অমা ~ আদ্র-কা মা-সাক্বার্।২৮। লা তুব্ক্বী অলা -তাযার্।২৯। লাওয়্যা-হাতুল্লিল্বাশার্।
(২৬) সাকার এ ফেলব, (২৭) তুমি কি জান সাকার কি? (২৮) যা রাখে না, ছাড়েও না (১) (২৯) দেহ বিকৃতকারী।

۝ عَلَيْهَا تِسْعَةَ عَشَرَ ۝ وَمَا جَعَلْنَا أَصْحَابَ النَّارِ إِلَّا مَلَائِكَةً ۙ وَمَا جَعَلْنَا عِدَّتَهُمْ

৩০। 'আলাইহা- তিস্'আতা আ'শার্ ৩১। অমা-জ্বা'আল্না ~ আছ্হা-বান্না-রি ইল্লা-মালা — য়িকাতাঁও অমা-জ্বা'আল্না-ই'দ্দাতাহুম্
(৩০) ঊনিশজন প্রহরী।(৩১) ফেরেশতাদেরকেই জাহান্নামের প্রহরা কাজে নিয়োজিত রাখলাম, আমি তাদের সংখ্যা এরূপ রেখেছি।

আয়াত-২৮ঃ দোযখীদের কোন অংশই জ্বলা হতে বাকী থাকবে না। জ্বালানোর পর সেই অবস্থায় ছেড়ে দিবে না' বরং পূর্বাবস্থায় ফিরিয়ে দেওয়া হবে আর সদা জ্বলতে থাকবে। (ফাওঃ ওছঃ) আয়াত-২৯ঃ দেহের চামড়া জ্বালিয়ে আকৃতি পরিবর্তন করে দিবে। (ফাওঃ ওছঃ)
আয়াত-৩০ঃ জাহান্নামের দায়িত্বে নিয়োজিত ফেরেশতা বাহিনীর সরদার হবেন উনিশ জন। তাদের মধ্যে বড় সরদারের নাম মালেক। শাহ সাহেব কর্তৃক লিখিত উনিশের সংক্ষিপ্ত বর্ণনা হল, পাপীদেরকে শাস্তি দিবার জন্য উনিশ প্রকারের ফরযসমূহ রয়েছে। তন্মধ্যে প্রত্যেক ফরযের ব্যবস্থাপনা এক একজন ফেরেশতার নেতৃত্বে থাকবে। নিঃসন্দেহে ফেরেশতাদের শক্তি এতো বেশি যে, লক্ষ মানুষ একত্রে যা করতে অক্ষম, একজন ফেরেশতা তা করতে সক্ষম। তবে প্রত্যেক ফেরেশতার শক্তি তার দায়িত্বের আওতায় সীমাবদ্ধ। (ফাওঃ ওছঃ)

إِلَّا فِتْنَةً لِّلَّذِينَ كَفَرُوا لِيَسْتَيْقِنَ الَّذِينَ أُوتُوا الْكِتَٰبَ وَيَزْدَادَ الَّذِينَ آمَنُوا

ইল্লা-ফিত্‌নাতাল্ লিল্লাযীনা কাফারূ লিইয়াস্ তাইক্বিনা ল্লাযীনা উতুল্ কিতা-বা অইয়াযদা-দাল্ লাযীনা আ-মানূ ~

আর আমি কাফেরদের পরীক্ষার জন্য যেন কিতাবীদের দৃঢ় বিশ্বাস জন্মে আর মুমিনদের ঈমান আরও বৃদ্ধি পায় কিতাবের

إِيمَٰنًا وَلَا يَرْتَابَ الَّذِينَ أُوتُوا الْكِتَٰبَ وَالْمُؤْمِنُونَ وَلِيَقُولَ الَّذِينَ فِي

ঈমা-নাঁও অলা-ইয়ার্‌তা-বাল্ লাযীনা উতুল্ কিতা-বা অল্ মু"মিনূনা অলিইয়াক্বূ-লাল্ লাযীনা ফী

অনুসারীরা ও বিশ্ববাসীরা যেন সন্দেহ পোষণ না করে এবং এর ফলে যাদের অন্তরে রোগ আছে তারা ও কাফেররা বলতে

قُلُوبِهِم مَّرَضٌ وَالْكَٰفِرُونَ مَاذَا أَرَادَ اللَّهُ بِهَٰذَا مَثَلًا كَذَٰلِكَ يُضِلُّ اللَّهُ

ক্বু-লূ বিহিম্ মারদ্বুঁও অল্ কা-ফিরূনা মা-যা ~ আরদাল্লা-হু বিহা-যা-মাছালা-; কাযা-লিকা ইয়ুদ্বিল্লু-ল্লা-হু

আরম্ভ করল, আল্লাহ এ আশ্চর্য উপমা দিয়ে কি বুঝাতে চান? এভাবে আল্লাহ যাকে ইচ্ছা পথভ্রষ্ট করে থাকেন এবং যাকে

مَن يَشَاءُ وَيَهْدِي مَن يَشَاءُ وَمَا يَعْلَمُ جُنُودَ رَبِّكَ إِلَّا هُوَ وَمَا هِيَ إِلَّا ذِكْرَىٰ

মাইঁ ইয়াশা — য়ু অইয়াহ্‌দী মাইঁ ইয়াশা — য়্; অমা-ইয়া'লামু জুনূদা রব্বিকা ইল্লা-হূঅ্ ; অমা-হিয়া ইল্লা- যিক্‌রা-

ইচ্ছা পথনির্দেশ করে থাকেন। আর আপনার রবের কাহিনী সম্পর্কে রব ছাড়া আর কেউ জানেনা. এটা মানুষের জন্য

لِلْبَشَرِ ﴿٣١﴾ كَلَّا وَالْقَمَرِ ﴿٣٢﴾ وَاللَّيْلِ إِذْ أَدْبَرَ ﴿٣٣﴾ وَالصُّبْحِ إِذَا أَسْفَرَ ﴿٣٤﴾ إِنَّهَا لَإِحْدَى الْكُبَرِ

লিল্‌বাশার্। ৩২। কাল্লা-অলক্বামার্। ৩৩। অল্লাইলি ইয্ আদ্‌বার্। ৩৪। অছ্ছুব্‌হি ইযা ~ আস্‌ফার্। ৩৫। ইন্নাহা- লাইহ্‌দাল্ কুবার্।

সতর্ক বাণী। (৩২) কখনও না, চন্দ্রের কসম, (৩৩) আর অতিক্রান্ত রাতের, (৩৪) আর উজ্জ্বল প্রভাতের, (৩৫) তা অন্যতম বিপদ,

ع ৩১ ১৫ রুকু

﴿٣٥﴾ نَذِيرًا لِّلْبَشَرِ ﴿٣٦﴾ لِمَن شَاءَ مِنكُمْ أَن يَتَقَدَّمَ أَوْ يَتَأَخَّرَ ﴿٣٧﴾ كُلُّ نَفْسٍ بِمَا كَسَبَتْ

৩৬। নাযীরল্লিল্‌বাশার্। ৩৭। লিমান্ শা — য়া মিন্‌কুম্ আইঁ ইয়াতাক্বাদ্দামা আওইয়াতায়াখ্‌খর্। ৩৮। কুল্লু নাফ্‌সিম বিমা- কাসাবাত্

(৩৬) মানুষের জন্য অত্যন্ত ভীতি প্রদর্শক সতর্ককারী; (৩৭) তোমাদের অগ্রগামী বা পশ্চাদগামীদের জন্য। (৩৮) প্রত্যেকে আপন

رَهِينَةٌ ﴿٣٨﴾ إِلَّا أَصْحَٰبَ الْيَمِينِ ﴿٣٩﴾ فِي جَنَّٰتٍ يَتَسَاءَلُونَ ﴿٤٠﴾ عَنِ الْمُجْرِمِينَ ﴿٤١﴾

রহীনাহ্। ৩৯। ইল্লা ~ আছ্‌হাবাল্ ইয়ামীন্। ৪০। ফী জান্না-ত্; ইয়াতাসা — য়ালূন্। ৪১। 'আনিল্ মুজ্‌রিমীনা।

কর্মের জন্য দায়ী, (৩৯) তবে ডানের লোক ছাড়া, (৪০) তারা উদ্যানে থাকবে, জিজ্ঞাসাবাদ করবে, (৪১) পাপীদের সম্পর্কে,

مَا سَلَكَكُمْ فِي سَقَرَ ﴿٤٢﴾ قَالُوا لَمْ نَكُ مِنَ الْمُصَلِّينَ ﴿٤٣﴾ وَلَمْ نَكُ نُطْعِمُ الْمِسْكِينَ ﴿٤٤﴾

৪২। মা-সালাকাকুম্ ফী সাক্বর্। ৪৩। ক্বা-লূ লাম্ নাকু মিনাল্ মুছোয়াল্লীন্। ৪৪। অলাম্ নাকু নুত্বইমুল্ মিসকীন্।

(৪২) সাকারে কে ফেলেছে? (৪৩) তারা বলবে, আমরা নামাযী ছিলাম না, (৪৪) মিসকীনদেরও আহার করাতাম না.

وَكُنَّا نَخُوضُ مَعَ الْخَائِضِينَ ﴿٤٥﴾ وَكُنَّا نُكَذِّبُ بِيَوْمِ الدِّينِ ﴿٤٦﴾ حَتَّىٰ أَتَانَا

৪৫। অকুন্না-নাখূদ্বু মা'আল্ খ — য়িদ্বীন্। ৪৬। অকুন্না নুকায্‌যিবু বিইয়াওমিদ্দীন্। ৪৭। হাত্তা ~ আতা-নাল্

(৪৫) দোষান্বেষীদের সাথে রিতর্কে লিপ্ত ছিলাম। (৪৬) আর কর্মফল দিবসকে অস্বীকার করতাম। (৪৭) এমন কি মৃত্যু

الْيَقِيْنُ ﴿٤٧﴾ فَمَا تَنْفَعُهُمْ شَفَاعَةُ الشّٰفِعِيْنَ ﴿٤٨﴾ فَمَا لَهُمْ عَنِ التَّذْكِرَةِ مُعْرِضِيْنَ ﴿٤٩﴾ كَاَنَّهُمْ

ইয়াক্বীন্। ৪৮। ফামা-তান্ ফা'উহুম্ শাফা-'আতুশ্ শা-ফি'ঈন্। ৪৯। ফামা- লাহুম্ 'আনিত্তায্‌কিরতি মু'রিদ্বীন্। ৫০। কায়ান্নাহুম্
এসে পড়ল।(৪৮) সুপারিশকারী তাদের উপকারে আসবে না। (৪৯) তাদের কি হল যে, উপদেশ বিমুখ হয়। (৫০) যেন তারা

حُمُرٌ مُّسْتَنْفِرَةٌ ﴿٥٠﴾ فَرَّتْ مِنْ قَسْوَرَةٍ ﴿٥١﴾ بَلْ يُرِيْدُ كُلُّ امْرِئٍ مِّنْهُمْ اَنْ يُّؤْتٰى

হুমুরুম্ মুস্‌তান্‌ফিরাহ্। ৫১। ফার্‌রাত্ মিন্ ক্বাস্ ওয়ারাহ্। ৫২। বাল্ ইয়ুরীদু কুল্লু ম্ রিয়িম্ মিন্‌হুম্ আইঁ ইয়ু"তা-
ভীত গাধা। (৫১) এবং যা সিংহের সম্মুখ হতে পালায়ন কর, (৫২) বরং তাদের মধ্যে প্রত্যেকেই এ আশা করে যে, তাকে, একটি

صُحُفًا مُّنَشَّرَةً ﴿٥٢﴾ كَلَّا ؕ بَلْ لَّا يَخَافُوْنَ الْاٰخِرَةَ ﴿٥٣﴾ كَلَّا اِنَّهٗ تَذْكِرَةٌ ﴿٥٤﴾ فَمَنْ شَآءَ

ছুহুফাম্ মুনাশ্‌শারহ্। ৫৩। কাল্লা-; বাল্ লা-ইয়াখ-ফূনাল্ আ-খিরাহ্। ৫৪। কাল্লা ~ ইন্নাহূ তায্‌কিরাহ্। ৫৫। ফামান্ শা — য়া
গ্রন্থ দেয়া হোক। (৫৩) কখনও না, তারা আখেরাতকে ভয় করে না।(৫৪) না, কোরআনই সকলের জন্য উপদেশবাণী।(৫৫) সুতরাং যার

ذَكَرَهٗ ﴿٥٥﴾ وَمَا يَذْكُرُوْنَ اِلَّآ اَنْ يَّشَآءَ اللّٰهُ ؕ هُوَ اَهْلُ التَّقْوٰى وَاَهْلُ الْمَغْفِرَةِ ﴿٥٦﴾

যাকারহ্। ৫৬। অমা-ইয়ায্‌কুরূনা ইল্লা ~ আইঁ ইয়াশা — য়াল্লা-হ্; হুওয়া আহ্‌লুত্ তাক্বওয়া অআহ্‌লুল্ মাগ্‌ফিরহ্।
ইচ্ছা যে তা থেকে উপদেশ গ্রহণ করুক।(৫৬) আল্লাহর ইচ্ছা ছাড়া আর কেউ উপদেশ গ্রহণ করবে না ও তিনিই ভীতিপ্রদ, ক্ষমাশীল।

২ ع ২৫ ১৬ রুকু

• তিন চতুর্থাংশ

সূরা ক্বিয়া-মাহ্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৪০
রুকূ ঃ ২

لَآ اُقْسِمُ بِيَوْمِ الْقِيٰمَةِ ﴿١﴾ وَلَآ اُقْسِمُ بِالنَّفْسِ اللَّوَّامَةِ ﴿٢﴾ اَيَحْسَبُ

১। লা ~ উক্ব্‌সিমু বিইয়াওমিল্ ক্বিয়া-মাতি। ২। অলা ~ উক্ব্‌সিমু বিন্নাফ্‌সিল্ লাওয়্যা-মাহ্। ৩। আইয়াহ্‌সাবুল্
(১) কসম করছি কেয়ামত দিবসের, (২) আরও কসম করছি তিরস্কারকারীর। (৩) মানুষের কি ধারণা যে, আমি তার অস্থিসমূহ

الْاِنْسَانُ اَلَّنْ نَّجْمَعَ عِظَامَهٗ ﴿٣﴾ بَلٰى قٰدِرِيْنَ عَلٰٓى اَنْ نُّسَوِّيَ بَنَانَهٗ ﴿٤﴾ بَلْ

ইন্‌সা-নু আল্লান্ নাজ্‌মা'আ ই'জোয়া-মাহ্। ৪। বালা-ক্বা-দিরীনা 'আলা ~ আন্ নুসাওয়্যিয়া বানা-নাহ্। ৫। বাল্
কখনও একত্র করব না?(৪) অবশ্যই আমি একত্রিত করব, আমি আঙ্গুলের করকেও সংস্থাপন করতে সক্ষম। (৫) তবুও কোন কোন

يُرِيْدُ الْاِنْسَانُ لِيَفْجُرَ اَمَامَهٗ ﴿٥﴾ يَسْئَلُ اَيَّانَ يَوْمُ الْقِيٰمَةِ ﴿٦﴾ فَاِذَا بَرِقَ

ইয়ুরীদুল্ ইন্‌সা-নু লিইয়াফ্‌জুরা আমা-মাহ্। ৬। ইয়াস্‌য়ালু আইইয়া-না ইয়াওমুল্ ক্বিয়ামাহ্।৭। ফাইযা-বারিক্বল্
মানুষ চায় যে, ভবিষ্যতেও সে পাপ কর্মে লিপ্ত হবে। (৬) সে প্রশ্ন করে, কখন আখেরাতের আগমন ঘটবে? (৭) অনন্তর যখন চক্ষু

আয়াত-৫৩ঃ কাফিরদের একদল হুযূর (ছঃ) কে বলল, আপনি যদি চান যে, আমরা আপনার অনুসরণকারী হই, তা হলে আপনি একটা বিশেষ কিতাব আসমান হতে অবতীর্ণ করায়ে দিন যা আমাদেরকে আপনার অনুসরণের নির্দেশ দান করবে। (কামালাইন)
আয়াত-২ঃ মানুষের মন প্রথমতঃ আমোদ প্রমোদে মত্ত থাকে, নেক্ কাজের প্রতি মোটেই আগ্রহ থাকে না। আত্মার এরূপ অবস্থায় তাকে নফ্‌সে আম্মারা বলে। তার পর প্রকৃত জ্ঞানের উদয় হলে, তথা মন্দ কাজের প্রতি গমন করলে বা কোন ভাল কাজ না করলে, আত্মা তাকে তিরস্কার করে। এ অবস্থায় তাকে "নফ্‌সে লাউওয়্যামাহ" বলে। আর যখন নেক কাজের আগ্রম সুদৃঢ় হয় এবং মন্দ কাজের আগ্রহ দূরীভূত হয়, তখন এ অবস্থায় তাকে বলে "নফ্‌সে মুত্‌মাইন্নাহ"। (মুঃ কোঃ) আয়াত-৭ঃ অর্থাৎ মানুষের চক্ষু আলো দানে অপরাগ হয়ে যাবে। (মুঃ কোঃ)

الْبَصَرُ ﴿٨﴾ وَخَسَفَ الْقَمَرُ ﴿٩﴾ وَجُمِعَ الشَّمْسُ وَالْقَمَرُ ﴿١٠﴾ يَقُولُ الْإِنسَانُ يَوْمَئِذٍ

বাছোয়ার্। ৮। অখসাফাল্ কৃমার্। ৯। অজুমি'আশ্ শাম্সু অল্ কৃমার্। ১০। ইয়াকৃলুল্ ইন্সা-নু ইয়াওমায়িযিন্
অন্ধকার হয়ে যাবে। (৮) চন্দ্র হবে জ্যোতিহীন। (৯) চাঁদ-সুরুজ একত্র করা হবে। (১০) সেদিন মানুষ বলবে, এখন পালায়ন

أَيْنَ الْمَفَرُّ ﴿١١﴾ كَلَّا لَا وَزَرَ ﴿١٢﴾ إِلَىٰ رَبِّكَ يَوْمَئِذٍ الْمُسْتَقَرُّ ﴿١٣﴾ يُنَبَّؤُا

আইনাল্ মাফার্। ১১। কাল্লা-লা- অযার্। ১২। ইলা-রব্বিকা ইয়াওমায়িযিনিল্ মুস্তাক্বার্। ১৩। ইয়ুনাব্বায়ুল্
কোথায় করব? (১১) না, কোথাও জায়গা নেই। (১২) সেদিন আপনার রবের কাছেই ঠাঁই হবে। (১৩) সেদিন মানুষ জানবে

الْإِنسَانُ يَوْمَئِذٍ بِمَا قَدَّمَ وَأَخَّرَ ﴿١٤﴾ بَلِ الْإِنسَانُ عَلَىٰ نَفْسِهِ بَصِيرَةٌ ﴿١٥﴾ وَلَوْ

ইন্সা-নু ইয়াওমায়িযিম্ বিমা-ক্বাদ্দামা অআখ্খর্। ১৪। বালিল্ ইন্সা-নু 'আলা-নাফ্সিহী বাছীরতুঁও। ১৫। অলাও
কোথায় তার পূর্বাপর সকল কাজ সম্পর্কে। (১৪) বরং মানুষ নিজের সম্বন্ধে অবগত। (১৫) যদিও সে অজুহাত করে। (১৬) আর

أَلْقَىٰ مَعَاذِيرَهُ ﴿١٦﴾ لَا تُحَرِّكْ بِهِ لِسَانَكَ لِتَعْجَلَ بِهِ ﴿١٧﴾ إِنَّ عَلَيْنَا جَمْعَهُ وَ

আল্ক্বা-মা'আযীরহ্। ১৬। লা-তুহার্রিক্ বিহী লিসা-নাকা লিতা'জ্বালা বিহ্। ১৭। ইন্না 'আলাইনা- জাম্'আহূ অ
(হে নবী আপনি) ওহী আয়ত্ব করতে আপনার জিহ্বা দ্রুত সঞ্চালন করবেন না। (১৭) নিশ্চয়ই তা একত্রিত করা, পাঠ ও সংরক্ষণ

قُرْآنَهُ ﴿١٨﴾ فَإِذَا قَرَأْنَاهُ فَاتَّبِعْ قُرْآنَهُ ﴿١٩﴾ ثُمَّ إِنَّ عَلَيْنَا بَيَانَهُ ﴿٢٠﴾ كَلَّا بَلْ

কুর্আ-নাহ্। ১৮। ফাইযা-ক্বার'না-হু ফাত্তাবি' কুর্আ-নাহ্। ১৯। ছুম্মা ইন্না 'আলাইনা- বাইয়া-নাহ্। ২০। কাল্লা-বাল্
করার দায়িত্ব আমার। (১৮) পড়ার সময় তার অনুসরণ করতে থাকুন। (১৯) ব্যাখ্যার দায়িত্ব আমারই। (২০) না, তোমরা তো

تُحِبُّونَ الْعَاجِلَةَ ﴿٢١﴾ وَتَذَرُونَ الْآخِرَةَ ﴿٢٢﴾ وُجُوهٌ يَوْمَئِذٍ نَّاضِرَةٌ ﴿٢٣﴾ إِلَىٰ

তুহিব্বূনাল্ 'আ-জ্বিলাহ্। ২১। অতাযারূনাল্ আ-খিরাহ্। ২২। উজূহুঁই ইয়াওমায়িযিন্ না-দ্বিরাহ্। ২৩। ইলা-
পার্থিব-জগৎকে ভালবাস। (২১) আখেরাতকে উপেক্ষা কর। (২২) সেদিন অনেক চেহারা, উজ্জ্বল হবে। (২৩) রবের দিকে

رَبِّهَا نَاظِرَةٌ ﴿٢٤﴾ وَوُجُوهٌ يَوْمَئِذٍ بَاسِرَةٌ ﴿٢٥﴾ تَظُنُّ أَن يُفْعَلَ بِهَا فَاقِرَةٌ ﴿٢٦﴾ كَلَّا إِذَا

রব্বিহা- না -জিরাহ্। ২৪। অ উজূহুঁই ইয়াওমায়িযিম্ বা-সিরহ্। ২৫। তাজুন্নু আঁই ইয়ুফ্'আলা বিহা-ফা-ক্বিরহ্।২৬। কাল্লা ~ ইযা-
তাকিয়ে থাকবে। (২৪) আর অনেক চেহারা হবে বিবর্ণ।(২৫) এ কল্পনায় যে এক মহাবিপদাসন্ন, (২৬) কখনও এররূপ নয়,

بَلَغَتِ التَّرَاقِيَ ﴿٢٧﴾ وَقِيلَ مَنْ ۜ رَاقٍ ﴿٢٨﴾ وَظَنَّ أَنَّهُ الْفِرَاقُ ﴿٢٩﴾ وَالْتَفَّتِ

বালাগতিত্তারা-ক্বিইয়া। ২৭। অক্বীলা মান্ রাক্বিঁও। ২৮। অজোয়ান্না আন্নাহুল্ ফিরা-কু। ২৯। অল্ তাফ্ফাতিস্
যখন প্রাণ কন্ঠাগত হয়ে পড়বে। (২৭) এবং বলবে, কোন রক্ষাকারী আছে কি? (২৮) আর তখন তার একান্ত ধারণা হবে, বিদায়ক্ষণ। (২৯) পা পায়ের

السَّاقُ بِالسَّاقِ ﴿٣٠﴾ إِلَىٰ رَبِّكَ يَوْمَئِذٍ الْمَسَاقُ ﴿٣١﴾ فَلَا صَدَّقَ وَلَا صَلَّىٰ ﴿٣٢﴾ وَلَٰكِن

সা-ক্বু বিস্সা-ক্বি। ৩০। ইলা-রব্বিকা ইয়াওমায়িযিনিল্ মাসা-কৃ। ৩১। ফালা-ছোয়াদ্দাক্ব অলা-ছোয়াল্লা-। ৩২। অলা-কিন্
সাথে জড়াবে। (৩০) সে দিন রবের নিকটেই সবকিছু যাবে। (৩১) অনন্তর না ঈমান আনল, আর না নামায। (৩২) বরং

ع ১ ৩০ ১৭ রুকু

كَذَّبَ وَتَوَلّٰى ﴿٣٢﴾ ثُمَّ ذَهَبَ اِلٰٓى اَهْلِهٖ يَتَمَطّٰى ﴿٣٣﴾ اَوْلٰى لَكَ فَاَوْلٰى

কায্‌যাবা অতাওয়াল্লা-। ৩৩। ছুম্মা যাহাবা ইলা ~ আহ্‌লিহী ইয়াতাম্মাত্তোয়া-। ৩৪। আওলা-লাকা ফাআওলা-।
প্রত্যাখ্যান করেছে ও মুখ ফিরিয়েছে। (৩৩) পরে দম্ভ ভরে পরিবারে গিয়েছে। (৩৪) তোমার দুর্ভোগের উপর, দুর্ভোগ!

﴿٣٤﴾ ثُمَّ اَوْلٰى لَكَ فَاَوْلٰى ﴿٣٥﴾ اَيَحْسَبُ الْاِنْسَانُ اَنْ يُّتْرَكَ سُدًى ﴿٣٦﴾ اَلَمْ

৩৫। ছুম্মা আওলা-লাকা ফাআওলা-। ৩৬। আইয়াহ্‌সাবুল্ ইন্‌সা-নু আইঁ ইয়ুত্‌রাকা সুদা। ৩৭। আলাম্
(৩৫) আবার তোমাদের দুর্ভোগের উপর, দুর্ভোগ! (৩৬) মানুষ কি ভাবে যে, তাকে এমনিতেই ছেড়ে দেয়া হবে? (৩৭) সে কি স্খলিত

يَكُ نُطْفَةً مِّنْ مَّنِيٍّ يُّمْنٰى ﴿٣٧﴾ ثُمَّ كَانَ عَلَقَةً فَخَلَقَ فَسَوّٰى ﴿٣٨﴾ فَجَعَلَ مِنْهُ

ইয়াকু নুত্ব্‌ফাতাম্ মিম্ মানিয়্যিঁই ইয়ুম্‌না-। ৩৮। ছুম্মা কা-না 'আলাক্বাতান্ ফাখলাক্ব ফাসাওয়অ-। ৩৯। ফাজ্বা'আলা মিন্‌হুয্
শুক্রবিন্দু ছিল না?(৩৮) পরে সে জমাট রক্ত পিণ্ডে পরিণত হয়েছিল, তিনি তাকে মানব আকৃতিতে সৃষ্টি করেন। (৩৯) অতঃপর

الزَّوْجَيْنِ الذَّكَرَ وَالْاُنْثٰى ﴿٣٩﴾ اَلَيْسَ ذٰلِكَ بِقٰدِرٍ عَلٰٓى اَنْ يُّحْيِۦَ الْمَوْتٰى ﴿٤٠﴾

যাওজ্বাইনিয্ যাকারা অল্ উন্‌ছা-। ৪০। আলাইসা যা-লিকা বিক্বা-দিরিন্ 'আলা ~ আইঁ ইয়ুহ্‌য়িইয়াল্ মাওতা-।
তা হতে তিনি যুগল নর-নারী সৃষ্টি করেছেন। (৪০) তবুও কি তিনি মৃতকে পুনর্জীবিত করতে সক্ষম হবেন না?

২ রুকু ১৮ ৪০

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

সূরা দাহ্‌র্
মদীনাবতীর্ণ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৩১
রুকূ ঃ ২

هَلْ اَتٰى عَلَى الْاِنْسَانِ حِيْنٌ مِّنَ الدَّهْرِ لَمْ يَكُنْ شَيْـًٔا مَّذْكُوْرًا ﴿١﴾ اِنَّا

১। হাল্ আতা- 'আলাল ইন্‌সা-নি হীনুম্ মিনাদ্ দাহ্‌রি লাম্ ইয়াকুন্ শাইয়াম্ মায্‌কূরা-। ২। ইন্না
(১) মানব ইতিহাসে এমন কিছু সময় অতিবাহিত, যখন সে উল্লেখযোগ্য কিছু ছিল না। (২) মানুষকে মিলিত বীর্য

خَلَقْنَا الْاِنْسَانَ مِنْ نُّطْفَةٍ اَمْشَاجٍ ۖ نَّبْتَلِيْهِ فَجَعَلْنٰهُ سَمِيْعًا بَصِيْرًا ﴿٢﴾ اِنَّا هَدَيْنٰهُ

খলাক্ব্‌নাল্ ইন্‌সা-না মিন্ নুত্ব্‌ফাতিন্ আম্‌শা-জ্বিন্ নাব্‌তালীহি ফাজ্বা'আল্‌না-হু সামী'আম্ বাছীর-। ৩। ইন্না-হাদাইনা-হুস্
হতে সৃষ্টি করেছি, তাকে পরীক্ষা করার জন্য আর এজন্য তাকে শ্রবণ শক্তি দিয়েছি ও দৃষ্টিসম্পন্ন করেছি। (৩) আমি তাকে পথ

السَّبِيْلَ اِمَّا شَاكِرًا وَّاِمَّا كَفُوْرًا ﴿٣﴾ اِنَّآ اَعْتَدْنَا لِلْكٰفِرِيْنَ سَلٰسِلَاۡ وَاَغْلٰلًا

সাবীলা ইম্মা-শা-কিরঁও অইম্মা- কাফূরা-। ৪। ইন্না ~ আ'তাদ্‌না-লিল্‌কা-ফিরীনা সালা-সিলা অআগ্‌লা-লাঁও
প্রদর্শন করিয়েছি, হয় কৃতজ্ঞ হবে, না হয় অকৃতজ্ঞ। (৪) নিশ্চয়ই অকৃতজ্ঞদের জন্য শৃঙ্খল, বেড়ী ও অগ্নি প্রস্তুত করে

وَّسَعِيْرًا ﴿٤﴾ اِنَّ الْاَبْرَارَ يَشْرَبُوْنَ مِنْ كَاْسٍ كَانَ مِزَاجُهَا كَافُوْرًا ﴿٥﴾ عَيْنًا يَّشْرَبُ

অসা'ঈর-। ৫। ইন্নাল্ আব্‌র-র ইয়াশ্‌রবূনা মিন্ কা'"সিন্ কা-না মিযা-জু্‌হা- কাফূর-। ৬। 'আইনাঁই ইয়াশ্‌রবু
রেখেছি। (৫) নিশ্চয়ই পুণ্যবানেরা এমন পানিয় পান করবে যাতে কর্পূর মিশ্রিত থাকবে, (৬) এমন নহর যা হতে

بِهَا عِبَادُ اللّٰهِ يُفَجِّرُوْنَهَا تَفْجِيْرًا ﴿٧﴾ يُوْفُوْنَ بِالنَّذْرِ وَيَخَافُوْنَ يَوْمًا كَانَ شَرُّهٗ

বিহা-'ইবা-দুল্লা-হি ইয়ুফাজ্জিরূনাহা- তাফ্‌জ্বীর-। ৭। ইয়ুফূনা বিন্নায্‌রি অইয়াখ-ফূনা ইয়াওমান্ কা-না শার্‌রুহূ
আল্লাহর বান্দাহ্‌রা পান করবে, তা তারা যথেষ্ট প্রবাহিত করবে। (৭) তারা দায়িত্ব পূর্ণ করে; ব্যাপক অনিষ্টের দিনকে

مُسْتَطِيْرًا ﴿٨﴾ وَيُطْعِمُوْنَ الطَّعَامَ عَلٰى حُبِّهٖ مِسْكِيْنًا وَّيَتِيْمًا وَّاَسِيْرًا ﴿٩﴾ اِنَّمَا

মুস্‌তাত্বীর-। ৮। অইয়ুত্ব্‌'ইমূনা ত্বোয়া'আ-মা 'আলা-হুব্বিহী মিস্‌কীনাঁও অইয়াতীমাঁও অআসীর-। ৯। ইন্নামা-
ভয় করে (৮) খাদ্যের প্রতি মোহ থাকা সত্বেও খাদ্য দান করবে মিসকীন, ইয়াতীম ও বন্দীদেরকে। (৯) আল্লাহর সন্তুষ্টির

نُطْعِمُكُمْ لِوَجْهِ اللّٰهِ لَا نُرِيْدُ مِنْكُمْ جَزَآءً وَّلَا شُكُوْرًا ﴿١٠﴾ اِنَّا نَخَافُ مِنْ رَّبِّنَا يَوْمًا

নুত্ব্‌'ইমুকুম্ লিঅজ্‌হি ল্লা-হি লা-নুরীদু মিন্‌কুম্ জ্বাযা — য়াঁও অলা-শুকূর-। ১০। ইন্না-নাখ-ফু মির্ রব্বিনা-ইয়াওমান্
জন্য খাওয়াই, তোমাদের হতে এরজন্য না প্রতিদান চাই, আর না কৃতজ্ঞতা। (১০) আমরা রবের পক্ষ হতে কঠিন, তিক্ত

عَبُوْسًا قَمْطَرِيْرًا ﴿١١﴾ فَوَقٰىهُمُ اللّٰهُ شَرَّ ذٰلِكَ الْيَوْمِ وَلَقّٰىهُمْ نَضْرَةً وَّسُرُوْرًا ﴿١٢﴾ وَ

'আবূসান্ ক্বম্‌ত্বোয়ারীর-। ১১। ফওয়াক্বা-হুমুল্লা-হু শার্‌র যা-লিকাল্ ইয়াওমি অলাক্ব্‌ক্বা-হুম্ নাদ্ব্‌রাতাঁও অসুরূর-। ১২। অ
দিনের ভয় করছি। (১১) আল্লাহ তাদেরকে রক্ষা করবেন সেদিনের অনিষ্ট হতে এবং খুশী ও আনন্দ দিবেন। (১২) আর ধৈর্যের

جَزٰىهُمْ بِمَا صَبَرُوْا جَنَّةً وَّحَرِيْرًا ﴿١٣﴾ مُّتَّكِـِٕيْنَ فِيْهَا عَلَى الْاَرَآئِكِ ۚ لَا يَرَوْنَ

জ্বাযা-হুম্ বিমা- ছোয়াবারূ জ্বান্নাতাঁও অহারীরম্। ১৩। মুত্তাকিয়ীনা ফীহা-'আলাল্ আর — য়িকি লা-ইয়ারওনা
বদলা প্রদান করবেন জান্নাত ও রেশম। (১৩) সেখানে তারা পালঙ্কে হেলান দিয়ে থাকবে, তথায় তারা না দেখতে পাবে

فِيْهَا شَمْسًا وَّلَا زَمْهَرِيْرًا ﴿١٤﴾ وَدَانِيَةً عَلَيْهِمْ ظِلٰلُهَا وَذُلِّلَتْ قُطُوْفُهَا تَذْلِيْلًا ﴿١٥﴾ وَ

ফীহা-শাম্‌সাঁও অলা-যাম্‌হারীর-। ১৪। অদা-নিয়াতান্ 'আলাইহিম্ জিলা-লুহা- অযুল্লিলাত্ কুতূফুহা-তাফ্‌লীলা-। ১৫। অ
গরম, আর না দেখবে কঠিন ঠাণ্ডা। (১৪) আর তাদের সাথে ছায়া থাকবে, ফল-মূল তাদের করায়ত্ব থাকবে। (১৫) আর

يُطَافُ عَلَيْهِمْ بِاٰنِيَةٍ مِّنْ فِضَّةٍ وَّاَكْوَابٍ كَانَتْ قَوَارِيْرَا ﴿١٦﴾ قَوَارِيْرَا مِنْ فِضَّةٍ

ইয়ুত্বোয়া-ফু 'আলাইহিম্ বিআ-নিয়াতিম্ মিন্ ফিদ্দোয়াতিঁও অ আক্‌ওয়া- বিন্ কা-নাত্ ক্বাওয়ারীরা। ১৬। ক্বাওয়ারীরা মিন্ ফিদ্ব দোয়াতিন্
তাদেরকে খাবার পরিবেশন করা হবে রূপা দ্বারা নির্মিত কাঁচের পান পাত্রে। (১৬) রূপার তৈরি কাঁচপাত্র পূর্ণকারীরা

قَدَّرُوْهَا تَقْدِيْرًا ﴿١٧﴾ وَيُسْقَوْنَ فِيْهَا كَاْسًا كَانَ مِزَاجُهَا زَنْجَبِيْلًا ﴿١٨﴾ عَيْنًا فِيْهَا

ক্বদ্দারূহা তাক্বদীরা-। ১৭। অ ইয়ুস্‌ক্বওনা ফীহা-কা''সান্ কা-না মিযা-জুহা- যান্‌জ্বাবীলা-। ১৮। 'আইনান্ ফীহা-
যথাযথ পরিমাণে পূর্ণ করবে। (১৭) সেথায় তাদেরকে পান করানো হবে আদ্রক মিশ্রিত পানীয়। (১৮) এমন ঝর্ণা যার নাম

শানেনুযূল ঃ আয়াত-৮ ঃ অত্র আয়াত হযরত আলী (রাঃ) সম্বন্ধে অবতীর্ণ হয়েছে। তিনি জনৈক ইহুদীর মজুরী করে বিনিময়ে কিছু জোয়ার পেয়েছিলেন, তার এক তৃতীয়াংশ পেষণী বাবদ দিয়ে অবশিষ্টাংশতে তিনটি রুটি বানালেন, তা খাওয়ার পূর্বেই এক দীনহীন লোক এসে খাদ্য চাইল। তিনি তাকে একটি রুটি দিয়ে অব্যবহিত পরেই আসল এক অনাথ শিশু এবং ভিক্ষা চাইল। তিনি তাকে দ্বিতীয়টিও দিয়ে দিলেন, অতঃপর একজন মুশরিক কয়েদী এতে তার ক্ষুধার যাতনার কথা প্রকাশ করল, তখন তিনি তৃতীয় রুটিটিও তাকে দিয়ে দিলেন, আর নিজে অভুক্ত অবস্থায় রাত যাপন করলেন, হযরত আবুদ্দারাদাহ্ সম্বন্ধেও আয়াতটি নাযিল হওয়ার কথা উল্লেখ আছে, তিনিও চারটি নিয়ে ইফতার করতে বসলে, উক্তরূপ তিন ব্যক্তিকে তিনটি রুটি দিয়েছিলেন এবং নিজে পরিবারসহ একটি রুটিতে রাত কাটালেন।

تُسَمّٰى سَلْسَبِيْلًا ﴿١٩﴾ وَيَطُوْفُ عَلَيْهِمْ وِلْدَانٌ مُّخَلَّدُوْنَ ۚ إِذَا رَأَيْتَهُمْ حَسِبْتَهُمْ

তুসাম্মা সাল্‌সাবীলা-। ১৯। অইয়াত্বূফু 'আলাইহিম্ ওয়িল্‌দা-নুম্ মুখাল্লাদূনা ইযা-রায়াইতাহুম্ হাসিব্‌তাহুম্

সালসাবীল' (১৯) আর তাদেরকে ঘুরে ঘুরে পরিবেশন করবে চির কিশোরেরা, হে শ্রোতারা! তাদেরকে দেখলে মনে হবে যেন

لُؤْلُؤًا مَّنْثُوْرًا ﴿٢٠﴾ وَإِذَا رَأَيْتَ ثَمَّ رَأَيْتَ نَعِيْمًا وَّمُلْكًا كَبِيْرًا ﴿٢١﴾ عٰلِيَهُمْ

লু''লুয়াম্ মান্‌ছূরা-। ২০। অইযা-রয়াইতা ছাম্মা রয়াইতা না'ঈমাঁও অমুল্‌কান্ কাবীর-। ২১। 'আ-লিয়াহুম্

বিক্ষিপ্ত মুক্তা। (২০) আর যখনই তুমি তাদের দিকে তাকাবে, দেখতে পাবে বিরাট নেয়ামত ও বিশাল রাজ্য। (২১) তাদের

ثِيَابُ سُنْدُسٍ خُضْرٌ وَّإِسْتَبْرَقٌ ز وَّحُلُّوْا أَسَاوِرَ مِنْ فِضَّةٍ ۚ وَسَقٰهُمْ

ছিয়া-বু সুন্‌দুসিন্ খুদ্বরুঁও অইস্‌তাব্‌রকুঁও অহুল্লূ ~ আসা-ওয়ির মিন্ ফিদ্বদ্বোয়াতিন্ অসাক্বা-হুম্

(বেহেশতীদের) ওপর মিহিন সবুজ ও স্থূল রেশমের সাদা পোশাক হবে, আর তাদেরকে রৌপ্য কংকনসমূহ পরানো হবে, তাদের রব

رَبُّهُمْ شَرَابًا طَهُوْرًا ﴿٢٢﴾ إِنَّ هٰذَا كَانَ لَكُمْ جَزَاءً وَّكَانَ سَعْيُكُمْ مَّشْكُوْرًا ع

রব্বুহুম্ শার-বান্ তোয়াহূর-। ২২। ইন্না হা-যা-কা-না লাকুম্ জ্বাযা — য়াঁও অকা-না সা'ইয়ুকুম্ মাশ্‌কূরা-।

তাদেরকে বিশুদ্ধ পবিত্র পানি পান করাবেন। (২২) বলবে, এটাই তোমাদের চেষ্টার স্বীকৃতি প্রতিদান, তোমাদের চেষ্টা গৃহিত হয়েছে।

১ ع ২২ ১৯ রুকু

﴿٢٣﴾ إِنَّا نَحْنُ نَزَّلْنَا عَلَيْكَ الْقُرْاٰنَ تَنْزِيْلًا ﴿٢٤﴾ فَاصْبِرْ لِحُكْمِ رَبِّكَ وَلَا تُطِعْ

২৩। ইন্না-নাহ্‌নু নায্‌যাল্‌না 'আলাইকাল্ কু্‌রআ-না তান্‌যীলা-। ২৪। ফাছবির লিহুকমি রব্বিকা অলা-তুত্বি'

২৩। নিশ্চয়ই আমি আপনার প্রতি পর্যায়ক্রমে কোরআন নাযীল করেছি। (২৪) অতএব আপনি আপনার রবের নির্দেশে ধৈর্য ধরুন

مِنْهُمْ اٰثِمًا أَوْ كَفُوْرًا ﴿٢٥﴾ وَاذْكُرِ اسْمَ رَبِّكَ بُكْرَةً وَّأَصِيْلًا ﴿٢٦﴾ وَمِنَ الَّيْلِ

মিন্‌হুম্ আ-ছিমান্ আও কাফূর-। ২৫। অয্‌কুরিস্‌মা রব্বিকা বুক্‌রাতাঁও অআছীলা-। ২৬। অমিনাল্লাইলি

এবং পাপীও কাফেরকে অনুসরণ করো না।(২৫) আর সকাল-সন্ধ্যায় আপনার রবের নাম স্মরণ করতে থাকুন। (২৬) আর রাতের

فَاسْجُدْ لَهٗ وَسَبِّحْهُ لَيْلًا طَوِيْلًا ﴿٢٧﴾ إِنَّ هٰؤُلَاءِ يُحِبُّوْنَ الْعَاجِلَةَ وَيَذَرُوْنَ

ফাস্‌জুদ লাহূ অসাব্বিহ্‌হু লাইলান্ ত্বোয়াওয়ীলা-। ২৭। ইন্না হা ~ উলা — য়ি ইয়ুহিব্বূনাল্ 'আ-জ্বিলাতা অইয়াযারূনা

কিয়দাংশেও তাঁকে সেজদা করুন এবং রাতের দীর্ঘ অংশে তাঁর পবিত্রতা বর্ণনা করুন। (২৭) তারা দুনিয়াকে ভালবাসে, পরবর্তী

وَرَاءَهُمْ يَوْمًا ثَقِيْلًا ﴿٢٨﴾ نَحْنُ خَلَقْنٰهُمْ وَشَدَدْنَا أَسْرَهُمْ ۚ وَإِذَا شِئْنَا

অরা — য়াহুম্ ইয়াওমান্ ছাক্বীলা-। ২৮। নাহ্‌নু খলাক্ব্‌না-হুম্ অশাদাদ্‌না ~ আস্‌রহুম্; অ ইযা-শি''না-

এক কঠিন দিনকে উপেক্ষা করে বলে।(২৮) আমিই তাদেরকে সৃষ্টি করেছি, আমিই তাদের গঠনকে দৃঢ় করলাম, আর আমি ইচ্ছা

শানেনুযূল ঃ আয়াত-২০ঃ একদা হযরত ওমর (রাঃ) রাসূলুল্লাহ (ছঃ) এর দরবারে এসে দেখলেন, রাসূলুল্লাহ (ছঃ) এর দেহ মোবারকে শর্য্যার চাটাই পাতার ছাপ দেখা যাচ্ছে, এতদর্শনে হযরত ওমর (রাঃ) কান্নায় ভেঙ্গে পড়লেন। রাসূলুল্লাহ (ছঃ) কারণ জিজ্ঞাসা করলে তিনি বলেন, ইয়া রাসূলুল্লাহ! আল্লাহর শত্রু কিছরা-কায়ছার পারস্য-রূমের কাফের রাজা বাদশাহ্‌রা এত আরাম আয়াশে বর্ণাঢ্য জীবন যাপন করছে, আর আল্লাহর মাহ্‌বুব একটি চাটাইতে শয়ন করছেন যার উপর কোন চাদর পর্যন্ত নেই। তখন রাসূলুল্লাহ (ছঃ) বললেন, তুমি কি এতে সন্তুষ্ট নও যে, তাদেরকে সমস্ত কিছু পৃথিবীতে দিয়ে দেয়া হোক আর আমাদেরকে আল্লাহপাক পরকালে চিরস্থায়ী অফুরন্ত নিয়ামতসমূহ দান করুক। তখন, এর সমর্থনে আল্লাহ্ তা'আলা এ আয়াত নাযিল করেন।

بَدَّلْنَا أَمْثَالَهُمْ تَبْدِيلًا ﴿٢٩﴾ إِنَّ هَٰذِهِ تَذْكِرَةٌ ۖ فَمَن شَاءَ اتَّخَذَ إِلَىٰ رَبِّهِ

বাদ্দাল্না ~ আম্ছা-লাহুম্ তাব্দীলা-। ২৯। ইন্না হ-যিহী তায্কিরতুন্ ফামান্ শা — য়াত্তাখাযা ইলা-রব্বিহী

করলে তাদের স্থলে আদ জাতির অনুরূপ এক জাতিকে প্রতিষ্ঠা করে দিব। (২৯) নিশ্চয়ই এটা উপদেশ, অতএব যার ইচ্ছা

سَبِيلًا ﴿٣٠﴾ وَمَا تَشَاءُونَ إِلَّا أَن يَشَاءَ اللَّهُ ۚ إِنَّ اللَّهَ كَانَ عَلِيمًا حَكِيمًا

সাবীলা-।৩০। অমা-তাশা — য়ূনা ইল্লা ~ আইঁ ইয়াশা — য়াল্লা-হ্; ইন্নাল্লা-হা কা-না 'আলীমান্ হাকীমা-।

সে তার রবের পথ অবলম্বন করুক। (৩০) আর যখন আল্লাহ চাইবেন তখন তোমরাও চাইবে। আল্লাহ্ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।

﴿٣١﴾ يُدْخِلُ مَن يَشَاءُ فِي رَحْمَتِهِ ۚ وَالظَّالِمِينَ أَعَدَّ لَهُمْ عَذَابًا أَلِيمًا

৩১। ইয়ুদ্খিলু মাইঁ ইয়াশা — য়ু ফী রহ্মাতিহ্;অজ্জোয়া-লিমীনা আ'আদ্দা লাহুম্ 'আযা-বান্ আলীমা-।

(৩১) যাকে ইচ্ছা তাকে তাঁর রহমতের অন্তর্ভুক্ত করে নেন, আর জালিমদের জন্য মর্মন্তুদ শাস্তি প্রস্তুত করে রেখেছি।

২ ع ৯ ২০ রুকু

সূরা মুর্সালা-ত্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৫০
রুকূ ঃ ২

﴿١﴾ وَالْمُرْسَلَاتِ عُرْفًا ﴿٢﴾ فَالْعَاصِفَاتِ عَصْفًا ﴿٣﴾ وَالنَّاشِرَاتِ نَشْرًا ﴿٤﴾ فَالْفَارِقَاتِ

১। অল্মুর্সালা-তি উর্ফান্। ২। ফাল্ 'আ-ছিফা-তি 'আছ্ফান্। ৩। অন্না-শির-তি নাশ্রান্। ৪। ফাল্ ফা-রিক্ব-তি

(১) সেসব বায়ুর কসম যা উপকারার্থে প্রেরিত হয়, (২) আর প্রবল জঞ্ঝাবায়ুর, (৩) আর প্রলয়ংকরী ঝড়ের, (৪) আর সেই বায়ুর

فَرْقًا ﴿٥﴾ فَالْمُلْقِيَاتِ ذِكْرًا ﴿٦﴾ عُذْرًا أَوْ نُذْرًا ﴿٧﴾ إِنَّمَا تُوعَدُونَ لَوَاقِعٌ

ফার্ক্বন্ ৫। ফাল্মুল্ক্বিয়া-তি যিক্রন্। ৬। 'উয্রন্ আও নুয্রন্। ৭। ইন্নামা-তূ'আদূনা লাওয়া-ক্বি'।

যা মেঘসমূহকে পৃথক করে দেয়, (৫) আর যিকির নিক্ষেপকারীর (৬) অনুশোচনার কিংবা ভয়ের, (৭) নিশ্চয়ই প্রতিশ্রুতি অবশ্যম্ভাবী,

﴿٨﴾ فَإِذَا النُّجُومُ طُمِسَتْ ﴿٩﴾ وَإِذَا السَّمَاءُ فُرِجَتْ ﴿١٠﴾ وَإِذَا الْجِبَالُ نُسِفَتْ

৮। ফাইযান্ নুজূমু তুমিসাত্। ৯। অইযাস্ সামা — য়ু ফুরিজাত্ । ১০। অইযাল্ জ্বিবা-লু নুসিফাত্

(৮) আর যখন তারকাসমূহ জ্যোতিহীন হয়ে পড়বে, (৯) আর যখন আকাশ বিদীর্ণ হবে, (১০) আর যখন পাহাড়সমূহ উড়িয়ে বেড়াবে,

﴿١١﴾ وَإِذَا الرُّسُلُ أُقِّتَتْ ﴿١٢﴾ لِأَيِّ يَوْمٍ أُجِّلَتْ ﴿١٣﴾ لِيَوْمِ الْفَصْلِ ﴿١٤﴾ وَمَا أَدْرَاكَ

১১। অইযার্ রুসুলু উক্ব্ক্বিতাত্ । ১২। লি আইয়্যি ইয়াওমিন্ উজ্জ্বিলাত্। ১৩। লিইয়াওমিল্ ফাছ্ল্। ১৪। অমা ~ আদ্র-কা

(১১) যখন রাসূলরা সমবেত হবে, (১২) কোন দিবসের জন্য স্থগিত? (১৩) বিচার দিবসের জন্য, (১৪) আপনি কি জানেন,

আয়াত-২৮ঃ অর্থাৎ আমি যখন চাই, তাদেরকে ধ্বংস করে তাদের ন্যায় অন্য লোক সৃষ্টি করতে পারি। অথবা এই অর্থও হতে পারে যে, হে রাসূল! তাদের পরিবর্তে আপনার জন্য অন্য মানুষ সৃষ্টি করতে পারি। যেমন উতবার স্থলে তার ছেলে হোযাইফা (রাঃ) কে এবং ওয়ালিদের স্থলে তার ছেলে খালেদ (রাঃ) কে দ্বীনের সাহায্যকারী বানিয়ে দিলেন। (তাফঃ হক্কানী)

আয়াত-৩০ঃ অর্থাৎ আমি সব বিষয়ের বিস্তারিত বর্ণনা করে সন্দেহ দূরীভূত করে দিয়েছি। বুঝতে বাধা সৃষ্টিকারী সকল বাঁধা নিরসন করে দেয়া হয়েছে। বাকী আছে শুধু বান্দাহর ইচ্ছা। কিন্তু আল্লাহ এর ইচ্ছা ছাড়া কেউই এ পথে চলতে পারে না। শুধু বান্দাহর ইচ্ছায় না কোন কল্যাণ সাধিত হয়, আর না অকল্যাণ দূরীভূত হয়।

مَا يَوْمُ الْفَصْلِ ﴿١٥﴾ وَيْلٌ يَوْمَئِذٍ لِّلْمُكَذِّبِينَ ﴿١٦﴾ أَلَمْ نُهْلِكِ الْأَوَّلِينَ ﴿١٧﴾ ثُمَّ نُتْبِعُهُمُ

মা-ইয়াওমুল্‌ ফাছ্‌ল্‌। ১৫। অইলুঁই ইয়াওমায়ি যিল্লিল্‌ মুকায্‌যিবীন্‌। ১৬। আলাম্‌ নুহ্‌লিকিল্‌ আওয়্যালীন্‌। ১৭। ছুম্মা নুত্‌বি'উহুমুল্‌
বিচার দিবস কি? (১৫) সেদিন মিথ্যাচারীদের দুর্ভোগ। (১৬) আমি কি পূর্ববর্তীদেরকে ধ্বংস করি নি? (১৭) পরবর্তীদেরকে অনুগামী

الْآخِرِينَ ﴿١٨﴾ كَذَٰلِكَ نَفْعَلُ بِالْمُجْرِمِينَ ﴿١٩﴾ وَيْلٌ يَوْمَئِذٍ لِّلْمُكَذِّبِينَ ﴿٢٠﴾ أَلَمْ

আ-খিরীন্‌। ১৮। কাযা-লিকা নাফ্‌'আলু বিল্‌মুজ্‌রিমীন্‌। ১৯। অইলুঁই ইয়াওমায়িযিল্‌ লিল্‌মুকায্‌যিবীন্‌। ২০। আলাম্‌
করে দিব। (১৮) অপরাধীদের প্রতি আমি এরূপই করে থাকি। (১৯) আর সেদিন মিথ্যাচারীদের দুর্ভোগ। (২০) তোমাদেরকে

نَخْلُقكُّم مِّن مَّاءٍ مَّهِينٍ ﴿٢١﴾ فَجَعَلْنَاهُ فِي قَرَارٍ مَّكِينٍ ﴿٢٢﴾ إِلَىٰ قَدَرٍ مَّعْلُومٍ *

নাখ্‌লুক্‌কুম্‌ মিম্‌ মা — য়িম্‌ মাহীনিন্‌। ২১। ফাজ্বা'আল্‌না-হু ফী ক্বর-রিম্‌ মাকীনিন্‌। ২২। ইলা-ক্বদারিম্‌ মা'লূমিন্‌
কি আমি তুচ্ছ পানি দিয়ে সৃষ্টি করি নি? (২১) অতঃপর ওকে আমি নিরাপদ স্থানে রেখেছি। (২২) এক নির্দিষ্ট সময় পর্যন্ত।

﴿٢٣﴾ فَقَدَرْنَا فَنِعْمَ الْقَادِرُونَ ﴿٢٤﴾ وَيْلٌ يَوْمَئِذٍ لِّلْمُكَذِّبِينَ ﴿٢٥﴾ أَلَمْ نَجْعَلِ

২৩। ফাক্বদারনা-ফানি'মাল্‌ ক্ব-দিরূন্‌। ২৪। অইলুঁই ইয়াওমায়িযিল্‌ লিল্‌ মুকায্‌যিবীন্‌। ২৫। আলাম্‌ নাজ্‌'আলিল্‌
(২৩) পরিমিত করলাম, কত নিপুণ স্রষ্টা! (২৪) সেদিন মিথ্যাচারীদের বড়ই দুর্ভোগ (২৫) যমীনকে কি ধারণকারীরূপে

الْأَرْضَ كِفَاتًا ﴿٢٦﴾ أَحْيَاءً وَأَمْوَاتًا ﴿٢٧﴾ وَجَعَلْنَا فِيهَا رَوَاسِيَ شَامِخَاتٍ وَأَسْقَيْنَاكُم

আরদ্বোয়া কিফা-তান্‌ ২৬। আহ্‌ইয়া — য়াঁও অ আম্‌ওয়া-তাঁও ২৭। অজ্বা'আল্‌না-ফীহা-রওয়া-সিয়া শা-মিখাতিঁও অআস্‌ক্বাইনা-কুম্‌
আমি তোমাদের জন্য বানাই নি?। (২৬) জীবিত ও মৃতদের? (২৭) আর আমি তাতে দৃঢ় উচ্চ পর্বতমালা রেখেছি, সুপেয় পানি

مَّاءً فُرَاتًا ﴿٢٨﴾ وَيْلٌ يَوْمَئِذٍ لِّلْمُكَذِّبِينَ ﴿٢٩﴾ انطَلِقُوا إِلَىٰ مَا كُنتُم بِهِ تُكَذِّبُونَ *

মা — য়ান্‌ ফুর-তা-। ২৮। অইলুঁই ইয়াওমায়িযিল্‌ লিল্‌মুকায্‌যিবীন্‌। ২৯। ইন্‌ত্বোয়ালিক্বূ ~ ইলা-মা-কুন্‌তুম্‌ বিহী তুকায্‌যিবূন্‌।
দিয়েছি পান করতে। (২৮) সেদিন মিথ্যাচারীদের বড়ই দুর্ভোগ। (২৯) বলা হবে, যাকে অমান্য করতে, সেদিকে চল।

﴿٣٠﴾ انطَلِقُوا إِلَىٰ ظِلٍّ ذِي ثَلَاثِ شُعَبٍ ﴿٣١﴾ لَّا ظَلِيلٍ وَلَا يُغْنِي مِنَ اللَّهَبِ *

৩০। ইন্‌ত্বোয়ালিক্বূ ~ ইলা-জিল্লিন্‌ যী ছালা-ছি শু'আবিল্‌। ৩১। লা -জোয়ালীলিওঁ অলা-ইয়ুগ্‌নী মিনাল্‌ লাহাব্‌।
(৩০) (তাদেরকে বলা হবে) ধাবিত হও তিন শাখা বিশিষ্ট ছায়ার দিকে। (১) (৩১) না শীতল, না আগুন থেকে রক্ষা করে।

﴿٣٢﴾ إِنَّهَا تَرْمِي بِشَرَرٍ كَالْقَصْرِ ﴿٣٣﴾ كَأَنَّهُ جِمَالَتٌ صُفْرٌ ﴿٣٤﴾ وَيْلٌ يَوْمَئِذٍ لِّلْمُكَذِّبِينَ *

৩২। ইন্নাহা-তারমী বিশাররিন্‌ কাল্‌ ক্বছ্‌র্‌। ৩৩। কাআন্নাহূ জ্বিমা-লাতুন্‌ ছুফ্‌র্‌। ৩৪। অইলুঁই ইয়াওমায়িযিল্‌ লিল্‌মুকায্‌যিবীন্‌।
(৩২) দালান সদৃশ স্ফুলিঙ্গ নিক্ষেপ করবে। (৩৩) পীত বর্ণ উষ্ট্রীতূল্য। (৩৪) সেদিন মিথ্যাচারীদের দারুণ দুর্ভোগ।

আয়াত-২৯ ঃ অর্থাৎ সেদিন মিথ্যাবদীদেরকে বলা হবে, তোমরা সে বস্তুর দিকে চল, যাকে তোমরা দুনিয়াতে অবিশ্বাস করছিল। (জাঃ বয়াঃ) ২। এ ছায়ার দ্বারা সে ছায়া উদ্দেশ্য যা দোযখ হতে বের হবে। এর অধিক পরিমাণে হওয়ার কারণে উপরে উঠে ফেটে তিন খণ্ডে বিভক্ত হবে। হিসাব-নিকাশ শেষ হওয়া পর্যন্ত কাফেররা এর দ্বারা ঘেরাও অবস্থায় থাকবে।
আয়াত-৩৩ঃ অর্থাৎ অট্টালিকার সাথে উপমা দেয়াটা যদি উচ্চতার কারণে হয়ে থাকে, তবে উটের সাথে উপমা দেয়া হবে বৃহদাকারের কারণে। আর উপমা বৃহদাকারের কারণে দেয়া হয়ে থাকে, পীতবর্ণ উষ্ট্রসমূহ এর অর্থ এই হবে, যে অগ্নি স্ফুলিঙ্গ প্রথম অবস্থায় আকারে অট্টালিকার ন্যায় বড় থাকে পরে ভেঙ্গে ক্ষুদ্র ক্ষুদ্র অংশে বিভক্ত হয়ে উষ্ট্রাকারে যমীনে পতিত হয়। (ফাওঃ ওছঃ)

هٰذَا يَوْمُ لَا يَنْطِقُونَ ۝ وَلَا يُؤْذَنُ لَهُمْ فَيَعْتَذِرُونَ ۝ وَيْلٌ يَوْمَئِذٍ لِّلْمُكَذِّبِينَ ۝

৩৫। হা-যা-ইয়াওমু লা-ইয়ানত্বিকূ না। ৩৬। অলা-ইয়ু"যানু লাহুম্ ফাইয়া'তাযিরূন্। ৩৭। অইলুঁই ইয়াওমায়িযিল্ লিলমুকায্যিবীন্।
(৩৫) এ দিনে কথা বলতে পারবে না। (৩৬) ওযর পেশের অনুমতিও দেয়া হবে না। (৩৭) সেদিন মিথ্যাচারীদের দারুণ দুর্ভোগ।

هٰذَا يَوْمُ الْفَصْلِ ۚ جَمَعْنٰكُمْ وَالْاَوَّلِينَ ۝ فَاِنْ كَانَ لَكُمْ كَيْدٌ فَكِيدُونِ ۝

৩৮। হা-যা-ইয়াওমুল্ ফাছ্লি জামা'নাকুম্ অল্ আউয়্যালীন্। ৩৯। ফাইন্ কা-না লাকুম্ কাইদুন্ ফাকীদূন্।
(৩৮) এটাই বিচার দিন, তোমাদেরকে ও পূর্ববর্তীদেরকে জড় করব। (৩৯) ষড়যন্ত্র থাকলে আমার বিরুদ্ধে ব্যবহার কর।

وَيْلٌ يَوْمَئِذٍ لِّلْمُكَذِّبِينَ ۝ اِنَّ الْمُتَّقِينَ فِي ظِلٰلٍ وَّعُيُونٍ ۝ وَّفَوَاكِهَ مِمَّا

৪০। অইলুঁই ইয়াওমায়িযিল্ লিলমুকায্যিবীন্। ৪১। ইন্নাল্ মুত্তাক্বীনা ফী জিলা-লিঁও অউ ইয়ূনিঁও। ৪২। অফাওয়া-কিহা মিম্মা-
(৪০) আর বড়ই দুর্ভোগ সেদিন মিথ্যাচারীদের জন্য। (৪১) নিশ্চয়ই মুত্তাকীরা ছায়া ও ঝর্ণায় থাকবে, (৪২) তাদের কাঙ্ক্ষিত ফল

يَشْتَهُونَ ۝ كُلُوا وَاشْرَبُوا هَنِيْٓـًٔا بِمَا كُنْتُمْ تَعْمَلُونَ ۝ اِنَّا كَذٰلِكَ نَجْزِي

ইয়াশ্তাহূন্। ৪৩। কুলূ অশ্রাবূ হানী — য়াম্ বিমা-কুন্তুম্ তা'মালূন্। ৪৪। ইন্না-কাযা-লিকা নাজ্ যিল্
মূলের মধ্যে, (৪৩) বলা হবে, তোমাদের কর্মের বিনিময়ে তৃপ্তিতে খাও, পান কর। (৪৪) আমি এভাবেই পুণ্যবানদের

الْمُحْسِنِينَ ۝ وَيْلٌ يَوْمَئِذٍ لِّلْمُكَذِّبِينَ ۝ كُلُوا وَتَمَتَّعُوا قَلِيلًا اِنَّكُمْ

মুহ্সিনীন্। ৪৫। অইলুঁই ইয়াওমায়িযিল্ লিলমুকায্যিবীন্। ৪৬। কুলূ অতামাত্তা'উ ক্বালীলান্ ইন্নাকুম
প্রতিদান দিয়ে থাকি। (৪৫) সেদিন বড়ই দুর্ভোগ মিথ্যাচারীদের. (৪৬) আরো কিছু দিন খাও, উপভোগ কর, তোমরা

مُّجْرِمُونَ ۝ وَيْلٌ يَوْمَئِذٍ لِّلْمُكَذِّبِينَ ۝ وَاِذَا قِيلَ لَهُمُ ارْكَعُوا

মুজ্ রিমূন্ । ৪৭। ওয়াইলুঁই ইয়াওমায়িযিল্ লিলমুকায্যিবীন্। ৪৮। অইযা-ক্বীলা লাহুমুর্কা'উ লা-
অপরাধী। (৪৭) সেদিন যারা পাপী তাদের দারুণ দুর্ভোগ। (৪৮) আর তাদেরকে যখন রুকূ'র কথা বলা হয়, তখন তারা

لَا يَرْكَعُونَ ۝ وَيْلٌ يَوْمَئِذٍ لِّلْمُكَذِّبِينَ ۝ فَبِاَيِّ حَدِيثٍ بَعْدَهٗ يُؤْمِنُونَ ۝

ইয়ার্কা'উন্। ৪৯। ওয়াইলুঁই, ইয়াওমায়িযিল্ লিলমুকায্যিবীন্। ৫০। ফাবিআইয়্যি হাদীছিম্ বা'দাহূ ইয়ু"মিনূন্।
রুকূ করে না(নামায পড়ে না)।(৪৯) সেদিন পাপীদের বড়ই দুর্ভোগ। (৫০) আর কোরআন ছাড়া কিসে ঈমান আনবে।

রুকূ ১ / ২১ — ৪০; রুকূ ২ / ২২ — ১০

আয়াত-৩৬ ঃ অর্থাৎ তোফা ভোগের এ দুনিয়ায় কিছু দিন খাওয়া-দাওয়া করে নাও এবং আরাম-আয়েশে দিনাতীপাত করে নাও। তোমরা তো অপরাধী; অবশেষে তোমাদেরকে কঠোর আযাব উপভোগ করতে হবে। পয়গাম্বরদের মাধ্যমে এ কথা দুনিয়াতে মিথ্যারোপকারীদেরকেই বলা হয়েছে। উদ্দেশ্য হল, ক্ষণস্থায়ী আরাম-আয়েশের পর তোমাদের কপালে আযাবই আযাব নির্ধারিত রয়েছে। (আবূ হাইয়্যান)
আয়াত-৪৬ঃ অর্থাৎ কোরআন অপেক্ষা উত্তম পরিপূর্ণ এবং কার্যকর বর্ণনা আর কিসের হতে পারে। আর এ মিথ্যাবাদীরা এর উপর বিশ্বাস স্থাপন না করলে তার কিসের উপর বিশ্বাস স্থাপন করবে? কোরআনের পর অন্য আসমানী কিতাব আসবে কি? (ফাওঃ ওছঃ) আয়াত-৪৮ঃ মুফাচ্ছিরীনে কেরাম এ আয়াতের তাফসীরে রুকূ'র অর্থ দুভাবে করেছেন, রুকূ'র আভিধানিক অর্থ মস্তক অবনত করা, কোন নির্দেশ মাথা নত করে মেনে নেয়া, আর পারিভাষিক অর্থ নামাযের মধ্যে শরীয়ত নির্ধারিত পদ্ধতিতে মাথা নত করা। এ উভয় অর্থই এ আয়াতে প্রযোজ্য হতে পারে বলে তাঁরা মন্তব্য করেছেন। আভিধানিক অর্থ যদি প্রযোজ্য হয় তখন আয়াতের অর্থ দাঁড়াবে, "তাদেরকে যখন আল্লাহর আদেশ-নিষেধ মেনে চলতে নির্দেশ দেয়া হয়, তখন তারা তা অবনত মস্তক মেনে নেয় না, এ অর্থই অধিকাংশ তাফসীরকার প্রাধান্য দিয়েছেন। আর যদি পারিভাষিক অর্থ মতে অর্থ করা যায়, তাহলে অর্থ হবে, রুকূ; কিন্তু এখানে রুকূ বলতে পূর্ণ নামাযকেই বুঝানো হয়েছে। অর্থাৎ "তাদেরকে যখন নামায ক্বায়েমের নির্দেশ দেয়া হয়, তখন তারা নামায ক্বায়েম করে না। এ অর্থকেও অনেক মুফাচ্ছির অনুমোদন করেছেন। (অতএব যারা আল্লাহর আদেশ-নিষেধ মানে না বা নামায কায়েমে করে না, তারা চরিত্রে মিথ্যাবাদী।) আর কেয়ামত দিবসে মিথ্যাবাদীদের জন্যে ধ্বংস অনিবার্য, অনন্তর তারা কোরআনের প্রতি ঈমান না আনলে আর কোন জিনিসের প্রতি ঈমান আনবে?- বলে আল্লাহ পাক প্রশ্ন রেখেছেন, আজ পর্যন্ত তার জবাব নেই।

সূরা নাবা-
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৪০
রুকূ ঃ ২

عَمَّ يَتَسَآءَلُوْنَ ۝١ عَنِ النَّبَاِ الْعَظِيْمِ ۝٢ الَّذِىْ هُمْ فِيْهِ مُخْتَلِفُوْنَ ۝٣ كَلَّا

১। 'আম্মা ইয়াতাসা — য়ালূন্। ২। 'আনিন্নাবায়িল্ 'আজীমি ৩। ল্লাযী হুম্ ফীহি মুখ্তালিফূন্। ৪। কাল্লা-
(১) কোন বিষয় সম্বন্ধে জিজ্ঞাসাবাদ করে? (২) সেই বিরাট বিষয়ের, (৩) যাতে তারা মতভেদে লিপ্ত ছিল। (৪) না,

سَيَعْلَمُوْنَ ۝٤ ثُمَّ كَلَّا سَيَعْلَمُوْنَ ۝٥ اَلَمْ نَجْعَلِ الْاَرْضَ مِهٰدًا ۝٦ وَّالْجِبَالَ

সাইয়া'লামূন্। ৫। ছুম্মা কাল্লা সাইয়া'লামূন্। ৬। আলাম্ নাজ্'আলিল্ আর্দ্বোয়া মিহা-দাঁও ৭। অল্ জ্বিবা-লা
শীঘ্রই জানতে পারবে। (৫) আবারও বলি, শীঘ্রই জানতে পারবে। (৬) ভূমিকে কি বিছানা সদৃশ করিনি? (৭) পাহাড়কে

اَوْتَادًا ۝٧ وَّخَلَقْنٰكُمْ اَزْوَاجًا ۝٨ وَّجَعَلْنَا نَوْمَكُمْ سُبَاتًا ۝٩ وَّجَعَلْنَا الَّيْلَ لِبَاسًا

আওতা-দাঁও ৮। অখলাক্ব্না-কুম্ আয্ওয়া-জ্বাঁও। ৯। অ জ্বা'আল্না-নাওমাকুম্ সুবা-তাঁও ১০। অজ্বা'আল্নাল্ লাইলা লিবা-সাঁও
পেরেক স্বরূপ? (৮) তোমাদেরকে জোড়া জোড়া বানিয়েছি। (৯) নিদ্রাকে বিশ্রাম। (১০) আর রাতকে করেছি আবরণ,

وَّجَعَلْنَا النَّهَارَ مَعَاشًا ۝١١ وَّبَنَيْنَا فَوْقَكُمْ سَبْعًا شِدَادًا ۝١٢ وَّجَعَلْنَا سِرَاجًا

১১। অ জ্বা'আল্নান্ নাহা-র মা'আ-শা-। ১২। অবানাইনা-ফাওক্বাকুম্ সাব্'আন্ শিদা-দাঁও ১৩। অ জ্বা'আল্না- সিরা-জ্বাঁও
(১১) আর দিনকে করেছি জীবিকার্জনের সময়। (১২) আর তোমাদের উপরে সপ্তাকাশ সৃজেছি, (১৩) আর উজ্জ্বল প্রদীপ

وَّهَّاجًا ۝١٣ وَّاَنْزَلْنَا مِنَ الْمُعْصِرٰتِ مَآءً ثَجَّاجًا ۝١٤ لِّنُخْرِجَ بِهٖ حَبًّا وَّنَبَاتًا

অহ্হা-জ্বাঁও। ১৪। অআন্যাল্না-মিনাল্ মু'ছির-তি মা — য়ান্ ছাজ্জা-জ্বাল্ ১৫। লিনুখ্রিজ্বা বিহী হাব্বাঁও অনাবা-তাঁও
সৃষ্টি করেছি। (১৪) আর আমি পানিপূর্ণ মেঘসমূহ হতে প্রচুর বৃষ্টি বর্ষণ করেছি। (১৫) তা হতে শস্য ও উদ্ভিদ উৎপন্ন করি,

وَّجَنّٰتٍ اَلْفَافًا ۝١٦ اِنَّ يَوْمَ الْفَصْلِ كَانَ مِيْقَاتًا ۝١٧ يَّوْمَ يُنْفَخُ فِى الصُّوْرِ

১৬। অজ্বান্না-তিন্ আল্ফা-ফা-। ১৭। ইন্না ইয়াওমাল্ ফাছ্লি কা-না মীক্ব-তাঁই। ১৮। ইয়াওমা ইয়ুন্ফাখু ফিছ্ ছূরি
(১৬) এবং ঘন উদ্যানসমূহ। (১৭) নিশ্চয়ই বিচার দিবস নির্ধারিত রয়েছে। (১৮) যেদিন শিংগায় ফুঁ দেয়া হবে,

فَتَاْتُوْنَ اَفْوَاجًا ۝١٨ وَّفُتِحَتِ السَّمَآءُ فَكَانَتْ اَبْوَابًا ۝١٩ وَّسُيِّرَتِ الْجِبَالُ

ফাতা"তূনা আফ্ওয়া-জ্বাঁও। ১৯। অ ফুতিহাতিস্ সামা — য়ু ফাকা-নাত্ আব্ওয়া-বাঁও। ২০। অসুইয়িরতিল্ জ্বিবা-লু
তোমরা দলে দলে আসবে, (১৯) আকাশ উন্মুক্ত করা হবে. বহু দ্বার হবে। (২০) আর পাহাড়সমূহ চালিত করা হবে,

আয়াত-৭ ঃ যেহেতু তারা কিয়ামতকে সুদূর ও অসম্ভব মনে করত। সেইজন্যই সামনে এর সম্ভাব্যতা ও বিশুদ্ধতা বর্ণনা করা হচ্ছে যে, একে অসম্ভব মনে করা আমার শক্তিমত্তাকে অস্বীকার করারই শামিল। আয়াত-১৩ঃ অর্থাৎ পর্বতরাজিকে যমীনের জন্য পেরেক স্বরূপ নির্মাণ করেন। যেন যমীন স্থির থাকে। যিনি এসব করার শক্তি রাখেন, তিনিই পুনরায় জীবনও দান কেন করতে পারবেন না (জাঃ বয়াঃ) শানেনুযূল ঃ আয়াত- ১৬ ঃ একদা রাসূলুল্লাহ্ (ছঃ) কেয়ামত সম্বন্ধে আলোচনা করলেন, কাফেররা তা শুনে ঠাট্টার সুরে পরস্পর বলাবলি করতে লাগল, মুহাম্মদ কি বলতেছে, তোমরা কি মনে কর, মৃত্যুর পর পুনরায় জীবিত হবে?" এ প্রেক্ষিতে আয়াত কয়টি নাযীল হয়।

فَكَانَتْ سَرَابًا ﴿٢١﴾ إِنَّ جَهَنَّمَ كَانَتْ مِرْصَادًا ﴿٢٢﴾ لِّلطَّاغِينَ مَآبًا ﴿٢٣﴾ لَّابِثِينَ فِيهَآ

ফাকা-নাত্ সার-বা-। ২১। ইন্না জ্বাহান্নামা কা-নাত্ মিরছোয়া দাল্ ।২২। লিত্ত্বোয়া-গীনা মাআ-বাল্ ২৩। লা-বিছীনা ফীহা ~

তা হয়ে যাবে মরীচিকা। (২১) নিশ্চয়ই দোযখ ওঁৎ পেতে রয়েছে। (২২) অবাধ্যদের ঠিকানা। (২৩) সেখানে যুগ যুগ ধরে

أَحْقَابًا ﴿٢٤﴾ لَّا يَذُوقُونَ فِيهَا بَرْدًا وَلَا شَرَابًا ﴿٢٥﴾ إِلَّا حَمِيمًا وَغَسَّاقًا ﴿٢٦﴾ جَزَآءً

আহক্ব-বা। ২৪। লা-ইয়াযূক্বূনা ফীহা ~ বারদাঁও অলা-শার-বান্। ২৫। ইল্লা-হামীমাঁও অগস্সা-ক্বন্ ২৬। জ্বাযা — য়াঁও

অবস্থান করবে। (২৪) সেখানে তারা না ঠাণ্ডা পাবে, আর না পাবে পানীয়। (২৫) শুধু ফুটন্ত পানি ও পুঁজ। (২৬) এটাই

وِفَاقًا ﴿٢٧﴾ إِنَّهُمْ كَانُوا لَا يَرْجُونَ حِسَابًا ﴿٢٨﴾ وَكَذَّبُوا بِآيَاتِنَا كِذَّابًا ﴿٢٩﴾ وَكُلَّ

ওয়িফা-ক্ব-।২৭। ইন্নাহুম্ কা-নূ লা-ইয়ারজুনা হিসা-বাঁও। ২৮। অকায্যাবূ বিআ-ইয়া-তিনা-কিয্যা-বা। ২৯। অ কুল্লা

তাদের উপযুক্ত পাওনা: (২৭) নিশ্চয়ই তারা হিসেবের ভয় করত না। (২৮) আর আমরা আয়াত অস্বীকার করত। (২৯) আর আমি

شَيْءٍ أَحْصَيْنَاهُ كِتَابًا ﴿٣٠﴾ فَذُوقُوا فَلَن نَّزِيدَكُمْ إِلَّا عَذَابًا ﴿٣١﴾ إِنَّ لِلْمُتَّقِينَ مَفَازًا ★

ع ٣٠ ١ ১ রুকু

শাইয়িন্ আহ্ছোয়াইনা-হু কিতা-বান্। ৩০। ফাযূক্বূ ফালান্ নাযীদা কুম্ ইল্লা-'আযা-বা-। ৩১। ইন্না লিল্মুত্তাক্বীনা মাফা-যা-

সব কিছু লিখে রেখেছি। (৩০) ভোগ কর কৃতকর্মের স্বাধ, আযাবই বাড়াব। (৩১) নিশ্চয়ই মুত্তাকীদের জন্য রয়েছে সাফল্য,

﴿٣٢﴾ حَدَآئِقَ وَأَعْنَابًا ﴿٣٣﴾ وَكَوَاعِبَ أَتْرَابًا ﴿٣٤﴾ وَكَأْسًا دِهَاقًا ﴿٣٥﴾ لَّا يَسْمَعُونَ فِيهَا

৩২। হাদা — য়িকা অআ'না-বাঁও। ৩৩। অ কাওয়া-'ইবা আত্রবাঁও। ৩৪। অকা"সান্ দিহা-ক্ব-। ৩৫। লা-ইয়াস্মা'উনা ফীহা-

(৩২) উদ্যানসমূহ, বিভিন্ন আঙ্গুর, (৩৩) আর সমবয়স্কা তরুণীরা, (৩৪) আর শরাবে পূর্ণ পানপাত্র থাকবে। (৩৫) তারা শুনবে না।

لَغْوًا وَلَا كِذَّابًا ﴿٣٦﴾ جَزَآءً مِّن رَّبِّكَ عَطَآءً حِسَابًا ﴿٣٧﴾ رَّبِّ السَّمٰوٰتِ وَالْأَرْضِ

লাগ্ওয়াঁও অলা-কিয্যা-বা-। ৩৬। জ্বাযা — য়াম্ মির্ রব্বিকা 'আত্বোয়া — য়ান্ হিসা-বার্। ৩৭। রব্বিস্ সামা-ওয়া-তি অল্আরদ্বি

কোন অসার ও মিথ্যা কথা। (৩৬) এটা আপনার রবের পক্ষ থেকে যথেষ্ট দান ও পুরস্কার। (৩৭) তিনি আকাশসমূহ ও পৃথিবী

وَمَا بَيْنَهُمَا الرَّحْمٰنِ لَا يَمْلِكُونَ مِنْهُ خِطَابًا ﴿٣٨﴾ يَوْمَ يَقُومُ الرُّوحُ وَالْمَلٰٓئِكَةُ

অমা-বাইনাহুমার রহ্মা-নি লা-ইয়াম্লিকূনা মিন্হু খিত্বোয়া-বা-। ৩৮। ইয়াওমা ইয়াকুমুর রূহু অল্মালা — য়িকাতু

ও মধ্যবর্তী সব কিছুর রব, দয়ালু। তারা তাঁর কাছে চাইতে পারবে না। (৩৮) সেদিন রূহ (জিবরাঈল) ও ফেরেশ্তারা

صَفًّا لَّا يَتَكَلَّمُونَ إِلَّا مَنْ أَذِنَ لَهُ الرَّحْمٰنُ وَقَالَ صَوَابًا ﴿٣٩﴾ ذٰلِكَ

ছোয়াফ্ফাল্ লা-ইয়াতাকাল্লামূনা ইল্লা-মান্ আযিনা লাহুর্ রহ্মা-নু অক্ব-লা ছওয়া-বা-।৩৯। যা-লিকাল্

সারিবদ্ধভাবে দাঁড়াবে, দয়াময়ের অনুমতি ছাড়া তারা কেউই কথা বলতে পারবে না, আর যথার্থ বলবে। (৩৯) সেদিন সুনিশ্চিত দিন:

الْيَوْمُ الْحَقُّ فَمَن شَآءَ اتَّخَذَ إِلٰى رَبِّهِ مَآبًا ﴿٤٠﴾ إِنَّآ أَنذَرْنٰكُمْ عَذَابًا قَرِيبًا

ইয়াওমুল্ হাক্বু কু ফামান্ শা — য়াত্ তাখাযা ইলা রব্বিহী মায়া বা।৪০। ইন্না ~ আন্যারনা-কুম্ 'আযা-বান্ ক্বারীবাঁই

যে আকাঙ্খা করে, সে তার রবের শরণাপন্ন হোক।(৪০) নিশ্চয়ই আমি তোমাদেরকে আসন্ন আযাবের ভয় প্রদর্শন

يَوْمَ يَنظُرُ الْمَرْءُ مَا قَدَّمَتْ يَدَاهُ وَيَقُولُ الْكَافِرُ يَا لَيْتَنِي كُنتُ تُرَابًا

ইয়াওমা ইয়ান্‌জুরুল্ মার্‌য়ু মা-ক্বাদ্দামাত্ ইয়াদা-হু অইয়াক্বূলুল্ কা-ফিরু ইয়া-লাইতানী কুন্‌তু তুর-বা-।
করলাম, সে দিন মানুষ তার কৃতকর্ম স্বচক্ষে দর্শন করতে পাবে; আর কাফেররা তখন বলবে, হায়, আমরা যদি মাটি হতাম।

সূরা না-যি'আ-ত্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৪৬
রুকূ ঃ ২

وَالنَّازِعَاتِ غَرْقًا ① وَالنَّاشِطَاتِ نَشْطًا ② وَالسَّابِحَاتِ سَبْحًا ③ فَالسَّابِقَاتِ

১। অন্না-যি'আ-তি গার্‌ক্বাঁও। ২। অন্না-শিত্বোয়া-তি নাশ্‌ত্বোয়াঁও। ৩। অস্‌সা-বিহা-তি সাব্‌হান্। ৪। ফাস্‌সা-বিক্বা-তি
(১) কলম সঝোরে উৎপাটনকারীদের : (২) আর আলতোভাবে বন্ধনমুক্তকারীদের; (৩) ও তীব্র সাঁতারুদের; (৪) আর

سَبْقًا ④ فَالْمُدَبِّرَاتِ أَمْرًا ⑤ يَوْمَ تَرْجُفُ الرَّاجِفَةُ ⑥ تَتْبَعُهَا الرَّادِفَةُ ⑦ قُلُوبٌ

সাব্‌ক্বান্। ৫। ফাল্‌মুদাব্বির-তি আম্‌র-। ৬। ইয়াওমা তারজুফুর র-জ্বিফাতু ৭। তাত্‌বা'উহার র-দিফাতু; ৮। কুলূবুঁই
অগ্রগামীদের, (৫) আর কার্য তদারককারীদের। (৬) সে দিন ধ্বনি প্রকম্পিত করবে, (৭) আর একটি ধ্বনি আসবে। (৮) সেদিন

يَوْمَئِذٍ وَاجِفَةٌ ⑧ أَبْصَارُهَا خَاشِعَةٌ ⑨ يَقُولُونَ أَإِنَّا لَمَرْدُودُونَ فِي

ইয়াও মায়িযিঁও ওয়া- জ্বিফাতুন্। ৯। আব্‌ছোয়া-রুহা-খ-শি'আহ্। ১০। ইয়াক্বূলূনা আইন্না- লামারদূদূনা ফিল্
অনেক হৃদয় ভীত সন্ত্রস্ত হবে, (৯) তাদের দৃষ্টি ভয়ে অবনত থাকবে। (১০) তারা বলবে, আমরা কি আবার পূর্বাবস্থায়

الْحَافِرَةِ ⑩ أَإِذَا كُنَّا عِظَامًا نَّخِرَةً ⑪ قَالُوا تِلْكَ إِذًا كَرَّةٌ خَاسِرَةٌ ⑫ فَإِنَّمَا

হা-ফিরহ্। ১১। আইযা-কুন্না-ই'জোয়া-মান্ নাখিরহ্। ১২। ক্ব-লূ তিল্‌কা ইযান্ কার্‌রতুন্ খ-সিরহ্। ১৩। ফাইন্নামা-
ফিরবই ? (১১) গলিত অস্থি হওয়ার পরও অস্থিতে পরিণত হব? (১২) বলে, তবে তো এটা অত্যন্ত সর্বনাশা প্রত্যাবর্তন। (১৩) তা তো

هِيَ زَجْرَةٌ وَاحِدَةٌ ⑬ فَإِذَا هُم بِالسَّاهِرَةِ ⑭ هَلْ أَتَاكَ حَدِيثُ مُوسَىٰ

হিয়া যাজ্‌রতুঁও ওয়া-হিদাতুন্। ১৪। ফা ইযা-হুম্ বিস্‌সা-হিরহ্। ১৫। হাল্ আতা-কা হাদীছু মূসা-
একটি বিকট আওয়াজ হবে। (১৪) ফলে তৎক্ষণাৎ সকলে ময়দানে আসবে। (১৫) আপনার কাছে মূসার কথা কি এসেছে?

إِذْ نَادَاهُ رَبُّهُ بِالْوَادِ الْمُقَدَّسِ طُوًى ⑯ اذْهَبْ إِلَىٰ فِرْعَوْنَ إِنَّهُ طَغَىٰ

১৬। ইয্ না-দা-হু রব্বুহূ বিল্‌ওয়া-দিল্ মুক্বাদ্দাসি তু্ওয়া-। ১৭। ইয্‌হাব্ ইলা- ফির 'আউনা ইন্নাহূ ত্বগা-।
(১৬) যখন তার রব তাকে পবিত্র তুয়া উপত্যকায় আহ্বান করে বলেছিল, (১৭) ফেরাউনের কাছে যাও, সে সীমালঙ্ঘনকারী।

শানেনুযূল ঃ সূরা নাযিআত ঃ গোঁড়া কাফেররা স্বীয় বিবেককে আল্লাহর বাণীসমূহের প্রতি কোন চিন্তা ভাবনাও রাখছে না। অথচ তাদেরকে পরকালের এবং আল্লাহর প্রবল প্রতাপের কথা পুনঃপুন শুনানো হচ্ছিল। এর পরও তাদের উপেক্ষার কারণে এ সূরা নাযীল করে পূর্ণ তাকীদ সহকারে আল্লাহ্ তাঁর কথা প্রমাণ করেন। আয়াত-১২ ঃ অর্থাৎ অবিশ্বাসীরা ঠাট্টাচ্ছলে বলত, মৃত্যুর পর আবার জীবিত হলে তো আমরা ক্ষতিগ্রস্ত হব। (জাঃ বয়াঃ) আয়াত-১৫ঃ এ আয়াত দ্বারা আল্লাহ তা'আলা রাসূলুল্লাহ (ছঃ) কে সান্ত্বনা প্রদান করেন। আপনি আপনার সম্প্রদায়ের মিথ্যারোপে দুঃখিত হবেন না। এরাও পরিণামে এভাবে ধ্বংস হয়ে যাবে, যেভাবে ফিরআউন আল্লাহর রাসূল মূসা (আঃ) এর বিরুদ্ধাচরণ করার কারণে ধ্বংসে পরিণত হয়েছিল।

فَقُلْ هَلْ لَّكَ إِلَىٰٓ أَن تَزَكَّىٰ ﴿١٨﴾ وَأَهْدِيَكَ إِلَىٰ رَبِّكَ فَتَخْشَىٰ ﴿١٩﴾ فَأَرَىٰهُ

১৮। ফাকুল্ হাল্ লাকা ইলা ~ আন্ তাযাক্কা-। ১৯। অআহ্দিয়াকা ইলা-রব্বিকা ফাতাখ্শা-। ২০। ফাআর-হুল্

(১৮) বলুন, পবিত্র হওয়ার ইচ্ছা আছে কি? (১৯) আর আমি তোমাকে রবের পথে চালাব, যেন ভয় কর। (২০) তাকে বড়

ٱلْءَايَةَ ٱلْكُبْرَىٰ ﴿٢٠﴾ فَكَذَّبَ وَعَصَىٰ ﴿٢١﴾ ثُمَّ أَدْبَرَ يَسْعَىٰ ﴿٢٢﴾ فَحَشَرَ فَنَادَىٰ

আ-ইয়াতাল্ কুব্র-। ২১। ফাকায্যাবা অ'আছোয়া-। ২২। ছুম্মা আদ্বার ইয়াস্'আ-। ২৩। ফাহাশার ফানা-দা-।

নিদর্শন দেখাল, (২১) সে মানে নি, অস্বীকার করল। (২২) পরে ফিরে গিয়ে ষড়যন্ত্র করল। (২৩) সে লোকদের একত্র করে ঘোষণা করল,

فَقَالَ أَنَا۠ رَبُّكُمُ ٱلْأَعْلَىٰ ﴿٢٤﴾ فَأَخَذَهُ ٱللَّهُ نَكَالَ ٱلْءَاخِرَةِ وَٱلْأُولَىٰٓ ﴿٢٥﴾ إِنَّ

২৪। ফাক্কা-লা আনা রব্বুকুমুল্ আ'লা-। ২৫। ফাআখাযাহুল্লা-হু নাকা-লাল্ আ-খিরতি অল্ উলা-। ২৬। ইন্না

(২৪) অতঃপর বলল, আমি তোমাদের শ্রেষ্ঠ রব। (২৫) অনন্তর আল্লাহ্ তাকে ইহ-পরকালে আযাব দেন, (২৬) এতে

فِى ذَٰلِكَ لَعِبْرَةً لِّمَن يَخْشَىٰٓ ﴿٢٦﴾ ءَأَنتُمْ أَشَدُّ خَلْقًا أَمِ ٱلسَّمَآءُ ۚ بَنَىٰهَا ﴿٢٧﴾ رَفَعَ

ফী যা-লিকা লা-'ইব্রতাল্ লিমাই ইয়াখ্শা-। ২৭। আআন্তুম্ আশাদ্দু খল্কুন্ আমিস্ সামা — য়্; বানা-হা-। ২৮। রফা'আ

আছে তার জন্য শিক্ষা, যে ভয় করে। (২৭) তোমাদেরকে সৃষ্টি করা শক্ত, না আকাশ? তিনিই তা বানালেন। (২৮) সুউচ্চ

১ রুকু ২৬ ৩

سَمْكَهَا فَسَوَّىٰهَا ﴿٢٨﴾ وَأَغْطَشَ لَيْلَهَا وَأَخْرَجَ ضُحَىٰهَا ﴿٢٩﴾ وَٱلْأَرْضَ بَعْدَ ذَٰلِكَ

সাম্কাহা-ফাসাওয়্যা-হা-।২৯। অআগ্‌ত্বোয়াশা লাইলাহা-অআখ্রজ্বা দ্বুহা-হা-। ৩০। অল্ আর্দ্বোয়া বা'দা যা-লিকা

ও সুবিন্যস্ত করলেন। (২৯) আর রাতকে অন্ধকার আর দিনকে আলোকজ্বল করলেন। (৩০) আর পরে যমীনকে বিস্তৃত

دَحَىٰهَآ ﴿٣٠﴾ أَخْرَجَ مِنْهَا مَآءَهَا وَمَرْعَىٰهَا ﴿٣١﴾ وَٱلْجِبَالَ أَرْسَىٰهَا ﴿٣٢﴾ مَتَٰعًا لَّكُمْ

দাহা-হা। ৩১। আখ্রজা মিন্হা-মা — য়াহা-অমার্'আ-হা-।৩২। অলজ্বিবা-লা আর্সা-হা-। ৩৩। মাতা'আল্লাকুম্

করলেন। (৩১) তা হতে বের করলেন পানি ও তৃণসমূহ। (৩২) আর পাহাড়কে দৃঢ়ভাবে বসালেন। (৩৩) তোমাদের ও

وَلِأَنْعَٰمِكُمْ ﴿٣٣﴾ فَإِذَا جَآءَتِ ٱلطَّآمَّةُ ٱلْكُبْرَىٰ ﴿٣٤﴾ يَوْمَ يَتَذَكَّرُ ٱلْإِنسَٰنُ مَا

অলিআন্'আ-মিকুম্। ৩৪। ফাইযা-জ্বা — য়াতিত্ ত্বোয়া — ম্মাতুল্ কুব্র-।৩৫। ইয়াওমা ইয়াতাযাক্কারুল্ ইন্সা-নু মা-

তোমাদের গবাদি পশুগুলোর উপকারার্থে। (৩৪) অতঃপর যখন মহাবিপদ আসবে, (৩৫) সেদিন মানুষ তার কৃতকর্ম স্মরণ

سَعَىٰ ﴿٣٥﴾ وَبُرِّزَتِ ٱلْجَحِيمُ لِمَن يَرَىٰ ﴿٣٦﴾ فَأَمَّا مَن طَغَىٰ ﴿٣٧﴾ وَءَاثَرَ ٱلْحَيَوٰةَ

সা'আ-।৩৬। অবুর্রিযাতিল্ জ্বাহীমু লিমাই ইয়ার-। ৩৭। ফাআম্মা-মান্ ত্বোয়াগ-। ৩৮। অআ-ছারল্ হা-ইয়া-তাদ্

করবে, (৩৬) আর দর্শকের জন্য দোযখ উন্মুক্ত হবে। (৩৭) অনন্তর যে অবাধ্য হয়, (৩৮) এবং পার্থিব জীবনের প্রতি গুরুত্ব

ٱلدُّنْيَا ﴿٣٨﴾ فَإِنَّ ٱلْجَحِيمَ هِىَ ٱلْمَأْوَىٰ ﴿٣٩﴾ وَأَمَّا مَنْ خَافَ مَقَامَ رَبِّهِۦ

দুন্ইয়া-। ৩৯। ফাইন্নাল্ জ্বাহীমা হিয়াল্ মা"ওয়া-। ৪০। অআম্মা-মান্ খ-ফা মাক্ব-মা রব্বিহী

প্রদান করে। (৩৯) অতঃপর জাহান্নামই হবে তার আবাসস্থল। (৪০) আর যে স্বীয় রবের মাকামকে ভয় করে আর

অনাহান্ নাফ্সা 'আনিল্ হাওয়া-। ৪১। ফাইন্নাল্ জ্বান্নাতা হিয়াল্ মা"ওয়া-। ৪২। ইয়াস্য়ালূনাকা 'আনিস্ সা- 'আতি
স্বীয় আত্মাকে কুপ্রবৃত্তি হতে বিরত রাখে। (৪১) জান্নাতই হবে তার বাসস্থান। (৪২) আপনাকে কেয়ামত সম্পর্কে তারা প্রশ্ন

আইয়্যা-না মুর্সা-হা-; ৪৩। ফীমা আন্তা মিন্ যিক্র-হা-। ৪৪। ইলা-রব্বিকা মুন্তাহা-হা-। ৪৫। ইন্নামা ~ আন্তা
করে, তা কবে সংঘটিত হবে? (৪৩) এর সঙ্গে আপনার কি সম্পর্ক? (৪৪) রবের কাছেই মূল জ্ঞান, (৪৫) তাকেই সতর্ক

২ ع ২০ ৪ রুকু

মুন্যিরু মাঈ ইয়াখ্শা-হা-। ৪৬। কায়ান্নাহুম ইয়াওমা ইয়ারওনাহা-লাম্ ইয়াল্বাছূ ~ ইল্লা 'আশিইয়াতান্ আও দ্বুহা-হা-।
করুন যে ভয় রাখে। (৪৬) যেদিন তা দেখবে সে দিন তার মনে হবে; তারা যেন দুনিয়ায় এক সন্ধ্যা বা এক সকাল ছিল।

সূরা 'আবাসা
মক্কাবতীর্ণ

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৪২
রুকূ ঃ ১

১। 'আবাসা অতাওয়াল্লা ~। ২। আন্ জ্বা — য়াহুল্ আ'মা-। ৩। অমা-ইয়ুদ্রীকা লা'আল্লাহূ ইয়ায্যাক্কা ~। ৪। আও
(১) বিরক্ত হয়ে মুখ ফিরিয়ে নিলেন, (২) অন্ধ আসার কারণে। (৩) আপনি কি জানেন হয়ত সে শুদ্ধ হত, (৪) অর্থ

ইয্যাক্কারু ফাতান্ফা'আহুয্ যিক্র-। ৫। আম্মা-মানিস্ তাগ্না-। ৬। ফাআন্তা লাহূ তাছোয়াদ্দা-।
বা উপদেশ গ্রহণ করত, উপকৃত হত। (৫) যে বেপরোয়া ভাব প্রকাশ করে, (৬) অতঃপর আপনি তাতে মনোযোগ প্রদান করলেন।

৭। অমা-'আলাইকা আল্লা-ইয্যাক্কা-। ৮। অআম্মা-মান্ জ্বা — য়াকা ইয়াস্'আ-। ৯। অহুওয়া ইয়াখ্শা-।
(৭) আর সে যদি শুদ্ধ না হয় তবে আপনার কোন দায়িত্ব নেই। (৮) আর যে আপনার নিকট আগমন করল, (৯) আর ভীত হয়ে,

১০। ফাআন্তা 'আন্হু তালাহ্হা-।১১। কাল্লা ~ ইন্নাহা-তায্কিরহ্। ১২। ফামান্ শা — য়া যাকারহ্। ১৩। ফী ছুহুফিম্
(১০) অতঃপর আপনি অনীহা দেখালেন। (১১) না, এটা উপদেশবাণী। (১২) যার ইচ্ছা গ্রহণ করুক। (১৩) যা আছে

মুকার্রমাতিম্ ১৪। মারফূ 'আতিম্ মুত্বোয়াহ্হারাতিম্ ১৫। বিআইদী সাফারতিন্ ১৬। কির-মিম্ বাররহ্। ১৭। কুতিলাল্ ইন্সা-নু
সুলিপিসমূহে। (১৪) উচ্চ মর্যাদা সম্পন্ন, পবিত্র, (১৫) লেখকদের হাতে, (১৬) যারা সম্মানিত নেক্কার। (১৭) মানুষ বিনাশ হোক!

مَآ أَكْفَرَهُ ﴿١٨﴾ مِنْ أَيِّ شَيْءٍ خَلَقَهُ ﴿١٩﴾ مِنْ نُطْفَةٍ ط خَلَقَهُ فَقَدَّرَهُ ﴿٢٠﴾ ثُمَّ السَّبِيلَ

মা ~ আক্ফারহ্। ১৮। মিন্ আইয়্যি শাইয়িন্ খলাক্বহ্। ১৯। মিন্ নুত্ব্ ফাহ্; খলাক্বহূ ফাক্বদ্দারহূ ২০। ছুম্মাস্ সাবীলা
সে অমান্যকারী। (১৮) কোথা হতে তাকে সৃষ্টি করলেন? (১৯) বীর্য হতে, সৃষ্টি করে পরিমিত করলেন। (২০) পরে তাকে

يَسَّرَهُ ﴿٢١﴾ ثُمَّ أَمَاتَهُ فَأَقْبَرَهُ ﴿٢٢﴾ ثُمَّ إِذَا شَاءَ أَنْشَرَهُ ﴿٢٣﴾ كَلَّا لَمَّا يَقْضِ مَا أَمَرَهُ *

ইয়াস্সারহূ ২১। ছুম্মা আমা-তাহূ ফাআক্ব্ বারহূ ২২। ছুম্মা ইযা-শা — য়া আন্শারহ্। ২৩। কাল্লা-লাম্মা-ইয়াক্ব্ দ্বি মা ~ আমারহ্।
সহজ পথ দিলেন। (২১) পরে মারেন ও কবরস্থ করেন। (২২) ইচ্ছামত উঠাবেন। (২৩) না, সে নির্দেশ পূর্ণ করে নি।

﴿٢٤﴾ فَلْيَنْظُرِ الْإِنْسَانُ إِلَىٰ طَعَامِهِ ﴿٢٥﴾ أَنَّا صَبَبْنَا الْمَاءَ صَبًّا ﴿٢٦﴾ ثُمَّ شَقَقْنَا الْأَرْضَ

২৪। ফাল্ইয়ান্জুরিল্ ইন্সা-নু ইলা-ত্বোয়া'আ-মিহী ~। ২৫। আন্না- ছোয়াবাব্নাল্ মা — য়া ছোয়াব্বান্ ২৬। ছুম্মা শাক্বক্ব্ নাল্ আর্দ্বোয়া
(২৪) মানুষ তার খাদ্যের প্রতি লক্ষ্য করুক। (২৫) আমি প্রচুর বৃষ্টি বর্ষণ করি। (২৬) পরে সুন্দরভাবে ভূমিকে বিদীর্ণ

شَقًّا ﴿٢٧﴾ فَأَنْبَتْنَا فِيهَا حَبًّا ﴿٢٨﴾ وَعِنَبًا وَقَضْبًا ﴿٢٩﴾ وَزَيْتُونًا وَنَخْلًا ﴿٣٠﴾ وَحَدَائِقَ

শাক্ব্ ক্বান্ ২৭। ফাআম্বাত্না-ফীহা-হাব্বাবাঁও ।২৮। অ 'ইনাবাঁও অক্বদ্বাঁও ২৯। অ যাইতূ নাঁও অনাখ্লাঁও। ৩০। অহাদা — য়িক্বা
করি। (২৭) অতঃপর তাতে শস্য উৎপন্ন করি (২৮) আঙ্গুর ও শাক, (২৯) আর যাইতুন ও খেজুর, (৩০) ঘন বৃক্ষদিপূর্ণ

غُلْبًا ﴿٣١﴾ وَفَاكِهَةً وَأَبًّا ﴿٣٢﴾ مَتَاعًا لَكُمْ وَلِأَنْعَامِكُمْ ﴿٣٣﴾ فَإِذَا جَاءَتِ الصَّاخَّةُ ﴿٣٤﴾ يَوْمَ

গুলবাঁও। ৩১। অফা-কিহাতাঁও অআব্বাম্। ৩২। মাতা- 'আল্লাকুম্ অলিআন্'আ-মিকুম্ ৩৩। ফাইযা-জ্বা — য়াতিছ্ ছোয়া — খ্খাহ্।৩৪। ইয়াওমা
উদ্যান, (৩১) আর নানাবিধ ফল ও ঘাস। (৩২) তোমাদের ও জন্তুর জন্য। (৩৩) যেদিন ধ্বনি আসবে, (৩৪) সেদিন মানুষ

يَفِرُّ الْمَرْءُ مِنْ أَخِيهِ ﴿٣٥﴾ وَأُمِّهِ وَأَبِيهِ ﴿٣٦﴾ وَصَاحِبَتِهِ وَبَنِيهِ ﴿٣٧﴾ لِكُلِّ امْرِئٍ

ইয়াফিরুরুল্ মারয়ু মিন্ আখীহি। ৩৫। অউম্মিহী অআবীহি। ৩৬। অছোয়া-হিবাতিহী অবানীহ্। ৩৭। লিকুল্লিম্রিয়িম্
পলায়ন করবে তার ভাই হতে, (৩৫) আর মা ও পিতা হতে, (৩৬) আর স্ত্রী ও তার সন্তান হতে। (৩৭) সেদিন এমন

مِنْهُمْ يَوْمَئِذٍ شَأْنٌ يُغْنِيهِ ﴿٣٨﴾ وُجُوهٌ يَوْمَئِذٍ مُسْفِرَةٌ ﴿٣٩﴾ ضَاحِكَةٌ مُسْتَبْشِرَةٌ ﴿٤٠﴾ وَ

মিন্হুম্ ইয়াওমায়িযিন্ শা'নুঁই ইয়ুগ্নীহ্। ৩৮। উজূ হুঁই ইয়াওমায়িযিম্ মুস্ফিরতুন্ ৩৯। দ্বোয়া-হিকাতুম্ মুস্তাবশিরহ্ ৪০। অ
অবস্থা হবে যা তাকে ব্যস্ত রাখবে। অনেকের চেহারা হবে উজ্জ্বল। (৩৯) হাস্যময় ও প্রফুল্ল হবে, (৪০) আর কতিপয়

وُجُوهٌ يَوْمَئِذٍ عَلَيْهَا غَبَرَةٌ ﴿٤١﴾ تَرْهَقُهَا قَتَرَةٌ ﴿٤٢﴾ أُولَٰئِكَ هُمُ الْكَفَرَةُ الْفَجَرَةُ *

উজূ হুঁই ইয়াওমায়িযিন্ 'আলাইহা- গাবারতুন্। ৪১। তার্হাক্ব্ হা-ক্বাতারহ্ ৪২। উলা — য়িকা হুমুল্ কাফারতুল্ ফাজ্বারহ্।
লোকের চেহারা হবে মলিন। (৪১) তাদের অনেকের চেহারা অন্ধকারে সমাচ্ছন্ন হবে। (৪২) তারাই অবিশ্বাসী ও অপরাধী।

ع ١ ٤٢ ৫ রুকু

শানেনুযূল ঃ একদা রাসূল (ছঃ) উপস্থিত কাফের সরদারদের নিকট ইসলামের দাওয়াত দিচ্ছিলেন, এমন সময় অন্ধ সাহাবী হযরত আব্দুল্লাহ ইবনে উম্মে মাকতুম্ উপস্থিত হয়ে কিছু প্রশ্ন করতে চান। এতে আলোচনায় ব্যাঘাত সৃষ্টি হয়। এজন্য তিনি একটু বিরক্তি প্রকাশ করেন। তখন এ সূরা অবতীর্ণ হয়।

শানেনুযূল ঃ আয়াত-৪১ ঃ (সূরা ঃ নাযিয়াত) মক্কার কাফেররা বারংবার ঠাট্টা-বিদ্রুপচ্ছলে নবী করীম (ছঃ) কে জিজ্ঞাসা করত, তোমার কথিত সে কেয়ামত কবে সংঘটিত হবে? তখন আল্লাহপাক এ আয়াতটি নাযীল করেন।

সূরা তাক্ওয়ীর্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ২৯
রুকূ ঃ ১

(١) إِذَا الشَّمْسُ كُوِّرَتْ (٢) وَإِذَا النُّجُومُ انْكَدَرَتْ (٣) وَإِذَا الْجِبَالُ سُيِّرَتْ

১। ইযাশ্ শাম্‌সু কুওওয়্যিরত্ ২। অইযান্নুজু্‌মুন্ কাদারত্ ৩। অ ইযাল্ জ্বিবা-লু সুইয়্যিরত্
(১) যখন সূর্য আলোহীন হয়ে পড়বে, (২) আর যখন তারকাসমূহ ইতস্ততঃ বিক্ষিপ্ত হবে, (৩) আর যখন পর্বত চলমান হবে,

(٤) وَإِذَا الْعِشَارُ عُطِّلَتْ (٥) وَإِذَا الْوُحُوشُ حُشِرَتْ (٦) وَإِذَا الْبِحَارُ سُجِّرَتْ

৪। অ ইযাল্ ই'শা-রু 'উত্ত্বিলাত্। ৫। অ ইযাল্ উহূশু হুশিরত্। ৬। অ ইযাল্ বিহা-রু সুজ্জ্বিরত্।
(৪) আর যখন দশ মাসের গর্ভবতী উষ্ট্রীসমূহ উপেক্ষিত হবে,(৫) বন্য পশু একত্র করা হবে, (৬) সমুদ্র উত্তেজিত হবে,

(٧) وَإِذَا النُّفُوسُ زُوِّجَتْ (٨) وَإِذَا الْمَوْءُودَةُ سُئِلَتْ (٩) بِأَيِّ ذَنْبٍ قُتِلَتْ

৭। অ ইযান্নুফূসু যুওওয়িজ্বাত্। ৮। অইযাল্ মাওয়ূদাতু সুয়িলাত্। ৯। বিআইয়্যি যাম্‌বিন্ ক্বুতিলাত্।
(৭) যখন প্রাণ পুন ঃ সংযোজন করা হবে, (৮) যখন জীবন্ত প্রোথিত মেয়ে জিজ্ঞাসিত হবে, (৯) কোন দোষে নিহত হল?

(١٠) وَإِذَا الصُّحُفُ نُشِرَتْ (١١) وَإِذَا السَّمَاءُ كُشِطَتْ (١٢) وَإِذَا الْجَحِيمُ سُعِّرَتْ

১০। অইযাছ্ ছুহুফু নুশিরাত্। ১১। অইযাস্ সামা — য়ু কুশিত্বোয়াত্ ১২।অ ইযাল্ জ্বাহীমু সু'ইয়ি'রত্।
(১০) আর যখন আমলনামা সমূহ খুলে দেয়া হবে, (১১) আর আকাশ উন্মোচিত হবে, (১২) আর যখন দোযখ জ্বলবে,

(١٣) وَإِذَا الْجَنَّةُ أُزْلِفَتْ (١٤) عَلِمَتْ نَفْسٌ مَا أَحْضَرَتْ (١٥) فَلَا أُقْسِمُ بِالْخُنَّسِ

১৩। অইযাল্ জ্বান্নাতু উয্‌লিফাত্।১৪। 'আলিমাত্ নাফ্‌সুম্ মা ~ আহ্‌দ্বোয়ারত্। ১৫। ফালা ~ উক্বসিমু বিল্ খুন্নাসিল্
(১৩) আর জান্নাত নিকটবর্তী হবে.(১৪) তখন প্রত্যেক ব্যক্তি জানবে. সেকি এনেছে [১]। (১৫) কসম পশ্চাতী তারকার।

(١٦) الْجَوَارِ الْكُنَّسِ (١٧) وَاللَّيْلِ إِذَا عَسْعَسَ (١٨) وَالصُّبْحِ إِذَا تَنَفَّسَ (١٩) إِنَّهُ لَقَوْلُ

১৬। জ্বাওয়া রিল্ কুন্নাসি। ১৭। অল্লাইলি ইযা- 'আস্'আসা। ১৮। অছ্ ছুব্‌হি ইযা-তানাফ্‌ফাসা ১৯। ইন্নাহূ লাক্বওলু
(১৬) যা উদয় হয় অস্ত যায়, (১৭) ঐ রাতেরও, যখন তা শেষ হয়, (১৮) আর ভোরের, যখন তা শুরু হয়, (১৯) নিশ্চয়ই তা

رَسُولٍ كَرِيمٍ (٢٠) ذِي قُوَّةٍ عِنْدَ ذِي الْعَرْشِ مَكِينٍ (٢١) مُطَاعٍ ثَمَّ أَمِينٍ (٢٢) وَمَا

রসূলিন্ ক্বারীমিন্। ২০। যী ক্বুওয়্যাতিন্ 'ইন্দা যিল্'আরশি মাকীনিম্। ২১। মুত্বোয়া-'ইন্ ছুম্মা-আমীন্। ২২। অমা -
সম্মানিত রাসূলের বাণী, (২০) যে শক্তিশালী ও আরশের রবের কাছে মর্যাদাবান, (২১) অনুগত, বিশ্বস্ত। (২২) আর

আয়াত-৬ ঃ প্রথম হতে ছয় নং আয়াত পর্যন্ত এ ছয়টি ঘটনা প্রথম যে ফুৎকার দেবে তখন দুনিয়ার আবাদ অবস্থায় ঘটবে। পূর্ণগর্ভা উষ্ট্রী আরবদের নিকট খুব মূল্যবান সম্পদ রূপে গণ্য হয়। কিন্তু ফুৎকারের ফলে সৃষ্ট আতঙ্কের কারণে কেউ এ প্রিয় বস্তুর দিকে ফিরেও তাকাবে না। সমুদ্রের পানি উত্তপ্ত হয়ে প্রথম বাষ্প, পরে আগুনে পরিণত হয়ে যাবে, তারপর পৃথিবী ধ্বংস হয়ে যাবে। (বঃ কোঃ)
আয়াত-১৪ ঃ টীকাঃ (১) ৭ হতে ১৪ নং পর্যন্ত আয়াতে বর্ণিত ঘটনাগুলো দ্বিতীয় ফুৎকারের পরে ঘটবে। (বঃ কোঃ) আয়াত-১৬ ঃ টীকা ঃ (২) চন্দ্র-সূর্য ব্যতীত আসমানে পাঁচটি নক্ষত্র আছে। যথা- যুহল , মুশ্‌তারী, মরীহ, যোহরা ও আতারেদ। এগুলো কখনও পশ্চিম হতে পূর্ব পর্যন্ত সোজা চলে, কখনও থেমে থেমে বিপরীত দিকে চলে, কখনও চলতে চলতে সূর্যের নিকটে এসে কয়েক দিন পর্যন্ত অদৃশ্য থাকে। (মুঃ কোঃ)

صَاحِبُكُمْ بِمَجْنُوْنٍ ﴿٢٣﴾ وَلَقَدْ رَاٰهُ بِالْاُفُقِ الْمُبِيْنِ ﴿٢٤﴾ وَمَا هُوَ عَلَى الْغَيْبِ

ছোয়া-হিবুকুম্ বিমাজ্নূন্ ন। ২৩। অলাক্বদ্ রয়া-হু বিল্ উফুক্বিল্ মুবীন্। ২৪। অমা-হুওয়া 'আলাল্ গইবি
তোমাদের সাথী উন্মাদ নয়,(২৩) আর তিনি তাঁকে (ফেরেশতা) স্পষ্ট দিগন্তে দেখেছেন, (২৪) আর সে গায়েবের বিষয়ে

بِضَنِيْنٍ ﴿٢٥﴾ وَمَا هُوَ بِقَوْلِ شَيْطٰنٍ رَّجِيْمٍ ﴿٢٦﴾ فَاَيْنَ تَذْهَبُوْنَ ﴿٢٧﴾ اِنْ هُوَ اِلَّا ذِكْرٌ لِّلْعٰلَمِيْنَ ★

বিদ্বোয়ানীন্ ২৫। অমা-হুওয়া বিক্বওলি শাইত্বোয়া-নির্ রজ্বীমিন্ ২৬। ফাআইনা তায্‌হাবূন্। ২৭। ইন্ হুওয়া ইল্লা-যিক্রুল্ লিল্ 'আ-লামীনা
কৃপণ নয়। (২৫) আর তা অভিশপ্ত শয়তানের কথা নয়। (২৬) অতএব কোথায় যাচ্ছ? (২৭) তা উপদেশ বিশ্ববাসীর জন্য,

﴿٢٨﴾ لِمَنْ شَآءَ مِنْكُمْ اَنْ يَّسْتَقِيْمَ ﴿٢٩﴾ وَمَا تَشَآءُوْنَ اِلَّآ اَنْ يَّشَآءَ اللّٰهُ رَبُّ الْعٰلَمِيْنَ ★

ع ১ ২৯ ৬ রুকু

২৮। লিমান্ শা — য়া মিন্‌কুম্ আই ইয়াস্‌তাক্বীম্। ২৯। অমা-তাশা — যূনা ইল্লা ~ আই ইয়াশা — য়াল্লা-হু রব্বুল্ 'আ-লামীন্।
(২৮) তার জন্য, যে সরল পথে চলতে ইচ্ছা করে। (২৯) আর প্রত্যাশায় কিছু হয় না, বিশ্ব রব যা ইচ্ছা করেন তা ব্যতীত।

সূরা ইন্‌ফিত্বোয়া-র্ মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ১৯
রুকূ ঃ ১

﴿١﴾ اِذَا السَّمَآءُ انْفَطَرَتْ ﴿٢﴾ وَاِذَا الْكَوَاكِبُ انْتَثَرَتْ ﴿٣﴾ وَاِذَا الْبِحَارُ

১। ইযাস্ সামা — য়ুন্ ফাত্বোয়ারত্। ২। অইযাল্ কাওয়া- কিবুন্ তাছারত্। ৩। অইযাল্ বিহা-রু
(১) যখন আকাশসমূহ বিদীর্ণ হবে, (২) আর যখন নক্ষত্রসমূহ বিক্ষিপ্তভাবে ছড়িয়ে পড়বে, (৩) আর যখন সমুদ্রসমূহ

فُجِّرَتْ ﴿٤﴾ وَاِذَا الْقُبُوْرُ بُعْثِرَتْ ﴿٥﴾ عَلِمَتْ نَفْسٌ مَّا قَدَّمَتْ وَاَخَّرَتْ ★

ফুজ্জিরাত্। ৪। অইযাল্ কু্বুরু বু'ছিরত্। ৫। 'আলিমাত্ নাফ্‌সুম্ মা-ক্বদ্দামাত্ ওয়াআখ্‌খারত্
উথলাবে, (৪) আর যখন কবরসমূহ খুলে দেয়া হবে, (৫) প্রত্যেক ব্যক্তিই জানবে তার আগের ও পরের সব কর্মসমূহ,

﴿٦﴾ يٰۤاَيُّهَا الْاِنْسَانُ مَا غَرَّكَ بِرَبِّكَ الْكَرِيْمِ ﴿٧﴾ الَّذِيْ خَلَقَكَ فَسَوّٰىكَ

৬। ইয়া ~ আইয়্যুহাল্ ইন্‌সা-নু মা-গররকা বিরব্বিকাল্ কারীমিল্। ৭। ল্লাযী খলাক্বকা ফাসাওয়া-কা
(৬) হে মানুষ, মহান রব থেকে কিসে তোমাকে ধোঁকায় ফেলে রেখেছে? (৭) যিনি সৃষ্টি করেছেন সুঠাম ও ভারসাম্যপূর্ণ

فَعَدَلَكَ ﴿٨﴾ فِيْۤ اَيِّ صُوْرَةٍ مَّا شَآءَ رَكَّبَكَ ﴿٩﴾ كَلَّا بَلْ تُكَذِّبُوْنَ بِالدِّيْنِ ﴿١٠﴾ وَاِنَّ

ফা'আদালাকা ৮। ফী ~ আইয়ি ছূরতিম্ মা-শা — য়া রাক্কাবাক্। ৯। কাল্লা- বাল্ তুকায্‌যিবূনা বিদ্দীনি ১০। অ ইন্না
করে। (৮) যে আকৃতিতে চেয়েছেন সে আকৃতি দিয়েছেন। (৯) না, তোমরা পরকালকে অস্বীকার করছ, (১০) আর নিশ্চয়ই

عَلَيْكُمْ لَحٰفِظِيْنَ ﴿١١﴾ كِرَامًا كَاتِبِيْنَ ﴿١٢﴾ يَعْلَمُوْنَ مَا تَفْعَلُوْنَ ﴿١٣﴾ اِنَّ الْاَبْرَارَ لَفِيْ

'আলাইকুম্ লাহা-ফিজীনা ১১। কির-মান্ কা-তিবীনা। ১২। ইয়া'লামূনা মা-তাফ্'আলূন্। ১৩। ইন্নাল্ আব্‌র-র লাফী
তোমাদের জন্য সংরক্ষক রয়েছে, (১১) তারা সম্মানিত লেখক, (১২) যারা তোমাদের কৃতকর্মসমূহ অবগত আছে। (১৩) পুণ্যাত্মারা

نَعِيمٍ ⑭ وَإِنَّ الْفُجَّارَ لَفِي جَحِيمٍ ⑮ يَصْلَوْنَهَا يَوْمَ الدِّينِ ⑯ وَمَا هُمْ عَنْهَا

নাঈ'ম্। ১৪। অইন্নাল্ ফুজ্জা- র লাফী জ্বাহীম্। ১৫। ইয়াছ্লাওনাহা-ইয়াওমাদ্দীন্। ১৬। অমা-হুম্ 'আন্হা-
থাকবে সুখে. (১৪) আর অপরাধীরা জাহান্নামে থাকবে (১৫) তারা আখেরাতে তাতে প্রবেশ করবে, (১৬) তথা হতে তারা

بِغَائِبِينَ ⑰ وَمَا أَدْرَاكَ مَا يَوْمُ الدِّينِ ⑱ ثُمَّ مَا أَدْرَاكَ مَا يَوْمُ

বিগ — য়িবীন্ ১৭। অমা ~ আদ্‌র-কা মা- ইয়াওমুদ্দীনি ১৮। ছুম্মা মা ~ আদ্‌র-কা মা-ইয়াওমুদ
কখনও পালাতে পারবে না, (১৭) আর তোমার কি জানা আছে পরকাল কি ? (১৮) আবারও বলছি তোমার কি জানা আছে পরকাল

الدِّينِ ⑲ يَوْمَ لَا تَمْلِكُ نَفْسٌ لِّنَفْسٍ شَيْئًا ۖ وَالْأَمْرُ يَوْمَئِذٍ لِّلَّهِ ★

দীন্-। ১৯। ইয়াওমা লা-তাম্লিকু নাফ্সুল্ লিনাফ্সিন্ শাইয়া-; অল্ আম্‌রু ইয়াওমায়িযিলিল্লা-হ্-।
কি ? (১৯) সে দিন এমন একদিন যেদিন কেউ কারও কোন কাজে আসবে না, সে দিনের সব কর্তৃত্ব একমাত্র আল্লাহর।

১ ع ১৯ ৭ রুকূ • এক চতুর্থাংশ

সূরা মুত্বাফ্ফিফীন্ মক্কাবতীর্ণ

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৩৬
রুকূ ঃ ১

وَيْلٌ لِّلْمُطَفِّفِينَ ① الَّذِينَ إِذَا اكْتَالُوا عَلَى النَّاسِ يَسْتَوْفُونَ ② وَإِذَا

১। অইলুল্ লিল্ মুত্বোয়াফ্ফিফীনা ২। ল্লাযীনা ইযাক্ তা-লূ 'আলান্না-সি ইয়াস্তাওফূন্। ৩। অ ইযা-
(১) ধ্বংস ঠকবাজদের , (২) যারা মানুষের নিকট হতে যখন গ্রহণ করে তখন পূর্ণ মাপে গ্রহণ করে,(৩) আর যখন

كَالُوهُمْ أَو وَّزَنُوهُمْ يُخْسِرُونَ ③ أَلَا يَظُنُّ أُولَٰئِكَ أَنَّهُم مَّبْعُوثُونَ ★

কা-লূহুম্ আও অযানূ হুম্ ইয়ুখ্সিরূন্। ৪। আলা-ইয়াজুন্নু উলা — য়িকা আন্নাহুম্ মাব্‌উ'ছূনা।
মেপে ওজন করে প্রদান করত তখন কম প্রদান করত। (৪) তাদের কি বিশ্বাস নেই যে, তারা পুনরুত্থিত হবে,

لِيَوْمٍ عَظِيمٍ ⑤ يَوْمَ يَقُومُ النَّاسُ لِرَبِّ الْعَالَمِينَ ⑥ كَلَّا إِنَّ كِتَابَ

৫। লিইয়াওমিন্ আজীমিঁই। ৬। ইয়াওমা ইয়াকূ মুন্না-সু লিরব্বিল্ 'আ-লামীন্। ৭। কাল্লা ~ ইন্না কিতা-বাল্
(৫) মহাদিবসে? (৬) যে দিন সব মানুষ বিশ্ব রবের সামনে দাঁড়াবে। (৭) না, কখনও নয় পাপীদের আমলনামা কারাগারে

الْفُجَّارِ لَفِي سِجِّينٍ ⑦ وَمَا أَدْرَاكَ مَا سِجِّينٌ ⑧ كِتَابٌ مَّرْقُومٌ ⑨ وَيْلٌ

ফুজ্জা-রি লাফী সিজ্জীন্। ৮। অমা ~ আদ্‌র-কা মা-সিজ্জীন্। ৯। কিতা-বুম্ মারকূ ম্। ১০। অই লুঁই
রয়েছে। (৮) আর আপনার কি জানা আছে কারাগার কি জিনিস? (৯) তা একটি লিখিত কিতাব। (১০) আর সে দিন দারুণ

আয়াত-৬ ঃ অর্থাৎ ওজনে কম-বেশিকারীদের জন্য পরকালে জাহান্নাম ও জাহান্নামীরা রক্তপুঁজ বিশিষ্ট দুর্গন্ধময় স্থানে অবস্থান করবে। তার বিবরণ রাসূলুল্লাহ (ছঃ) এরূপে বর্ণনা করেন– শুনে লও! পাঁচটি বিষয়ের জন্য পাঁচ ধরনের শাস্তি নির্ধারিত আছে। (১) যে জাতি বিশ্বাস ঘাতকতা করে সে জাতির উপর তাদের শত্রুকে প্রবল করা হয়। (২) যে জাতি আল্লাহর হুকুম আহকামকে প্রবৃত্তির মুকাবেলায় পরিত্যাগ করে তারা অভাব অনটনে পতিত হয়। (৩) যে জাতির মধ্যে জেনা ও বলৎকারের আধিক্য হয় তারা মহামারী ও অন্যান্য প্রাকৃতিক বিপর্যয়ে ধ্বংস হয়। (৪) যে জাতি ওজনে কম-বেশ করে তারা দুর্ভিক্ষ এবং বাগ-বাগিচা ও ক্ষেত-ফসলের উৎপাদন হ্রাসে পতিত হয়। (৫) যে জাতি যাকাত প্রদান এবং এতীম মিসকীনের হক আদায় হতে বিরত থাকে তাদের প্রতি বৃষ্টিপাত বন্ধ করে দেয়া হয়।

يَوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ﴿١١﴾ الَّذِيْنَ يُكَذِّبُوْنَ بِيَوْمِ الدِّيْنِ ﴿١٢﴾ وَمَا يُكَذِّبُ بِهٖ

ইয়াওমায়িযিল্ লিলমুকাযিবীনা। ১১। ল্লাযীনা ইয়ুকায্‌যিবূনা বিইয়াওমিদ্দীন্। ১২। অমা-ইয়ুকায্‌যিবু বিহী ~

দুর্ভোগ হবে মিথ্যাচারীদের, (১১) যারা অস্বীকার করে প্রতিফল দিবসকে। (১২) আর যারা সীমালংঘণকারী পাপী তারাই তা

إِلَّا كُلُّ مُعْتَدٍ أَثِيْمٍ ﴿١٣﴾ إِذَا تُتْلٰى عَلَيْهِ اٰيٰتُنَا قَالَ أَسَاطِيْرُ الْأَوَّلِيْنَ ﴿١٤﴾ كَلَّا

ইল্লা-কুল্লু মু'তাদিন্ আছীমিন্। ১৩। ইযা-তুত্‌লা 'আলাইহি আ-ইয়া-তুনা ক্বা-লা আসা-ত্বীরুল্ আওয়্যালীন্। ১৪। কাল্লা-

স্বীকার করে না।(১৩) যখন আমার আয়াতসমূহ তাদের সম্মুখে পঠিত হয় তখন তারা বলে, এটা পূর্বেকার ইতিকথা। (১৪) না, বরং

بَلْ سكتة رَانَ عَلٰى قُلُوْبِهِمْ مَّا كَانُوْا يَكْسِبُوْنَ ﴿١٥﴾ كَلَّا إِنَّهُمْ عَنْ رَّبِّهِمْ يَوْمَئِذٍ

বাল্ র-না 'আলা-কু্লূ বিহিম্ মা-কা-নূ ইয়াক্‌সিবূন্। ১৫। কাল্লা ~ ইন্নাহুম্ 'আর্‌রব্বিহিম্ ইয়াওমায়িযিল্

তাদের (মন্দ) কর্মসমূহই তাদের অন্তরে মরীচা জমিয়েছে। (১৫) না, কখনই নয় তারা সে দিন তাদের রবের দর্শন

لَّمَحْجُوْبُوْنَ ﴿١٦﴾ ثُمَّ إِنَّهُمْ لَصَالُوا الْجَحِيْمِ ﴿١٧﴾ ثُمَّ يُقَالُ هٰذَا الَّذِيْ

লামাহ্‌জ্বূবূন্। ১৬। ছুম্মা ইন্নাহুম্ লাছোয়া-লুল্ জ্বাহীম্। ১৭। ছুম্মা ইয়ুক্বা-লু হা-যাল্ লাযী

হতে আড়ালে থাকবে। (১৬) পরে তারা জাহান্নামে প্রবেশ করবে। (১৭) বলা হবে, (এটাই সেই দোযখ) একেই তো তোমরা

كُنْتُمْ بِهٖ تُكَذِّبُوْنَ ﴿١٨﴾ كَلَّا إِنَّ كِتٰبَ الْأَبْرَارِ لَفِيْ عِلِّيِّيْنَ ﴿١٩﴾ وَمَا أَدْرٰىكَ مَا

কুন্‌তুম্ বিহী তুকায্‌যিবূন্। ১৮। কাল্লা ~ ইন্না-কিতা-বাল্ আব্‌রা-রি লাফী ই'ল্লিয়্যীন্। ১৯। অমা ~ আদ্‌রা-কা মা-

অস্বীকার করতে (১৮) না, অবশ্যই পুণ্যবানদের আমলনামা থাকবে উচ্চ মর্যাদায়। (১৯) আর উচ্চ মর্যাদা কি, আপনি

عِلِّيُّوْنَ ﴿٢٠﴾ كِتٰبٌ مَّرْقُوْمٌ ﴿٢١﴾ يَّشْهَدُهُ الْمُقَرَّبُوْنَ ﴿٢٢﴾ إِنَّ الْأَبْرَارَ لَفِيْ نَعِيْمٍ

ঈ'ল্লিইয়ূন্। ২০। কিতা-বুম্ মারক্বূমুই। ২১। ইয়াশ্‌হাদুহুল্ মুক্বার্‌রবূন্। ২২। ইন্নাল্ আব্‌র-র লাফী না'ঈমিন্

কি তা জানেন? (২০) তা চিহ্নিত মহরযুক্ত কিতাব, (২১) ফেরেশতারা তা দেখে। (২২) নিশ্চয়ই পুণ্যবানরা সানন্দে থাকবে

﴿٢٣﴾ عَلَى الْأَرَائِكِ يَنْظُرُوْنَ ﴿٢٤﴾ تَعْرِفُ فِيْ وُجُوْهِهِمْ نَضْرَةَ النَّعِيْمِ ﴿٢٥﴾ يُسْقَوْنَ

২৩। 'আলাল্ আর — য়িকি ইয়ান্‌জুরূনা। ২৪। তা'রিফু ফী উজূ হিহিম্ নাদ্ব্‌রতান্ না'ঈম্। ২৫। ইয়ুস্‌ক্বওনা

(২৩) তারা সুসজ্জিত আসনের উপর বসে তাকাবে। (২৪) আপনি তাদের মুখমণ্ডলে স্বাচ্ছন্দ্য দেখবেন। (২৫) মুখবন্ধ

مِنْ رَّحِيْقٍ مَّخْتُوْمٍ ﴿٢٦﴾ خِتٰمُهٗ مِسْكٌ وَفِيْ ذٰلِكَ فَلْيَتَنَافَسِ الْمُتَنَافِسُوْنَ

মির্ রহীক্বিম্ মাখ্‌তূমিন্ ২৬। খিতা-মুহূ মিস্‌ক্; অফী যা-লিকা ফাল্‌ইয়াতানা-ফাসিল্ মুতানা-ফিসূন্।

বিশুদ্ধ শরাব তারা পান করবে। (২৬) উপরে কস্তুরি লাগান এ ব্যাপারে প্রতিযোগীতাকারীদের প্রতিযোগিতা করা উচিৎ।

﴿٢٧﴾ وَمِزَاجُهٗ مِنْ تَسْنِيْمٍ ﴿٢٨﴾ عَيْنًا يَّشْرَبُ بِهَا الْمُقَرَّبُوْنَ ﴿٢٩﴾ إِنَّ الَّذِيْنَ أَجْرَمُوْا

২৭। অমিযা-জুহূ মিন্ তাসনীমিন্। ২৮। 'আইনাই ইয়াশ্‌রবু বিহাল্ মুক্বার্‌রবূন্। ২৯। ইন্নাল্লাযীনা আজ্‌রমূ

(২৭) আর তাতে 'তাস্‌নীম' মিশ্রিত থাকবে। (২৮) তা এমন এক ঝর্ণা, যা থেকে সান্নিধ্যপ্রাপ্তরা পান করবে। (২৯) নিশ্চয়ই পাপীরা

كَانُوا مِنَ الَّذِينَ آمَنُوا يَضْحَكُونَ ۝٣٠ وَإِذَا مَرُّوا بِهِمْ يَتَغَامَزُونَ ۝٣١ وَإِذَا

কা-নূ মিনাল্লাযীনা আ-মানূ ইয়াদ্বহাকূন্। ৩০। অইযা-মাররূ বিহিম্ ইয়াতাগ-মাযূন্। ৩১। অইযান্

দুনিয়াতে মুমিনদের নিয়ে উপহাস করত। (৩০) আর যখন পার্শ্ব অতিক্রম করত তখন চোখ টিপত। (৩১) আর যখন তারা

انْقَلَبُوا إِلَىٰ أَهْلِهِمُ انْقَلَبُوا فَكِهِينَ ۝٣٢ وَإِذَا رَأَوْهُمْ قَالُوا إِنَّ هَٰؤُلَاءِ

ক্বলাবূ ~ ইলা ~ আহ্‌লিহিমুন্ ক্বলাবূ ফাকিহীন্। ৩২। অ ইযা- রয়াওহুম্ ক্ব-লূ ~ ইন্না হা ~ যুলা — য়ি

স্বগৃহে প্রত্যাবর্তন করত তখন আপনজনদের হাসি-ঠাট্টা করত। (৩২) আর যখন তাদেরকে দেখত, তখন বলত নিশ্চয়ই

لَضَالُّونَ ۝٣٣ وَمَا أُرْسِلُوا عَلَيْهِمْ حَافِظِينَ ۝٣٤ فَالْيَوْمَ الَّذِينَ آمَنُوا مِنَ الْكُفَّارِ

লাদ্বোয়া — ল্লূনা। ৩৩। অমা ~ উর্‌সিলূ 'আলাইহিম্ হা-ফিজীন্। ৩৪। ফাল্‌ইয়াওমা ল্লাযীনা আ-মানূ মিনাল্ কুফ্‌ফা-রি

এরা পথভ্রষ্ট। (৩৩) আর এদেরকে তো সেই মুসলমানদের উপর তত্ত্বাবধায়করূপে প্রেরণ করা হয় নি। (৩৪) অনন্তর আজ মুমিনরা কাফেরদের

يَضْحَكُونَ ۝٣٥ عَلَى الْأَرَائِكِ يَنْظُرُونَ ۝٣٦ هَلْ ثُوِّبَ الْكُفَّارُ مَا كَانُوا يَفْعَلُونَ

ইয়াদ্বহাকূ না। ৩৫। 'আলাল্ আর — য়িকি ইয়ান্‌জুরূন্। ৩৬। হাল্ সুওয়িবাল্ কুফ্‌ফা-রু মা-কা-নূ ইয়াফ্'আলূন্।

উপহাস করতে থাকবে। (৩৫) সুসজ্জিত আসনের উপর বসে দেখছে। (৩৬) বাস্তবিকই কাফেররা সমুচিৎ কর্মফল পেয়েছে?

১ ع ৩৬ ৮ রুকু

সূরা ইন্‌শিক্বা-ক্ব্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ২৫
রুকূ ঃ ১

إِذَا السَّمَاءُ انْشَقَّتْ ۝١ وَأَذِنَتْ لِرَبِّهَا وَحُقَّتْ ۝٢ وَإِذَا الْأَرْضُ مُدَّتْ ۝٣

১। ইযাস্ সামা — য়ুন্ শাক্ব্ক্বত্। ২। অআযিনাত্ লিরব্বিহা-অহুক্ব্ক্বত্ ৩। অইযাল্ আরদ্বু মুদ্দাত্।

(১) যখন আকাশসমূহ বিদীর্ণ হবে, (২) আর স্বীয় রবের নির্দেশ পালন করবে, আর তাই যথার্থ, (৩) ভূমিকে করা হবে বিস্তৃত,

وَأَلْقَتْ مَا فِيهَا وَتَخَلَّتْ ۝٤ وَأَذِنَتْ لِرَبِّهَا وَحُقَّتْ ۝٥ يَا أَيُّهَا

৪। অআল্‌ক্বত্ মা-ফীহা-অতাখল্লাত্। ৫। অআযিনাত্ লিরব্বিহা-অহুক্ব্ক্বত্। ৬। ইয়া ~ আইয়ুহাল্

(৪) আর ভূমি তার অভ্যন্তরস্ত সব ঢেলে দিবে ও শূন্য হবে। (৫) স্বীয় রবের নির্দেশ পালন করবে, তাই যথার্থ। (৬) হে মানুষ!

الْإِنْسَانُ إِنَّكَ كَادِحٌ إِلَىٰ رَبِّكَ كَدْحًا فَمُلَاقِيهِ ۝٦ فَأَمَّا مَنْ أُوتِيَ كِتَابَهُ

ইন্‌সা-নু ইন্নাকা কা-দিহুন্ ইলা-রব্বিকা কাদ্‌হান্ ফামুলাক্বীহ্। ৭। ফা আম্মা-মান্ উতিয়া কিতা-বাহূ

তুমি তোমার রবের কাছে পৌঁছতে চেষ্টা করে যাচ্ছে, অতঃপর তার সাক্ষাত লাভ করবে। (৭) অতঃপর যার আমলনামা

بِيَمِينِهِ ۝٧ فَسَوْفَ يُحَاسَبُ حِسَابًا يَسِيرًا ۝٨ وَيَنْقَلِبُ إِلَىٰ أَهْلِهِ مَسْرُورًا ۝٩

বিইয়ামীনিহী। ৮। ফাসাওফা ইয়ুহা-সাবু হিসা-বাইঁ ইয়াসীরন। ৯। অ ইয়ান্‌ক্বলিবু ইলা — আহ্‌লিহী মাস্‌রূর-

তার ডান হাতে দেয়া হবে, (৮) অনন্তর সে সহজ হিসাবমুখী হবে। (৯) আর স্বজনদের কাছে সন্তুষ্টচিত্তে প্রত্যাবর্তন করবে।

وَأَمَّا مَنْ أُوتِيَ كِتَابَهُ وَرَاءَ ظَهْرِهِ ⑩ فَسَوْفَ يَدْعُوا ثُبُورًا ⑪ وَ ⑫

১০। অ আম্মা-মান উতিয়া কিতা-বাহূ অর — য়া জোয়াহ্ রিহী। ১১। ফাসাওফা ইয়াদ্ উ' ছুবূরও। ১২। অ
(১০) আর যার আমলনামা পেছন দিক হতে দেয়া হবে। (১১) সে তো ধ্বংসই কামনা করবে। (১২) এবং

يَصْلَىٰ سَعِيرًا ⑬ إِنَّهُ كَانَ فِي أَهْلِهِ مَسْرُورًا ⑭ إِنَّهُ ظَنَّ أَنْ لَنْ يَحُورَ

ইয়াছ্লা-সা'ঈরা-। ১৩। ইন্নাহূ কা-না ফী ~ আহ্লিহী মাস্রূরা-। ১৪। ইন্নাহূ জোয়ান্না আল্লাইঁ ইয়াহূর্।
সে জাহান্নামের আগুনে ঢুকবে,(১৩) সে তো স্বজনদের কাছে খুশীতে ছিল।(১৪) সে মনে করত, ফিরে যাবে না;

⑮ بَلَىٰ إِنَّ رَبَّهُ كَانَ بِهِ بَصِيرًا ⑯ فَلَا أُقْسِمُ بِالشَّفَقِ ⑰ وَاللَّيْلِ

১৫। বালা ~ ইন্না রব্বাহূ কা-না বিহী বাছীরা-। ১৬। ফালা ~ উক্ব্ সিমু বিশ্শাফাক্বি ১৭। অল্লাইলি
(১৫) নিশ্চয়ই; রব তার উপর স্ববিশেষ দৃষ্টি রেখেছেন। (১৬) আমি কসম করছি সূর্যাস্তকালীন পশ্চিমাকাশের (১৭) আর রাতের

وَمَا وَسَقَ ⑱ وَالْقَمَرِ إِذَا اتَّسَقَ ⑲ لَتَرْكَبُنَّ طَبَقًا عَنْ طَبَقٍ ⑳ فَمَا

অমা-অসাক্ব। ১৮। অল্ক্বামারি ইযাত্তাসাক্ব। ১৯। লাতারকাবুন্না ত্বোয়াবাক্বন্ 'আন্ ত্বোয়াবাক্ব্। ২০। ফামা-
ও আচ্ছাদিত বস্তুর, (১৮) এবং চন্দ্রের যখন তা পরিপূর্ণ হয়। (১৯) নিশ্চয়ই তোমরা এক অবস্থা হতে অন্য অবস্থার দিকে অগ্রসর হবে।(২০) সুতরাং তাদের কি

লَهُمْ لَا يُؤْمِنُونَ ㉑ وَإِذَا قُرِئَ عَلَيْهِمُ الْقُرْآنُ لَا يَسْجُدُونَ ㉒ بَلِ الَّذِينَ

সেজদা

লাহুম্ লা-ইয়ু'মিনূনা। ২১। অইযা-ক্বুরিয়া 'আলাইহিমুল্ ক্বুরআ-নু লা-ইয়াস্জুদূন্। ২২। বালিল্লাযীনা
হল যে, তারা ঈমান আনছে না? (২১) আর যখন তাদের সম্মুখে কোরআন পাঠ করা হয়, তখন সেজদা করে না? (২২) বরং কাফেররা

كَفَرُوا يُكَذِّبُونَ ㉓ وَاللَّهُ أَعْلَمُ بِمَا يُوعُونَ ㉔ فَبَشِّرْهُمْ بِعَذَابٍ

কাফারূ ইয়ুকায্যিবূন্। ২৩। অল্লা-হু আ'লামু বিমা-ইয়ু'উন্। ২৪। ফাবাশ্শির্হুম্ বি'আযা-বিন্
বিশ্বাস করে না। (২৩) আর তাদের সঞ্চয় সম্বন্ধে আল্লাহ সবকিছু অবগত আছেন। (২৪) অনন্তর তাদেরকে কঠিন আযাবের

أَلِيمٍ ㉕ إِلَّا الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ لَهُمْ أَجْرٌ غَيْرُ مَمْنُونٍ

আলীমিন্। ২৫। ইল্লাল্লাযীনা আ-মানূ অ'আমিলুছ্ ছোয়া-লিহা-তি লাহুম্ আজ্রুন্ গইরু মামনূন্।
সুসংবাদ প্রদান করুন, (২৫) তবে যারা ঈমান এনেছে ও নেক আমল করেছে তাদের জন্য অফুরন্ত পুরস্কার রয়েছে।

সোয়ালাক্বা-১৭ | সিজদাহ্-১৫ | রুকু ৯ ১ ২৫

সূরা বুরূজ্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ২২
রুকূ ঃ ১

① وَالسَّمَاءِ ذَاتِ الْبُرُوجِ ② وَالْيَوْمِ الْمَوْعُودِ ③ وَشَاهِدٍ وَمَشْهُودٍ ④ قُتِلَ

১। অস্সামা — য়ি-যা-তিল্ বুরূজ্বি ২। অল্ইয়াওমিল্ মাও'উদি। ৩। অশা-হিদিঁও অমাশ্হূদ্। ৪। ক্বুতিলা
(১) কসম গ্রহ-নক্ষত্র বিশিষ্ট আকাশসমূহের, (২) আর কসম প্রতিশ্রুত দিবসের, (৩) দ্রষ্টার ও দৃষ্টেরও (৪) অগ্নিকুণ্ডের

أَصْحَبُ الْأُخْدُودِ ﴿٤﴾ النَّارِ ذَاتِ الْوَقُودِ ﴿٥﴾ إِذْ هُمْ عَلَيْهَا قُعُودٌ

আছ্হা-বুল্ উখ্দূদি। ৫। ন্না-রি যা-তিল্ অকূ্দি ৬। ইয্হুম্ 'আলাইহা-ক্বু'উ'দুঁও।
অধিপতিরা ধ্বংস হয়েছিল, (২) (৫) প্রচুর পরিমান ইন্দনযুক্ত জ্বলন্ত আগুন বিশিষ্ট, (৬) যখন তারা তার পাশে বসা ছিল,

﴿٦﴾ وَهُمْ عَلَىٰ مَا يَفْعَلُونَ بِالْمُؤْمِنِينَ شُهُودٌ ﴿٧﴾ وَمَا نَقَمُوا مِنْهُمْ إِلَّا

৭। অহুম্ 'আলা-মা-ইয়াফ্'আলূনা বিল্মু''মিনীনা শুহূদ্। ৮। অমা-নাক্বমূ মিন্হুম্ ইল্লা ~
(৭) আর তারা মু'মিনদের সাথে যা করছিল সেসব বিষয় দর্শন করছিল। (৮) আর তাদের অপরাধ ছিল তারা

أَنْ يُؤْمِنُوا بِاللَّهِ الْعَزِيزِ الْحَمِيدِ ﴿٨﴾ الَّذِي لَهُ مُلْكُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ

আইঁ ইয়ু''মিনূ বিল্লা-হিল্ 'আযীযিল্ হামীদি। ৯। ল্লাযী লাহূ মুল্কুস্ সামা-ওয়া-তি অল্ আরদ্বি;
পরাক্রান্ত প্রশংসনীয় আল্লাহর উপর বিশ্বাস স্থাপন করেছিল। (৯) তিনি এমন যে আকাশসমূহ ও পৃথিবীর সার্বভৌমত্ব যাঁর,

وَاللَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ شَهِيدٌ ﴿٩﴾ إِنَّ الَّذِينَ فَتَنُوا الْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ

অল্লা-হু 'আলা- কুল্লি শাইয়িন্ শাহীদ্। ১০। ইন্নাল্লাযীনা ফাতানুল্ মু''মিনীনা অল্মু''মিনা-তি
আর আল্লাহ প্রত্যেক বস্তু সম্বন্ধে খুব অবগত আছেন। (১০) নিশ্চয়ই যারা মু'মিন নারীও মু'মিন পুরুষকে নিপীড়ন করেছে,

ثُمَّ لَمْ يَتُوبُوا فَلَهُمْ عَذَابُ جَهَنَّمَ وَلَهُمْ عَذَابُ الْحَرِيقِ ﴿١٠﴾ إِنَّ الَّذِينَ

ছুম্মা লাম্ ইয়াতূবূ ফালাহুম্ 'আযা-বু জ্বাহান্নামাঅলাহুম্ 'আযা-বুল্ হারীক্ব। ১১। ইন্নাল্লাযীনা
অতঃপর তওবা করে নি তাদের জন্য রয়েছে জাহান্নামের আযাব, ওতে রয়েছে দহন যন্ত্রণা। (১১) অবশ্যই যারা ঈমান

آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ لَهُمْ جَنَّاتٌ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ ۚ ذَٰلِكَ الْفَوْزُ

আ-মানূ অ'আমিলুছ্ ছোয়া-লিহা-তি লাহুম্ জ্বান্না-তুন্ তাজ্রী মিন্ তাহ্তিহাল্ আন্হা-র্; যা-লিকাল্ ফাওযুল্
এনেছে ও নেককাজ করেছে তাদের জন্য রয়েছে এমন জান্নাত, যার পাদদেশ দিয়ে ঝর্ণাধারা প্রবাহিত, এটাই তাদের জন্য

الْكَبِيرُ ﴿١١﴾ إِنَّ بَطْشَ رَبِّكَ لَشَدِيدٌ ﴿١٢﴾ إِنَّهُ هُوَ يُبْدِئُ وَيُعِيدُ ﴿١٣﴾ وَهُوَ

কাবীর্। ১২। ইন্না বাত্বশা রব্বিকা লাশাদীদ্। ১৩। ইন্নাহূ হুওয়া ইয়ুব্দিয়ু অইয়ু'ঈদ্। ১৪। অহুওয়াল্
মহা সাফল্য। (১২) নিশ্চয়ই রবের পাকড়াও বড় কঠিন। (১৩) নিশ্চয়ই তিনিই সৃষ্টি করবেন, পুনঃ সৃষ্টি করবেন, (১৪) আর তিনি

الْغَفُورُ الْوَدُودُ ﴿١٤﴾ ذُو الْعَرْشِ الْمَجِيدُ ﴿١٥﴾ فَعَّالٌ لِمَا يُرِيدُ ﴿١٦﴾ هَلْ أَتَاكَ

গফূরুল্ ওয়াদূদু ১৫। যুল্ 'আর্শিল্ মাজ্বীদু ১৬। ফা'আ'লুল্ লিমা- ইয়ুরীদ্। ১৭। হাল্ আতা-কা
অতীব ক্ষমাশীল, অত্যন্ত প্রেমময়।(১৫) আরশের মালিক, সম্মানিত। (১৬) অতঃপর যা ইচ্ছা করেন, (১৭) আপনার কাছে কি

শানেনুযূলঃ সূরা বুরূজ ঃ মক্কায় যখন দীনের নূরের প্রভায় শতাব্দীর অন্ধ কুসংস্কার দুরিভূত হতে লাগল। তখন তা মক্কার কুরাইশদের নিকট তা দুর্বিসহ হয়ে উঠল। তারা নবী কারীম (ছঃ) কে নির্যাতন করা শুরু করেছিল। তদুপরি গরীব নিঃস্ব মুসলমানদের প্রতিও নির্যাতনের মাত্র বাড়িয়ে দিল। মারপিট গালিগালাজ ছাড়াও তাদেরকে বেঁধে তপ্ত রৌদ্রে নিক্ষেপ এবং তদুপরি শরীরের চাবুক মারা, পেটে তীর উৎকীর্ণ করে দেয়া এবং নারীদেরকে লাঞ্ছিত ও উলঙ্গ করা ইত্যাদি অপকর্ম নিজেদের প্রতিমা পূজার পক্ষ সমর্থন ও সংরক্ষণ মনে করত। অসহায় মুসলমানরা নবী করীম (ছঃ)-এর নিকট ফরিয়াদ করলে তিনি তাদেরকে সান্ত্বনা দিতেন এবং বলতেন, শীঘ্রই এদের প্রতাপ নস্যাৎ করা হবে। এসব কাফেররা আর অধিক পরিমাণ বিদ্রুপ করছিল। তাই আল্লাহ তা'আলা মুসলমানদেরকে সান্ত্বনা প্রদানের উদ্দেশ্যে এ সূরাটি অবতীর্ণ করেন।

حَدِيثُ الْجُنُودِ ﴿١٨﴾ فِرْعَوْنَ وَثَمُودَ ﴿١٩﴾ بَلِ الَّذِينَ كَفَرُوا فِي تَكْذِيبٍ

হাদীছুল্ জু্নূ দি ১৮। ফির'আউনা অছামূদ্। ১৯। বালিল্লাযীনা কাফারূ ফী তাক্‌যীবিঁও

সৈন্যদের খবর পৌছেছে ? (১৮) ফেরাউন ও ছামূদের? (১৯) বরং কাফেররা (কোরআনের প্রতি) লিপ্ত রয়েছে মিথ্যায়;

وَاللَّهُ مِنْ وَرَائِهِمْ مُحِيطٌ ﴿٢٠﴾ بَلْ هُوَ قُرْآنٌ مَجِيدٌ ﴿٢١﴾ فِي لَوْحٍ مَحْفُوظٍ ﴿٢٢﴾

২০। অল্লা-হু মিওঁ অরা ~ য়িহিম্ মুহীত্ব। ২১। বাল্ হুওয়া কু্রআ-নুম্ মাজীদুন্ ২২। ফী লাওহিম্ মাহ্‌ফূজ্

(২০) আর আল্লাহ তাদেরকে সব দিক থেকে বেষ্টন করে আছেন, (২১) বরং সেই কোরআন সম্মানিত, (২২) সুরক্ষিত ফলকে।

১ ع ২২ ১০ রুকু

সূরা ত্বোয়া-রিক্ব মক্কাবতীর্ণ

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ১৭ রুকূ ঃ ১

وَالسَّمَاءِ وَالطَّارِقِ ﴿١﴾ وَمَا أَدْرَاكَ مَا الطَّارِقُ ﴿٢﴾ النَّجْمُ الثَّاقِبُ ﴿٣﴾ إِنْ كُلُّ

১। অস্‌সামা — য়ি অত্বত্বোয়া-রিক্বি। ২। অমা ~ আদ্‌র-ক্ব মাত্বোয়া-রিকু্ন। ৩। নাজ্মুছ্ ছাক্বিবু ৪। ইন্ কুল্লু

(১) কসম আকাশ ও রাতে যা প্রকাশিত হয়, (২) আর আপনি কি জানেন ত্বরিক কি? (৩) তা উজ্জ্বল তারকা, (৪) নিশ্চয়ই

نَفْسٍ لَمَّا عَلَيْهَا حَافِظٌ ﴿٤﴾ فَلْيَنْظُرِ الْإِنْسَانُ مِمَّ خُلِقَ ﴿٥﴾ خُلِقَ مِنْ مَاءٍ

নাফসিল্লাম্মা-'আলাইহা- হা-ফিজ্। ৫। ফাল্‌ইয়ান্‌জুরিল্ ইন্‌সা-নু মিম্মা-খুলিক্ব্। ৬। খুলিক্ব মিম্ মা — য়িন্

সকল প্রাণেরই সংরক্ষক আছে। (৫) অতএব, মানুষের লক্ষ্য করা উচিৎ কি দিয়ে সৃষ্টি করা হয়েছে! (৬) তাকে সৃষ্টি করা হয়েছে

دَافِقٍ ﴿٦﴾ يَخْرُجُ مِنْ بَيْنِ الصُّلْبِ وَالتَّرَائِبِ ﴿٧﴾ إِنَّهُ عَلَىٰ رَجْعِهِ لَقَادِرٌ ﴿٨﴾ يَوْمَ

দা-ফিক্বিঁও ৭। ইয়াখ্‌রুজু মিম্ বাইনিছ্ ছুল্‌বি অত্তার — য়িব্। ৮। ইন্নাহূ 'আলা-রজ্'ইহী লাক্ব -দির্। ৯। ইয়াওমা

স্ববেগে নির্গত পানি হতে। (৭) যা পিঠ ও বুকের মধ্য হতে নির্গত হয়। (৮) তিনি তাকে পুনঃ সৃষ্টিতে সক্ষম। (৯) যে দিন

تُبْلَى السَّرَائِرُ ﴿٩﴾ فَمَا لَهُ مِنْ قُوَّةٍ وَلَا نَاصِرٍ ﴿١٠﴾ وَالسَّمَاءِ ذَاتِ الرَّجْعِ ﴿١١﴾

তুব্‌লাস্ সার — য়িরু। ১০। ফামা-লাহূ মিন্ কু্ওয়াতিঁও অলা-না-ছির্। ১১। অস্‌সামা — য়ি যা-তির্ রাজ্'ই

সকলের গোপন তত্ত্ব পরীক্ষিত হবে, (১০) সে দিন না থাকবে শক্তি, আর না থাকবে সহায়ক। (১১) কসম বৃষ্টিওয়ালা আকাশের,

وَالْأَرْضِ ذَاتِ الصَّدْعِ ﴿١٢﴾ إِنَّهُ لَقَوْلٌ فَصْلٌ ﴿١٣﴾ وَمَا هُوَ بِالْهَزْلِ ﴿١٤﴾ إِنَّهُمْ

১২। অল্ আরদ্বি যা-তিছ্ ছোয়াদ্'ই'। ১৩। ইন্নাহূ লাক্বওলুন্ ফাছ্‌লুঁও। ১৪। অমা-হুওয়া বিল্‌হায্‌ল্। ১৫। ইন্নাহুম্

(১২) আর বিদীর্ণ যমীনের, (১৩) নিশ্চয়ই তা (কোরআন) ফয়সালাকারী বাণী। (১৪) আর তা কোন নিরর্থক বস্তু নয়। (১৫) নিশ্চয়ই

يَكِيدُونَ كَيْدًا ﴿١٥﴾ وَأَكِيدُ كَيْدًا ﴿١٦﴾ فَمَهِّلِ الْكَافِرِينَ أَمْهِلْهُمْ رُوَيْدًا ﴿١٧﴾

ইয়াকীদূনা কাইদাঁও। ১৬। অআকীদু কাইদা-। ১৭। ফামাহ্‌হিলিল্ কা-ফিরীনা আম্‌হিল্‌হুম্ রুওয়াইদা-।

তারা ষড়যন্ত্র করে, (১৬) আর আমিও নানা কৌশল করি। (১৭) সুতরাং আপনি কাফেরদেরকে সুযোগ দিন, কিছু অবকাশ দিন।

১ ع ১৭ ১১ রুকু

সূরা আ'লা-
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ১৯
রুকূ ঃ ১

سَبِّحِ اسْمَ رَبِّكَ الْاَعْلَى ۝١ الَّذِىْ خَلَقَ فَسَوّٰى ۝٢ وَالَّذِىْ قَدَّرَ فَهَدٰى ۝٣

১। সাব্বিহিস্মা রব্বিকাল্ আ'লা। ২। ল্লাযী খলাক্ব ফাসাওয়্যা-। ৩। অল্লাযী ক্বদ্দার ফাহাদা-।
(১) আপনি মহান রবের নামের মহিমা করুন, (২) যিনি সৃষ্টি করে ভারসাম্যপূর্ণ করেন, (৩) আর পরিমিত করেন, পথ দেখান,

وَالَّذِىْ اَخْرَجَ الْمَرْعٰى ۝٤ فَجَعَلَهٗ غُثَاۤءً اَحْوٰى ۝٥ سَنُقْرِئُكَ فَلَا تَنْسٰى ۝٦

৪। অল্লাযী ~ আখ্রজাল্ মার্'আ-। ৫। ফাজ্বা'আলাহূ গুছা — য়ান্ আহ্ওয়া-। ৬। সানুক্ব্ রিয়ুকা ফালা-তান্সা ~
(৪) আর যিনি তৃণ উৎপন্ন করেন, (৫) তারপর তাকে কালো আবর্জনা পরিণত করেন, (৬) আপনাকে পড়াব, ভুলবেন না,

اِلَّا مَا شَاۤءَ اللّٰهُ ۗ اِنَّهٗ يَعْلَمُ الْجَهْرَ وَمَا يَخْفٰى ۝٧ وَنُيَسِّرُكَ لِلْيُسْرٰى ۝٨ فَذَكِّرْ

৭। ইল্লা-মা-শা — য়াল্লা-হ্; ইন্নাহূ ইয়া'লামুল্ জ্বাহ্র অমা- ইয়াখ্ফা-। ৮। অনুইয়াস্সিরুকা লিল্ইয়ুস্র-। ৯। ফাযাক্কির্
(৭) তবে যা আল্লাহ চান, তিনি বাহ্যিক ও গুপ্ত তত্ত্ব জানেন। (৮) আমি সহজ পথ গ্রহণে আপনাকে সাহায্য করব।(৯) উপদেশ

اِنْ نَّفَعَتِ الذِّكْرٰى ۝٩ سَيَذَّكَّرُ مَنْ يَّخْشٰى ۝١٠ وَيَتَجَنَّبُهَا الْاَشْقَى ۝١١ الَّذِىْ

ইন্ নাফা'আতিয্ যিক্র-। ১০। সাইয়ায্যাক্কারু মাইঁ ইয়াখ্শা- ১১। অইয়াতাজ্বান্নাবুহাল্ আশ্ক্বা ১২। ল্লাযী
ফলপ্রসূ হলে উপদেশ দিন, (১০) যে ভয় করে, উপদেশ নিবে, (১১) সে উপেক্ষা করে যে হতভাগা, (১২) সে মহা

يَصْلَى النَّارَ الْكُبْرٰى ۝١٢ ثُمَّ لَا يَمُوْتُ فِيْهَا وَلَا يَحْيٰى ۝١٣ قَدْ اَفْلَحَ مَنْ تَزَكّٰى ۝١٤ وَ

ইয়াছ্লা ন্না-রল্ কুব্র-। ১৩। ছুম্মা লা-ইয়ামূতু ফীহা-অলা-ইয়াহ্ইয়া-। ১৪। ক্বদ্ আফ্লাহা মান্ তাযাক্কা-। ১৫। অ
আগুনে প্রবেশ করবে, (১৩) সেখানে না মরবে, আর না বাঁচবে। (১৪) সফলকাম পবিত্রতা অর্জনকারী। (১৫) এবং

ذَكَرَ اسْمَ رَبِّهٖ فَصَلّٰى ۝١٥ بَلْ تُؤْثِرُوْنَ الْحَيٰوةَ الدُّنْيَا ۝١٦ وَالْاٰخِرَةُ خَيْرٌ وَّ

যাকারস্মা রব্বিহী ফাছোয়াল্লা-। ১৬। বাল্ তু'ছিরূনাল্ হা-ইয়া-তাদ্দুন্ইয়া-। ১৭। অল্ আ-খিরতু খাইরুঁও ওয়া
যে রবের নাম স্মরণ করে ও নামায আদায় করে। (১৬) কিন্তু তোমরা পার্থিব জীবনকে প্রাধান্য দিচ্ছ! (১৭) পরকাল

اَبْقٰى ۝١٧ اِنَّ هٰذَا لَفِى الصُّحُفِ الْاُوْلٰى ۝١٨ صُحُفِ اِبْرٰهِيْمَ وَمُوْسٰى ۝١٩

আব্ক্ব- ।১৮। ইন্না হা-যা-লাফিছ্ ছুহুফিল্ উলা-। ১৯। ছুহুফি ইব্রা-হীমা অমূসা-।
(দুনিয়ার তুলনায়) বহুগুণে শ্রেয় ও স্থায়ী। (১৮) নিশ্চয়ই এটা পূর্বের গ্রন্থসমূহে আছে, (১৯) ইব্রাহীম ও মূসার গ্রন্থে।

১ ع ১৯ ১২ রুকু

শানেনুযূল ঃ আয়াত-৬ ঃ হুযূর (ছঃ) এর প্রতি ওহী নাযিল হওয়ার সময় বিস্মৃত হওয়ার আশঙ্কায় জিবরাঈল (আঃ) যখন অহী নিয়ে আসতেন তিনিও তাঁর সঙ্গে সঙ্গে মুখে মুখে পাঠ করা আরম্ভ করতেন। তখন আল্লাহ তা'আলা এ আয়াত নাযিল করে তাঁকে সান্ত্বনা দিলেন যে, আপনি বিস্মৃতি হবেন না। আয়াত-৮ঃ এ আয়াতে রাসূলুল্লাহ (ছঃ)-কে স্বীয় কর্তব্য সম্পাদনের আদেশ দেয়া হয়েছে। অর্থ এ নয় যে, উপদেশ ফলপ্রসু হলে আপনি মানুষকে উপদেশ দিবেন। এখানে উদ্দেশ্য শর্ত নয়, বরং আদেশকে জোরদার করাই উদ্দেশ্য। আমাদের পরিভাষায় এর দৃষ্টান্ত কাকেও এরূপ বল যে, যদি তুমি মানুষ হও তাহলে তোমাকে কাজ করতে হবে। এ স্থানে উদ্দেশ্য শর্ত নয়, বরং কাজটি যে অপরিহার্য তা প্রকাশ করাই লক্ষ্য। আয়াতের উদ্দেশ্য হল, উপদেশ ও প্রচার যে ফলপ্রসু, এ কথা নিশ্চিত। কাজেই এ উপকারী উপদেশ কখনও পরিত্যাগ করবে না।

সূরা গা-শিয়াহ্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ২৬
রুকূ ঃ ১

هَلْ اَتٰىكَ حَدِيْثُ الْغَاشِيَةِ ۝١ وُجُوْهٌ يَّوْمَئِذٍ خَاشِعَةٌ ۝٢ عَامِلَةٌ نَّاصِبَةٌ ۝٣

১। হাল্ আতা-কা হাদীছুল্ গ-শিয়াহ্। ২। উজূ হুঁই ইয়াওমায়িযিন্ খ-শি'আতুন্। ৩। 'আ-মিলাতুন্ না-ছিবাতুন্।
(১) আপনার নিকট কি পরকালের বার্তা পৌঁছেছে? (২) সেদিন বহু চেহারা থাকবে অবনত, (৩) শ্রান্ত ক্লান্ত হবে.

تَصْلٰى نَارًا حَامِيَةً ۝٤ تُسْقٰى مِنْ عَيْنٍ اٰنِيَةٍ ۝٥ لَيْسَ لَهُمْ طَعَامٌ اِلَّا مِنْ ضَرِيْعٍ ۝٦

৪। তাছ্‌লা-না-রন্ হা-মিয়াতান্। ৫। তুস্‌ক্বা-মিন্ 'আইনিন্ আ-নিয়াহ্। ৬। লাইসা লাহুম্ ত্বোয়া'আ-মুন্ ইল্লা-মিন্ দ্বোয়ারীই'
(৪) (তারা) জ্বলন্ত আগুনে প্রবেশ করবে, (৫) তারা ফুটন্ত ঝর্ণা হতে পানি পান করাবে. (৬) তাদের খাদ্য হবে কাঁটাযুক্ত গুলঝাড়,

لَّا يُسْمِنُ وَلَا يُغْنِيْ مِنْ جُوْعٍ ۝٧ وُجُوْهٌ يَّوْمَئِذٍ نَّاعِمَةٌ ۝٨ لِّسَعْيِهَا ۝٩

৭। ল্লা-ইয়ুস্‌মিনু অলা-ইয়ুগ্‌নী মিন্ জূ'ইন্। ৮। উজূ হুঁই ইয়াওমায়িযিন্ না-'ইমাতুল্। ৯। লিসা'য়িহা-
(৭) না হবে পুষ্ট, আর না ক্ষুধা নিবৃত্ত করবে। (৮) সেদিন বহুমুখমণ্ডল হার্ষোৎফুল্ল হবে, (৯) নিজের সে কাজের বিনিময়ে

رَاضِيَةٌ ۝ فِيْ جَنَّةٍ عَالِيَةٍ ۝١٠ لَّا تَسْمَعُ فِيْهَا لَاغِيَةً ۝١١ فِيْهَا عَيْنٌ جَارِيَةٌ ۝١٢ فِيْهَا

র-দ্বিয়াতুন্। ১০। ফী জ্বান্নাতিন্ 'আ-লিয়াতি। ১১। ল্লা-তাস্‌মা'উ ফীহা-লা-গিয়াহ্।১২। ফীহা-'আইনুন্ জ্বা-রিয়াহ্। ১৩। ফীহা-
সন্তুষ্ট, (১০) উন্নত জান্নাতে থাকবে, (১১) সেখানে নিরর্থক কথা শুনবে না. (১২) ওতে প্রবাহিত ঝর্ণা থাকবে (১৩) সেখানে .

سُرُرٌ مَّرْفُوْعَةٌ ۝١٣ وَّاَكْوَابٌ مَّوْضُوْعَةٌ ۝١٤ وَّنَمَارِقُ مَصْفُوْفَةٌ ۝١٥ وَّزَرَابِيُّ مَبْثُوْثَةٌ ۝١٦

ছুরুরুম্ মারফূ 'আতুঁও। ১৪। অ আক্‌ওয়া-বুম্ মাওদ্বূ 'আতুঁও। ১৫। অনামা-রিক্বু মাছ্ ফূফাতুঁও।১৬। অযারা বিয়্যু মাবছূছাহ্।
থাকবে উন্নতমানের শয্যা। (১৪) আর সদা-প্রস্তুত পানপাত্রসমূহ রয়েছে, (১৫) সারিসারি সাজানো বালিশ, (১৬) মূল্যবান গালিচা।

اَفَلَا يَنْظُرُوْنَ اِلَى الْاِبِلِ كَيْفَ خُلِقَتْ ۝١٧ وَاِلَى السَّمَاۗءِ كَيْفَ رُفِعَتْ ۝١٨

১৭। আফালা- ইয়ানজুরূনা ইলাল্ ইবিলি কাইফা খুলিক্বত্ ১৮। অইলাস্ সামা — য়ি কাইফা রুফি'আত্।
(১৭) এরা কি উটের দিকে তাকায় না, কিভাবে তা সৃষ্ট? (১৮) আর আকাশের প্রতি কিভাবে তা উর্ধ্বে স্থাপন করা হয়েছে?

وَاِلَى الْجِبَالِ كَيْفَ نُصِبَتْ ۝١٩ وَاِلَى الْاَرْضِ كَيْفَ سُطِحَتْ ۝٢٠ فَذَكِّرْ ۝٢١

১৯। অইলাল্ জ্বিবা-লি কাইফা নুছিবাত্। ২০। অইলাল্ আরদ্বি কাইফা সুত্বিহাত্ ২১। ফা যাক্‌কির্;
(১৯) পাহাড়ের প্রতি, কিভাবে তা স্থাপিত করা হয়েছে? (২০) যমীনের প্রতি, কিভাবে তা বিছানো? (২১) উপদেশ দিন,

ওয়াকফে লাযেম

আয়াত-২ ঃ আবৃতকারী অর্থাৎ কিয়ামত (জাঃ বয়াঃ) আয়াত-৩ ঃ আবূ ইমরান যওফী (রাঃ) বলেন, খলীফা ওমর (রাঃ) একদা একজন খৃষ্টান দরবেশের গির্জা অতিক্রমকালে দরবেশকে ডেকে বলল, হে দরবেশ! সে তাঁর প্রতি তাকাল। আবূ ইমরান বলেন, ওমর (রাঃ) তার প্রতি দৃষ্টি করতেই কাঁদতে লাগলেন। কেউ বলল, হে আমীরুল মু'মেনীন, আপনি তাকে দেখা মাত্রই কেন কাঁদলেন? তিনি বললেন, আল্লাহ এর বাণী "বিপদগ্রস্থ এবং বিপদ ভোগান্তির কারণে কাতর হবে" মনে পড়ল, এটিই আমাকে কাঁদাল। (ইব্‌ঃ কাঃ) আয়াত-১৩ ঃ বহু পূর্বে যারা গত হয়েছে তাদের মতে সে আসনের মালিক তার উপর বসতে ইচ্ছা করলে তা নীচু হয়ে যাবে, পরে উঁচু হয়ে যাবে। (জাঃ বয়াঃ)
আয়াত-১৪ঃ "আকাওয়াব" সে সব পান পাত্রকে বলা হয়েছে যেগুলোর হাতল ও নালী থাকে না। (ফতঃ বয়াঃ)

إنما أنت مذكر ﴿٢١﴾ لست عليهم بمصيطر ﴿٢٢﴾ إلا من تولى وكفر ﴿٢٣﴾ فيعذبه

ইন্নামা ~ আন্‌তা মুযাক্কির্ । ২২ । লাস্‌তা 'আলাইহিম্ বিমুসাইত্বিরিন্ । ২৩ । ইল্লা-মান্ তাওয়াল্লা-অকাফার । ২৪ । ফাইয়ু'আয্‌যিবুহুল্

আপনি উপদেশকারীই; (২২) তাদের ওপর কর্মবিধায়ক নন, (২৩) বিমুখ ও কুফরী করলে (২৪) আল্লাহ তাকে প্রদান

الله العذاب الأكبر ﴿٢٤﴾ إن إلينا إيابهم ﴿٢٥﴾ ثم إن علينا حسابهم ﴿٢٦﴾

লা-হুল্ 'আযা-বাল্ আক্‌বার্ । ২৫ । ইন্না ইলাইনা ~ ইইয়া-বাহুম্ ২৬ । ছুম্মা ইন্না 'আলাইনা- হিসা-বাহুম্

করবেন মহাশাস্তি ।(২৫) নিশ্চয়ই তারা আমার কাছেই প্রত্যাবর্তন করবে,(২৬) অতঃপর তাদের হিসাব নেয়ার দায়িত্ব আমার ওপর ।

সূরা ফাজ্‌র্ মক্কাবতীর্ণ

بسم الله الرحمن الرحيم

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৩০ রুকূ ঃ ১

والفجر ﴿١﴾ وليال عشر ﴿٢﴾ والشفع والوتر ﴿٣﴾ والليل إذا يسر ﴿٤﴾ هل في

১ । অল্ ফাজ্‌রি ২ । অলাইয়া-লিন্ 'আশ্‌রিও ।৩। অশ্‌শাফ্‌'ইঅল্‌ওয়াত্‌রি । ৪ । অল্লাইলি ইযা-ইয়াস্‌র্ । ৫ । হাল্ ফী

(১) কসম ফজরের সময়ের, (২) আর কসম দশ রাতের, (৩) আর কসম জোড়-বেজোড়ের, (৪) আর কসম অবসানমুখী রাতের, (৫) আর তাতে

ذلك قسم لذي حجر ﴿٥﴾ ألم تر كيف فعل ربك بعاد ﴿٦﴾ إرم ذات

যা-লিকা ক্বাসামুল্লিযী হিজ্‌র্ । ৬ । আলাম্‌তার কাইফা ফা'আলা রব্বুকা বি'আ-দিন্ ৭ । ইরামা যা-তিল্

জ্ঞানীর জন্য শপথ আছে কি? (৬) আপনি কি লক্ষ্য করেন নি যে, আপনার রব আদজাতীর সঙ্গে কি করেছেন । (৭) ইরাম

العماد ﴿٧﴾ التي لم يخلق مثلها في البلاد ﴿٨﴾ وثمود الذين جابوا

'ইমা-দি ৮ । ল্লাতী লাম্ ইয়ুখ্‌লাক্ব্ মিছ্‌লুহা- ফিল্ বিলা-দি । ৯ । অছামূদা ল্লাযীনা জ্বা-বুছ্

জাতীর সঙ্গে, যাদের দেহাকৃতি স্তম্ভের মত শক্ত ও লম্বা ছিল (৮) কোন দেশে তার সদৃশ্য সৃষ্টি নেই, (৯) আর ছামূদকে? যারা

الصخر بالواد ﴿٩﴾ وفرعون ذي الأوتاد ﴿١٠﴾ الذين طغوا في البلاد ﴿١١﴾

ছোয়াখ্‌রা বিল্‌ওয়া-দি । ১০ । অ ফির্'আউনা যিল্ আওতা-দি । ১১ । ল্লাযীনা ত্বোয়াগাও ফিল্ বিলা-দি

উপত্যকার পাথর কেটে গৃহ নির্মাণ করত, (১০) আর বহু সৈন্য শিবিরের অধিকারী ফিরাউনকে? (১১) যারা ছিল দেশে সীমা লংঘণকারী,

فأكثروا فيها الفساد ﴿١٢﴾ فصب عليهم ربك سوط عذاب ﴿١٣﴾ إن ربك

১২ । ফা আক্‌ছারূ ফী হাল্ ফাসা-দা । ১৩ । ফাছোয়াব্বা 'আলাইহিম্ রব্বুকা সাওত্বোয়া- 'আযা-বিন্ । ১৪ । ইন্না রব্বাকা

(১২) অতঃপর সেখানে ফাসাদ বাড়িয়েছিল, (১৩) অতঃপর আপনার রব তাদের প্রতি শাস্তির আঘাত হানলেন, (১৪) নিশ্চয়ই

لبالمرصاد ﴿١٤﴾ فأما الإنسان إذا ما ابتلاه ربه فأكرمه ونعمه فيقول

লাবিল্ মির্‌ছোয়া-দ্ । ১৫ । ফাআম্মাল্ ইন্‌সা-নু ইযা-মাব্‌তালা-হু রব্বুহূ ফাআক্‌রমাহূ অনা'আমাহূ ফাইয়াক্বু লু

আপনার রব সতর্ক দৃষ্টি রাখেন, (১৫) অতঃপর মানুষ তো এরূপ যে, রব মানুষকে পরীক্ষা করে সম্মান ও নেয়ামত প্রদান করলে বলে,

رَبِّىٓ أَكْرَمَنِ ﴿١٦﴾ وَأَمَّآ إِذَا مَا ٱبْتَلَىٰهُ فَقَدَرَ عَلَيْهِ رِزْقَهُۥ فَيَقُولُ رَبِّىٓ أَهَٰنَنِ ★

রব্বী ~ আক্রমান্। ১৬। আম্মা ~ ইয়া-মাব্তালা-হু ফাক্বদার 'আলাইহি রিয্‌ক্বহূ ফাইয়াকূলু রব্বী ~ আহা-নান্।

রব আমাকে সম্মানিত করলেন।(১৬) আর পরীক্ষা করে রিযিক সংকীর্ণ করলে বলে, আমার রব আমাকে হীন করলেন।

﴿١٧﴾ كَلَّا ۖ بَل لَّا تُكْرِمُونَ ٱلْيَتِيمَ ﴿١٨﴾ وَلَا تَحَٰٓضُّونَ عَلَىٰ طَعَامِ ٱلْمِسْكِينِ ﴿١٩﴾ وَتَأْكُلُونَ

১৭। কাল্লা-বাল্ লা-তুক্‌রিমূনাল্ ইয়াতীমা। ১৮। অলা-তাহা — দ্দূ্না 'আলা-ত্বোয়া'আ-মিল্ মিস্‌কীনি। ১৯। অতা"কুলূ্ নাত্

(১৭) না, তোমরা এতিমকে সম্মান কর না, (১৮) আর মিসকীনের খাদ্যদানে তোমরা উৎসাহিত কর না, (১৯) আর তোমরা

ٱلتُّرَاثَ أَكْلًا لَّمًّا ﴿٢٠﴾ وَتُحِبُّونَ ٱلْمَالَ حُبًّا جَمًّا ﴿٢١﴾ كَلَّآ إِذَا دُكَّتِ ٱلْأَرْضُ

তুরা-ছা আক্‌লাল্লাম্মাঁও। ২০। অতুহিব্বূনাল্ মা-লা হুব্বান্ জাম্মা-। ২১। কাল্লা ~ ইয়া-দুক্কাতিল্ আরদ্বু

উত্তরাধিকারীদের সম্পদ আত্মসাৎ কর। (২০) এবং তোমরা তোমাদের সম্পদকে বেশি ভালবাস। (২১) কখনও নয়, যখন যমীন

دَكًّا دَكًّا ﴿٢٢﴾ وَجَآءَ رَبُّكَ وَٱلْمَلَكُ صَفًّا صَفًّا ﴿٢٣﴾ وَجِا۟ىٓءَ يَوْمَئِذٍۭ

দাক্কান্ দাক্কাঁও।২২। অজ্বা — য়া রব্বুকা অল্ মালাকু ছোয়াফ্‌ফান্ ছোয়াফ্‌ফা-। ২৩। অজ্বী — য়া ইয়াওমায়িযিম্

ভেঙ্গে চুরে চূর্ণ- বিচূর্ণ করা হবে, (২২) আর যখন আপনার রব আসবেন, ফেরেশ্‌তারা সারিবদ্ধভাবে উপস্থিত থাকবে (২৩) আর

بِجَهَنَّمَ ۚ يَوْمَئِذٍ يَتَذَكَّرُ ٱلْإِنسَٰنُ وَأَنَّىٰ لَهُ ٱلذِّكْرَىٰ ﴿٢٤﴾ يَقُولُ

বিজ্বাহান্নামা ইয়াওমায়িযিঁই ইয়াতাযাক্‌কারুল্ ইন্‌সা-নু অ আন্না-লাহুয্ যিক্‌র-। ২৪। ইয়াকূ্লু

সেদিন জাহান্নাম আনীত হবে, সেদিন মানুষ স্মরণ করবে, কিন্তু তখন এ স্মরণ তার কি উপকারে আসবে ? (২৪) সে বলবে, হায়!

يَٰلَيْتَنِى قَدَّمْتُ لِحَيَاتِى ﴿٢٥﴾ فَيَوْمَئِذٍ لَّا يُعَذِّبُ عَذَابَهُۥٓ أَحَدٌ ﴿٢٦﴾ وَ

ইয়া-লাইতানী ক্বদ্দাম্‌তু লিহাইয়া-তী-। ২৫। ফা ইয়াওমায়িযিল্লা-ইয়ু'আয্‌যিবু 'আযা-বাহূ ~ আহাদুঁও। ২৬। অ

আর যদি আমার এ জীবনের জন্য পূর্বে কিছু পাঠাতাম? (২৫) সে দিন তাঁর শাস্তির ন্যায় শাস্তি কেউ দিতে পারবে না, (২৬) আর

لَا يُوثِقُ وَثَاقَهُۥٓ أَحَدٌ ﴿٢٧﴾ يَٰٓأَيَّتُهَا ٱلنَّفْسُ ٱلْمُطْمَئِنَّةُ ﴿٢٨﴾ ٱرْجِعِىٓ إِلَىٰ رَبِّكِ

লা-ইয়ুছিক্বু অছা-ক্বাহূ ~ আহাদ্।২৭। ইয়া ~ আইইয়াতুহান্নাফ্‌সুল্ মুত্ব মায়িন্নাতু। ২৮। রজি'ঈ ~ ইলা-রব্বিকি

তাঁর বন্ধনের মত কেউ বাঁধতে পারবে না,(২৭) (আল্লাহর অনুগতদের বলা হবে) হে প্রশান্ত আত্মা!(২৮) তুমি তোমরা রবের কাছে

رَاضِيَةً مَّرْضِيَّةً ﴿٢٩﴾ فَٱدْخُلِى فِى عِبَٰدِى ﴿٣٠﴾ وَٱدْخُلِى جَنَّتِى ★

র-দ্বিয়াতাম্ মারদ্বিয়্যাহ্। ২৯। ফাদ্‌খুলী ফী ই'বা-দী। ৩০। অদ্‌খুলী জ্বান্নাতী।

ফিরে আস সন্তুষ্ট ও তাঁর প্রিয়পাত্র হয়ে। (২৯) অতঃপর তুমি আমার বিশিষ্ট বান্দাহ্‌দের শামিল হও, (৩০) আর আমার জান্নাতে প্রবেশ কর।

১ ع ৩০ 14 রুকু

আয়াত-১৮ঃ আল্লাহ বলেন, তোমরা দরিদ্রকে খাবার দানে না নিজে উৎসাহিত হও আর না অন্যকে উৎসাহিত কর। অথচ দরিদ্রদেরকে খাবার দান করা জ্ঞানী ও ধার্মিক সকলেরই নিকট মানিত একটি সৎকাজ। এটির বিপরীত দুর্ভাগা নির্বোধরা বলে থাকে, যখন আল্লাহই তাকে দেন নি এবং তিনি যখন এতিমের পিতাকে মৃত্যু দিলেন, তখন আমরা কেন তাকে খাদ্য দিব এবং এতিমের উপর দয়া করব। (তাফঃ হক্কানী) আয়াত-২২ঃ হাশরের ময়দানে আল্লাহর আগমন তাঁর গুণাবলী সমূহের একটি গুণ। পূর্ববর্তী নেককারদের মাযহাব এটিই। এটির উপর বিশ্বাস করা কর্তব্য। আয়াত-২৩ঃ 'তাজকার' শব্দের অর্থ বুঝে আসা। অর্থাৎ কাফের সেদিন বুঝতে পারবে যে, দুনিয়াতে তার কি করণীয় ছিল, আর সে কি করেছে। কিন্তু এ বুঝে আসাই তখন নিষ্ফল হবে। কেননা, পরকাল কর্মজগত নয়; বরং কর্মফল প্রদানের জগত। (মাঃ কোঃ)

সূরা বালাদ্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ২০
রুকূ ঃ ১

لَآ اُقْسِمُ بِهٰذَا الْبَلَدِ ۝١ وَاَنْتَ حِلٌّۢ بِهٰذَا الْبَلَدِ ۝٢ وَوَالِدٍ وَّمَا وَلَدَ ۝٣

১। লা ~ উক্ব্‌সিমু বিহা-যাল্ বালাদি। ২। অআন্‌তা হিল্লুম্ বিহা-যাল্ বালাদি। ৩। অওয়া-লিদিঁও অমা-অলাদা

(১) আমি এ শহরের (মক্কা) কসম করছি,(২) আর এ নগরীতে আপনার জন্য যুদ্ধকরা হালাল হবে (৩) কসম জন্মদাতার ও সন্তানের,

لَقَدْ خَلَقْنَا الْاِنْسَانَ فِيْ كَبَدٍ ۝٤ اَيَحْسَبُ اَنْ لَّنْ يَّقْدِرَ عَلَيْهِ

৪। লাক্বাদ্ খলাক্ব্‌নাল্ ইন্‌সা-না ফী কাবাদ্। ৫। আ ইয়াহ্‌সাবু আল্লাঁই ইয়াক্ব্‌দিরা 'আলাইহি

(৪) আর আমি মানুষকে অত্যন্ত শ্রমের মধ্যে সৃষ্টি করেছি, (৫) সে কি মনে করে যে, কখনও কেউ তার ওপর ক্ষমতাশীল

اَحَدٌ ۝٥ يَقُوْلُ اَهْلَكْتُ مَالًا لُّبَدًا ۝٦ اَيَحْسَبُ اَنْ لَّمْ يَرَهٗٓ اَحَدٌ ۝٧ اَلَمْ

আহাদ্। ৬। ইয়াকূ্লু আহ্‌লাকতু মা-লা লুবাদা-। ৭। আইয়াহ্‌সাবু আল্লাম্ ইয়ারাহূ ~ আহাদ্। ৮। আলাম্

হবে না? (৬) বলে আমি প্রচুর ধন-সম্পদ ব্যয় করে ফেলেছি,(৭) সে কি মনে করে কেউ তাকে দেখে নি? (৮) আমি কি

نَجْعَلْ لَّهٗ عَيْنَيْنِ ۝٨ وَلِسَانًا وَّشَفَتَيْنِ ۝٩ وَهَدَيْنٰهُ النَّجْدَيْنِ ۝١٠ فَلَا اقْتَحَمَ

নাজ্‌'আল্ লাহূ 'আইনাইনি। ৯। অলিসা নাওঁ অশাফাতাইনি। ১০। অহাদাইনা-হু ন্নাজ্‌দাইন্। ১১। ফালাক্ব্‌তাহামাল্

তার দুটি চোখ সৃষ্টি করি নি? (৯) আর জিহ্বা ও দু ঠোঁট? (১০) আমি কি তাকে দুটি পথ দেখাই নি? (১১) সে তো দুর্গম

الْعَقَبَةَ ۝١١ وَمَآ اَدْرٰىكَ مَا الْعَقَبَةُ ۝١٢ فَكُّ رَقَبَةٍ ۝١٣ اَوْ اِطْعٰمٌ فِيْ يَوْمٍ ذِيْ

আ'ক্ববাহ্। ১২। অমা ~ আদ্‌র-কা মাল্ 'আক্ববাহ্। ১৩। ফাক্কু রক্ববাতিন্। ১৪। আও ইত্‌'আ-মুন্ ফী ইয়াওমিন্ যী

ঘাঁটি অবলম্বন করে নি। (১২) আপনি কি দুর্গম ঘাটি চিনেন? (১৩) তা হলে কোন দাস মুক্তি, (১৪) বা দুর্ভিক্ষের দিনে

مَسْغَبَةٍ ۝١٤ يَّتِيْمًا ذَا مَقْرَبَةٍ ۝١٥ اَوْ مِسْكِيْنًا ذَا مَتْرَبَةٍ ۝١٦ ثُمَّ كَانَ مِنَ الَّذِيْنَ

মাস্‌গাবাতিঁই। ১৫। ইয়াতীমান্ যা-মাক্ব্‌রবাতিন্। ১৬। আও মিস্‌কীনান্ যা-মাত্‌রবাহ্। ১৭। ছুম্মা কা-না মিনাল্লাযীনা

খাদ্য প্রদান করা,(১৫) এতিম স্বজনকে, (১৬) অথবা ধূলি-ধূসরিত মিসকীনকে। (১৭) তদুপরি এ লোকদের অন্তর্ভুক্ত হয় নি, যারা

اٰمَنُوْا وَتَوَاصَوْا بِالصَّبْرِ وَتَوَاصَوْا بِالْمَرْحَمَةِ ۝١٧ اُولٰٓئِكَ اَصْحٰبُ الْمَيْمَنَةِ ۝١٨

আ-মানূ অতাওয়া ছোয়াও বিছ্‌ছোয়াব্‌রি অতাওয়া ছোয়াওবিল্ মার্‌হামাহ্। ১৮। উলা — য়িকা আছ্‌হবুল্ মাইমানাহ্।

ঈমান এনেছে এবং সৎকাজ করেছে আর যারা পরস্পরকে ধৈর্য ও দয়া-মায়ার উপদেশ প্রদান করে। (১৮) তারাই ডানপন্থী।

وَالَّذِيْنَ كَفَرُوْا بِاٰيٰتِنَا هُمْ اَصْحٰبُ الْمَشْئَمَةِ ۝١٩ عَلَيْهِمْ نَارٌ مُّؤْصَدَةٌ ۝٢٠

১৯। অল্লাযীনা কাফারূ বিআ-ইয়া-তিনা-হুম্ আছ্‌হা-বুল্ মাশ্‌য়ামাহ্। ২০। 'আলাইহিম না-রুম্ মু''ছোয়াদাহ্।

(১৯) আর যারা আমার আয়াত প্রত্যাখ্যান করে তারাই বামপন্থী হতভাগা। (২০) তারা আগুনে পরিবেষ্টিত হবে।

ওয়াকুফে লাযেম

১ ع ২০ ১৫ রুকূ

সূরা শাম্‌স্‌
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ১৫
রুকূ ঃ ১

وَالشَّمْسِ وَضُحٰهَا ۝١ وَالْقَمَرِ اِذَا تَلٰهَا ۝٢ وَالنَّهَارِ اِذَا جَلّٰهَا ۝٣ وَ

১। অশ্‌ শাম্‌সি অ দ্বুহা-হা-। ২। অল্‌ ক্বামারি ইযা-তালা-হা-। ৩। অন্নাহা-রি ইযা-জ্বাল্লা-হা-। ৪। অল
(১) শপথ সূর্য ও তার কিরণের, (২) আর সূর্যের পশ্চাতে আসা চন্দ্রেরও শপথ (৩) আর সূর্যকে প্রকাশকারী দিবসেরও (৪) আর

الَّيْلِ اِذَا يَغْشٰهَا ۝٤ وَالسَّمَاۤءِ وَمَا بَنٰهَا ۝٥ وَالْاَرْضِ وَمَا طَحٰهَا ۝٦ وَنَفْسٍ

লাইলি-ইযা ইয়াগ্‌শা-হা-। ৫। অস্‌সামা — য়ি অমা-বানা-হা-। ৬। অল্‌ আর্‌দ্বি অমা-ত্বোয়াহা-হা-। ৭। অ নাফ্‌সিঁও
সূর্য আচ্ছাদনকারী রাতেরও, (৫) আর আকাশ ও তার নির্মাতার, (৬) আর পৃথিবীর ও সংস্থাপনকারীর, (৭) আর মানবের

وَّمَا سَوّٰهَا ۝٧ فَاَلْهَمَهَا فُجُوْرَهَا وَتَقْوٰهَا ۝٨ قَدْ اَفْلَحَ مَنْ زَكّٰهَا ۝٩ وَقَدْ

অমা-সাওয়্যা-হা-। ৮। ফায়াল্‌হামাহা-ফুজুরহা- অতাক্ব্‌ওয়া-হা-। ৯। ক্বদ্‌ আফ্‌লাহা-মান্‌ যাক্কা-হা-। ১০। অক্বদ্‌
ও সুবিন্যস্তকারীর, (৮) যিনি তাকে পাপ-পুণ্যের জ্ঞান দিলেন, (৯) সে সফলকাম, যে নিজেকে পরিশুদ্ধ করল, (১০) আর সেই

خَابَ مَنْ دَسّٰهَا ۝١٠ كَذَّبَتْ ثَمُوْدُ بِطَغْوٰىهَاۤ ۝١١ اِذِ انْۢبَعَثَ اَشْقٰىهَا ۝١٢

খ-বা মান্‌ দাস্‌সা-হা-। ১১। ক্বায্‌যাবাত্‌ ছামূদু বিত্বোয়াগ্‌ওয়া-হা ~। ১২। ইযিম্‌ বা'আছা আশ্‌ক্ব-হা-
ব্যর্থ, যে পাপাচারে কলুষিত হয়েছে। (১১) ছামূদ নিজের দুষ্টামীর কারণে অবাধ্য হয়ে অস্বীকার করেছিল,(১২) দুষ্ট ব্যক্তি ক্ষিপ্ত হল।

فَقَالَ لَهُمْ رَسُوْلُ اللّٰهِ نَاقَةَ اللّٰهِ وَسُقْيٰهَا ۝١٣ فَكَذَّبُوْهُ فَعَقَرُوْهَا ۝١٤

১৩। ফাক্ব-লা লাহুম্‌ রসূলুল্লা-হি না-ক্বাতাল্লা-হি অসুক্‌ ইয়া-হা-। ১৪। ফাকায্‌যাবূহু ফা'আক্বরূহা-
(১৩) অনন্তর আল্লাহর রাসূল তাদেরকে আল্লাহর উষ্ট্রী ও তার পানের ব্যাপারে বলল। (১৪) অনন্তর তারা তা মানল না,

